Numb. 2918 [২৯১৮] REGISTERED No 3

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 2, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২ জুলাই।

CONTENTS

নির্ঘণ্ট।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 2415*M.*—*The* 21*st June* 1895.—Whereas a notification, No. 1106M., dated the 19th March 1895, was published at page 58, Part IB of the *Calcutta Gazette* of the 20th idem declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Part VI of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, with the exception of sections 230, 237 to 242A, 254 to 259, 263, 264, 265, 269, the penalty provisions of section 274, and clauses 4 and 5 of the penalty provisions of section 273, and so much of the penalty provisions of clause 3, sections 270, 271, and clauses (1), (2) and (3) of section 273 as relate to offences under sections 230, 238, 241, 242 and 263, to the Sonamukhi Municipality, in the district of Bankura, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Sonamukhi Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said Municipality.

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 2427*M.*—*The* 22*nd June* 1895.—Whereas a notification No. 1027M., dated the 13th March 1895, was published at page 57, Part IB of the *Calcutta Gazette* of the 20th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of sections 224 to 239, 240 to 251, 254 to 257, 259, 266 to 268, 270 (3) (4) and (5), 271, 273 (1) and 274 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, to the Netrokona Municipality, in the district of Mymensingh, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Netrokona Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said Municipality.

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 2438*M.*—*The* 22*nd June* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Tamluk Municipality, in the district of Midnapore, made at a meeting, to extend the provisions of Parts VI and IX of the said Act to the portion of the above Municipality, which is comprised

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

২৪১৫ এম, নম্বর।—১৮৯৫ সাল ২১ জুন।—১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২৩০, ২৩৭ অবধি ২৪২ ক পর্য্যন্ত ২৫৪ অবধি ২৫৯ পর্য্যন্ত ও ২৬৩, ২৬৪, ২৬৫, ২৬৯ ধারা ও ২৭৪ ধারার দণ্ড বিষয়ক বিধান, ও ২৭৩ ধারার ৪ ও ৫ প্রকরণের দণ্ড বিধান বিষয়ক ও ২৭০, ২৭১ ধারার ৩ প্রকরণের ও ২৭৩ ধারার ১, ২ ও ৩ প্রকরণের দণ্ড বিষয়ক বিধান যতদূর ২৩০, ২৩৮, ২৪১, ২৪২ ও ২৬৩ ধারামত অপরাধের সহিত সম্পর্ক রাখে ততদূর ভিন্ন উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের বিধান বাঁকুড়া জিলার অন্তর্গত সোণামুখী মুনিসিপালিটীতে প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের মার্চ্চ মাসের ১৯ তারিখের ১১০৬ এম, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ২০ তারিখের কলিকাতা গেজেটের ১B, খণ্ডের ৫৮ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং সোণামুখী মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৪২৭ এম, নম্বর।— ১৮৯৫ সাল ২২ জুন।—১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২৪ অবধি ২৩৯ পর্য্যন্ত ও ২৪০ অবধি ২৫১ পর্য্যন্ত ও ২৫৪ অবধি ২৫৭ পর্য্যন্ত ও ২৫৯ ও ২৬৬, অবধি ২৬৮ পর্য্যন্ত ধারার বিধান ও ২৭০ ধারার (৩) (৪) ও (৫) ও, ২৭১ ধারার ও ২৭৩ ধারার (১) প্রকরণের ও ২৭৪ ধারার বিধান ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণা মুনিসিপালিটীতে প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ১৩ মার্চ্চ তারিখের ১০২৭ এম, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ২০ তারিখের কলিকাতা গেজেটের ৫৭ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং নেত্রকোণা মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৪৩৮ এম, নম্বর।—১৮৯৫ সাল ২২ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত

within the boundaries specified below, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality:—

On the North—The Pairatungi khal;

On the West—The Garmaricha khal;

On the South—An imaginary line passing along the southern limits of Kamarpara, the Maisadal Raja's kutcherry compound and the cholera shed; and

On the East—The river Rupnarain.

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal

NOTIFICATION.

No 2468*M*—*The* 24*th June* 1895—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Krishnagar Municipality, in the district of Nadia, made at a meeting, to extend the provisions of section 259 of the said Act to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality

H. H RISLEY,
Secretary to the Govt of Bengal.

NOTIFICATION

No 2470*M*—*The* 25*th June* 1895—It is hereby notified for general information that in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Ramjibanpur Municipality, in the district of Midnapore, made at a meeting, the Lieutenant-Governor is pleased to extend the provisions of Part VI of the said Act to the above Municipality.

2 This notification supersedes notifications, dated the 2nd September 1889 and 4th May 1894, published at page 15, Part IB of the *Calcutta Gazette* of the 7th September 1889, and page 118, Part IB of the *Calcutta Gazette* of the 9th May 1894, respectively, by which certain provisions of Part VI of the Bengal Municipal Act, III of 1884, were extended to the Municipality

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No 2173*M*.—*The* 25*th June* 1895—In continuation of Government notification, dated 9th December 1889, published at page 271, Part IB of the *Calcutta Gazette* of the 11th idem, extending the provisions of Part IX of the Bengal Municipal Act, III of 1884, to the Bali Municipality in the district of Howrah, with the exception of the villages of Belur and Malipanchghora, it is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Bengal Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Bali Municipality, made at a meeting, to extend the provisions of Part IX of the said Act to those portions of the Municipality in which they are not at present in force, including the villages of Belur and Malipanchgora, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ষষ্ঠ ও নবম পরিচ্ছেদের বিধান নিম্নলিখিত সীমার অন্তর্গত উক্ত মুনিসিপালিটীর কতক অংশে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

উত্তর সীমা।—পায়রাটুঙ্গি খাল।

পশ্চিম সীমা।—গরমরিচা খাল।

দক্ষিণ সীমা।—কামার পাড়া, ও মহিষাদলের রাজার কাছারীর হাতা ও কলেরা শেডের দক্ষিণ সীমার সঙ্গে২ গামী এক কল্পিত রেখা। ও

পূর্ব্ব সীমা।—রূপনারায়ণ নদ।

এচ্. এচ্. রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৪৬৮ এম, নম্বর।—১৮৯৫ সাল ২৪ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নদীয়া জিলার অন্তর্গত কৃষ্ণনগর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপলবিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ২৫৯ ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

এচ্. এচ্. রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৪৭০ এম, নম্বর।—১৮৯৫ সাল ২৫ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপলবিষক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং মেদিনীপুর জিলার অন্তর্গত রামজীবনপুর মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

২। ১৮৮৯ সালের ৭ সেপ্টেম্বরের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ১৫ পৃষ্ঠায় ও ১৮৯৪ সালের ৯ মের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ১৪৮ পৃষ্ঠায় ক্রমান্বয়ে প্রকাশিত ১৮৮৯ সালের ২ সেপ্টেম্বর তারিখের ও ১৮৯৪ সালের ৯ মে তারিখের যে দুই বিজ্ঞাপনক্রমে বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের কোন২ বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করা গিয়াছিল এই বিজ্ঞাপন দ্বারা সেই দুই বিজ্ঞাপন রহিত করা গেল।

এচ্, এচ্, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৪৭৩ এম, নম্বর।—১৮৯৫ সাল ২৫ জুন।—বেলুড় ও মালিপাঁচঘরা গ্রাম ভিন্ন হাবড়া জিলার অন্তর্গত বালী মুনিসিপালিটীতে বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থ ১৮৮৯ সালের ৯ ডিসেম্বরের যে বিজ্ঞাপন ঐ মাসের ১১ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ২৭১ পৃষ্ঠায় প্রকাশ করাগিয়াছে তদনুক্রমে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বালী মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইনদ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং বালী মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের নবম পরিচ্ছেদের বিধান বেলুড় ও মালিপাঁচঘরা গ্রাম সুদ্ধ উক্ত মুনিসিপালিটীর যে২ অংশে এইক্ষণে বলবৎ নাই সেই২ অংশে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

এচ্, এচ্, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ২ জুলাই।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১০ই মে তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ১৭ই মে তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্নর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

১৮৯৫ সালের ১ আইন।

কলিকাতার শাখা নগরের পোলীসের সুবিধান করিবার ১৮৬৬ সালের আইন ও ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইন অধিকতর সংশোধন করণার্থ আইন।

সূচনা।

যেহেতু ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ কলিকাতার শাখা নগরের পোলীসের সুবিধান করিবার আইনের) ও ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের অধিকতর সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিতমত বিধান করা যাইতেছে:—

আরম্ভের কথা।

১ ধারা। এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি প্রাপ্ত হইয়া যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে প্রবল হইবে।

১৮৮৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪১ ধারার পর এবং ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬৮ক ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

২ ধারা। ১৮৮৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪১ ধারার পর ৪১ ক ধারা স্বরূপ এবং ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের ৬৮ক ধারার পর ৬৮খ ধারা স্বরূপ নিম্নলিখিত ধারাটি সন্নিবেশিত করিতে হইবে:

কুকর্ম করিবার নিমিত্ত প্রকাশ্য স্থানে মিনতি করার দণ্ডের কথা।

'যে ব্যক্তি অপর কোন ব্যক্তিকে কুকর্ম্ম করিবার নিমিত্ত কোন প্রকাশ্য স্থানে মিনতি করে এবং এইরূপে যে ব্যক্তিকে মিনতি করা হয় তাহার অথবা দুই বা তদধিক অধিবাসী বা পথিকের বিরক্তি জন্মায় কোন মাজিষ্ট্রেটের নিকট সরাসরামতে তাহার অপরাধ সাব্যস্ত হইলে তাহার পঞ্চাশ টাকার অনধিক জরিমানা কিম্বা আট দিনের অনধিক কালের নিমিত্ত কঠিন পরিশ্রম সহিত বা কঠিন পরিশ্রম বিনা কারাদণ্ড হইতে পারিবে।'

১৮৮৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারা সংশোধন করিবার কথা

৩ ধারা। ১৮৮৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারায় "এই আইনের" এই শব্দ দুইটির গোড়ায় "৪১ ক ধারার লিখিত যে অপরাধ ছাড়া" এই শব্দগুলি বসাইতে হইবে।

An Act to further amend the Suburban Police Act, 1866, and the Calcutta Police Act, 1866

১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৭২ ধারা সংশোধন করিবার কথা।

৪ ধারা। ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের ৭২ ধারায় "এই আইনের" এই শব্দ দুইটীর গোড়ায় "৬৮ খ ধারার লিখিত কোন অপরাধ ছাড়া" এই শব্দগুলি বসাইতে হইবে।

১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারার পর এবং ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৭২ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫ ধারা। ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারার পর ৪৩ ক ধারাস্বরূপ এবং ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের ৭২ ধারার পর ৭২ ক ধারাস্বরূপ নিম্নলিখিত ধারাটি সন্নিবেশিত করিতে হইবে।—

মিনতি করিবার নিমিত্ত বিনা ওয়ারাণ্টে ধৃত করিবার কথা।

"দেশীয় কনষ্টাবলের পদের অপেক্ষা উচ্চ পদধারী কোন পোলীসের কর্ম্মচারী এবং যে কর্ম্মচারীকে স্থানীয় গবর্ণমেন্ট কিম্বা পোলীসের কমিশনর সাহেব তদর্থে বিশেষ করিয়া নিযুক্ত করেন তিনি কোন ব্যক্তি অপর কোন ব্যক্তিকে কুকর্ম্ম করিবার নিমিত্ত তাঁহার সম্মুখে ও কোন প্রকাশ্য স্থানে মিনতি করিলে এবং এইরূপে যে ব্যক্তিকে মিনতি করা হয় তাহার অথবা দুই বা তদধিক অধিবাসী বা পথিকের বিরক্তি জন্মাইলে, যদি তাহার নাম ও ঠিকানা জ্ঞাত না থাকেন ও সেই সময়ে ও সেই স্থানেই তাহার নাম ও ঠিকানা জানিতে না পারেন তাহা হইলে যে কোন বিরক্ত হওয়া ব্যক্তির অনুরোধে তাহাকে বিনা ওয়ারাণ্টে ধৃত করিতে পারিবেন।

এচ্, এল্, বেল্,

বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থা বিভাগের

একটিন আসিষ্টাণ্ট সেক্রেটরী।

কলিকাতা,
২৭শে মে ১৮৯৫ সাল।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 2, 1895

মঙ্গলবার ১৮৯৫ সাল, ২ জুলাই।

PART VIII

ADVERTISEMENT

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাঁকুড়া জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৮ জুলাই তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৫ আষাঢ় তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদ্দারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত;--

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদ্দারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদ্দারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। যে কোন চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদ্দারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার উর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদ্দারের দায়ীত্বে এই মহাল পুনবায় নিলাম হইবে।

তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যত দূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এ, বো পো ক্ষেত্র ইয়ার্ড,	টা আ পা	
১০৯১	১।—পরগণা বিষ্ণুপুর—কোতলপুর থানার, অন্তর্গত মৌজে ময়নাপুরে ৬ ছয় বিঘা নাখেরাজ জমির অদ্ধেক অংশ।	১—৩—১৭—১০ $\frac{৩}{৪}$	১৫৲ ০ ০	নাওয়ারিশ সূত্রে গবর্ণমেণ্টের প্রাপ্য।
	২।—কোতলপুর থানার অন্তর্গত মৌজে ময়নাপুরে ৬ ছয় বিঘা নাখেরাজ পুষ্করিণীর অদ্ধেক অংশ।	ঐ	ঐ	ঐ

কালেক্টরের কাছারি,
জেলা বাঁকুড়া।
তারিখ ১৪ মে ১৮৯৫ সাল

W. H. H. VINCENT,
Collector.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্যামাচরণ বিশ্বাস পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলাস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৫ নং লাট তৃতীয় খণ্ড।	২৪ পরগনা বসির হাট হাসনাবাদ।	৬৭০০/০	উত্তর,—নাল কট ধারের একটা শাখা খাল যাহা ১৩৫ নং লাট প্রথম খণ্ডের দক্ষিণ সীমানায় লিখিত আছে। পূর্ব্ব, - বালি গাঙ্গের কিয়দংশ। দক্ষিণ,—নেকড়া উড়ানীয়া খালের কিয়দংশ ও নেকড়া উড়ানীয়া খাল হইতে চরা দাদপুরা খাল পর্য্যন্ত একটী দোয়ানীয়া খাল, ও চরা দাদপুরা খাল এবং বিদ্যা নদীর কিয়দংশ। পশ্চিম,—বিদ্যা নদীর কিয়দংশ, গাববুনীয়া খাল ও ঐ গাববুনীয়া খাল হইতে সুক দোয়ানীয়া খাল পর্য্যন্ত ৩৬০ ব্যাবিংএর একটী সরল রেখা এবং সুক দোয়ানীয়া খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিরিজের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা বঙ্কবিহারি চৌধুরি পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ই ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতির তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিভিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৯ নং লাট প্রথম খণ্ড।	২৪ পরগনা বশির হাট হাসনাবাদ।	৬৬৫০/	উত্তর,—বোয়ালি গাঙ্গ। পূর্ব্ব,—দাদপুর দোয়ানীয়াখাল। দক্ষিণ,—বালিগাঙ্গের কিয়দংশ। পশ্চিম,—লালকাট ধার ও বালিগাঙ্গের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাঁকুড়া জেলার কালেক্টরীতে ১৮৯৫ সনের ২৯শে জুলাই তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ১৪ই শ্রাবণ তারিখে দিবা ১২ ঘটীকার সময় প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদ্দারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম।—নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদ্দারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদ্দারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়।—চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদ্দারগণ বাধ্য হইবে।

তৃতীয়।—নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ।—নিলামি মূল্য ১০০৲ টাকার উর্দ্ধ হইলে যত টাকা ডাক হইযা থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদ্দারের দায়িত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	এক্ষণে হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রুঃ পোঃ এঃ	টাঃ আঃ পাই	
১০১২নং	সদিস্তা মৌজার পুরাতন রাস্তার জমি পরগণে বিষ্ণুপুর।	১—২—১৪ -১০	৭ ৶ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া।
তারিখ ১৫ জুন ১৮৯৫।

W. H. H. VINCENT,
Collector

জিলা বাখরগঞ্জ।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাখরগঞ্জ জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাখরগঞ্জ জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৬ই সেপ্টেম্বর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ৩১ ভাদ্র তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়াত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

[illegible]	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
৯৭৭	পরগণা ইদ্রাকপুর তালুক রামশঙ্কর দাস।	৩৪—১—৩৬	৯১॥৴৩	
[illegible]১	পরগণা খাঞ্জাবাহাদুরনগর তালুক কামদেব সিকদার।	২৫—০—৩৫	৪৮।৴৩	
[illegible]৫৯৩	তপে লক্ষ্মীরদিয়া তালুক রামরাম সেন।	৮—৩—১	১২॥৶৩	
২০১৪	পরগণা উত্তর সাহাবাজপুর তালুক বিশ্বনাথ ঠাকুরতা।	১৯—০—৩৬	৬০৸৶৯	
৫০৭৫	পরগণা রোজরগ উমেদপুর কিসমত ভোলানাথপুর।	৩২—৩—১১	১৯৪৻৬	
৫২৬৫	পরগণা জজিরা চর ব্রাউন	২০—০—২০	৪৪৲	
৬১০৯	পরগণা রোজরগ উমেদপুর তালুক গোলাম সরিপ।	৪—০—২৪	১৭॥৶০	
[illegible]১৭৮	পরগণা রোজরগ উমেদপুর তালুক [illegible]	১২—২—৯	৬১৲	

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
৬২০৩	পরগণা বোজরগ উমেদপুর তালুক শিবচন্দ্র বসু।	১১—৩—১	৫১॥৵৩	
৬২১৩	পরগণা বোজরগ উমেদপুর মজা-কালু কিসমত বিরাট।	১৫—০—১	৫১৸৵৩	
৬২৩২	পরগণা বোজরগ উমেদপুর ঝিলা-বাডিয়ার নেমক তাফাল।	৪—১—১২	২২/৪	
৬২৬২	পরগণা বোজরগ উমেদপুর দরি চর দেশান্তরকাটী।	৩৭—৩—১৫	১৮৭৻৩	

কালেক্টরের কাছারি
জেলা বাখরগঞ্জ।
তারিখ ২১ জুন ১৮৯৫।

H. LE MESURIER,
Offg. Collector.

Cinchona Febrifuge

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5, per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates per four ounce tin, *Rs.* 3, per eight-ounce tin, *Rs.* 6, per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিনকোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিনকোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২।৷৹ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।৹, আট ঔন্স টিনের ৷৷৹ ও এক পৌণ্ড টিনের ৷৷৷৹ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিনকোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸৹
॥ আধ " " ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷৹
। শিকি " " ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷৹

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিনকোনাইন ও সিনকোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum
Postage . .	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI ...	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E N BAKER,
Offg Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল ..	„	২৷৷০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	„	৪৲
ডাকমাশুল .	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	„	৷০
ডাকমাশুল ...		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

OFFICE OF SUPDT, GOVT. PRINTING, No 8, Hastings Street, Calcutta

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt of Bengal

12th December 1882.

Note—*Rates of advertisements in the* Calcutta Gazette.

				Rs.
Full page, per issue	...	...	...	20
Half „ „	...	...	...	10

Casual advertisement—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্ত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয়.ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ⁄০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন:
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

		টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	২০৲
আধ পৃষ্ঠা		১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	...	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। -উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেমস পেটী সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 47a—26 6-95—1130 - 180

Numb. 2919 [২৯১৯]

REGISTERED No 3

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 9, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ জুলাই।

CONTENTS

	PAGE

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

IRRIGATION DEPARTMENT,—BENGAL.

The 2nd July 1895.

No 204.—*Notification*.—With reference to this Department notification No. 181, dated the 27th May 1895, which was published in the *Calcutta Gazette* of the dates noted in the margin, the Lieutenant-Governor of Bengal is pleased, under the provisions of section 6 of Act II (B.C.) of 1882, to declare that clause (*b*) of section 76 of that Act, shall take effect over a tract of country extending from the 1st to the 20th mile, on both sides of the river Gumti, *i.e.*, from Beebee Hât to Jaffarganj Hât, in the district of Tippera. The erection of any new embankment, or causing or wilfully permitting such erection, or any addition to the existing embankment, or the obstruction, or diversion, or causing or wilfully permitting such obstruction or diversion of any water-course within the tract above defined, without the permission of the Collector of Tippera, is prohibited.

The 29th May and 5th, 12th, 19th and 26th June 1895.

A. D. McArthur, *Lieut.-Col.*, R.E.,
Offg. Secretary to the Government of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

বঙ্গদেশের জলসেচন সম্পর্কীয় কার্য্যবিভাগ।

১৮৯৫ সাল ২ জুলাই।

২০৪ নম্বর। -বিজ্ঞাপন।—এই কার্য্যবিভাগের ১৮৯৫ সালের ২৭ মে তারিখের ১৮১ নং যে বিজ্ঞাপন পার্শ্বলিখিত তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ করা গিয়াছে তদুপলক্ষে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮২ সালের বঙ্গীয় ২ আইনের ৬ ধারার বিধানমতে এই আদেশ করিলেন যে, উক্ত আইনের ৭৬ ধারার (খ) প্রকরণ গোমতী নদীর উভয় পার্শ্বের ১ হইতে ২০ মাইল পর্য্যন্ত অর্থাৎ ত্রিপুরা জিলার অন্তর্গত বিবি হাট অবধি জাফরগঞ্জ হাট পর্য্যন্ত বিস্তৃত দেশ খণ্ডে ফলবৎ হইবে। ত্রিপুরার কালেক্টর সাহেবের অনুমতি বিনা উপরের নির্দ্দিষ্ট দেশ খণ্ডে কোন নূতন বাঁধ প্রস্তুত করণ বা করাণ বা করিতে ইচ্ছাপূর্ব্বক অনুমতি দেওন কিম্বা এখন যে বাঁধ আছে তাহাতে সংযোগকরণ কিম্বা কোন জলস্রোত অবরোধ করণ বা করাণ বা ফিরাণ কিম্বা অবরোধ করিতে বা ফিরাইতে ইচ্ছাপূর্ব্বক অনুমতি দেওন নিষেধ করা গেল।

১৯ মে এবং ৫,১২,১৯ ও ২৬ জুন।

এ, ডি, মাকর্থর, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই.
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 9, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ জুলাই।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No 2521*M.*—*The* 27*th June* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act Bengal IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Jhalakati Municipality, in the district of Backergunge, made at a meeting, to extend the provisions of Part VI of the said Act, with the exception of sections 228, 233, 237 to 242, 242A, 243 to 248, 255, 256, 263 to 265 and 267, to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality

H. H. RISLEY,
Secy to the Govt of Bengal.

NOTIFICATION.

No 2562*M.*—*The* 28*th June* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Rajpur Municipality, in the district of the 24-Parganas, made at a meeting, to extend the provisions of Part IX of the said Act to Wards Nos. I, II, and III of the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality

H. H. RISLEY,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

No 2599*M.*—*The* 1*st July* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Naihati Municipality, in the district of the 24-Parganas made at a meeting, to extend the provisions of Part IX of the said Act to Wards Nos I, V, VI, and VII only of the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality

H. H. RISLEY,
Secy. to the Govt of Bengal

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণব সাহেবেব আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

২৫২১ এম, নম্বর।—১৮৯৫ সাল ২৭ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাখরগঞ্জ জিলার অন্তর্গত ঝালকাটি মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইনদ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে ২২৮, ২৩৩, ২৩৭ হইতে ২৪২ পর্য্যন্ত ও ২৪২ ক, ও ২৪৩ হইতে ২৪৮ পর্য্যন্ত ও ২৫৫, ২৫৬, ২৬৩ হইতে ২৬৫ পর্য্যন্ত ও ২৬৭ ধারা ভিন্ন উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

এচ্, এচ্ রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টর সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৫৬২ এম, নম্বর।—১৮৯৫ সাল ২৮ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত রাজপুর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ৯ম পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীর ১ ২, ও ৩ নং পল্লীতে প্রচলিত কবিবার কল্পনা করিযাছেন।

এচ্, এচ্, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৫৯৯ এম, নম্বর।—১৮৯৫ সাল ১ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলাব অন্তর্গত নৈহাটী মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপলবিষক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের নবম পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীর কেবল ১, ৫, ৬, ও ৭ নং পল্লীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

এচ্, এচ্, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ জুলাই।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১৮ই আপ্রিল তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ২১শে মে তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দারা প্রকাশিত করা গেল।—

১৮৯৫ সালের ৪ আইন।

কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইন আরও সংশোধন করণার্থ আইন।

সূচনা।

কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইন আরও সংশোধন করা বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

অর্থকরণ ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইনের সহিত পাঠ করিতে হইবে এবং উহার অংশ স্বরূপ গ্রহণ করিতে হইবে।

(২) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া ইহা যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে সেই তারিখ হইতে ইহা প্রবল হইবে।

১৩ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। ১৩ ধারার (২) প্রকরণে "যে ব্যক্তি" এই দুই শব্দের পর যে "এই" শব্দ আছে তাহার পরিবর্ত্তে "ঠিক পূর্ব্ববর্ত্তী" এই দুই শব্দ বসাইতে হইবে।

নূতন ৩২ক ধারার কথা।

৩ ধারা। ৩২ ধারার পর নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত হইবে।—

"৩২ ক ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যে সকল জরিমানার টাকা আদায় হয় কমিশনরেরা যেরূপ উপযুক্ত বিবেচনা করেন ৫৭ ধারায় যাহা কিছু আছে তাহা সত্ত্বেও সেই সকল টাকার সেই প্রকারে বিলি ব্যবস্থা করা হইবে।"

৩৫ ধারা সংশোধন করিবার কথা।

৪ ধারা। ৩৫ ধারায় (২) প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণটী বসাইতে হইবে।—

"(২) যে সকল মাল জাহাজ হইতে নামান হয় কি জাহাজে তুলিতে হইবে কি চালান করিতে হইবে তাহা লইবার এবং গুদামজাত করিবার জন্য সমস্ত প্রয়োজনীয় যন্ত্রাদি সহ গুদামঘর ও সেড এবং ঐ মালের নমুনা দেখাইবার ও তাহা বিক্রয় করিবার উপযুক্ত স্থান। আরোহী ও মাল বহনার্থ ট্রামওয়ে, কিন্তু স্থানীয়

An Act to further amend the Calcutta Port Act, 1890

গবর্ণমেণ্ট সময়ে সময়ে যেরূপ চালিকা-শক্তির মঞ্জুর করেন ঐ সকল ট্রাম-ওয়ে লাইনের গাড়ি কেবল মাত্র সেইরূপ চালিকাশক্তিতে চালিত করিতে হইবে।"

৫ ধারা। ৯০ ধারায় "তাঁহাদের চাকরের" এই দুইটী শব্দের পর "কিম্বা এজেণ্টের' এই দুইটী শব্দ সন্নিবেশিত হইবে এবং "তাহা হইতে সমস্ত মাল নামাইবেন" এই শব্দগুলির পর নিম্নলিখিত নিয়মবিধিটী সন্নিবেশিত হইবে।—

৯০ ধারা সংশোধন করিবার কথা।

"কিন্তু বোম্বাই পেট্রোলিয়মের বেলা সমস্ত সমুদ্রগামী জলযান হইতে কেবল পেট্রোলিয়ম নামান নহে কিন্তু আপনাদের চাকর বা এজেণ্টদ্বারা খোল হইতে পেট্রোলিয়ম বাহির করা ও ঐ সকল জলযানের পার্শ্বে রাখাও কমিশনরদিগের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।"

৬ ধারা। ১০৪ ধারায় নিম্নলিখিত শব্দগুলি উঠাইয়া দিতে হইবে:—

১০৪ ধারা সংশোধন করিবার কথা।

"এবং যে স্থলে কমিশনরগণ তাঁহাদের কর্ম্মচারী ও চাকর ভিন্ন অন্য ব্যক্তি দ্বারা মাল নামাইতে বা তুলিতে দেন সে স্থলে ঐরূপ কোন জলযান কর্ত্তৃক উক্ত ডক, ওয়ার্ফ, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পীয়র ব্যবহৃত হইবার জন্য মাসুলের হার।"

৭ ধারা। ১০৪ ধারার পর নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত হইবে: —

নূতন ১০৪ক ধারার কথা।

"১০৪ক ধারা। (১) জলযান সমুদ্রগামী হউক বা নাই হউক উহার কর্ত্তৃক কমিশনরদিগের ডক, ওয়ার্ফ, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পীয়রের ব্যবহারের নিমিত্ত যে মাসুল কমিশনরেরা যখন তাঁহাদের আপনাদের কর্ম্মচারী ও চাকর হইতে ভিন্ন ব্যক্তি দ্বারা মাল নামাইতে বা জাহাজে তুলিতে দেন তখন আদায় করা যাইতে পারিবে কমিশনরেরা ঐ হারও হার বাঁধিয়া দিবেন।

জলযানের ডক প্রভৃতির ব্যবহারের জন্য কমিশনরদিগের মাসুলের উচ্চহার বাঁধিবার কথা।

(২) সমুদ্রগামী জলযানের ও সমুদ্রগামী জলযান হইতে ভিন্ন জলযানের হার কমিশনরদিগের বিবেচনামতে হয় একই হইবে নয় ভিন্ন হইবে।"

৮ ধারা। ১০৬ ধারায় যে যে স্থানে "মাসুল" শব্দ আছে সেই সেই স্থানে ঐ শব্দের পর 'রেট, চার্জ ও ফী' এই শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "সময়ে সময়ে যাতায়াত করে' এই শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত হইবে:—

১০৬ ধারা সংশোধন করিবার কথা।

"সেই সকল জলযান সম্বন্ধে এবং যে সকল ব্যক্তি ঐ সকল জলযানের ভারপ্রাপ্ত থাকে বা ঐ সকল জলযানের উপর থাকে তাহাদের সম্বন্ধে এবং ঐ সকল জলযান ও ব্যক্তিকে লাইসেন্স দেওয়া, রেজিষ্টরী করা ও ব্যবস্থিত করা সম্বন্ধে।"

৯ ধারা। ১০৮ ধারায় "জলযান" শব্দের পূর্ব্বে "সমুদ্রগামী" এই শব্দ সন্নিবেশিত হইবে, "যে মাল" এই দুই শব্দের পর "বা মালের যে অংশ বা যে প্রকার মাল" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে, "এরূপ" এই শব্দের পর এবং "মাসুল" এই শব্দের পূর্ব্বে "সাধারণ বা প্রভেদমূলক বাকী" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে, "তিন" এই শব্দের পর "একশত চারি ক এবং" এই শব্দগুলি ও অক্ষর সন্নিবেশিত হইবে, "একশত সাত' এই শব্দগুলির পূর্ব্বে "হইতে" এই শব্দটী এবং পরে "পর্য্যন্ত" এই শব্দটী উঠিয়া যাইবে, এবং ঐ ধারার শেষে নিম্নলিখিত নিয়মবিধিটী যোগ করিতে হইবে:—

১০৮ ধারা সংশোধন করিবার কথা।

"কিন্তু এই ধারার প্রয়োজনার্থ ওজন, মাপ, সংখ্যা ও মূল্যানুসারে উক্ত মাল সকলের শ্রেণীবিভাগ করিতে পারা যাইবে, এবং যে মাসুল, দেয় টাকা, রেট ও চার্জ আদায় করা যাইতে পারিবে তাহা আমদানী ও রপ্তানী মাল অনুসারে কম বেশী করিতে পারা যাইবে।"

১০ ধারা। ১০৯ ধারায় "এইরূপ" এই শব্দের পর "অতিরিক্ত, সাধারণ বা প্রভেদমূলক বাকী' এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১০৯ ধারা সংশোধন করিবার কথা।

১১ ধারা। ১১৩ ধারায় (২) প্রকরণে "প্রেমিস হইতে' এই শব্দগুলির পর ও "মাল" এই শব্দের পূর্ব্বে "সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে লাইসেন্সপ্রাপ্ত ওয়েরহৌসে গুদামজাত করা মাল হইতে ভিন্ন" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৩ ধারা সংশোধন করিবার কথা।

১২ ধারা। ১১৪ ধারায় (১) প্রকরণে "সেই সময়ের মধ্যে" এই শব্দগুলির পর "সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে লাইসেন্স প্রাপ্ত ওয়েরহৌসে গুদামজাত করা মাল হইতে ভিন্ন" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৪ ধারা সংশোধন করিবার কথা।

১৩ ধারা। ১১৫ ধারায় "উক্ত মাল" এই দুই শব্দের পূর্ব্বে "সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে লাইসেন্সপ্রাপ্ত ওয়েরহৌসে গুদামজাত করা মাল হইতে ভিন্ন এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৫ ধারা সংশোধন করিবার কথা।

১৪ ধারা। ১১৬ ধারায় (২) প্রকরণে "গুদাম ঘরে" এই শব্দের পর এবং "ও" ঐই শব্দের পূর্ব্বে "সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে লাইসেন্সপ্রাপ্ত ওয়েরহৌসে" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৬ ধারা সংশোধন করিবার কথা।

১৫ ধারা। ১২২ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি সন্নিবেশিত হইবে :—

নূতন ১২২ক, ১২২খ এবং ১২২গ ধারার কথা।

"১২২ ক ধারা। (১) বন্দরের কমিশনরদিগের সকল ওয়েরহৌস সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে বেসরকারী ওয়েরহৌস বলিয়া গণ্য হইবে এবং লাইসেন্স পাইতে পারিবে বলিয়া গণ্য হইবে, এবং লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী ওয়েরহৌস সম্বন্ধে ঐ আইনের সমস্ত বিধান এইরূপ সমস্ত ওয়েরহৌস সম্বন্ধে খাটিবে।

ওয়েরহৌস বাণ্ডেড ওয়েরহৌস হইতে পারিবার ও ওয়ারাণ্ট দিতে পারিবার কথা।

(২) সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ছিয়ানব্বই ধারানুসারে যে সকল ওয়ারাণ্ট দেওয়া যায় তাহা উক্ত ওয়েরহৌস সম্বন্ধে দেওয়া হইলে কমিশনরদিগের দ্বারা বা তাঁহাদিগের নিকট তৎপক্ষে যথারীতি ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দ্বারা স্বাক্ষরিত হইবে।"

"১২২ খ ধারা। বাণ্ডেড ওয়েরহৌসে গুদামজাত করা মালের উপর দেয় আমদানি মাশুল দিবার নিমিত্ত কিম্বা ঐরূপ মাল যথারীতি রপ্তানি করিবার নিমিত্ত তিপ্পান্ন ধারায় যে প্রকার বিধান করা হইয়াছে সেই প্রকারে বাণ্ড দ্বারা বা অন্য কোন প্রকারে সাধারণ জামিন দেওয়া কমিশনরদিগের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে। কমিশনরদিগের দ্বারা এইরূপ জামিন দেওয়া হইলে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ অন্য কোন ব্যক্তির নিকট সেই মর্ম্মে অন্য জামিন চাহিবেন না।"

বাণ্ডযুক্ত মালের মাশুলের জন্য কমিশনরদিগের জামিন দিতে পারিবার কথা।

"১২২ গ ধারা। যে কোন প্রকারেই অগ্নিকাণ্ড ঘটুক তদ্দ্বারা কোন ক্ষতি হইলে তজ্জন্য কমিশনরেরা সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে লাইসেন্স প্রাপ্ত কোন ওয়েরহৌসে গুদামজাত করা পেট্রোলিয়মের অধিকারীদিগকে ক্ষতিপূরণ দিবার দায়ী হইবেন না এবং কমিশনরদিগের কিম্বা তাঁহাদের চাকরদিগের অবহেলায় যদি চুয়াইয়া পড়িয়া কিম্বা অন্য কোন প্রকারে কোন অপকর্ষ বা ক্ষতি বা পরিমাণের অল্পতা না ঘটিয়া থাকে তাহা হইলে সেই অপকর্ষ বা ক্ষতি বা পরিমাণের অল্পতার জন্য কমিশনরেরা উহার অধিকারীদিগকে ক্ষতিপূরণ দিবার দায়ী হইবেন না।"

বাণ্ডেড ওয়েরহৌসে কমিশনরদিগের মাল গুদামজাত করিতে পারিবার কথা।

১৬ ধারা। ১২৬ ধারায় (১) প্রকরণে (ক) দফার পর নিম্নলিখিত দফাটী সন্নিবেশিত হইবে :—

১২৬ ধারা সংশোধন করিবার কথা।

"(কক) বন্দর মধ্যস্থিত সমস্ত জলযানের বোঝাই ও খালাস করা কার্য্য যে প্রকারে ও যে নিয়মে সম্পন্ন করা হইবে তাহা ব্যবস্থিত করিবার উদ্দেশ্যে,"।

এবং (খ) দফায় "গুদামঘর" এই শব্দের পর "সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ষোল ধারার বিধানমতে লাইসেন্স প্রাপ্ত ওয়েরহৌস," এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

কলিকাতা।
১৮৯৫ সাল ৩রা জুন।

এচ্, এল্, বেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাবিভাগের
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 9, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ৯ জুলাই।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাঁকুড়া জেলার কালেক্টরীতে ১৮৯৫ সনের ২৯শে জুলাই তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ১৪ই শ্রাবণ তারিখে দিবা ১২ ঘটীকার সময় প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম।—নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থিররূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়।—চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়।—নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ।—নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ্ব হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়িত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জান যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রুঃ পোঃ এঃ	টাঃ আঃ পাই	
১০২১নং	সদিষ্টা মৌজার পুরাতন রাস্তার জমি পরগণে বিষ্ণুপুর।	১—২—১৪—১০	৭ ৵ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া।
তারিখ ১৫ জুন ১৮৯৫।

W. H. H. Vincent,
Collector.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্যামাচরণ বিশ্বাস পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া. বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুডী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুডী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৫ নং লাট তৃতীয় খণ্ড।	২৪ পরগনা বসির হাট হাসনাবাদ।	৬৭০০/০	উত্তর,—নাল কট ধারের একটী শাখা খাল যাহা ১৩৫ নং লাট প্রথম খণ্ডের দক্ষিণ সীমানায় লিখিত আছে। পূর্ব্ব,—বালি গাঙ্গের কিয়দংশ। দক্ষিণ,—নেকড়া উডানীয়া খালের কিয়দংশ ও নেকড়া উডানীয়া খাল হইতে চরা দাদপুরা খাল পর্য্যন্ত একটী দোয়ানীয়া খাল ও চরা দাদপুরা খাল এবং বিদ্যা নদীর কিয়দংশ। পশ্চিম,—বিদ্যা নদীর কিয়দংশ, গাববুনীয়া খাল ও ঐ গাববুনীয়া খাল হইতে সুক দোয়ানীয়া খাল পর্য্যন্ত ৩৬০ ব্যারিংএর একটী সরলরেখা এবং সুক দোয়ানীয়া খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা বঙ্কবিহারি চৌধুরি পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ই ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতির তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৯ নং লাট প্রথম খণ্ড।	২৪ পরগনা বশির হাট হাসনাবাদ।	৬৬৫০/০	উত্তর,—বোয়ালি গাঙ্গ। পূর্ব্ব,—দাদপুর দোয়ানীয়াখাল। দক্ষিণ,—বালিগাঙ্গের কিয়দংশ। পশ্চিম,—সালকাট ধার ও বালিগাঙ্গের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P Ross,
Commissioner, Sundarbans.

জিলা বাখরগঞ্জ।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাখরগঞ্জ জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাখরগঞ্জ জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৬ই সেপ্টেম্বর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ৩১ ভাদ্র তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদ্দারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্বরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদ্দারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০্ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০্ টাকার উর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদ্দারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
১৯৭৮	পরগণা ইন্দ্রাকপুর তালুক রামশঙ্কর দাস।	৩৪—১—৩৬	৯১॥৴৩	
২০০২	পরগণা খাঞ্জাবাহাদুরনগর তালুক কামদেব সিকদার।	২৫—০—৩৫	৪৮।৴৩	
২৫৯৩	তপ্পে লক্ষ্মীরদিয়া তালুক রামরাম সেন।	৮—৩—১	১২৷৷৶৩	
২৭২৪	পরগণা উত্তর সাহাবাজপুর তালুক বিশ্বনাথ ঠাকুরতা।	১৯—০—৩৬	৬০৸৶৯	
৫০৭৫	পরগণা রোজরগ উমেদপুর কিস মত ভোলানাথপুর।	৩২—৩—১১	১৯৪৻৬	
৫২৬৫	পরগণা জজিরা চর ব্রাউন	২০—০—২০	৪৪৲	
৬১০৯	পরগণা বোজরগ উমেদপুর তালুক গোলাম সরিপ।	৪—০—২৪	১৭৷৷৵০	
৬১৭৮	পরগণা বোজরগ উমেদপুর তালুক মহম্মদ মনির।	১২—২—৯	৬১৲	

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
৬২০৩	পরগণা বোজরগ উমেদপুর তালুক শিবচন্দ্র বসু।	১১—৩—১	৫১॥৵৩	
৬২১৩	পরগণা বোজরগ উমেদপুর মৃজা-কালু কিসমত বিরাট।	১৫—০—১৪	৫১৸৵৩	
৬২৩২	পরগণা বোজরগ উমেদপুর ঝিঙ্গা-বাড়িয়ার নেমক তাফাল।	৪—১—১২	২২৴৪	
৬২৬২	পরগণা বোজরগ উমেদপুর দরি চর দেশান্তরকাটী।	৩৭—৩—১৫	১৮৭৻৩	

কালেক্টরের কাছারি
জেলা বাখরগঞ্জ।
তারিখ ২১ জুন ১৮৯৫।

H. LE MESURIER,
Offg Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates per four-ounce tin, *Rs* 2, *ans.* 8, per eight-ounce tin, *Rs.* 5, per pound tin, *Rs* 10 The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs* 6; per pound tin, *Rs* 12 This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
৷ আধ ,, ,, ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷০
। শিকি ,, ,, ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E N. Baker,

Offg. Under-Secretary to the Govt of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল .. .	„	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) . .	„	৪৲
ডাকমাশুল ...	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য .	„	।০
ডাকমাশুল ..		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য) . ..		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount

C. W. Bolton,
Under-Secretary to the Govt of Bengal.

12th December 1882

Note —*Rates of advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half " "	10

Casual advertisement—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্তাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌন্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।— কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা যোডক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেম্‌স পেটী সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 48a—11-7-95—1161—180

Numb. 2920 [২৯২০]

REGISTERED No 3

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 16, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৬ জুলাই।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

GOVERNMENT OF INDIA.

FINANCE AND COMMERCE DEPARTMENT.

NOTIFICATIONS.

SEPARATE REVENUE
STAMPS.

The 5th July 1895

No 3164-*S.R.*—In exercise of the powers conferred by section 8 of the Indian Stamp (Act I of 1879), the Governor-General in Council is pleased—

(1) to remit the duty payable on any policy of insurance against railway accidents valid for a single journey only when issued to a passenger travelling by the intermediate or the third class on any railway, and

(2) to reduce to one anna the duty payable on any such policy when issued to a passenger travelling by the first or the second class on any railway

SEPARATE REVENUE
STAMPS
Non-Judicial Stamps.

The 5th July 1895.

No 3190*S R.*—In exercise of the powers conferred by sections 9 and 56 of the Indian Stamp Act (I of 1879), and in supersession of the notification of the Government of India in the Finance and Commerce Department, No 3282, dated the 28th July 1893, the Governor-General in Council is pleased to direct that in Rules 8 and 10 of the Rules published in Notification No. 2170, Finance and Commerce Department, dated the 22nd May 1891, the following amendments shall be made, namely,—

(1) In rule 8 the word "Rangoon" shall be omitted and after the word "Allahabad" the words "or the Sub-Registrar of Deeds at Rangoon" shall be added

(2) To clause (*a*) of rule 10 shall be added "and the Sub-Registrar of Deeds at Rangoon and the Treasury Officers, Moulmein, Akyab, and Bassein," and for clause (*b*) of the same rule the following shall be substituted, namely,—

"(*b*) the Superintendents of Stamps at Madras, Bombay, and Lahore"

SEPARATE REVENUE.
COTTON DUTIES.

The 5th July 1895.

No 3191*S R*—In exercise of the power conferred by section 22 of the Cotton Duties Act (XVII of 1891), the Governor-General in Council is pleased to prohibit the payment of drawback on the exportation of yarn or cotton fabrics to—

(1) the ports in the States of Travancore and Cochin,

(2) the ports of His Highness the Gaekwar of Baroda,

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

স্বতন্ত্র রাজস্ব।

ইষ্টাম্প বিষয়ক।

১৮৯৫ সাল ৫ জুলাই।

৩১৬৪ এস, আর নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনের ৮ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি, (১) কোন রেলওয়ের মধ্য বা তৃতীয় শ্রেণীতে যাতায়াতকারি কোন পথিককে কেবল একবার যাইবার বা আসিবার নিমিত্ত সিদ্ধ রেলপথের দুর্ঘটনার বিরুদ্ধে কোন বিমাপত্রের উপর যে মাসুল দিতে হয় সেই মাসুল ক্ষমা করিলেন। এবং

(২) কোন রেলওয়ের প্রথম বা দ্বিতীয় শ্রেণীতে যাতায়াতকারি কোন পথিককে উক্ত কোন বিমাপত্র দেওয়া গেলে তাহার উপর যে মাসুল দিতে হয় তাহা কমাইয়া এক আনা করিলেন।

স্বতন্ত্র রাজস্ব।

ইষ্টাম্প বিষয়ক।

বিচারকার্য্য সম্পর্কীয় ভিন্ন ইষ্টাম্প।

১৮৯৫ সাল ৫ জুলাই।

৩১৯০ এস, আর, নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনের ৯ ও ৫৬ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগে ১৮৯৩ সালের ২৮ জুলাই তারিখের ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ৩২৮২ নং বিজ্ঞাপন রহিত করিয়া তিনি রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগে ১৮৯১ সালের ২২ মে তারিখের ২১৭০ নং বিজ্ঞাপনে প্রকাশিত বিধির ৮ ও ১০ ধারায় নিম্নলিখিত সংশোধন করিবার আজ্ঞা করিলেন, যথা,—

(১) বিধির ৮ ধারায় "রেঙ্গুন" শব্দ ত্যাগ করিতে হইবে ও "কমিশনারের এ শব্দের পরই 'কিম্বা রেঙ্গুনের দলীল দস্তাবেজের সব রেজিষ্টারের" এই কথাগুলি যোগ করিতে হইবে।

(২) বিধির ১০ ধারার (ক) প্রকরণে 'রেঙ্গুনের দলীল দস্তাবেজের সব-রেজিষ্টার এবং মৌলমেন, আক্যাব ও বেসিনের খাজানা খানার কর্ত্তৃপক্ষেরা" এই কথাগুলি যোগ করিতে হইবে, এবং বিধির উক্ত ধারার (খ) প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণ সন্নিবেশ করিতে হইবে, যথা—

"(খ) মান্দ্রাজ, বোম্বাই ও লাহোরের ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টগণ।"

স্বতন্ত্র রাজস্ব।

তুলাজাত দ্রব্যের মাসুল বিষয়ক।

১৮৯৫ সাল ৫ জুলাই।

৩১৯১ এস, আর, নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি তুলাজাত দ্রব্যের মাসুল বিষয়ক ১৮৯৪ সালের ১৭ আইনের ২২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি—

(১) ত্রাবাঙ্কোর ও কোচিন ষ্টেটের বন্দর সমূহে,

(২) বরদার মহিমবর শ্রীযুত গৈকওয়ারের বন্দর সমূহে,

(3) the ports of the Thakur of Bhavnagar,
(4) the ports of the Nawab of Cambay,
(5) the ports of the Nawab of Habsan,
(6) the Portuguese-Indian port of Diu, and
(7) the ports specified below in Kutch and Kathiawar:

In Kutch

Jakhan	Mundra
Koteshwar	Rohar
Lakhpit	Tuna

Maudvi.

In Kathiawar.

Beri	Navabander (under Junagadh)
Bherai.	Navabander (under Nawanagar)
Chorvad	Navibander
Jafarabad.	Pimpavao.
Jinjura.	Porbander.
Joria	Satya.
Kathivadar	Sundrai
Madhavpur	Sutrapara.
Mahuva	Talaja
Mangrol.	Veraval.
Miani.	Wavanya

J. F. FINLAY,

Secy. to the Govt of India.

(৩) ভাবনগরের ঠাকুরের বন্দর সমূহে,
(৪) কাম্বের নবাবের বন্দর সমূহে,
(৫) হাবসানের নবাবের বন্দর সমূহে,
(৬) পোর্টুগিজ-ইণ্ডিয়ান ডিউ বন্দরে এবং
(৭) কচের, ও কাথিওয়ারের অন্তর্গত নিম্নলিখিত বন্দর সমূহে,

কচের অন্তর্গত।

জাখন।	মন্দ্রা।
কোটেশ্বর।	রোহর।
লাখপাট।	তুনা।

মন্দবি।

কাথিওয়ারের অন্তর্গত।

বেরি।	নববন্দর (জুনাগড়ের অধীন)।
ভেরৈ।	নববন্দর (নবনগরের অধীন)।
চোরবাদ।	নবিবন্দর।
জাফরাবাদ।	পিম্পাভাও।
জিঞ্জুরা।	পোড়বন্দর।
জোরিয়া।	সত্যা।
কাথিভাদর।	সুন্দ্রে।
মাধবপুর।	সূত্রপাড়া।
মহুবা।	তলাজা।
মঙ্গ্রোল।	বেরাভল।
মিয়ানি।	ওয়াবান্যা।

সূতা বা তূলাজাত দ্রব্য রপ্তানীকরণ সম্বন্ধে ফেরত মাস্থল দেওয়া নিষেধ করিলেন।

জে, এফ ফিন্‌লে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 16, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৬ জুলাই।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

NOTIFICATION—No. 3605J

The 2nd July 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor, in pursuance of the power conferred by section 34 of Act V of 1861 (an Act for the Regulation of Police), authorizes the extension of the said section to the town of Shahzadpur, in the district of Pabna.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 3610J

The 2nd July 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor, in pursuance of the power conferred upon him by section 34 of Act V of 1861 (an Act for the Regulation of Police), authorizes the extension of the said section to the town of Boda, in the district of Jalpaiguri, from the 1st August 1895.

H. J. S COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৩৬০৫ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি উক্ত ধারা পাবনা জিলার অন্তর্গত শাহাজাদপুর নগরে প্রচলিত করিবার আদেশ দিলেন।

এচ, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

৩৬১০ জে, নং বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি উক্ত ধারা ১৮৯৫ সালের ১ আগষ্টহইতে জলপাইগুড়ি জিলার অন্তর্গত বোদা নগরে প্রচলিত করিবার আদেশ দিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 16, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৬ জুলাই।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No 2712*M*.—*The* 8*th July* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 86 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Chaibassa Municipality, in the district of Singhbhum, made at a meeting, to sanction the levy by the Commissioners of the said Municipality of a tax under section 131 of the Act on carriages and on horses and other animals specified in the fifth schedule of the Act, at half the rates mentioned in the said schedule, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality

H. H. RISLEY,

Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

২৭১২ এম. নম্বর।—১৮৯৫ সাল ৮ জুলাই। —সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, সিংহভূম জিলার অন্তর্গত চৈবাসা মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইনদ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ৮৬ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের পঞ্চম তফসীলে নির্দ্দিষ্ট হারের অর্দ্ধেক হারে গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর উক্ত আইনের ১৩১ ধারামতে টাক্স উক্ত কমিশনরদের দ্বারা আদায় হইবার অনুমতি দিতে কল্পনা করিয়াছেন।

এচ্, এচ্, রিসলী,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৬ জুলাই।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ২৫শে মার্চ্চ তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ১৪ই মে তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশিত করা গেল।—

১৮৯৫ সালের ৫ আইন।

নিঃস্ব কুষ্ঠীদিগকে পৃথক করিয়া রাখিবার এবং কোন কোন ব্যবসায়ে নিযুক্ত কুষ্ঠীদিগের উপর কর্ত্তৃত্ব করিবার বিধান করণার্থ আইন।

সূচিপত্র।

An Act to provide for the segregation of pauper lepers, and the control of lepers exercising certain trades.

১৮৯৫ সালের ৫ আইন।

নিঃস্ব কুষ্ঠীদিগকে পৃথক করিয়া রাখিবার এবং কোন কোন ব্যবসায়ে নিযুক্ত কুষ্ঠীদিগের উপর কর্ত্তৃত্ব করিবার বিধান করণার্থ আইন।

…না।

নিঃস্ব কুষ্ঠীদিগকে পৃথক করিয়া রাখিবার বিধান করা এবং কুষ্ঠীদিগের দ্বারা কোন কোন ব্যবসায় বা কর্ম্মের পরিচালন সম্বন্ধে ব্যবস্থা করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

সংক্ষেপ নাম ও আরম্ভের কথা।

১ ধারা। এই আইনটীকে "কুষ্ঠী বিষয়ক ১৮৯৫ সালের আইন" বলা যাইতে পারিবে। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া ইহা যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে ইহা সেই তারিখ হইতে প্রবল হইবে।

২ ধারা। এই আইনে—

"কুষ্ঠী।"

"কুষ্ঠী" বলিতে যে ব্যক্তি কোন রকমের কুষ্ঠরোগ ভুগিতেছে এবং যে ব্যক্তির ক্ষত হইতে আরম্ভ হইয়াছে সেই ব্যক্তিকে বুঝাইবে।

"নিঃস্ব কুষ্ঠী।"

"নিঃস্ব কুষ্ঠী" বলিতে (ক) যে কুষ্ঠী কোন প্রকাশ্য স্থানে ভিক্ষা যাচঞা করিয়াছে, দয়া উৎপাদনার্থ কিম্বা ভিক্ষা পাইবার জন্য কোন ঘা, ক্ষত, শারীরিক পীড়া বা বিকৃতি খুলিয়া রাখিয়াছে বা দেখাইয়াছে, অথবা (খ) ভরণপোষণের কোন প্রত্যক্ষ উপায় না থাকা সত্ত্বেও স্বাধীনভাবে বিচরণ করে সেই কুষ্ঠীকে বুঝাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের কুষ্ঠাশ্রম করিতে পারিবার কথা।

৩ ধারা। কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশিত করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে কোন স্থানকে কুষ্ঠাশ্রম বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন এবং যে সকল স্থান হইতে কুষ্ঠীদিগকে সেই আশ্রমে পাঠান যাইতে পারিবে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং সেই বিজ্ঞাপন পরিবর্ত্তন বা রদ করিতে পারিবেন।

কুষ্ঠাশ্রমের জন্য স্থানীয় কর্ত্তৃপক্ষদিগের ফণ্ডের টাকা খরচ করিবার ও সম্পত্তি নিয়োগ করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। যে সকল অভিপ্রায়ে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের ফণ্ড বা অপর সম্পত্তি নিয়োজিত হইতে পারে সেই সকল অভিপ্রায় সম্বন্ধে কোন আইনে যাহা কিছু থাকে তাহা সত্ত্বেও এইরূপ ফণ্ডের উপর কর্ত্তৃত্ববিশিষ্ট কোন কৌন্সিল, বোর্ড, কমিটি, কর্পোরেশন বা অপর সমিতি—

(ক) ঐ স্থানীয় কর্ত্তৃপক্ষের এলাকার স্থানীয় সীমার মধ্যে বা বাহিরে কোন কুষ্ঠাশ্রম স্থাপন বা রক্ষা করিতে অথবা স্থাপন ও রক্ষা করিতে অথবা কোন কুষ্ঠাশ্রম স্থাপন বা রক্ষা করিবার কিম্বা স্থাপন ও রক্ষা করিবার খরচ নির্ব্বাহ পক্ষে টাকা দিতে পারিবেন।

(খ) অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া এবং ঐ গবর্ণমেণ্ট যে সকল নিয়ম নির্দ্দেশ করিয়া দেন তাহার অধীন হইয়া যে স্থাবর সম্পত্তি ঐ সমিতিতে বর্ত্তিয়াছে বা উহার কর্ত্তৃত্বাধীনে আছে তাহা কোন কুষ্ঠাশ্রমের জায়গাস্বরূপ কিম্বা কোন কুষ্ঠাশ্রম রূপে ব্যবহৃত হইবার জন্য নিয়োজিত করিতে পারিবেন।

কুষ্ঠীর ইন্সপেক্টর ও কুষ্ঠাশ্রমের সুপারিন্টেণ্ডেণ্ট নিযুক্ত করিবার কথা।

৫ ধারা। যে রকম সেরেস্তা আবশ্যক হয় তাহা দিয়া স্থানীয় গবর্ণমেণ্ট কোন ডাক্তার কর্ম্মচারীকে নাম করিয়া কিম্বা তাঁহার পদের অনুরোধে কুষ্ঠীদিগের ইন্সপেক্টর নিযুক্ত করিতে পারিবেন এবং যে কোন ব্যক্তিকে কোন কুষ্ঠাশ্রমের সুপারিন্টেণ্ডেণ্ট নিযুক্ত করিতে পারিবেন এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের একুশ ধারার অর্থানুসারে ঐ দুই ব্যক্তিকে রাজকীয় কার্য্যকারক গণ্য করা যাইবে।

বোর্ড নিযুক্ত করিবার কথা।

৬ ধারা। প্রত্যেক কুষ্ঠাশ্রমের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট এমন একটী বোর্ড নিযুক্ত করিবেন যাহাতে অন্যূন তিন জন সভ্য থাকিবেন এবং তাঁহাদের মধ্যে অন্ততঃ এক জন ডাক্তার কর্ম্মচারী হইবেন।

নিঃস্ব কুষ্ঠী ধরিবার কথা।

৭ ধারা। যে স্থান এই আইনের তিন ধারানুসারে বিজ্ঞাপিত হইয়াছে সেই স্থানের মধ্যে যে কোন পুলিসের কর্ম্মচারী যে ব্যক্তিকে নিঃস্ব কুষ্ঠী বলিয়া দেখেন সেই ব্যক্তিকে বিনা ওয়ারাণ্টে ধরিতে পারিবেন।

ধৃত ব্যক্তি সম্বন্ধে কি করিতে হইবে সেই কথা।

৮ ধারা। যে ব্যক্তিকে নিঃস্ব কুষ্ঠী বলিয়া এইরূপে ধরা হয় তাহাকে তৎক্ষণাৎ কোন কুষ্ঠীর ইন্সপেক্টরের সমক্ষে লইয়া যাওয়া হইবে এবং সেই কুষ্ঠীর ইন্সপেক্টর—

(ক) যদি দেখেন যে সেই ব্যক্তি দুই ধারার অর্থানুসারে কুষ্ঠী নহে তাহা হইলে তিনি তাহাকে তফসীলের প্রদত্ত (A) ফারমে এক খানি সার্টিফিকেট দিবেন এবং তাহাকে তৎক্ষণাৎ ছাড়িয়া দেওয়া হইবে।

(খ) যদি দেখেন যে সেই ব্যক্তি দুই ধারার অর্থানুসারে কুষ্ঠী বটে তাহা হইলে কুষ্ঠী যে ব্যক্তির হেফাজতে থাকে তিনি তাহাকে তফসীলের প্রদত্ত (B) ফারমে এক খানি সার্টিফিকেট দিবেন এবং

অনাবশ্যক বিলম্ব না করিয়া এবং ধরিবার স্থান হইতে কুষ্ঠীর ইন্সপেক্টরের নিকট যাইবার জন্য ও তথা হইতে মাজিষ্ট্রেটের আদালতে যাইবার জন্য যত সময় আবশ্যক তাহা বাদে চব্বিশ ঘন্টার মধ্যে কুষ্ঠীকে এই আইনানুসারে বিচারাধিকারসম্পন্ন কোন মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাওয়া হইবে।

নিঃস্ব কুষ্ঠীদিগের সম্বন্ধে কার্য্যপ্রণালীর কথা।

৯ ধারা। কোন কুষ্ঠীর ইন্সপেক্টরের তফসীলের প্রদত্ত (B) ফারমের লিখিত সার্টিফিকেট দৃষ্টে স্থানীয় গবর্ণমেণ্ট হইতে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন মাজিষ্ট্রেট যদি দেখেন যে কোন ব্যক্তি কুষ্ঠী বটে এবং ঐ মাজিষ্ট্রেট যদি আরও দেখেন যে সেই ব্যক্তি নিঃস্ব কুষ্ঠী তাহা হইলে তিনি সাক্ষ্য ও তদ্দৃষ্টে তাঁহার আদেশ লিপিবদ্ধ করিয়া তাঁহাদ্বারা স্বাক্ষরিত ও আদালতের মোহরযুক্ত তফসীলের প্রদত্ত (C) ফারমের একটী লিখিত হুকুম সহ একজন পুলিসের কর্ম্মচারীর জিম্মায় দিয়া সেই নিঃস্ব কুষ্ঠীকে একটী কুষ্ঠ্যাশ্রমে পাঠাইয়া দিবেন এবং যে পর্য্যন্ত বোর্ডের হুকুমমতে সেই নিঃস্ব কুষ্ঠীকে ছাড়িয়া দেওয়া না হয় সে পর্য্যন্ত তাহাকে সেই কুষ্ঠ্যাশ্রমে আটকাইয়া রাখা হইবে।

বোর্ডের দ্বারা পরিদর্শনের কথা।

১০ ধারা। বোর্ডের দুই জন কি তদধিক সভ্য যাহাদের একজনকে ডাক্তার কর্ম্মচারী হইতে হইবে তাহারা যে কুষ্ঠ্যাশ্রমের নিমিত্ত নিযুক্ত হয় একত্র হইয়া প্রতিমাসে অন্ততঃ একবার সেই কুষ্ঠ্যাশ্রম পরিদর্শন করিবেন এবং (ক) শেষ পরিদর্শনের পর যে সকল নিঃস্ব কুষ্ঠীকে তথায় ভর্ত্তি করা হইয়াছে তাহাদের প্রত্যেককে ও প্রত্যেকের ভর্ত্তির হুকুম দেখিবেন ও পরীক্ষা করিবেন এবং (খ) অবস্থা বিবেচনায় যতদূর পারা যায় তত্রস্থ অপর প্রত্যেক নিঃস্ব কুষ্ঠীকে ততদূর দেখিবেন ও পরীক্ষা করিবেন এবং মন্তব্য লিখিত হইবার অভিপ্রায়ে যে বহী রাখিতে হইবে তাহাতে কুষ্ঠ্যাশ্রমের পরিচালন ও অবস্থা এবং তথাকার নিঃস্ব কুষ্ঠীদিগের সম্বন্ধে যে মন্তব্য উচিত বিবেচনা করেন তাহা লিখিবেন।

বোর্ড কর্ত্তৃক ছাড়িয়া দিবার হুকুমের কথা।

১১ ধারা। কোন কুষ্ঠ্যাশ্রমের বোর্ডের যে দুই জন সভ্যের মধ্যে একজন ডাক্তার কর্ম্মচারী হইবেন সেই দুই জন সভ্যের যে কোন সময়ে তাঁহাদের দ্বারা স্বাক্ষরিত তফসীলের প্রদত্ত (D) ফারমে লিখিত একটী হুকুমক্রমে কোন কুষ্ঠ্যাশ্রম হইতে কোন নিঃস্ব কুষ্ঠীকে ছাড়িয়া দিবার আদেশ করা আইনসঙ্গত কার্য্য হইবে।

কুষ্ঠীদিগের সম্বন্ধে কমিশনরদিগের উপবিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। যে ব্যক্তিকে কুষ্ঠী বলিয়া যুক্তিযুক্তরূপে বিশ্বাস করা হয় সেই ব্যক্তি যে পর্য্যন্ত কুষ্ঠীদের কোন ইন্সপেক্টরের নিকট হইতে তফসীলের প্রদত্ত (A) ফারমে একখানি সার্টিফিকেট না পান সে পর্য্যন্ত তাহাকে কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে কিম্বা কোন মুনিসিপালিটীর ভিতর কোন নির্দ্দিষ্ট সীমার মধ্যে কোন নির্দ্দিষ্ট ব্যবসায় বা কর্ম্ম করিতে নিষেধ করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট দ্বারা দৃঢ়ীকৃত হইবার নিয়মাধীনে সেই মুনিসিপালিটির সভ্যাগত কমিশনরদিগের সময়ে সময়ে উপবিধি প্রণয়ন, রহিত এবং পরিবর্ত্তন করা আইনসঙ্গত কার্য্য হইবে। এইরূপ উপবিধি ভঙ্গ করার অপরাধ কোন মাজিষ্ট্রেটের নিকট নির্ণীত হইলে অনধিক কুড়ি টাকা জরিমানা করা যাইতে পারিবে এবং ঐ অপরাধ নির্ণীত হইবার পর যত দিন ঐ অপরাধ কৃত হইতে থাকে তাহার প্রত্যেক দিনের নিমিত্ত দশ টাকা জরিমানা করা যাইতে পারিবে। যে আইনানুসারে কমিশনরেরা নিযুক্ত ও নির্ব্বাচিত হয়েন সেই আইনের যে সকল বিধান উপবিধি সম্বন্ধে থাকে সেই সকল বিধান এই আইনানুসারে প্রণীত, রহিত করা বা পরিবর্ত্তিত কোন উপবিধি সম্বন্ধে খাটিবে।

যে সকল ব্যক্তিকে সন্দেহ করা হয় কুষ্ঠীদের ইন্সপেক্টরের তাহাদের পরীক্ষা করিয়া দেখিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। যে ব্যক্তিকে কুষ্ঠীদের কোন ইন্সপেক্টরের (ক) নিঃস্ব কুষ্ঠী বলিয়া কিম্বা (খ) কোন মুনিসিপালিটীর মধ্যে কোন কুষ্ঠীর যে ব্যবসায় বা কর্ম্ম চালান আইন বিরুদ্ধ সেই মুনিসিপালিটীর মধ্যে সেই ব্যবসায় বা কর্ম্ম চালাইতেছে এমন কুষ্ঠী বলিয়া বিশ্বাস করিবার হেতু থাকে সেই ব্যক্তি কুষ্ঠী কি না এই বিষয়ের আপনার প্রতীতির নিমিত্ত তাঁহাকে যুক্তিযুক্তরূপ সুবিধা করিয়া দিবার জন্য তাহাকে আদেশ করা তাঁহার পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে। এবং সেই কুষ্ঠী এই রূপে আদিষ্ট হইলে কুষ্ঠীদের কোন ইন্সপেক্টরকে ঐরূপ সুবিধা করিয়া দিতে আইনমতে বাধ্য হইবে।

আপীলের কথা।

১৪ ধারা। নিঃস্ব কুষ্ঠী নহে এমন যে ব্যক্তির সম্বন্ধে কুষ্ঠীদের কোন ইন্সপেক্টর তাহাকে কুষ্ঠী বলিয়া ব্যক্ত করিয়া তফসীলের প্রদত্ত (B) ফারমে সার্টিফিকেট দিয়াছেন কিম্বা তফসীলের প্রদত্ত (A) ফারমে সার্টিফিকেট দিতে অস্বীকার করিয়াছেন সেই ব্যক্তি সেই কর্ম্মচারীর নিকট আপীল করিতে পারিবেন যিনি স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এইরূপ আপীল শুনিবার নিমিত্ত নিযুক্ত হয়েন এবং সেই কর্ম্মচারীর নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। (১) (ক) এই আইনানুযায়িক কোন কর্ত্তব্যকর্ম্ম নির্ব্বাহ করিতেছে এমন সমস্ত বা যে কোন কর্ম্মচারী কর্ত্তৃক অনুসরণার্থ (খ) কোন কুষ্ঠ্যাশ্রম পরিচালনার্থ এবং তন্মধ্যে শাসনশৃঙ্খলা রক্ষণার্থ এবং (গ) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সিদ্ধ করণার্থ সময়ে সময়ে বিধি প্রণয়ন, রহিত ও পরিবর্ত্তন করা স্থানীয় গবর্ণমেণ্টের আইনসঙ্গত কার্য্য হইবে। ঐ সকল বিধি কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে।

(২) সমস্ত প্রস্তাবিত বিধি এবং কোন বিধির রহিত করণের বা পরিবর্ত্তনের প্রত্যেক প্রস্তাব কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে। এবং প্রস্তাবিত বিধি অথবা কোন বিধির রহিত করণ বা পরিবর্ত্তনের প্রস্তাব কলিকাতা গেজেটে শেষ প্রকাশিত হওয়ার তারিখের অন্যূন এক মাস পরে যে সকল বিধি বা কোন বিধির যে রহিত করণ বা পরিবর্ত্তন উক্ত গেজেটে প্রকাশিত হয় তাহা আইনের ন্যায় প্রবল হইবে।

তফসীল।

A.—সার্টিফিকেট।

(৮ ধারা)

আমি নিম্নস্বাক্ষরকারী (এই স্থানে নাম ও পদের নাম লেখ) এতদ্দারা এই সার্টিফিকেট দিতেছি যে আমি স্বয়ং মাসের দিবসে তে (এই স্থানে পরীক্ষিত ব্যক্তির নাম লেখ) কে পরীক্ষা করিয়াছিলাম এবং উক্ত কুষ্ঠী বিষয়ক ১৮৯৫ সালের আইনের অর্থ-নির্দ্দেশানুসারে কুষ্ঠী নহে।

আমার স্বাক্ষরযুক্ত হইয়া অদ্য
১৮৯ সালের
মাসের দিবসে প্রদত্ত হইল।

(স্বাক্ষর)

কুষ্ঠীদের ইন্সপেক্টর।

B.—সার্টিফিকেট।

(৮, ৯ ও ১৪ ধারা)

আমি নিম্নস্বাক্ষরকারী (এই স্থানে নাম ও পদের নাম লেখ) এতদ্দারা এই সার্টিফিকেট দিতেছি যে আমি স্বয়ং মাসের দিবসে তে (এই স্থানে কুষ্ঠীর নাম লেখ) কে পরীক্ষা করিয়াছিলাম এবং উক্ত কুষ্ঠী বিষয়ক ১৮৯৫ সালের আইনের অর্থনির্দ্দেশানুসারে কুষ্ঠী বটে এবং আমি নিম্নলিখিত হেতুতে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি, অর্থাৎ :--

(এই স্থানে হেতু লেখ)

আমার স্বাক্ষরযুক্ত হইয়া অদ্য ১৮৯
সালের মাসের
দিবসে প্রদত্ত হইল।

(স্বাক্ষর)

কুষ্ঠীদের ইন্সপেক্টর।

C.—আটকাইয়া রাখিবার ওয়ারাণ্ট।

(৯ ধারা।)

র কুষ্ঠ্যাশ্রমের সুপারিণ্টেণ্ডেণ্ট মহাশয়
বরাবরেষু।

যেহেতু আমার নিকট এইরূপ প্রতীয়মান করা হইয়াছে যে (নাম ও বিবরণ লেখ) কুষ্ঠী বিষয়ক ১৮৯৫ সালের আইনের অর্থনির্দ্দেশানুসারে নিঃস্ব কুষ্ঠী, অতএব আপনি উক্ত সুপারিণ্টেণ্ডেণ্ট আপনাকে এতদ্দারা এই ক্ষমতা ও আদেশ দেওয়া যাইতেছে যে আপনি উক্ত (নাম) কে এই আদেশ সহ আপনার হেফাজতে লইবেন এবং যে পর্য্যন্ত তাহাকে কুষ্ঠ্যাশ্রমের বোর্ডের আদেশক্রমে ছাড়িয়া দেওয়া না হয় সে পর্য্যন্ত তাহাকে উক্ত কুষ্ঠ্যাশ্রমে নিরাপদে রাখিবেন।

আমার স্বাক্ষর এবং আদালতের
মোহরযুক্ত হইয়া অদ্য ১৮৯
সালের মাসের দিবসে
প্রদত্ত হইল।

(স্বাক্ষর)
(মোহর)' মাজিষ্ট্রেট।

D.—ছাড়িয়া দিবার আদেশ।

(১১ ধারা।)

র কুষ্ঠ্যাশ্রমের সুপারিণ্টেণ্ডেণ্ট মহাশয়
বরাবরেষু।

যেহেতু আদালতের ১৮৯ সালের মাসের তারিখের আদেশানুসারে (নাম ও বিবরণ) কে আপনার হেফাজতে অর্পণ করা হইয়াছিল এবং আমরা এইরূপ বিবেচনা করিবার যথেষ্ট হেতু দেখিতেছি যে তাহাকে ছাড়িয়া দিলে সাধারণের কোন বিপদ বা অসুবিধা ঘটিবে না—

উক্ত (নাম) কে আপনার হেফাজত হইতে অবিলম্বে ছাড়িয়া দিবার নিমিত্ত আপনাকে এতদ্দারা ক্ষমতা ও আদেশ দেওয়া গেল।

আমাদের স্বাক্ষরযুক্ত হইয়া অদ্য ১। (স্বাক্ষর)
১৮৯ সালের মাসের ২। (স্বাক্ষর)
দিবসে প্রদত্ত হইল।

কুষ্ঠ্যাশ্রমের বোর্ডের সভ্য।

কলিকাতা,
১৮৯৫ সাল, ২৫শে জুন।

সি, ই, গ্রে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের
ব্যবস্থা বিভাগের এক্টিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 16, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ১৬ জুলাই।

PART VIII.

ADVERTISEMENT

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাঁকুড়া জেলার কালেক্টরীতে ১৮৯৫ সনের ২৯শে জুলাই তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ১৪ই শ্রাবণ তারিখে দিবা ১২ ঘটীকার সময় প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদ্দারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম।—নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদ্দারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদ্দারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়।—চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্ত। কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদ্দারগণ বাধ্য হইবে।

তৃতীয়।—নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ।—নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ্ব হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদ্দারের দায়িত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রুঃ পোঃ এঃ	টাঃ আঃ পাই	
১০২৭নং	সদিষ্টা মৌজার পুরাতন রাস্তার জমি পরগণে বিষ্ণুপুর।	১—২—১৪ ১০	৭ ৵ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া।
তারিখ ১৫ জুন ১৮৯৫।

W. H. H. VINCENT,
Collector

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্যামাচরণ বিশ্বাস পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুডী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুডী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	একর।	চৌহদ্দী।
১৩৫ নং লাট তৃতীয় খণ্ড।	২৪ পরগনা বসির হাট হাসনাবাদ।	৬৭০০/০	উত্তর,—নাস কট ধারের একটী শাখা খাল যাহা ১৩৫ নং লাট প্রথম খণ্ডের দক্ষিণ সীমানায় লিখিত আছে। পূর্ব্ব,—বালি গাঙ্গের কিয়দংশ। দক্ষিণ,—নেকড়া উড়ানীয়া খালের কিয়দংশ ও নেকড়া উড়ানীয়া খাল হইতে চরা দাদপুরা খাল পর্য্যন্ত একটী দোয়ানীয়া খাল ও চরা দাদ পুরা খাল এবং বিদ্যা নদীর কিয়দংশ। পশ্চিম—বিদ্যা নদীর কিয়দংশ, গাবরুনীয়া খাল ও ঐ গাবরুনীয়া খাল হইতে সুক দোয়ানীয়া খাল পর্য্যন্ত ৩৬০ ব্যারিংএর একটী সরল-রেখা এবং সুক দোয়ানীয়া খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P Ross,
Commissioner, Sundarbans

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা বঙ্কবিহারি চৌধুরি পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোত্তাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ই ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতির তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩১ নং লাট প্রথম খণ্ড।	২৪ পরগণা বশির হাট হাসনাবাদ।	৬৬৫০/০	উত্তর,—বোয়ালি গাঙ্গ। পূর্ব্ব,—দাদপুর দোয়ানীয়াখাল। দক্ষিণ,—বালিগাঙ্গের কিয়দংশ। পশ্চিম,—আলকাট থার ও বালিগাঙ্গের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবনের কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sunderbans.

কাছারি কমিশনরি সুন্দরবন ।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস ।

এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনে কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা যজ্ঞেশ্বর চট্টোপাধ্যায় পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ১৪ অক্টোবর মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৮ আশ্বিন সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফীসে বিক্রীত হইবেক ।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক ।

নিয়ম এই ,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগ স্বত্বের নিয়মাধীনে থাকিবেক ।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথ ও ব্যবহারার্থ রাখা যাইবে ।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক ।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করায় এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলিস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫ । ৮ জুলাই ।

তপসীল ।

লাটের নম্বর ।	জেল সব ডিবিজান থানা ।	রকবা ।	চৌহদ্দি ।
১৫নং লাট দ্বিতীয় খণ্ড ।	২৪ পরগণা ডাএমণ্ডহারবর মথুরাপুর ।	৫০০০/০	উত্তর ,—পানিপুরা অথবা বাঁশবাড়িয়া খাল হইতে গোপালনগর খাল পর্য্যন্ত ৯০ ডিগ্রীতে একটী সোজা লাইন যাহা অত্র লাটের প্রথম খণ্ডের দক্ষিণ সীমানা হইয়াছে । পূর্ব্ব – গোপালনগর খালের কিয়দংশ । দক্ষিণ ;—গোবাদিয়া ও ঘুঘুডাঙ্গা গাঙ্গের কিয়দংশ । পশ্চিম ,—গুণ্ডাকাটা খালের কিয়দংশ, পানিপুরা অথবা বাঁশবাড়িয়া খালের মখ পর্য্যন্ত এবং শেষোক্ত খালের কিয়দংশ । উপরোক্ত সীমানা সকল সুন্দরবনের কমিশনার শ্রীযুত মেঃ পাঃ রস সাহেবের ১৮৯৩ । ৯৪ সিজনের নকসানুসারে লিখিত হইল ।

P. Ross,
Commissioner Sundarbans,

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা সেখ আলিমদ্দিদিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ১৪ অক্টোবর মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৮ আশ্বিন সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই,—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথ ও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুঁড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুঁড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ৮ জুলাই।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	বকরা।	চৌহদ্দী।
১৫ নং লাট তৃতীয় খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর মথুরাপুর।	৪৬৭৫/০	উত্তর,—খাজুরিয়া খালের কিয়দংশ এবং ঐ খাজুরিয়া খাল হইতে গোপালনগর খাল পর্য্যন্ত ২৩৭ ডিক্রীতে একটী সোজা লাইন। পূর্ব্ব —খাজুরিয়া খালের ও গোবাদিয়া গাঙ্গের কিয়দংশ। দক্ষিণ,—গোবাদিয়া গাঙ্গের কিয়দংশ। পশ্চিম,—গোপালনগর খাল। উপরোক্ত সীমানা সকল সুন্দরবনের কমিশনর শ্রীযুত মেঃ পাঃ রস সাহেবের ১৮৯৩। ৯৪ সিজনের নক্সা অনুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans

কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা বিপীনকৃষ্ণ দত্তদিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ১৪ অক্টোবর মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৮ আশ্বিন সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই, —

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্ত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

VIII.—It will be the duty of the Port Officer to facilitate the conveyance to all vessels in quarantine of such supplies of provisions, stores and other articles as may be required by those on board. Such supplies will be placed on the boats of the vessels in quarantine, to be subsequently removed by members of their crews

IX.—All vessels arriving at Aden, Perim and the Somali Coast, which may have communicated with vessels coming from Arabian Ports of the Red Sea shall be subjected to the same quarantine as vessels arriving at Aden, Perim, and the Somali Coast from Arabian Ports of the Red Sea

X.—All vessels which have undergone quarantine in the manner above prescribed, should have the fact clearly stated on their Bills of Health.

By order of His Excellency the Right Honourable the Governor in Council,

J. DeC. Atkins,
Offg. Secretary to the Government of Bombay.

৫। কারাণ্টাইনসূত্রে নজর করিয়া থাকিবার পূর্ব্বোক্ত স্থানে কোন জাহাজ থাকিবার সময়ে ঐ জাহাজে কোন ব্যক্তির ওলাউঠা হইলে, শেষ ব্যক্তির পীড়ার তারিখ অবধি সাত দিন কাল উক্ত জাহাজের কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে ও ৩ ধারার নির্দ্দিষ্ট সমুদয় নিষেধ মান্য করিতে হইবে।

৬। পূর্ব্বোক্তরূপে কোন জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে স্থাপিত হইলে যত জন আরোহী ও মাল্লা পীড়িত হয় নাই ও যাহাদিগকে কর্ম্ম করণার্থে জাহাজে রাখিবার প্রয়োজন নাই, তাহাদিগকে রেসিডেন্ট সাহেব কারাণ্টাইনের স্থান বলিয়া সময়ে২ যেং বিশেষ স্থান নির্ব্বাচন করেন সেইং স্থানে লইয়া যাইতে স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ আদেশ করিতে পারিবেন, তথায় তাহাদের সাত দিন কাল থাকিতে হইবে। উক্ত কালের মধ্যে উক্ত আরোহী ও মাল্লাদের মধ্যে কাহারও ওলাউঠা হইলে, শেষ ঐরূপ পীড়া হইবার তারিখ অবধি পনের দিন তাহাদের কারাণ্টাইন করিবার কোন স্থানে থাকিতে হইবে।

৭। উক্তরূপে আগত কোন জাহাজে যে ডাক বা মাল আনীত হয় তাহা স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ রোগের বিস্তার নিবারণার্থ যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক বিবেচনা করেন তদধীনে নামান যাইবে।

৮। যে সকল জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে থাকে সেই সকল জাহাজস্থ ব্যক্তিদের প্রয়োজন মত খাদ্য ও অন্যান্য দ্রব্য উক্ত সকল জাহাজে লইয়া যাইবার সুবিধা করিয়া দেওয়া বন্দরের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য। কারাণ্টাইনের অধীন জাহাজের বোটে ঐ দ্রব্য রক্ষিত হইবে ও পরে মাল্লারা তাহা উঠাইয়া লইয়া যাইবে।

৯। এদনে, পেরিমে ও সোমালি সমুদ্রতীরে আগত যে সকল জাহাজ সুপসাগরের আরব্য বন্দর সমূহহইতে আগত জাহাজের সহিত সংস্রব রাখিয়াছে, সে সকল জাহাজের সুপসাগরের আরব্য বন্দর সমূহহইতে এদনে পেরিমে ও সোমালি সমুদ্রতীরে আগত জাহাজের ন্যায় কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে।

১০। যে সকল জাহাজ উপরি নির্দ্দিষ্ট প্রকারে কারাণ্টাইন করিয়াছে, তাহাদের স্বাস্থ্যসংক্রান্ত বিলে এই কথা স্পষ্ট করিয়া লেখা থাকিবে।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর প্রকৃত মান্যবর শ্রীযুত গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে, ডিসি, আটকিন্স,

বোম্বাই গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 6, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ৬ আগষ্ট ।

PART VIII.

ADVERTISEMENT

অষ্টম খণ্ড ।

ইশ্‌তিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাকরগঞ্জ।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৭ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৫ সনের লাং২৮শে জুন কিস্তির তলবী বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সনের ১৬ই সেপ্টেম্বর বাং ১৩০২ সালের ৩১ ভাদ্র সোমবার তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। ইতি সন ১৮৯৫। ২৭ জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬২৮	জোওয়ার রাম-নারায়ণ তালুক মহামুদ সফী পং বোজরগোমেদপুর।	... ...	.. ...	২ নং হিসাবে পৃথক ।৶১॥ = ১৸৴৮ তিন অংশ নিলাম হইবেক অন্য কোন অংশ নিলাম হইবেক না।	আকজালমেংা খাতুন গং।	৭৪০৬৸৴০	.....	২৯০।৴ ১ পাই।
৩৮৪৬	পরগণা শিলিমাবাদ ১২। গণ্ডা অংশ।	...	...	এজমাল হিং ।৶১০ গণ্ডা অংশ নিলাম হইবেক অন্য কোন অংশ নিলাম হইবেক না।	বলরাম দাস ...	২৪১৬।৴২	.....	২১৪।৴ ৫ পাই।
৪০৪৬	পদ্মা ওরফে রমজানপুর পং কাশীমপুর সেহলাপট্টী।	৫৩৮৩)	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব নিলাম হইবেক।		জমিরুদ্দীন আহাম্মদ কাজী গং।	...	৯৭৮)	...
৬৩৫৪	থাক কয়রিযার গত সরভের অতিরিক্ত ভূমি পং কাশীমপুর সেহলাপট্টী।	৮৮৮	ঐ	.....	সৈয়দ আবদুর রব চৌধুরী গং।	.....	৫৫০৸৴১১	......
৪৮১৯	চর টোনা মহাল অন্তর্গত ১ নং আবাদকারী যোত দীননাথ চক্রবর্ত্তী পং শিলিমাবাদ।	১০২৫।৪	সম্পূর্ণ আবাদকারী যোত নিলাম হইবেক।	....	দীননাথ চক্রবর্ত্তী	..	৩৫৩।৪	......

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

GANENDRA NATH PAL,
for offg. Collector.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্যামাচরণ বিশ্বাস পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	ধকবা।	চৌহদ্দী।
১৩৫ নং লাট তৃতীয় খণ্ড।	২৪ পরগনা বশির হাট হাসনাবাদ।	৬৭০০/০	উত্তর ,—নাল কট ধারের একটী শাখা খাল যাহা ১৩৫ নং লাট প্রথম খণ্ডের দক্ষিণ সীমানায় লিখিত আছে। পূর্ব্ব ;—বালি গাঙ্গের কিয়দংশ। দক্ষিণ ;—নেকড়া উড়ানীয়া খালের কিয়দংশ ও নেকড়া উড়ানীয়া খাল হইতে চরাদাদপুরা খাল পর্য্যন্ত একটী দোয়ানীয়া খাল, ও চরা দাদ-পুরা খাল এবং বিদ্যা নদীর কিয়দংশ। পশ্চিম ,—বিদ্যা নদীর কিয়দংশ, গাববুনীয়া খাল ও ঐ গাববুনীয়া খাল হইতে সুক দোয়ানীয়া খাল পর্য্যন্ত ৩৬০ ব্যারিংএর একটী সরল-রেখা এবং সুক দোয়ানীয়া খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দণ্ড তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা বঙ্কবিহারি চৌধুরি পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ই ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতির তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৯ নং লাট প্রথম খণ্ড।	২৪ পরগনা বশির হাট হাসনাবাদ।	৬৬৫০/০	উত্তর;—বোয়ালি গাঙ্গ। পূর্ব্ব,—দাদপুর দোয়ানীয়াখাল। দক্ষিণ;—বালিগাঙ্গের কিয়দংশ। পশ্চিম,—লালকাট ধার ও বালিগাঙ্গের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবনের কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তফসীলের লিখিত সেই ভূমির পাট্টা ফকিরচাঁদ মুখাদিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতিমধ্যে উক্ত ভূমির উপর ১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২১ অক্টোবর মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ৫ কার্ত্তিক সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই।—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।—

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ি কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না। কিন্তু ঐ জ্বালানী কি গুড়ি কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচলিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করার এবং যুক্তিসংগত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারীকে কেবল দখলী স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৯৫ সাল। ২০ জুলাই।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান থানা।	বকনা।	চৌহদ্দি।
২২৪ নং লাটের ১ খণ্ড।	খুলনা সদর পাইকগাছা।	৬৪১৪/০	উত্তর,—নলিয়ানের খাল হইতে ভদ্র নদের যে স্থান হইতে ছোট ভিট্টা ভাঙ্গার খাল উঠিয়াছে ঐ স্থান পর্য্যন্ত একটী সরলরেখা অর্থাৎ ২২৪ নং লাটের অন্তর্গত মেয়াদি বন্দোবস্তী কামারখোলার দক্ষিণ সীমানার লাইনের কিয়দংশ। পূর্ব্ব.—ভদ্র নদের কিয়দংশ ও ছুতারখালি খালের কিয়দংশ। দক্ষিণ,—ছুতারখালি খালের কিয়দংশ এবং ঐ ছুতারখালি খাল হইতে উত্থিত কেওড়াতলা খালের কিয়দংশ এবং ঐ কেওড়াতলা খাল হইতে নলিয়ানের খাল হইতে উত্থিত দ্বিতীয় কেওড়াতলার খালের একটী শাখা খালের কেনারা পর্য্যন্ত ৩১১ ব্যারিংয়ের একটী সরল রেখা এবং ঐ দ্বিতীয় কেওড়াতলা খালের ও ঐ শাখা খালের কিয়দংশ। পশ্চিম.—নলিয়ানের খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৪। ৯৫ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

প্রকাশ থাকে যে অত্র নোটিসের লিখিত ভূমি খণ্ডের মধ্যে স্থানেং কিয়ৎ পরিমাণ জমি আবাদ করিয়া কতকগুলিন প্রজা বাস করিতেছে ঐ সকল প্রজার গবর্ণমেণ্টের পক্ষ হইতে কোন পাট্টা না পাইলেও উহাদিগের স্ব, স্ব, আবাদি ভূমিতে তাহারদিগের আবাদকারিস্বত্ব থাকিবে।

P. Ross,
Commissioner, Sundarbans

জিলা বাখরগঞ্জ।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাখরগঞ্জ জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাখরগঞ্জ জেলার কালেক্টরিতে ১৮৯৫ সালের ১৬ই সেপ্টেম্বর তারিখে মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ৩১ ভাদ্র তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদ্দারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়ীরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদ্দারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদ্দারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
১৯৭৮	পরগণা ইদ্রাকপুর তালুক রামশঙ্কর দাস।	৩৪—১—৩৬	৯১॥/৬	
২০০২	পরগণা খাঞ্জাবাহাদুরনগর তালুক কামদেব সিকদার।	২৫—০—৩৫	৪৮॥/৩	
২৫৯৩	তপ্পে লক্ষ্মীরদিয়া তালুক রামরাম সেন।	৮—৩—১	১২॥৴৩	
২৭২৪	পরগণা উত্তর সাহাবাজপুর তালুক বিশ্বনাথ ঠাকুরতা।	১৯—০—৩৬	৬০৸৴৯	
৫০৭৫	পরগণা রোজরগ উমেদপুর কিসমত ভোলানাথপুর।	৩২—৩—১১৷	১৯৪৻৬	
৫২৬৫	পরগণা জজিরা চর ব্রাউন ...	২০—০—২০	৪৪৲	
৬১০৯	পরগণা বোজরগ উমেদপুর তালুক গোলাম সরিপ।	৪—০—২৪	১৭॥৵০	
৬১৭৮	পরগণা বোজরগ উমেদপুর তালুক মহম্মদ মনির।	১২—২—৯	৬১৲	

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যত-দূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
৬২০৩	পরগণা বোজরগ উমেদপুর তালুক শিবচন্দ্র বসু।	১১—৩—১	৫১॥৵৩	
৬২১৩	পরগণা বোজরগ উমেদপুর মৃজা-কালু কিসমত বিরাট।	১৫—০—১৪	৫১৸৵৩	
৬২৩২	পরগণা বোজরগ উমেদপুর বিজা-বাড়িয়ার নেযক তাকালা।	৪—১—১২	২২/৪	
৬২৬২	পরগণা বোজরগ উমেদপুর দরি চর দেশান্তরকাটী।	৩৭—৩—১৫	১৮৭৻৩	

কালেক্টরের কাছারি
জেলা বাখরগঞ্জ।
তারিখ ২১ জুন ১৮৯৫।

H LE MESURIER,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুক ১৮৯৫ ইং ২৫ মেই, সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া খাজানা ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৫ ইং ৪ঠা সেপ্টেম্বর মোতাবেক ১৩০২ বাং ১৯শে ভাদ্র রোজ বুধবার জিলা চট্টগ্রামের কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৫ ইং তারিখ ১১ জুলাই।—

তালুকের নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
৪ ৪০৩	থানা সাতকানীয়া হাল থানা বাঁশখালী মৌজা পুইছড়ি মহল নয়াবাদ। তাং মোবারেক আলী বক্সা আলী।	আনওয়ার আলী চৌং গং।	৯৮৩৷৵৩	২৪৫৷/৬	১৪১৷৩°	৩৫৶৬	১৭৬৷৶৯	

J. D. ANDERSON,
Collector.

জিলা চট্টগ্রাম।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ ইং ১৬ সেপ্টেম্বর তারিখে বেলা ১২টার সময় নীলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং তারিখ ২৯শে জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
			প্রথম শ্রেণীর কায়মি মহাল।—					
৬৩৫ / ৩৮৮০ / ৩১২৭	থানে ভাটীয়ারী জোরারগঞ্জ হাট-হাজারী। তং ওবেদুল্লা সেখ মহাং ওছি সেখ মহাং আলী।	৬৭৮৷৶০	অংশ বিক্রয় হইবে।	১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ২ নং অবশিষ্ট অংশ।	রমিজদ্দীন ও মোং মাহাং আছনম চৌং গং।	৫১১৷৶৮	...	১৭৮/৮

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J D ANDERSON,
Collector

জিলা নোয়াখালি।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নোয়াখালি জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ১৭ই সেপ্টেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৮৯ / ১	গোপালপুর মৃজা-নগর জমিদারি পঃ গোপালপুর।	২০৩৬৫/৩ পাই।	পৃথক হিস্যা	হিঃ ।৶ আনা	শ্রীআইউব আলী চৌধুরী ও এয়াকুব আলী চৌধুরী গং।	৮৯০৯৷৷৶৭ পাই।	...	৮৩৶৮ পাই।
২০৩	দাডরা জমিদারি হিঃ ৴১৮৷৷১০ ক্রান্ত পঃ দাডরা।	৩৩০০৻১১ পাই।	অবশিষ্ট অংশ।	হিঃ ৷৷১০ গণ্ডা	শ্রীচন্দ্রনাথ গুপ্ত চৌধুরী এবং রাধামোহন রায়।	১৭৫৩৶৫ পাই।	...	১৯৩৻ টাকা।

NOAKHALI COLLECTORATE,
The 1st August 1895

S. K. AGASTI,
Offg. Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের স্থপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের স্থপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ৷০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাশুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাশুল বিনা ১৬৸০
৷৷ আধ „ „ ৮৲ বা ডাক মাশুল বিনা ৮৷৷০
৷ শিকি „ „ ৪৲ বা ডাক মাশুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের স্থপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21*st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাশুল		৵০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৵০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৵০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount

O. W. BOLTON,

Under-Secretary to the Govt. of Bengal

12th December 1882

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half ,, ,, ...	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ⁄০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এইং।—

	টাকা।
পূর্‌া এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১২৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।⁄০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের ছাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্য শ্রীযুত জেমস পেটী সাহেবে কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 58a—1-8-95—1400—180

Numb. 2924 [২৯২৪]

REGISTERED No. 3.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 13, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৩ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

POLITICAL DEPARTMENT.

NOTIFICATION—No. 2296P.

The 2nd August 1895.—In exercise of the powers conferred by section 3 of the Scheduled Districts Act (XIV of 1874), and with the previous sanction of the Governor-General in Council, the Lieutenant-Governor is pleased to declare that the said Act is in force in the estate of Porahat which forms part of the district of Singhbhum in the Chota Nagpur Division.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

পোলিটিকাল ডিপার্টমেণ্ট।

২২৯৬ পি, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের ১৪ আইনের ৩ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া ও মন্ত্রি-সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক তিনি এই আদেশ করিলেন যে, উক্ত আইন পোড়াহাট ইষ্টেটে বলবৎ আছে,। উক্ত ইষ্টেট ছোটনাগপুর খণ্ডের অন্তর্গত সিংহভূম জিলার একাংশ।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ১৩ আগষ্ট।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ২৫শে জুলাই তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দারা প্রচারিত করা গেল :—

১৮৯৫ সালের ১৩ আইন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৬৩২ ও ৬৫২ ধারা সংশোধনার্থ আইন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৬৩২ ও ৬৫২ ধারা সংশোধন করা বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিতমত বিধান করা গেল :—

১৮৮২ সালের ১৪ আইনের ৬৩২ ধারা সংশোধন করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ৬৩২ ধারায় "অধ্যায়ে" এই শব্দটীর পর "এবং ৬৫২ ধারায়" এই শব্দ ও অঙ্কগুলি সন্নিবেশিত করিতে হইবে।

১৮৮২ সালের ১৪ আইনের ৬৫২ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ৬৫২ ধারায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

" এই আইনে যাহা কিছু থাকে তাহা সত্ত্বেও ভারতবর্ষের মধ্যে হাই কোর্ট স্থাপন করণার্থ উক্ত আইনানুসারে স্থাপিত কোন হাই কোর্ট যে লেটর পাটেণ্টক্রমে সংস্থাপিত হয় উহা সেই লেটর পাটেণ্টের সহিত সঙ্গতি রক্ষা করিয়া আপন স্বরেনও দেওয়ানী বিচারাধিকার পরিচালন পক্ষে আপন কার্য্যপ্রণালী ব্যবস্থিত করণার্থ যেরূপ বিধি প্রণয়ন করা উপযুক্ত বোধ করেন সেইরূপ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

"এইরূপ সমস্ত বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে এবং তদনন্তর আইনের ন্যায় বলবৎ হইবে"।

জে, এম, ম্যাক্‌ফার্সন্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।
CHUNDER NATH BOSE,
Bengali Translator.

An Act to amend sections 632 and 652 of the Code of Civil Procedure.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৩ আগষ্ট।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভায় প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ১১ই জুলাই তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি-সভায় উপস্থিত করা হইয়াছিল :—

১৮৯৫ সালের ১০ নম্বর।

ভিন্ন দেশের বিচারাধিপত্য বিষয়ক এবং অপরাধিদিগকে স্ব২ দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

ভিন্ন দেশের বিচারাধিপত্য বিষয়ক এবং অপরাধিদিগকে স্ব২ দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিত-মত বিধান করা গেল :—

১৮৭৯ সালের ২১ আইনের ১১ ধারায় যোগ করিবার কথা।

১ ধারা। ভিন্ন দেশের বিচারাধিপত্য বিষয়ক এবং অপরাধিদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১১ ধারায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে :—

"ইম্পিরিয়ল সর্ব্বিস সৈন্যের কোন দল হইতে পলায়ন এমন একটী অপরাধ বলিয়া গণ্য হইবে যাহার সম্বন্ধে ঐ সৈন্যদল যে রাজ্যের সেই রাজ্যের পলিটিকাল এজেন্ট এই ধারানুসারে ওয়ারণ্ট বাহির করিতে পারেন।"

১৮৭৯ সালের ২১ আইনের ১২ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ১২ ধারায় "অভিযুক্ত ব্যক্তিকে ধরা গেলে" এই শব্দ কয়টীর পর "তাহাকে যদি ঠিক পরবর্ত্তী ধারার বিধানানুসারে জামিনে খালাস না করা যায় তাহা হইলে" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে।

১৮৭৯ সালের ২১ আইনের ১২ ধারার পর নূতন কয়েকটি ধারা সন্নিবেশিত করিবার কথা।

৩ ধারা। উক্ত আইনের ১২ ধারার পর নিম্নলিখিত ধারা কয়েকটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ

পলিটিকাল এজেন্টের জামিন লইবার আদেশ করিতে পারিবার কথা এবং তাহার পর কার্য্যপ্রণালীর কথা।

"১২ক ধারা। যে পলিটিকাল এজেণ্ট কোন ব্যক্তির গ্রেফ্তারের জন্য ১১ ধারানুসারে ওয়ারণ্ট বাহির করেন তিনি আপন বিবেচনামতে উহার পৃষ্ঠে লিখিয়া এই আদেশ করিতে পারিবেন যে ঐ ব্যক্তি যদি উপযুক্ত জামিন দিয়া নির্দ্দিষ্ট কোন সময়ে ওয়ারণ্টে যে কর্ম্মচারির নাম লেখা থাকে সেই কর্ম্মচারির সম্মুখে উপস্থিত হইবে বলিয়া বাণ্ড লিখিয়া দেয় তাহা হইলে যে মাজিষ্ট্রেটের নিকট ওয়ারণ্ট প্রেরিত হয় সেই মাজিষ্ট্রেট ঐ জামিন লইয়া ঐ ব্যক্তিকে হেফাজাত হইতে মুক্ত করিবেন।

A Bill to amend the Foreign Jurisdiction and Extradition Act, 1879

"ঐ পৃষ্ঠের লেখাতে (ক) জামিন থাকিলে জামিনের সংখ্যা, (খ) যত টাকার জন্য জামিন দিগকে এবং যত টাকার জন্য যে ব্যক্তির গ্রেপ্তারের জন্য ওয়ারণ্ট বাহির হয় তাহাকে আবদ্ধ হইতে হইবে সেই টাকা এবং (গ) ওয়ারণ্টে যে কর্ম্মচারির নাম লিখিত থাকে সেই কর্ম্মচারির নিকট তাহাকে যে সময়ে ও যে স্থানে উপস্থিত হইতে হইবে তাহা লেখা থাকিবে।

"যখন এই ধারামুসারে জামিন লওয়া হয় তখন যে পলিটিকাল এজেণ্ট ওয়ারণ্ট বাহির করেন মাজিষ্ট্রেট তাঁহার নিকট ঐ কথা সার্টফিকেটক্রমে জানাইবেন এবং ঐ বাণ্ড রাখিয়া দিবেন।

"১২ খ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারামুসারে লিখিয়া দেওয়া কোন বাণ্ডক্রমে যে ব্যক্তি ঐ বাণ্ডের লিখিত কর্ম্মচারির সম্মুখে উপস্থিত হইতে বাধ্য যদি সেই ব্যক্তি ঐ কর্ম্মচারির সম্মুখে উপস্থিত না হয় তাহা হইলে মাজিষ্ট্রেট তাহার ক্রটির কথা যথোধমতে জানিলে ঐ ব্যক্তিকে পুনরায় গ্রেপ্তার করিয়া ঐ কর্ম্মচারির নিকট সমর্পণ করা হউক এই আদেশ লিখিয়া ওয়ারণ্ট বাহির করিতে পারিবেন।

উপস্থিত হইবার বাণ্ডের সর্ত্ত ভঙ্গ করিলে গ্রেপ্তারের কথা।

"১২ গ ধারা। পূর্ব্ববর্ত্তী বিধানামুসারে যে সকল বাণ্ড লিখিয়া দিবার আদেশ হয় বা যাহা লিখিয়া দেওয়া হইয়াছে সেই সকল বাণ্ড সম্বন্ধে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৫১৩ ও ৫১৪ ধারার বিধান খাটিবে।"

১৮৮২ সালের ১০ আইনের ৫১৩ ও ৫১৪ ধারা খাটিবার কথা।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

ইম্পিরিয়ল সর্ব্বিস দল হইতে যে ব্যক্তি পলায়ন করে তাহাকে বৃটিশ ভারতবর্ষ হইতে স্বদেশে প্রেরণ সম্বন্ধে এক্ষণে আইনমত কোন ক্ষমতা নাই। শ্রীশ্রীমতীর সৈন্যদলভুক্ত করিবার জন্য ঐ দলগুলিকে কোন২ দেশীয় রাজ্যের ব্যয়ে বৃটিশ আপিসর দিগের তত্ত্বাবধানে সংগ্রহ করা হয়, শিক্ষিত করা হয় ও রাখা হয়। যে সকল ব্যক্তি ঐ সকল দল ছাড়িয়া বৃটিশ ভারতবর্ষে পলাইয়া আইসে তাহাদিগকে সমর্পণ করিবার বিধান কর যুক্তিসঙ্গত বলিয়া বোধ হয়। ভিন্ন দেশের বিচারাধিপত্য বিষয়ক এবং অপরাধিদিগকে স্ব২ দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১১ ধারাটি সংশোধন করত যৎসম্বন্ধে ওয়ারণ্ট বাহির হইতে পারে ঐ পলায়নকে তেমন একটি অপরাধ বলিয়া নির্দ্দেশ করিয়া ঐরূপ সকল স্থলে অপরাধীকে স্বদেশে আনাইবার নিমিত্ত পলিটিকাল এজেণ্টদিগকে আবশ্যক ক্ষমতা দেওয়া এই পাণ্ডুলিপিখানির উদ্দেশ্য।

অপেক্ষাকৃত সামান্য অপরাধের জন্যও অপরাধিদিগকে স্বদেশে প্রেরণ করা যাইতে পারে। কিন্তু ভিন্ন দেশের বিচারাধিপত্য বিষয়ক ও অপরাধিদিগকে স্ব২ দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১১ ধারামতে কোন পলিটিকাল এজেণ্ট যে ওয়ারণ্ট বাহির করেন তদমুসারে যে ব্যক্তিকে গ্রেপ্তার করা যায় তাহাকে জামিনে খালাস করা সম্বন্ধে ঐ আইনে কোন বিধান নাই। এই ক্রটি সংশোধন করিবার অভিপ্রায়ে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে সকল বিধানে ওয়ারাণ্টক্রমে গ্রেপ্তার করা ব্যক্তি হাজির হইবার নিমিত্ত কোন মাজিষ্ট্রেটের সন্তোষজনক জামিন দিলে তাহাকে ছাড়িয়া দিবার অনুমতি আছে সেই সকল বিধান উক্ত আইনে সন্নিবেশিত করিবার প্রস্তাব এই পাণ্ডুলিপিখানিতে করা হইয়াছে।

১৮৯৫ সাল ৯ই জুলাই। আলেক্‌জাণ্ডার এডওয়ার্ড মিলর।

জে, এম, ম্যাক্‌ফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ১৩ আগষ্ট।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভায় প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১৮ই মার্চ্চ তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ১৪ই মে তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনলর সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দারা প্রকাশিত করা গেল।—

১৮৯৫ সালের ১ আইন।

রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক আইন সংশোধন-করণার্থ আইন।

সূচিপত্র।

An Act to amend the Law relating to the Recovery of Public Demands.

ধারা।

১০। (১) সার্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে ডিক্রীমত খাতককে নোটিস দিবার কথা।

(২) নোটিস জারী করা গেলে সার্টিফিকেটক্রমে ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

(৩) গাঁথিয়া রাখিবার নিমিত্ত অপর ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট সার্টিফিকেটের নকল পাঠাইতে পারিবার ও সার্টিফিকেটক্রমে ঐ জেলার অন্তর্গত স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

১১। লুকাইবার বা স্থানান্তর করিবার বা বিক্রয়াদি করিবার সম্ভাবনা আছে বলিয়া প্রতীতি হইলে সার্টিফিকেট কর্ম্মচারীর সম্পত্তি ক্রোক করিতে পারিবার কথা।

১২। যে ব্যক্তির উপর ১০ ধারানুসারে নোটিস জারী করা যায় তাঁহার আপত্তির দরখাস্ত দিতে পারিবার কথা।

১৩। (১) দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবার ও সার্টিফিকেট কর্ম্মচারীর দরখাস্তকারির দায় নিরূপণ করিবার কথা।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোন কোন বিধান তদন্ত সম্বন্ধে খাটিবার কথা।

১৪। (১) দরখাস্তকারির বিরুদ্ধে সার্টিফিকেট কর্ম্মচারীর খরচা দিবার আদেশ করিতে পারিবার কথা।

(২) কিরূপে খরচা আদায় করা যাইবে, তাহার কথা।

১৫। সার্টিফিকেটের প্রতিবাদ করণার্থে ডিক্রীমত খাতকের দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

১৬। সার্টিফিকেট কখন চূড়ান্ত হইবে তাহার কথা।

১৭। দেওয়ানী আদালত কর্ত্তৃক সার্টিফিকেট রহিত বা তরমিম করিবার হেতুর কথা।

১৮। ডেপুটী কালেক্টর প্রভৃতির নিকট সার্টিফিকেট কর্ম্মচারীর দরখাস্ত শুনিবার নিমিত্ত সমর্পণ করিতে পারিবার কথা।

১৯। সার্টিফিকেটের লিখিত টাকা, নীলামের পণের টাকা ও দণ্ডের টাকা আমানত করিলে নীলাম রহিত হইবার জন্য দরখাস্ত করিতে পারিবার কথা।

২০। নোটিস দিবার এক মাস পরে অথবা আপত্তির দরখাস্তের নিষ্পত্তি হইলে সার্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা।

২১। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানমতে সার্টিফিকেট টাকার ডিক্রীর ন্যায় প্রবল করিতে পারিবার কথা।

ধারা।

২২। কে ক্ষমতা পরিচালন করিবেন সেই কথা।

২৩। উপযুক্ত আদালতে সার্টিফিকেট অসিদ্ধ করা গেলে স্থাবর সম্পত্তির নীলাম অসিদ্ধ হইতে পারিবার কথা।

নিয়মবিধি।

২৪। সার্টিফিকেটের রেজেষ্টরী ডিষ্ট্রিক্ট কালেক্টরের আফিসে রাখিবার ও আট আনা ফী দিলে তাহা দেখিতে পাইবার কথা।

২৫। (১) সার্টিফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দিতে পারিবার কথা।

(২) কিস্তির টাকা প্রদান রেজেষ্টরীতে লিখিবার কথা।

২৬। সমুদয় টাকা পরিশোধ হইলে, পরিশোধের কথা সার্টিফিকেটের উপর ও রেজেষ্টরীতে সার্টিফিকেট কর্ম্মচারীর লিখিবার কথা।

২৭। অন্য যে ডিষ্ট্রিক্ট কালেক্টর প্রভৃতির আফিসে সার্টিফিকেটের নকল গাঁথিয়া রাখা গিয়াছে তাঁহাদিগকে ডিষ্ট্রিক্ট কালেক্টরের পরিশোধের কথা জানাইবার কথা।

২৮। সার্টিফিকেটের নকল যে ডিষ্ট্রিক্ট কালেক্টর প্রভৃতির নিকট পাঠান যায় তাঁহারা যে টাকা আদায় করেন তাহা যে সার্টিফিকেট কর্ম্মচারী সার্টিফিকেট লিখিয়াছিলেন তাঁহার নিকট পাঠাইবার কথা।

২৯। এই আইনমত কর্ম্ম করিবার সময়ে কোন কোন কর্ম্মচারী বিচারকস্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া বিবেচিত হইবার কথা।

৩০। এই আইন মতে আপন২ কর্ম্ম করিবার সময়ে সার্টিফিকেট কর্ম্মচারী প্রভৃতি কমিশনর ও বোর্ডের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবার কথা।

৩১। নোটিস জারী সম্বন্ধীয় বিধানের কথা।

৩২। (১) আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টর অথবা আসিষ্টাণ্ট কমিশনরের নিকট হইতে ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট ও ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট হইতে কমিশনরের নিকট আপীল হইবার কথা।

(২) আপীল চালান দিবার কথা।

(৩) জারীকরণ স্থগিত রাখিবার কথা।

৩৩। সংশোধনের ক্ষমতার কথা।

তফ্‌সীল।

১ নং ফারম।
২ নং ঐ।
৩ নং ঐ।
৪ নং ঐ।
৫ নং ঐ।

১৮৯৫ সালের ১ আইন।

রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।

রাজকীয় প্রাপ্য আদায় করিবার আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল ঃ—

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। (১) এই আইনটিকে "রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৯৫ সালের আইন' বলা যাইতে পারিবে।

ব্যাপ্তির কথা।

(২) আম্বুল জে'। ব্যতীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যে যে দেশ থাকে এই আইন সেই সেই দেশে ব্যাপ্ত হইবে।

আরম্ভের কথা।

(৩) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি প্রাপ্ত হইয়া ইহা যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে সেই তারিখ হইতে ইহা প্রবল হইবে।

এই আইনের অর্থ করণের কথা।

২ ধারা। যে কোন দেনা বা ঋণ বা প্রাপ্যের প্রতি এই আইনের বিধান খাটিতে পারে তাহা আদায় করণার্থ এক্ষণে যে কোন আইন প্রবল আছে, এই আইনক্রমে প্রদত্ত ক্ষমতা সেই আইনক্রমে প্রদত্ত ক্ষমতার অতিরিক্ত বলিয়া জ্ঞান হইবে তাহার খর্ব্বকারী বলিয়া জ্ঞান হইবে না।

আইন রহিত হইবার কথা।

৩ ধারা। (১) ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইন ও ১৮৯১ সালের বঙ্গীয় ১ আইন এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু এই রহিত করণের দরুণ—

(ক) যে কোন আইন এতদ্দ্বারা রহিত করা গেল তাহার পূর্ব্ব কার্য্যকারিতার বা তদনুসারে যথাযথরূপে যাহা কিছু করা বা সহ্য করা হইয়াছে তাহার, কিম্বা

(খ) এতদ্দ্বারা রহিত করা আইন সকল অনুসারে সৃষ্ট কোন দায়ের—

কোন ব্যতিক্রম হইবে না।

১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইন প্রভৃতি ক্রমে প্রদত্ত সার্টিফিকেট এই আইনমতে জারী করিতে পারিবার কথা।

(২) এতদ্দ্বারা রহিত করা কোন আইনানুসারে কৃত প্রত্যেক সার্টিফিকেট এই আইনের বিধানানুসারে জারি করা যাইতে পারিবে।

পূর্ব্বের আইনের উল্লেখের কথা।

(৩) এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বের বিধিবদ্ধ কোন আইনে, প্রচারিত কোন বিজ্ঞাপনে কিম্বা লিখিত কোন দস্তাবেজে ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের বা ১৮৯১ সালের বঙ্গীয় ১ আইনের প্রত্যেক উল্লেখ যতদূর সম্ভব এই আইনের তুল্য বিধানের উল্লেখ বলিয়া বিবেচনা করিতে হইবে।

অর্থনির্দ্দেশের কথা।

৪ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরোধী ভাবের কোন কথা না থাকিলে এই আইনে—

(১) "ডিষ্ট্রিক্ট কালেক্টর" বলিতে কোন ডিষ্ট্রিক্টের রাজস্ব সংক্রান্ত কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত প্রধান কর্ম্মচারিকে বুঝাইবে।

(২) "সার্টিফিকেট কর্ম্মচারী" বলিতে—

(ক) কোন ডিষ্ট্রিক্ট কালেক্টরকে,

(খ) কোন ডিষ্ট্রিক্ট কালেক্টর ডিবিসনের কমিশনরের মঞ্জুরি লইয়া এই আইনানুসারে সার্টিফিকেট কর্ম্মচারীর কার্য্যকরণার্থ যে কর্ম্মচারীকে নিযুক্ত করেন তাঁহাকে;

(গ) কোন জেলার কোন মহকুমার ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে—

বুঝাইবে।

(৩) "স্থানীয় কর্ত্তৃপক্ষ" বলিতে কোন মিউনিসিপাল কমিটিকে, কোন ডিষ্ট্রিক্ট বোর্ডকে, কোন বন্দরের কমিশনরগণকে কিম্বা অন্য যে কর্ত্তৃপক্ষ আইনমতে কোন মিউনিসিপাল বা স্থানীয় কণ্ডের উপর কর্ত্তৃত্ব করিতে বা তাহার কার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাপ্রাপ্ত অথবা যাঁহার প্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক উক্তরূপ কোন কণ্ডের উপর কর্ত্তৃত্ব করিবার বা তাহার কার্য্য নির্ব্বাহ করিবার ভার ন্যস্ত থাকে তাঁহাকে বুঝাইবে।

৫ ধারা। পশ্চাল্লিখিত স্থলে, অর্থাৎ—

কোন মহাল বা মধ্যস্বত্ব উহার বাকী রাজস্বের নিমিত্ত বিক্রীত হইলেও বিক্রয়োৎপন্ন টাকায় তাহা শোধ না হইলে, বা

(১) ১৮৫৯ সালের ১১ আইনের বা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের অথবা উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনের বিধানানুসারে কোন মহাল বা মধ্যস্বত্ব বা ঐ দুইয়ের কোনটার কোন অংশ উহার বাকী রাজস্ব আদায়ের জন্য বিক্রীত হইলে এবং বিক্রয়ের খরচ বাদ দিয়া বিক্রয়োৎপন্ন টাকার যাহা অবশিষ্ট থাকে তাহাতে যে বাকী রাজস্ব দিবার নিমিত্ত পূর্ব্বোক্ত বিধানানুসারে উক্ত বিক্রয়োৎপন্ন টাকার প্রয়োগ হইতে পারে সেই বাকী রাজস্ব শোধ না হইলে;

ইজারদারের স্থানে প্রাপ্য বাকী রাজস্ব টাকা দিবার শেষ দিনে দেওয়া না গেলে,

(২) কোন ইজারদার ইজারাসূত্রে যে মহাল দখল করেন তন্নিমিত্ত তাঁহার স্থানে যে বাকী রাজস্ব পাওনা হয় তাহা ১৮৫৯ সালের ১১ আইনের তিন ধারার বিধানানুসারে নির্দ্দিষ্ট টাকা দিবার শেষ দিনে দেওয়া না গেলে—

সার্টিফিকেট কর্ম্মচারীর সার্টিফিকেট লিখিতে পারিবার কথা।

এইরূপে যত টাকা বাকী থাকে, সার্টিফিকেট কর্ম্মচারী এই আইনসংযুক্ত তফসীলের ১ নম্বর ফারমে তাহার সার্টিফিকেট লিখিয়া আপন স্বাক্ষরযুক্ত করিয়া আপনার আফিসে গাঁথাইয়া রাখিতে পারিবেন।

৬ ধারা। (১) এই আইনের বিধানের অধীনে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধানমতে কৃত প্রত্যেক সার্টিফিকেট প্রবল করিবার উপায় সম্বন্ধে এবং কেবলমাত্র সেই সম্বন্ধে দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে, এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব ডিক্রীদার বলিয়া গণ্য হইবেন, এবং ঐ সার্টিফিকেটে খাতক বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে তিনি ডিক্রীমত খাতক বলিয়া গণ্য হইবেন।

ঐ সার্টিফিকেট জারি করিবার উপায় সম্বন্ধে দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবার কথা।

(২) ঐ ডিক্রীমত খাতকের উপর ১০ ধারানুসারে নোটিস জারি করা হইতে ছয় মাসের মধ্যে যে কোন সময়ে অথবা তিনি ১২ ধারানুসারে আপত্তির দরখাস্ত দিলে ঐ দরখাস্ত নিষ্পত্তি হওয়ার তারিখ হইতে ছয় মাসের মধ্যে যে কোন সময়ে অথবা তিনি ১৯ ধারানুসারে আপীল করিলে ঐ আপীল নিষ্পত্তি হওয়ার তারিখ হইতে ছয় মাসের মধ্যে যে কোন সময়ে তিনি উক্ত সার্টিফিকেট রহিত বা তরমিম করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

সার্টিফিকেট রহিত বা তরমিম করণার্থ ডিক্রীমত খাতকের দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

কিন্তু ঐ ডিক্রীমত খাতক যদি (ক) কোন আপত্তির দরখাস্ত দেন তবে যে হেতুতে তিনি ঐ সার্টিফিকেট রহিত বা তরমিম করাইবার দাবি করেন যদি সেই আপত্তির দরখাস্তে সেই হেতু না লেখেন এবং উহা না লিখিবার উত্তম হেতু ছিল দেওয়ানী আদালতকে ইহা বুঝাইতে না পারেন এবং

(খ) উক্ত নোটিস তাঁহার উপর জারী হইবার পর এক মাসের মধ্যে সার্টিফিকেট কর্ম্মচারীকে সেই বাকী রাজস্ব না দেন অথবা যেস্থলে তিনি বার ধারানুসারে আপত্তির দরখাস্ত দাখিল করেন সে স্থলে সেই দরখাস্তের শুনানি ও নিষ্পত্তির পর পনর দিনের মধ্যে সার্টিফিকেট কর্ম্মচারীকে সেই বাকী রাজস্ব না দেন অথবা যে স্থলে ঊনিশ ধারানুসারে আপীল করা হয় সে স্থলে সেই আপীল নিষ্পত্তির পর পনর দিনের মধ্যে সার্টিফিকেট কর্ম্মচারীকে সেই বাকী রাজস্ব না দেন, তাহা হইলে ঐরূপ কোন মোকদ্দমা গ্রাহ্য করা হইবে না।

(৩) উক্ত ছয় মাস কালের মধ্যে ঐরূপ কোন মোকদ্দমা উপস্থিত করা না গেলে অথবা ঐরূপ কোন মোকদ্দমা ঐরূপে উপস্থিত হইয়া ঐ ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পন্ন হইলে ঐ সার্টিফিকেট চূড়ান্ত হইবে এবং সমস্ত অভিপ্রায় ও প্রয়োজনার্থ দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীর ন্যায় ফলবৎ হইবে।

সার্টিফিকেট কখন চূড়ান্ত হইবে তাহার কথা।

৭ ধারা। নিম্নলিখিত রাজকীয় প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে, অর্থাৎ :—

রাজকীয় প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে,

(ক) যে কোন টাকা রাজস্বের বা ভূরাজস্বের বাকীর ন্যায় আদায় করা যাইতে পারে বলিয়া অথবা রাজস্বের বা সরকারী বা গবর্ণমেন্টের রাজস্বের বাকী আদায় করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট প্রণালীমতে আদায় করা যাইতে পারে বলিয়া উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনে ব্যক্ত থাকে, সেই টাকা না দিলে,

(খ) কোন ইজারদার যে মহালের ইজারা লন তাহার রাজস্ব সম্বন্ধে ঐ ইজারদারের জামিনদের স্থানে যে কোন টাকা পাওনা হয়, সেই টাকা না দিলে,

(গ) ১৮৬২ সালের বঙ্গীয় ৮ আইনের (জমিদারী ডাকসেস্ সম্বন্ধীয়) ৯ ধারা অনুসারে যে টাকা আদায় করা যাইতে পারে সেই টাকা অথবা এক্ষণে বলবৎ আছে এমন কোন আইনদ্বারা যে টাকা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনানুসারে আদায় করা যাইতে পারে বলিয়া ব্যক্ত হইয়াছে সেই টাকা না দিলে,

(ঘ) ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ৮ ধারার বিধান মতে যে ব্যক্তিকে মাসুল আদায় ইজারা করিয়া দেওয়া হইয়াছে তাঁহার কিম্বা তাঁহার জামিনদের বেলা, ঐ ইজারা সম্বন্ধে যে কোন টাকা পাওনা থাকে তাহা না দিলে ;

(ঙ) কোন রায়তের নিকট কিম্বা ভূমি, চরাণী জমি, বনকর, জলকর এবং তদ্রূপ সম্পত্তিতে যে ব্যক্তির কোন স্বার্থ থাকে, ঐ স্বার্থ হস্তান্তর যোগ্য হউক বা না হউক, সেই ব্যক্তির নিকট ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের যে কোন বাকী রাজস্ব বা খাজানা পাওনা হয় তাহা না দিলে,

(চ) উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনের বিধানমতে কোন বেসরকারী ব্যক্তির পক্ষে কোর্ট অব ওয়ার্ডস বা রাজস্ব বিষয়ক কর্তৃপক্ষেরা যে কোন সম্পত্তির ভার গ্রহণ বা অধ্যক্ষতা করেন সেই সম্পত্তির বেলা—বাকী খাজানা বা খাজানার ন্যায় আদায় করা যাইতে পারে এরূপ অপর কোন বাকী প্রাপ্য, ঐ কোর্টের বা কর্তৃপক্ষদের প্রতি অধ্যক্ষতা ভার অর্পিত হইবার পূর্ব্বেই

পাওনা হইয়া থাকুক বা পরেই পাওনা হইয়া থাকুক, সেই বাকী না দিলে।

কিন্তু যে ব্যক্তি খাজানা দিতে দায়ী তিনি খাজানার বর্দ্ধিত হার সম্বন্ধে স্বীকৃত হইয়া না থাকিলে অথবা উপযুক্ত আদালত কর্ত্তৃক খাজানার বর্দ্ধিত হার ধার্য্য না হইলে বর্দ্ধিত হারে বাকী খাজানা সম্বন্ধে এই দফার বিধান খাটিবে না;

(ছ) যে টাকা কোন গবর্ণমেণ্টের কর্ম্মচারীকে বা কোন স্থানীয় কর্ত্তৃপক্ষকে দেয় এবং যে ব্যক্তি সেই টাকা দিতে দায়ী সেই ব্যক্তি যে টাকা সম্বন্ধে যথারীতি রেজেষ্টরী করা দস্তাবেজক্রমে এইরূপ স্বীকার করিয়াছেন যে সেই টাকা এই আইনের বিধানানুসারে আদায় করা যাইতে পারিবে সেই টাকা না দিলে;

অদত্ত প্রাপ্য টাকার জন্য সার্টিফিকেট কর্ম্মচারীর সার্টিফিকেট লিখিতে পারিবার কথা।

সার্টিফিকেট কর্ম্মচারী এই আইনসংযুক্ত তফসীলের ২ নম্বর ফারমে তদ্রূপ যে বাকী টাকা এইরূপে দেওয়া না যায় উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনানুসারে তাহার উপর যে সুদ দাবী করা যাইতে পারে তৎসমেত স্বীয় স্বাক্ষরযুক্ত তাহার সার্টিফিকেট লিখিয়া আপনার আফিসে গাঁথাইয়া রাখিতে পারিবেন।

কিন্তু উপস্থিত সময়ের প্রচলিত মিয়াদ বিষয়ক কোন আইন দ্বারা যাহা আদায় করিবার বাধা হয় তদ্রূপ কোন প্রাপ্য সম্বন্ধে তদ্রূপ কোন সার্টিফিকেট লেখা যাইবে না।

এবং এই ধারার (চ) দফানুসারে যে সার্টিফিকেট গাঁথিয়া রাখা হয় তাহা মহাল কোর্ট অব ওয়ার্ডের অধ্যক্ষতা হইতে মুক্ত হইয়াছে বলিয়া যে আর প্রবল থাকিবে না তাহা নয়।

সার্টিফিকেটের ফলাফলের কথা।

৮ ধারা। এই আইনের বিধানের অধীনে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারামতে কৃত প্রত্যেক সার্টিফিকেট জারী করিবার উপায় সম্বন্ধে এবং কেবলমাত্র সেই সম্বন্ধে দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে। উক্ত ধারার (চ) দফার লিখিত স্থল ভিন্ন অন্য স্থলে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, এবং উক্ত (চ) দফার লিখিত স্থলে উল্লিখিত বেসরকারী ব্যক্তি অথবা ঐ বেসরকারী ব্যক্তি অপ্রাপ্তবয়স্ক বা ক্ষিপ্ত বা কোর্টের ওয়ার্ড হইলে, ঐ অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি বা ক্ষিপ্ত ব্যক্তি বা কোর্টের ওয়ার্ড আসন্ন বন্ধুর সহযোগে ডিক্রীদার বলিয়া গণ্য হইবেন; এবং উল্লিখিত সকল স্থলে সার্টিফিকেটে খাতক বলিয়া যে ব্যক্তির নাম লেখা যায় তিনিই ডিক্রীমত খাতক বলিয়া গণ্য হইবেন।

ডিষ্ট্রিক্ট কালেক্টর ভিন্ন অন্য কর্ম্মচারির নিকট দেয় রাজকীয় প্রাপ্য বাকী থাকিলে ঐ কর্ম্মচারির ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট প্রার্থনাপত্র দিতে পারিবার কথা।

৯ ধারা। (১) সাত ধারার নির্দ্দিষ্ট কোন রাজকীয় প্রাপ্যের বাকী টাকা যে ব্যক্তি ডিষ্ট্রিক্ট কালেক্টর ভিন্ন অন্য কোন রাজকীয় কর্ম্মচারিকে দিতে দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে অথবা উক্ত ধারার (চ) দফার নির্দ্দিষ্ট কোন প্রাপ্য যে ব্যক্তি কোর্ট অব ওয়ার্ডের নিযুক্ত অধ্যক্ষকে দিতে দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে ঐ কর্ম্মচারী বা অধ্যক্ষ সার্টিফিকেট কর্ম্মচারির নিকট এই আইনসংযুক্ত তফসীলের ৩ নম্বর ফারমে লিখিত প্রার্থনাপত্র দিতে পারিবেন।

কোন কর্ম্মচারী বা অধ্যক্ষ ঐরূপ প্রার্থনাপত্র দিলে তাহাতে আবেদন পত্রের ন্যায় সত্যপাঠ ও ইষ্টাম্প সংযোগ করিবার কথা।

(২) যে কর্ম্মচারী বা অধ্যক্ষ তদ্রূপ প্রার্থনাপত্র দেন তিনি আবেদন পত্রের সত্যপাঠ লিখন সম্বন্ধীয় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫১ ও ৫২ ধারার বিধানমতে ঐ প্রার্থনাপত্রে স্বাক্ষর করিবেন ও সত্যপাঠ লিখিবেন এবং ঐ প্রার্থনাপত্রে যত টাকা লেখা থাকে তত্তুল্য টাকা আদায় করণার্থ আবেদনপত্র সম্বন্ধে আদালতের রসুম বিষয়ক উপস্থিত সময়ের প্রচলিত কোন আইন মতে যত টাকার কোর্টফী দিতে হয় ঐ প্রার্থনাপত্রে তত টাকার কোর্টফী দিতে হইবে।

ঐ প্রার্থনাপত্র পাইলে সার্টিফিকেট কর্ম্মচারির সার্টিফিকেট লিখিতে পারিবার কথা।

(৩) ঐরূপ প্রার্থনাপত্র পাইলে ঐ প্রাপ্য যথার্থই আদায়করণযোগ্য সার্টিফিকেট কর্ম্মচারীর এইরূপ প্রতীতি হইলে তিনি এই আইন সংযুক্ত তফসীলের ২ নম্বর ফারমে, যে বাকী টাকা দেওয়া যায় নাই এবং ধারার (২) প্রকরণানুসারে ঐ প্রার্থনাপত্র সম্বন্ধে প্রদত্ত কোর্টফীর খরচ সমেত স্বীয় স্বাক্ষরযুক্ত তাহার সার্টিফিকেট লিখিয়া আপনার আফিসে গাঁথাইয়া রাখিতে পারিবেন।

(৪) তদ্রূপ প্রত্যেক সার্টিফিকেট সম্বন্ধে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধান খাটিবে।

সার্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে ডিক্রীমত খাতককে নোটিস দিবার কথা।

১০ ধারা। (১) ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে কোন সার্টিফিকেট কর্ম্মচারীর আফিসে কোন সার্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে, ঐ সার্টিফিকেট কর্ম্মচারী ডিক্রীমত খাতককে ঐ সার্টিফিকেটের একখণ্ড নকল ও এই আইনসংযুক্ত তফসীলের ৪ নম্বর ফারমে একখান নোটিস দিবেন।

নোটিস জারী করা গেলে সার্টিফিকেটক্রমে ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

(২) ঐ নোটিস জারী করা গেলে ডিষ্ট্রিক্ট কালেক্টরের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে ঐ ডিক্রীমত খাতকের যে সকল স্থাবর সম্পত্তি থাকে তাহা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৭৪ ধারার বিধানমতে ক্রোক করা গেলে যে প্রকারে ও যাদৃশ ফলাফলসহ আবদ্ধ হইত ঐ সার্টিফিকেটের বলেও সেই প্রকারে ও তাদৃশ ফলাফলসহ আবদ্ধ হইবে।

গাঁথিয়া রাখিবার নিমিত্ত অপর ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট সার্টিফিকেটের নকল পাঠাইতে পারিবার ও সার্টিফিকেটক্রমে ঐ জেলার অন্তর্গত স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

(৩) ঐ সার্টিফিকেটের এক খণ্ড নকল অপর কোন ডিষ্ট্রিক্ট কালেক্টরের আফিসে গাঁথিয়া রাখিবার নিমিত্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২৩ ধারার বিধানমতে তাঁহার নিকট ডাকযোগে পাঠান যাইতে পারিবে এবং যদি উপরি-উক্ত নোটিস জারি করা হইয়া থাকে তাহা হইলে ঐ নকল ঐরূপে গাঁথিয়া রাখা মাত্র ঐ সার্টিফিকেটক্রমে শেষোক্ত জেলার কালেক্টরের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে ঐ ডিক্রীমত খাতকের সমুদয় স্থাবর সম্পত্তি উক্তরূপে আবদ্ধ হইবে।

লুকাইবার বা স্থানান্তর করিবার বা বিক্রয়াদি করিবার সম্ভাবনা আছে বলিয়া প্রতীতি হইলে সার্টিফিকেট কর্ম্মচারীর সম্পত্তি ক্রোক করিতে পারিবার কথা।

১১ ধারা। (১) কোন স্থলে যদি সার্টিফিকেট কর্ম্মচারীর এরূপ প্রতীতি হয় যে ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে যে ব্যক্তির বিরুদ্ধে সার্টিফিকেট গাঁথিয়া রাখা গিয়াছে সেই ব্যক্তি আপনার সমস্ত অস্থাবর সম্পত্তি বা তাহার কোন অংশ লুকাইবে কি স্থানান্তর করিবে কি বিক্রয়াদি করিবে এরূপ সম্ভাবনা আছে এবং তন্নিবন্ধন উক্ত সার্টিফিকেটের লিখিত টাকা আদায় করিতে বিলম্ব কি বাধা হইবে, তাহা হইলে তিনি সার্টিফিকেট লিখিবার পর যে কোন সময়ে উক্ত ব্যক্তির সমস্ত অস্থাবর সম্পত্তি বা তাহার কোন অংশ ক্রোক করিবার কারণ লিপিবদ্ধ করিয়া উহা ক্রোক করিবার আদেশ দিতে পারিবেন।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার যে প্রকার বিধান আছে তদনুসারে ও উক্ত আইনের ২৬৬ ধারার বিধানের অধীনে ঐ ক্রোককরণ কার্য্য করিতে হইবে।

(৩) ঠিক পরবর্ত্তী ধারানুসারে আপত্তির দরখাস্ত দেওয়া না গেলে, অথবা তদ্রূপ দরখাস্ত দেওয়া গেলে ও তাহার শুনানি হইয়া নিষ্পত্তি হইলেই ঐ সার্টিফিকেটের টাকা পরিশোধার্থ উক্ত সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে।

যে ব্যক্তির উপর ১০ ধারানুসারে নোটিস জারী করা যায় তাঁহার আপত্তির দরখাস্ত দিতে পারিবার কথা।

১২ ধারা। (১) যে ডিক্রীমত খাতকের উপর ১০ ধারানুসারে নোটিস জারী করা যায়, তিনি তাঁহার বিরুদ্ধে যে সার্টিফিকেট লিখিয়া গাঁথিয়া রাখা যায় তাহার সমস্ত কি কিয়দংশ টাকা দিতে আপনার দায় অস্বীকার করিলে ঐ নোটিস জারী হইতে ত্রিশ দিনের মধ্যে, অথবা যে স্থলে তদ্রূপ নোটিস নিয়মিতরূপে জারী করা যায় নাই, সেস্থলে উক্ত সার্টিফিকেট জারী করিবার জন্য কোন পরওয়ানা জারী হইতে ত্রিশ দিনের মধ্যে যে কোন সময়ে যে সার্টিফিকেট কর্ম্মচারী ঐ সার্টিফিকেট লিখেন তাঁহার সম্মুখে পূর্ব্বোক্ত দায় অস্বীকারকরণসূচক আপত্তির দরখাস্ত দিতে পারিবেন।

(২) ঐ দরখাস্ত এই আইন সংযুক্ত তফসীলের ৫ নম্বর কারমে বা যতদূর সম্ভব তদ্রূপ কারমে লিখিতে হইবে এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫১ ও ৫২ ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে উহাতে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হইবে।

দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবার ও সার্টিফিকেট কর্ম্মচারীর দরখাস্তকারির দায় নিরূপণ করিবার কথা।

১৩ ধারা। (১) সার্টিফিকেট কর্ম্মচারী এইরূপে প্রদত্ত এইরূপ দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবেন, এবং ঐ দিনে অথবা তাহা শুনিবার জন্য পরবর্ত্তী অপর যে দিন স্থির করা যায় সেই দিনে, যত টাকার জন্য ঐ সার্টিফিকেট লেখা হইয়াছিল তাহার বা তাহার কোন অংশের নিমিত্ত দরখাস্তকারী দায়ী কি না ইহা নিরূপণ করিবেন ও তদনুসারে উক্ত সার্টিফিকেট রহিত কি তরমিম কি পরিবর্ত্তিত করিতে পারিবেন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোন কোন বিধান তদন্ত সম্বন্ধে খাটিবার কথা।

(২) উক্তরূপ কোন দরখাস্ত শুনিয়া পূর্ব্বোক্তরূপে নিষ্পত্তি করণার্থ তদ্রূপ প্রত্যেক সার্টিফিকেট কর্ম্মচারী সাক্ষিদিগকে সমন দিবার ও উপস্থিত করাইবার ও পরীক্ষা করিবার ও দলীল আনাইবার সম্বন্ধে দেওয়ানী আদালতের সমুদয় বা যে কোন ক্ষমতা পরিচালন করিবেন এবং এই সকল বিষয় সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে যে বিধান আছে এই সকল ক্ষমতা পরিচালনকারী সার্টিফিকেট কর্ম্মচারীর সম্বন্ধে সেই সেই বিধান খাটিবে।

কিন্তু যদি সার্টিফিকেট কর্ম্মচারী এরূপ বিবেচনা করেন যে দরখাস্তে সরল বিশ্বাসমূলক স্বত্বের দাবী আছে, তাহা হইলে তিনি দরখাস্ত খানি সম্বন্ধে আদেশের জন্য ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট উহা পাঠাইবেন, এবং ডিষ্ট্রিক্ট কালেক্টরের যদি এইরূপ প্রতীতি হয় যে সরল বিশ্বাসমূলক দাবী জড়িত আছে তাহা হইলে তিনি উক্ত সার্টিফিকেট রহিত করিবেন।

দরখাস্তকারির বিরুদ্ধে সার্টিফিকেট কর্ম্মচারীর খরচা দিবার আদেশ করিতে পারিবার কথা।

১৪ ধারা। (১) দরখাস্তকারী ঐ দরখাস্তের ও তাহার শুনানির খরচা বা খরচার কোন অংশ দিবেন, অথবা যদি সার্টিফিকেট কর্ম্মচারীর নিষ্পত্তি দরখাস্তকারির অনুকূল হয় তাহা হইলে স্বল বিবেচনায় ভারতবর্ষের পক্ষে মন্ত্রি-

সভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব অথবা কোর্ট অব ওয়ার্ডস দিবেন, সার্টিফিকেট কর্ম্মচারীর এরূপ আদেশ করিবার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে।

কিরূপে খরচা আদায় করা যাইবে, তাহার কথা।

(২) তদ্রূপ কোন দরখাস্তকারী ঐ খরচা দিবেন সার্টিফিকেট কর্ম্মচারী কোন স্থলে এরূপ আদেশ করিলে, ঐ খরচার টাকা সার্টিফিকেটের লিখিত টাকায় যোগ করা যাইবে এবং তাহা তথায় প্রথমে লেখা থাকিলে যেরূপে আদায় করা যাইত সেই রূপে আদায় করা যাইতে পারিবে।

সার্টিফিকেটের প্রতিবাদ করণার্থে ডিক্রীমত খাতকের দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

১৫ ধারা। ৮ ধারার বিধানানুসারে যে ব্যক্তিকে ডিক্রীমত খাতক বলিয়া বিবেচনা করা যায় তিনি ১০ ধারানুসারে তাঁহার উপর নোটিস জারী হইতে, অথবা তিনি ১২ ধারানুসারে আপত্তির দরখাস্ত দিলে সেই দরখাস্তের নিষ্পত্তির তারিখ হইতে, কিম্বা তিনি ১৯ ধারানুসারে আপীল করিলে ঐ আপীলের নিষ্পত্তির তারিখ হইতে ছয় মাসের মধ্যে যে কোন সময়ে উক্ত সার্টিফিকেট রহিত বা তরমিম করণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কিন্তু ঐ ডিক্রীমত খাতক কোন আপত্তির দরখাস্ত করিলে যে কারণে উক্ত সার্টিফিকেট রহিত বা তরমিম করিবার দাওয়া করেন তিনি যদি তাহা তাঁহার আপত্তির দরখাস্তে নির্দ্দেশ না করেন এবং তাহা নির্দ্দেশ না করিবার বিশেষ হেতু ছিল এই বিষয়ে দেওয়ানী আদালতের প্রতীতি জন্মাইতে না পারেন তাহা হইলে উক্ত মোকদ্দমা গ্রাহ্য করা যাইবে না।

সার্টিফিকেট কখন চূড়ান্ত হইবে তাহার কথা।

১৬ ধারা। ১৩ কি ১৫ ধারায় যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে সেই সময়ের মধ্যে কোন মোকদ্দমা উপস্থিত করা না হইলে, অথবা তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত হইয়া ঐ ডিক্রীমত খাতকের বিরুদ্ধে চূড়ান্তরূপে নিষ্পন্ন হইলে ঐ সার্টিফিকেট চূড়ান্ত হইবে এবং সমস্ত অভিপ্রায় ও প্রয়োজনার্থ দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে।

দেওয়ানী আদালত কর্ত্তৃক সার্টিফিকেট রহিত বা তরমিম করিবার হেতুর কথা।

১৭ ধারা। (১) কোন সার্টিফিকেট এই আইনের বিধানমতে যথারীতি লেখা গেলে নিম্নলিখিত কারণগুলির মধ্যে কোন একটী কারণ ভিন্ন অন্য কোন কারণে দেওয়ানী আদালত কর্ত্তৃক রহিত করা হইবে না—

(ক) সার্টিফিকেটে যে টাকা লেখা যায়, সার্টিফিকেট লিখিত হইবার পূর্ব্বে সেই টাকা প্রকৃত পক্ষে দেওয়া বা শোধ করা হইয়াছে।

(খ) সার্টিফিকেটে যে টাকা লেখা থাকে তাহার কোন অংশই সার্টিফিকেট অনুসারে ডিক্রীমত খাতকের দেনা নহে।

(গ) যেস্থলে উপস্থিত সময়ের প্রচলিত কোন ব্যবস্থা বা আইনের বিধানানুসারে কোন কালেক্টর বা সরকারী কর্ম্মচারী জরিমানা করেন অথবা খরচা, চার্জ, ব্যয়, ক্ষতিপূরণ, ডিউটী বা কী দিবার আদেশ দেন সেস্থলে উক্ত কালেক্টর বা সরকারী কর্ম্মচারীর কার্য্য মোটের উপর উক্ত ব্যবস্থা বা আইনের বিধান অনুযায়ী হয় নাই এবং তজ্জন্য সার্টিফিকেট অনুযায়িক ডিক্রীমত খাতকের ঐ কার্য্যের কোন ভ্রম, দোষ বা অনিয়ম বশতঃ বিশেষ ক্ষতি হইয়াছে।

এবং নিম্নলিখিত কারণগুলির মধ্যে কোন একটী কারণ ভিন্ন অন্য কোন কারণে দেওয়ানী আদালত কর্ত্তৃক তরমিম করা হইবে না—

(ঘ) কথিত দেনার কোন অংশ কখন প্রাপ্য হয় নাই।

(ঙ) ডিক্রীমত খাতক কোন অংশ দিয়া থাকিলে তাহা তাঁহার নামে জমা করিয়া লওয়া হয় নাই।

(২) বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর অন্তর্গত হাই কোর্টের যে সাধারণ সরেনও বিচারাধিকার আছে অথবা কলিকাতার ছোট আদালতের যে বিচারাধিকার আছে তাহার যাহাতে কোন বিঘ্ন হয় এই ধারার কোন কথার এরূপ অর্থ করা যাইবে না।

ডেপুটী কালেক্টর প্রভৃতির নিকট সার্টিফিকেট কর্ম্মচারীর দরখাস্ত শুনিবার নিমিত্ত সমর্পণ করিতে পারিবার কথা।

১৮ ধারা। (১) সার্টিফিকেট কর্ম্মচারী ডিষ্ট্রিক্ট কালেক্টরের কোন সাধারণ বা বিশেষ আজ্ঞা মানিয়া ঐ ডিষ্ট্রিক্ট কালেক্টরের অধীন কোন আসিষ্টাণ্ট কালেক্টর, কি ডেপুটী কালেক্টর কি আসিষ্টাণ্ট কমিশনরের নিকট ১২ ধারা অনুসারে দাখিল করা দরখাস্ত সমর্পণ করিতে পারিবেন, এবং তদনুসারে ঐ আসিষ্টাণ্ট কালেক্টর বা ডেপুটী কালেক্টর বা আসিষ্টাণ্ট কমিশনর ঐ দরখাস্ত শুনিয়া নিষ্পত্তি করিবেন।

কিন্তু ডিষ্ট্রিক্ট কালেক্টরের এইরূপে সমর্পিত কোন দরখাস্ত পুনঃ সমর্পণ করিবার এবং সার্টিফিকেট কর্ম্মচারী কর্ত্তৃক উহার শুনানি ও নিষ্পত্তি হইবে এইরূপ আদেশ করিবার ক্ষমতা থাকিবে।

(২) ঐ দরখাস্ত যে কোন আসিষ্টাণ্ট কালেক্টর, ডেপুটী কালেক্টর বা আসিষ্টাণ্ট কমিশনরের হস্তে ঐ রূপে সমর্পণ করা যায় তাঁহার সম্বন্ধে ১৩ ও ১৪ ধারার বিধান খাটিবে।

১৯ ধারা। (১) এই আইনের বিধানানুসারে যে ব্যক্তিকে ডিক্রীমত খাতক বলিয়া বিবেচনা করা যায় অথবা যে ব্যক্তি তাঁহার স্বত্বে দাবী করেন তিনি ২০ ধারামত সার্টিফিকেট জারী ক্রমে কোন স্থাবর সম্পত্তি বিক্রীত হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে যে কোন সময়ে নিম্নলিখিত টাকা আমানত করিলে সার্টিফিকেট রহিত ও নীলাম অন্যথা করিবার নিমিত্ত সার্টিফিকেট কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিতে পারিবেন :—

সার্টিফিকেটের লিখিত টাকা, নিলামের পণের টাকা, ও দণ্ডের টাকা আমানত করিলে নীলাম রহিত হইবার জন্য দরখাস্ত করিতে পারিবার কথা।

(ক) সার্টিফিকেটের লিখিত টাকা মায় খরচা ও যে তারিখে সার্টিফিকেট গাঁথিয়া রাখা হইয়া ছিল সেই তারিখ হইতে আমানত করিবার তারিখ পর্য্যন্ত হিসাব করিয়া ঐটাকার উপর বার্ষিক শতকরা বারটাকা হারে সুদ।

(খ) দণ্ড স্বরূপ নীলামের পণের টাকার দশমাংশের সমান কিন্তু একটাকার কম নহে এমন টাকা।

(গ) উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনানুসারে ডিক্রীমত খাতকের ডিষ্ট্রিক্ট কালেক্টরকে যে সকল বাকী টাকা দিতে হয়।

(২) উক্ত ত্রিশ দিনের মধ্যে ঐরূপ আমানত করা গেলে সার্টিফিকেট কর্ম্মচারী সার্টিফিকেট রহিত ও নীলাম অন্যথা করিবার আজ্ঞা করিবেন।

(৩) সার্টিফিকেট কর্ম্মচারীর এই ধারানুযায়িক আজ্ঞা ক্রমে নীলাম রহিত করা গেলে ক্রেতা ক্রয় বাবদে যত টাকা দেন বা আমানত করেন সার্টিফিকেট কর্ম্মচারী তাহা (খ) দফার লিখিত দণ্ডের টাকা সমেত ক্রেতাকে দিবেন।

(৪) সার্টিফিকেট কর্ম্মচারী এই ধারানুসারে যে কোন আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে।

২০ ধারা। ১০ ধারার লিখিত নোটিস জারী হইতে এক মাস গত হইলে, অথবা যদি ১২ ধারার লিখিত দরখাস্ত দেওয়া হইয়া থাকে তবে ঐ দরখাস্ত শুনা গিয়া নিষ্পত্তি হইবামাত্র সার্টিফিকেট গাঁথিয়া রাখার তারিখ হইতে আদায় হইবার তারিখ পর্য্যন্ত বার্ষিক শতকরা ছয় টাকা হারে সুদ ও খরচা সুদ্ধ ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে লিখিত সার্টিফিকেট প্রবল ও জারী করা যাইতে পারিবে।

নোটিস দিবার এক মাস পরে অথবা আপত্তির দরখাস্তের নিষ্পত্তি হইলে সার্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা।

২১ ধারা। (১) টাকার ডিক্রী প্রবল ও জারী করণার্থে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে সকল বা যে কোন পন্থা ও উপায় লিখিত ও নির্দ্দিষ্ট আছে সেই সকল বা তাহার কোন পন্থা ও উপায় অবলম্বন করিয়া ঐ সার্টিফিকেট ঐরূপে প্রবল ও জারী করা যাইতে পারিবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানমতে সার্টিফিকেট টাকার ডিক্রীর ন্যায় প্রবল করিতে পারিবার কথা।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক উক্ত আইনের (৩১০ ক ধারা ব্যতীত) ১৯ শ অধ্যায়ে ও ২০ শ অধ্যায়ে যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে যতদূর খাটে সেই প্রণালীতে ঐ সার্টিফিকেট প্রবল করণার্থ ও তদনুসারে প্রাপ্য টাকা আদায় করণার্থ যে জারীর কার্য্যানুষ্ঠান করা যায় তাহা করিতে হইবে।

২২ ধারা। (১) উক্ত আইনে যে যে কর্ত্তব্যকর্ম্ম ও ক্ষমতা ও শক্তি আদালতের প্রতি অর্পিত বা প্রদত্ত হইয়াছে, যে সার্টিফিকেট কর্ম্মচারীর আফিসে ঐরূপ সার্টিফিকেট অথবা উক্ত আইনের ২২৩ ধারার বিধানমতে জারী করণার্থে প্রেরিত ঐ সার্টিফিকেটের নকল গাঁথিয়া রাখা যায়, তিনি ঐরূপ সার্টিফিকেট প্রবল ও জারী করণার্থে সেই সেই কর্ত্তব্যকর্ম্ম ও ক্ষমতা ও শক্তি পরিচালন করিবেন।

কে ক্ষমতা পরিচালন করিবেন সেই কথা।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারানুসারে আদালত সমূহের কর্ত্তব্য কার্য্যের সম্পাদনে তাঁহাদিগকে উপদিষ্ট করিবার জন্য বিধি করিবার ও সময়ে সময়ে সেই সকল বিধি পরিবর্ত্তন করিবার যে ক্ষমতা হাই কোর্টের প্রতি প্রদত্ত হইয়াছে তাহা এই আইনানুযায়িক কার্য্য সম্বন্ধে রিবিনিউ বোর্ড কর্ত্তৃক পরিচালিত হইবে। সেই সকল বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে এবং তখন তাহা আইনের তুল্য বলবৎ হইবে।

(৩) ডিষ্ট্রিক্ট কালেক্টরের কর্ত্তৃত্বাধীনে এবং যোত্রহীন ডিক্রীমত খাতকদের সম্বন্ধীয় বিধান সম্পর্কে ভিন্ন অন্য সম্পর্কে ঐ ডিষ্ট্রিক্ট কালেক্টরের অধীন কোন আসিষ্টাণ্ট কালেক্টর, ডেপুটী কালেক্টর, বা আসিষ্টাণ্ট কমিশনর উক্তরূপ কোন কর্ত্তব্যকর্ম্ম, ক্ষমতা ও শক্তি পরিচালন করিতে পারিবেন।

২৩ ধারা। (১) যদি ২০ ধারার বিধানমতে কোন সার্টিফিকেট জারীকরণ ক্রমে কোন স্থাবর সম্পত্তি নীলাম করা যায় এবং যদি পরে কোন উপযুক্ত দেওয়ানী আদালত কর্ত্তৃক ঐ সার্টিফিকেট অসিদ্ধ করা হয়, তবে উক্ত আদালত উক্ত স্থাবর সম্পত্তির নীলাম অসিদ্ধ করিতে পারিবেন, এবং যে স্থলে তদ্রূপ নীলাম এইরূপে অসিদ্ধ করা যায়, সেই স্থলে ঐ আদালত যেরূপ উচিত বিবেচনা করেন তদনুসারে সুদ সহিত বা বিনা সুদে ক্রয়ের টাকা ক্রেতাকে ফিরাইয়া দিবার আদেশ করিবেন।

উপযুক্ত আদালতে সার্টিফিকেট অসিদ্ধ করা গেলে স্থাবর সম্পত্তির নীলাম অসিদ্ধ হইতে পারিবার কথা। নিয়মবিধি।

(২) ঐরূপ আদেশ ডিক্রীর ন্যায় প্রবল হইবে এবং উহার তারিখ হইতে ছয় মাসের মধ্যে জারী করিবার দরখাস্ত করিতে হইবে, নতুবা যে পক্ষের অনুকূলে ঐ আদেশ করা যায় সেই পক্ষ ঐ আদেশ হইতে কোন উপকার প্রাপ্ত হইবেন না।

কিন্তু উক্ত সার্টফিকেট অসিদ্ধ করিবার নিমিত্ত যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে ক্রেতাকে এক পক্ষ করা বা একপক্ষ স্বরূপ যোগ করা না গেলে ঐ নিলাম এইরূপে অসিদ্ধ করা যাইবে না।

(৩) ১৯ ধারানুসারে ঐ নিলাম অসিদ্ধ করা যায় তৎসম্বন্ধে এই ধারার বিধান খাটিবে না।

সার্টফিকেটের রেজেষ্টরী ডিষ্ট্রিক্ট কালেক্টরের আফিসে রাখিবার ও আট আনা ফী দিলে তাহা দেখিতে পাইবার কথা।

২৪ ধারা। (১) রিবিনিউ বোর্ড সময়ে সময়ে যে ফারম নির্দ্দেশ করেন প্রত্যেক ডিষ্ট্রিক্ট কালেক্টর সেই ফারমে আপন আফিসে একখান রেজেষ্টরী রাখাইবেন, এবং এই আইনমতে লিখিত যে সার্টফিকেট বা তাহার নকল তাঁহার আফিসে গাঁথিয়া রাখা যায়, তাহার বিশেষ বিবরণ ঐ রেজেষ্টরীতে লিখাইবেন।

(২) আফিসের সময়ের মধ্যে প্রতি দিন ডিষ্ট্রিক্ট কালেক্টরের নির্দ্দিষ্ট অন্যূন দুই ঘণ্টা কাল সময়ের ভিতর ঐ রেজেষ্টরী কেহ দেখিতে চাহিলে দেখিতে পাইবেন এবং দেখিবার নিমিত্ত আট আনা ফী অথবা আট আনার অনধিক যে ফী বোর্ড নির্দ্দিষ্ট করেন সেই ফী দিতে হইবে।

সার্টফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দিতে পারিবার কথা।

২৫ ধারা। (১) যে সার্টফিকেট কর্ম্মচারী সার্টফিকেট লিখেন তিনি আদেশ করিলে সার্টফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে।

কিস্তির টাকা প্রদান রেজেষ্টরীতে লিখিবার কথা।

(২) এইরূপ প্রত্যেক কিস্তির টাকা দেওয়া গেলে, সেই কথা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার লিখিত রেজেষ্টরীতে লিখিতে হইবে।

সমুদয় টাকা পরিশোধ হইলে পরিশোধের কথা সার্টফিকেটের উপর ও রেজেষ্টরীতে সার্টফিকেট কর্ম্মচারীর লিখিবার কথা।

২৬ ধারা। সার্টফিকেটমত সমুদয় দেনা টাকা দেওয়া ও পরিশোধ করা গেলে, যে সার্টফিকেট কর্ম্মচারীর আফিসে ঐ সার্টফিকেট প্রথমে গাঁথিয়া রাখা হইয়াছিল তিনি ২৪ ধারার লিখিত রেজেষ্টরীতে সার্টফিকেটের উপর টাকা পরিশোধ হইবার কথা লিখাইয়া রাখিবেন।

অন্য যে ডিষ্ট্রিক্ট কালেক্টর প্রভৃতির আফিসে সার্টফিকেটের নকল গাঁথিয়া রাখা গিয়াছে তাঁহাদিগকে ডিষ্ট্রিক্ট কালেক্টরের পরিশোধের কথা জানাইবার কথা।

২৭ ধারা। ঐ সার্টফিকেটের নকল অন্য কোন ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট অথবা সেই একই জেলার অন্তর্গত কোন মহকুমার ভারপ্রাপ্ত সার্টফিকেট কর্ম্মচারীর নিকট প্রেরিত হইয়া থাকিলে অথবা সার্টফিকেট কর্ম্মচারী ভিন্ন অন্য কোন গবর্ণমেণ্ট কর্ম্মচারির স্থানে কিম্বা কোর্ট অব ওয়ার্ডসের নিযুক্ত কোন আধ্যক্ষের স্থানে প্রার্থনাপত্র পাইয়া ৯ ধারার বিধানমতে ঐ সার্টফিকেট লিখিত হইয়া থাকিলে, ঐ পরিশোধের কথা ঘটনাভেদে সেই অন্য ডিষ্ট্রিক্ট কালেক্টরকে বা কর্ম্মচারিকে অথবা অধ্যক্ষকে জানাইতে হইবে।

সার্টফিকেটের নকল যে ডিষ্ট্রিক্ট কালেক্টর প্রভৃতির নিকট পাঠান যায় তাঁহারা যে টাকা আদায় করেন তাহা যে সার্টফিকেট কর্ম্মচারী সার্টফিকেট লিখিয়াছিলেন তাঁহার নিকট পাঠাইবার কথা।

২৮ ধারা। যে সার্টফিকেটের নকল কোন ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট বা মহকুমার ভারপ্রাপ্ত সার্টফিকেট কর্ম্মচারীর নিকট প্রেরিত হইয়া তাঁহার আফিসে গাঁথিয়া রাখা যায় সেই ডিষ্ট্রিক্ট কালেক্টর বা মহকুমার ভারপ্রাপ্ত সার্টফিকেট কর্ম্মচারী সেই সার্টফিকেট সম্বন্ধীয় কোন টাকা আদায় করিলে বা পাইলে যে সার্টফিকেট কর্ম্মচারী ঐ সার্টফিকেট প্রথমে লিখিয়াছিলেন তাঁহার নিকট সেই টাকা পাঠাইবেন।

এই আইনমত কর্ম্ম করিবার সময়ে কোন কোন কর্ম্মচারী বিচারকস্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া বিবেচিত হইবার কথা।

২৯ ধারা। প্রত্যেক সার্টফিকেট কর্ম্মচারী, আসিষ্টাণ্ট কালেক্টর, ডেপুটী কালেক্টর ও আসিষ্টাণ্ট কমিশনর ও ৯ ধারার লিখিত প্রত্যেক গবর্ণমেণ্ট কর্ম্মচারী এই আইনমত কর্ম্ম করিবার সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫০ সালের ১৮ আইনের অর্থানুসারে বিচারক স্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

এই আইনমতে আপনং কর্ম্ম করিবার সময়ে সার্টফিকেট কর্ম্মচারী প্রভৃতি কমিশনর ও বোর্ডের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবার কথা।

৩০ ধারা। সমুদয় সার্টফিকেট কর্ম্মচারী, আসিষ্টাণ্ট কালেক্টর, ডেপুটী কালেক্টর ও আসিষ্টাণ্ট কমিশনর এই আইনমত আপন আপন কর্ম্ম করিবার সময়ে ডিবিসনের কমিশনরদের ও রিবিনিউ বোর্ডের সাধারণ তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবেন।

নোটিস জারী সম্বন্ধীয় বিধানের কথা।

৩১ ধারা। নোটিসের একখণ্ড নকল সম্ভব হইলে সার্টফিকেট কর্ম্মচারীর দ্বারা স্বাক্ষরিত করাইয়া তল্লিখিত ডিক্রীমত খাতককে অর্পণ করিয়া বা লইতে বলিয়া ১০ ধারানুসারে নোটিস জারী করিতে হইবে। উক্ত ডিক্রীমত খাতকের দেখা না পাওয়া গেলে, তাঁহার সহিত একত্রে বাস করে তাঁহার পরিবারস্থ এরূপ কোন বয়ঃপ্রাপ্ত পুরুষের উপর জারী করা যাইবে। এবং পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত এরূপ কোন পুরুষের দেখা না পাওয়া গেলে, যে বাটীতে ডিক্রীমত খাতক সচরাচর বাস করেন বা কার্য্য চালান সেই বাটীর বহির্দ্বারে অথবা যে সার্টফিকেট কর্ম্মচারী ঐ নোটিস বাহির করেন তাঁহার আফিসের কোন প্রকাশ্য স্থানে এবং নোটিস জারী দ্বারা কোন জমির ক্ষতিবৃদ্ধি হইলে সেই জমির কোন প্রকাশ্য অংশে উহার এক খণ্ড নকল আঁটিয়া দিয়া উহা জারী করা যাইবে।

কিন্তু সার্টিফিকেট কর্ম্মচারী আদেশ করিলে ডিক্রীমত খাতকের পূর্ব্বের বাসস্থান বলিয়া যে স্থান জানা থাকে সেই ঠিকানায় উক্ত নোটিস ডাকে পাঠান যাইবে ও ১৮৬৬ সালের ভারতবর্ষীয় পোষ্ট আফিস বিষয়ক আইনের তৃতীয় খণ্ড বা উপস্থিত সময়ের প্রচলিত তৎসদৃশ কোন আইন অনুসারে রেজেষ্টরী করা যাইবে। এবং যাহার নামে পাঠান যায় তাঁহার রসীদ উপস্থিত করিয়া উহার জারীকরণ প্রমাণ করা যাইবে।

আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টর অথবা আসিষ্টাণ্ট কমিশনরের নিকট হইতে ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট ও ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট হইতে কমিশনরের নিকট আপীল হইবার কথা।

৩২ ধারা। (১) (ক) আসিষ্টাণ্ট কালেক্টর কি ডেপুটী কালেক্টর কি আসিষ্টাণ্ট কমিশনরের আজ্ঞার উপর কি ডিষ্ট্রিক্ট কালেক্টর ভিন্ন অন্য সার্টিফিকেট কর্ম্মচারীর মূল আজ্ঞার উপর আপীল, আজ্ঞা করা হইতে পনর দিনের মধ্যে, ডিষ্ট্রিক্ট কালেক্টরের নিকট উপস্থিত করা যাইতে পারিবে। (খ) ডিষ্ট্রিক্ট কালেক্টরের মূল আজ্ঞার উপর আপীল, আজ্ঞা করা হইতে ত্রিশ দিনের মধ্যে, কমিশনরের নিকট করা যাইতে পারিবে।

আপীল চালান দিবার কথা।

(২) কমিশনরের মঞ্জুরি লইয়া ডিষ্ট্রিক্ট কালেক্টর এতৎপক্ষে ক্ষমতা দিলে সার্টিফিকেট কর্ম্মচারীর কার্য্য করিতে নিযুক্ত কোন কর্ম্মচারী ডিষ্ট্রিক্ট কালেক্টরের আপীল শুনিবার ক্ষমতা পরিচালন করিবেন। এবং তিনি যে আজ্ঞাক্রমে নিযুক্ত হন তাহাতে অন্যরূপ আদেশ না থাকিলে তিনি ডিষ্ট্রিক্ট কালেক্টরের সাধারণ তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবেন। এবং ডিষ্ট্রিক্ট কালেক্টর (১) প্রকরণের (ক) দফায় লিখিত কোন আপীল শুনানির জন্য যে কর্ম্মচারীর আজ্ঞার বিরুদ্ধে আপীল করা হয় তিনি ভিন্ন অন্য কোন ঐরূপ ক্ষমতাপ্রাপ্ত সার্টিফিকেট কর্ম্মচারীর নিকট চালান দিতে পারিবেন।

জারীকরণ স্থগিত রাখিবার কথা।

(৩) আপীলীকর্ত্তৃপক্ষ আদেশ দিলে যাবৎ উক্ত আপীলের নিষ্পত্তি না হয় তাবৎ জারী স্থগিত রাখা যাইতে পারিবে। কিন্তু আদেশ না দিলে স্থগিত রাখা যাইবে না।

(৪) এই ধারানুযায়িক প্রত্যেক স্থলে যে দিবসে আজ্ঞা করা যায় তাহার পর দিবস ঐ সময়ের প্রথম দিবস বলিয়া গণনা করা যাইবে।

সংশোধনের ক্ষমতার কথা।

৩৩ ধারা। কোন আসিষ্টাণ্ট কালেক্টর কি ডেপুটী কালেক্টর কি আসিষ্টাণ্ট কমিশনর কি সার্টিফিকেট কর্ম্মচারীর আজ্ঞার উপর আপীল হইলে ডিষ্ট্রিক্ট কালেক্টর যে আজ্ঞা করেন তাহার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল করিতে পারা যাইবে না। কিন্তু কমিশনর কোন স্থলে উচিত বিবেচনা করিলে ডিষ্ট্রিক্ট কালেক্টরের, সার্টিফিকেট কর্ম্মচারীর, আসিষ্টাণ্ট কালেক্টরের, ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশনরের আজ্ঞা সংশোধন করিতে পারিবেন।

তফসীল।

১ নম্বর ফারম।

(৫ ধারা দেখ।)

(জেলার নাম) র সার্টিফিকেট কর্ম্মচারীর আফিসে বাকী রাজস্বের যে সার্টিফিকেট গাঁথিয়া রাখা যায়।

সার্টিফিকেটের নম্বর।	খাতকের নাম।	খাতকের ঠিকানা।	যত বাকী রাজস্বের নিমিত্ত এই সার্টিফিকেট লেখা গেল এবং যতকালের বাকী।	যে মহাল বা মধ্য-স্বত্বের নিমিত্ত বাকী রাজস্ব পাওনা থাকে।
১	২	৩	৪	৫

আমি এতদ্দ্বারা এই সার্টিফিকেট দিতেছি যে উপরি উক্ত র স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের উপরিলিখিত টাকা পাওনা আছে।

অদ্য ১৮ সালের মাসের তারিখ।

ক, খ,
র সার্টিফিকেট কর্ম্মচারী।

২ নম্বর ফারম।

(৭ ধারা ও ৯ ধারার (৩) দফা দেখ।)

(জেলার নাম) র সার্টিফিকেট কর্ম্মচারীর আফিসে রাজকীয় প্রাপ্যের বাকী টাকার যে সার্টিফিকেট গাঁথিয়া রাখা যায়।

সার্টিফিকেটের নম্বর।	খাতকের নাম।	খাতকের ঠিকানা।	যত টাকা রাজকীয় প্রাপ্যের নিমিত্ত এই সার্টিফিকেট লেখা গেল।	যে রাজকীয় প্রাপ্যের নিমিত্ত এই সার্টিফিকেট লেখা গেল তাহার বিশেষ বিবরণ এবং যে গবর্ণমেণ্ট কর্ম্মচারীকে (কিম্বা যে মহালের নিমিত্ত অধ্যক্ষকে) উহা দেয়।
১	২	৩	৪	৫

আমি এতদ্দ্বারা এই সার্টিফিকেট দিতেছি যে উপরি উক্ত র স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের (অথবা আসন্নবন্ধু ক, খর সহযোগে কোর্টের ওয়ার্ড অথবা অপ্রাপ্ত বয়স্ক বা ক্ষিপ্ত গ, ঘর) উপরি লিখিত টাকা পাওনা আছে।

অদ্য ১৮ সালের মাসের তারিখ।

ক, খ,
র সার্টিফিকেট কর্ম্মচারী।

৩ নম্বর ফারম।

(৯ ধারার (১) দফা দেখ।)

প্রার্থনাপত্র।

জেলার সার্টিফিকেট কর্ম্মচারী মহাশয় বরাবরেষু।

খাতকের নাম	খাতকের ঠিকানা।	যত রাজকীয় প্রাপ্যের নিমিত্ত এই প্রার্থনাপত্র দেওয়া গেল।	যে প্রকারের রাজকীয় প্রাপ্যের নিমিত্ত এই প্রার্থনাপত্র দেওয়া গেল।
১	২	৩	৪

উক্ত র স্থানে উপলক্ষে উপরিলিখিত টাকা পাওনা আছে। অদ্য সালের মাসের তারিখে এই সার্টিফিকেট দেওয়া গেল।

ক, খ,
(পদের আখ্যা।)

---

৪ নম্বর ফারম।

(১০ ধারা দেখ।)

নোটিস।

শ্রী (এইখানে ডিক্রীমত খাতকের নাম দিতে হইবে।

সমীপেষু।

তোমাকে এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৯৫ সালের আইনের ধারার বিধানমতে অদ্য আমি তোমার বিরুদ্ধে বাবদ তোমার স্থানে পাপ্য টাকার সার্টিফিকেট লিখিয়াছি এবং ঐ সার্টিফিকেট এই আফিসে গাঁথাইয়া রাখা গিয়াছে। যদি তুমি উক্ত টাকা দিতে তোমার দায়িত্ব অস্বীকার কর, তাহা হইলে উক্ত সার্টিফিকেট কেন জারী করা যাইবে না এই নোটিস জারির তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে তাহার কারণ দেখাইতে পার। উক্ত ত্রিশ দিনের মধ্যে তুমি কারণ দেখাইতে ত্রুটি করিলে অথবা যথোপযুক্ত কারণ না দেখাইলে, যদি ঐ টাকা এই আফিসে না দাও, তবে দেওয়ানী আদালতে উক্ত টাকার ডিক্রী হইলে যেরূপে হইত সেইরূপে ঐ সার্টিফিকেট জারী হইবে। যাবৎ উক্ত টাকা দেওয়া না হয়, তাবৎ তোমার স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ বিক্রয় বা দান বা বন্ধক দ্বারা বা প্রকারান্তরে হস্তান্তর করিতে তোমাকে এতদ্দ্বারা নিষেধ করা যাইতেছে।

উপরের উল্লিখিত সার্টিফিকেটের একখণ্ড নকল এতৎসঙ্গে দেওয়া গেল।

অদ্য ১৮ সালের মাসের তারিখ। ক, খ,
র সার্টিফিকেট কর্ম্মচারী।

৫ নম্বর ফারম।

(১২ ধারা দেখ।)

র শ্রীযুত সার্টিফিকেট কর্ম্মচারী মহাশয় বরাবরেষু।

লিখিতং শ্রী (দরখাস্তকারীর নাম) সাং　　(ঠিকানা) দরখাস্ত পত্রমিদং

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৯৫ সালের　　আইনের　　ধারার বিধানমতে দরখাস্তকারীর বিরুদ্ধে আপনার আফিসে　　টাকার　　নম্বরের সার্টিফিকেট গাঁথিয়া রাখা গিয়াছে ;

দরখাস্তকারির সসম্ভ্রম বক্তব্য এই যে, সে উক্ত　　টাকা দিতে দায়ী নহে (অথবা, কিয়ৎ পরিমাণ দায় স্বীকার করা গেলে, সে　　টাকার অধিক টাকা দিতে দায়ী নহে)। দায়ী নহে কেন তাহার হেতু নিম্নে দেওয়া যাইতেছে :—

উপরিলিখিত বৃত্তান্ত দরখাস্তকারির জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

এজন্য দরখাস্তকারির সসম্ভ্রম প্রার্থনা এই যে উক্ত সার্টিফিকেট অসিদ্ধ (বা তরমিম বা পরিবর্ত্তিত) করিতে আজ্ঞা হয়।

ক, খ।
দরখাস্তকারী।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫১ ও ৫২ ধারার বিধানানুসারে সত্যপাঠযুক্ত।

ক, খ।
দরখাস্তকারী।

এচ্, এল, বেল্।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাবিভাগের
এক্টিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

কলিকাতা।
১৮৯৫ সাল ২৭এ মে।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 13, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ১৩ আগষ্ট।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাকরগঞ্জ।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৫ সনের নাং২৮শে জুনে কিস্তির তলবী বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সনের ১৬ই সেপ্টেম্বর বাং ১৩০২ সালের ৩১ ভাদ্র সোমবার তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। ইতি সন ১৮৯৫। ২৭ জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬২৮	জোওয়ার রাম-নারায়ণ তালুক মহামুদ সফী পং বোজরগোমেদ পুর।	......	......	২ নং হিসাবে পৃথক ।৴১॥= ১৫৶৮ তিল অংশ নিলাম হইবেক অন্য কোন অংশ নিলাম হইবেক না।	আকজালন্নেছা খাতুন গং।	৭৪০৬৶০	....	২৯০।৶ ১ পাই।
৩৮৪৬	পরগণা শিলিমাবাদ (১২। গণ্ডা অংশ।	......	......	এজমাল। হিং ॥৵১০ গণ্ডা অংশ নিলাম হইবেক অন্য কোন অংশ নিলাম হইবেক না।	বলরাম দাস ..	২৪১৬।৶২	....	২১৪।৶ ৫ পাই।
৪৫৪৬	পদ্মা ওরফে রম-জানপুর পং কাশীমপুর সে হলাপট্টী।	৫৩৮৩৶	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব নিলাম হইবেবক।	..	জমিরদ্দীন আহাম্মদ কাজী গং।	..	৯১৮৶	......
৬৩৫৪	খাক কয়রিয়ার গত সরভের অতিরিক্ত ভূমি পং কাশীম-পুর সেহলাপট্টী।	৮৮৮	ঐ	.	সৈয়দ আবদুর রব চৌধুরী গং।	. ...	৫৫৫৸৶১১	......
৪৮১৯	চর টৌনা মহাল অন্তর্গত ১ নং আবাদকারী যোত দীননাথ চক্রবর্ত্তী পং শিলিমাবাদ।	১০২৫।৪	সম্পূর্ণ আবাদকারী যোত নিলাম হইবেক।	......	দীননাথ চক্রবর্ত্তী .	.. ...	৩৫৩।৪	......

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণমাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

GANENDRA NATH PAL,
for offg. Collector.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদন্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্যামাচরণ বিশ্বাস পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রশস্ত গুন টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৩শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৫ নং লাট তৃতীয় খণ্ড।	২৪ পরগনা বশির হাট হাসনাবাদ।	৬৭০০/০	উত্তর,—নাল কট ধারের একটী শাখা খাল যাহা ১৩৫ নং লাট প্রথম খণ্ডের দক্ষিণ সীমানায় লিখিত আছে। পূর্ব্ব ;—বালি গাঙ্গের কিয়দংশ। দক্ষিণ,—নেকড়া উড়ানীয়া খালের কিয়দংশ ও নেকড়া উড়ানীয়া খাল হইতে চরাদাদপুরা খাল পর্য্যন্ত একটী দোয়ানীয়া খাল. ও চরা দাদপুরা খাল এবং বিদ্যা নদীর কিয়দংশ। পশ্চিম ;—বিদ্যা নদীর কিয়দংশ, গাববুনীয়া খাল ও ঐ গাববুনীয়া খাল হইতে মুক দোয়ানীয়া খাল পর্য্যন্ত ৩৬০ ব্যারিংএর একটী সরলরেখা এবং মুক দোয়ানীয়া খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতন্নিম্ন তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা বঙ্কবিহারি চৌধুরি পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২৬ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ১০ই ভাদ্র সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতির তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২৭শে মে।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১৩৯ নং লাট প্রথম খণ্ড।	২৪ পরগনা বশির হাট হাসনাবাদ।	৬৬৫০/০	উত্তর;—বোয়ালি গাঙ্গ। পূর্ব্ব,—দাদপুর দোয়ানীয়াখাল। দক্ষিণ;—বালিগাঙ্গের কিয়দংশ। পশ্চিম;—লালকাট খার ও বালিগাঙ্গের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবনেক কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৫। ৯৬ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তফসীলের লিখিত সেই ভূমির পাট্টা ফকিরচাঁদ মুখাদিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন, ইতিমধ্যে উক্ত ভূমির উপর ১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ২১ অক্টোবর মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ৫ কার্ত্তিক সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই।—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।—

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ি কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না। কিন্তু ঐ জ্বালানী কি গুড়ি কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচলিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করার এবং যুক্তিসংগত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারীকে কেবল দখলী স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৯৫ সাল। ২০ জুলাই।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান থানা।	রকবা।	চৌহদ্দি।
২২৪ নং লাটের ১ খণ্ড।	খুলনা সদর পাইকগাছা।	৬৪১৪/০	উত্তর,—নলিয়ানের খাল হইতে ভদ্র নদের যে স্থান হইতে ছোট ভিট্টা ভাঙ্গার খাল উঠিয়াছে ঐ স্থান পর্য্যন্ত একটী সরলরেখা অর্থাৎ ২২৪ নং লাটের অন্তর্গত মেয়াদি বন্দোবস্তী কামারখোলার দক্ষিণ সীমানার লাইনের কিয়দংশ। পূর্ব্ব.—ভদ্র নদের কিয়দংশ ও ছুতারখালি খালের কিয়দংশ। দক্ষিণ,—ছুতারখালি খালের কিয়দংশ এবং ঐ ছুতারখালি খাল হইতে উত্থিত কেওড়াতলা খালের কিয়দংশ এবং ঐ কেওড়াতলা খাল হইতে নলিয়ানের খাল হইতে উত্থিত দ্বিতীয় কেওড়াতলার খালের একটী শাখা খালের কেনারা পর্য্যন্ত ৩১১ ব্যারিংয়ের একটী সরল রেখা এবং ঐ দ্বিতীয় কেওড়াতলা খালের ও ঐ শাখা খালের কিয়দংশ। পশ্চিম,—নলিয়ানের খালের কিয়দংশ। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৪। ৯৫ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

প্রকাশ থাকে যে অত্র নোটিসের লিখিত ভূমি খণ্ডের মধ্যে স্থানেং কিয়ৎ পরিমাণ জমি আবাদ করিয়া কথকগুলিন প্রজা বাস করিতেছে ঐ সকল প্রজার গবর্ণমেন্টের পক্ষ হইতে কোন পাট্টা না পাইলেও উহাদিগের স্ব, স্ব, আবাদি ভূমিতে তাহাদিগের আবাদকারিস্বত্ব থাকিবে।

P. Ross,
Commissioner, Sundarbans.

জিলা বাখরগঞ্জ।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাখরগঞ্জ জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকিস্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বাখরগঞ্জ জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৬ই সেপ্টেম্বর তারিখে মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ৩১ ভাদ্র তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।—

নিলামের সর্ত্ত।

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়রূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যত দূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
১৯৭৮	পরগণা ইদ্রাকপুর তালুক রামশঙ্কর দাস।	৩৪—১—৩৬	৯১॥/৬	
২০০২	পরগণা খাঞ্জাবাহাদুরনগর তালুক কামদেব সিকদার।	২৫—০—৩৫	৪৮॥/৩	
২৫৯৩	তপ্পে লক্ষ্মীরদিয়া তালুক রামরাম সেন।	৮—৩—১	১২॥৶৩	
২৭২৪	পরগণা উত্তর সাহাবাজপুর তালুক বিশ্বনাথ ঠাকুরতা।	১৯—০—৩৬	৬০৸৶৯	
৫০৭৫	পরগণা রোজরগ উমেদপুর কিসমত ভোলানাথপুর।	৩২—৩—১১	১৯৪৻৬	
৫২৬৫	পরগণা জজিরা চর ব্রাউন ...	৭০—০—২০	৪৪৲	
৬১০৯	পরগণা বোজরগ উমেদপুর তালুক গোলাম সরিপ।	৪—০—২৪	১৭৷৶০	
৬১৭৮	পরগণা বোজরগ উমেদপুর তালুক মহম্মদ মনির।	১২—২—৯	৬১৲	

তৌজিব নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
৬২০৩	পরগণা বোজরগ উমেদপুর তালুক শিবচন্দ্র বসু।	১১—৩—১	৫১॥৶৩	
৬২১৩	পরগণা বোজরগ উমেদপুর মৃজা-কালু কিসমত বিরাট।	১৫—০—১৪	৫১৸৶৩	
৬২৩২	পরগণা বোজরগ উমেদপুর বিজা-বাড়িয়ার নেমক তাকালা।	৪—১—১২	২২/৪	
৬২৬২	পরগণা বোজরগ উমেদপুর দরি চর দেশান্তরকাটী।	৩৭—৩—১৫	১৮৭৻৩	

কালেক্টরের কাছারি
জেলা বাখরগঞ্জ।
তারিখ ২১ জুন ১৮৯৫।

H LE MESURIER,
Offg Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুক ১৮৯৫ ইং ২৫ মেই, সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া খাজানা ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৫ ইং ৪ঠা সেপ্টেম্বর মোতাবেক ১৩০২ বাং ১৯শে ভাদ্র রোজ বুধবার জিলা চট্টগ্রামের কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৫ ইং তারিখ ১১ জুলাই।—

তালুকের নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
৪ ৪০৩	থানা সাতকানীয়া হাল থানা বাঁশখালী মৌজা পুইছড়ি মহল নয়াবাদ। তাং মোবারেক আলী বক্সা আলী।	আনওয়ার আলী চৌং গং।	৯৮৩৷৶৩	২৪৫।/৬	১৪১।৩	৩৫৶৬	১৭৬।৶৯	

J D ANDERSON,
Collector

জিলা চট্টগ্রাম।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ ইং ১৬ সেপ্টেম্বর তারিখে বেলা ১২টার সময় নীলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং তারিখ ২৯শে জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
			প্রথম শ্রেণীর কায়মি মহাল।—					
৬৩৫ ৩৮৮০ ৩১২৭	থানে ভাটীয়ারী জোরারগঞ্জ হাটহাজারী। তং ওবেগুল্লা সেখ মহাং ওছি সেখ মহাং আলী।	৬৭৮৸৶০	অংশ বিক্রয় হইবে।	১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ২ নং অবশিষ্ট অংশ।	রমিজদ্দীন ও মোং মাহাং আছনম চৌং গং।	৫১১।৶৮	. .	১৭৸/৮

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাত্রপের ৫, ৭ ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J D. ANDERSON,
Collector

জিলা নোয়াখালি।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নোয়াখালি জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ১৭ই সেপ্টেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৮৯ ১	গোপালপুর মজ-নগর জমিদারি পঃ গোপালপুর।	২০৩৬৫/৩ পাই।	পৃথক হিস্যা	হিঃ ।৶ আনা	শ্রীআইউব আলী চৌধুরী ও এয়াকুব আলী চৌধুরী গং।	৮৯০৯৷৶৭ পাই।	.. ..	৮৩৶৮ পাই।
২০৩	দাডরা জমিদারি হিঃ /১৮৷১০ ক্রান্ত পঃ দাডরা।	৩৩০০৲১১ পাই।	অবশিষ্ট অংশ।	হিঃ ৷১০ গণ্ডা	শ্রীচন্দ্রনাথ গুপ্ত চৌধুরী এবং রাধামোহন রায়।	১৭৫৩৶৫ পাই।	.	১৯৩৲ টাকা।

NOAKHALI COLLECTORATE,
The 1st August 1895

S K. AGASTI,
Offg. Collector

জিলা ঢাকা।

নীলামের ইস্তাহার।

এতদ্দারা বিজ্ঞাপন করা যাইতেছে যে জিলা ঢাকার অন্তর্গত নিম্নলিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব নিম্নলিখিত সর্ত্তে আগামী ১৬ সেপ্টেম্বর ১৮৯৫ সন মোতাবেক বাঙ্গলা ৩১ ভাদ্র ১৩০২ সন তারিখে জিলা ঢাকার কালেক্টরী কাছারিতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবে।

ক্রেতাগণ নিম্নলিখিত সর্ত্তে বাধ্য থাকিবেন।—

নীলামের সর্ত্ত।—

১। মহাল শ্রীযুক্ত কালেক্টর সাহেব কর্ত্তৃক নীলামের সময়ে অবধারিত অপসেট মূল্যের উপর সর্ব্বোচ্চ ডাককারক নিকট বিক্রয় হইবে। এই মহালের ক্রেতা মহালের মালীকরূপে গণ্য হইবেন। এবং উক্ত মহালের সদর জমা চিরস্থায়ীরূপে স্থিরতর থাকিয়া গবর্ণমেণ্টের সম্পূর্ণ মালিকীস্বত্ব তাহার প্রতি অর্শিবে।

২। এই নীলামে বর্ত্তমান পাট্টার সর্ত্ত এবং বন্দোবস্ত প্রসিডিং বা কার্য্য প্রকরণ ও প্রচলিত আইন প্রদত্ত ক্ষমতা বলবৎ থাকিবে এবং ক্রেতাগণ উক্ত মহালের বাসেন্দা কৃষকগণ যাহারা রেবিনিউ কার্য্যকারক কর্ত্তৃক প্রস্তুত জমার সিডুল বা তপসীলে স্বাক্ষর করিয়াছে তাহাদের স্বত্ব মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩। খরিদ মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে, ডাকের সমস্ত টাকা এক যোগে দিতে হইবে।

৪। খরিদ মূল্য ১০০৲ টাকার অধিক হইলে ডাকের চতুর্থাংশ টাকা তৎক্ষণাৎ দিতে হইবে এবং বক্রী টাকা নীলামের তারিখ গণ্যে পঞ্চদশ দিবসের দ্বিপ্রহর মধ্যে না দিলে অথবা ঐ তারিখে সম্পূর্ণ কাছারি বন্দ থাকিলে পরবর্ত্তী প্রথম কাছারীর দিন দুপ্রহর মধ্যে না দিলে নীলাম পণ্ড হইবে (প্রদত্ত টাকা গবর্ণমেণ্টে বাজেয়াপ্ত হইবে) এবং মহাল পুনরায় প্রথম নীলামের অনুযায়ী ইস্তাহার জারী হওনান্তর পূর্ব্ব খরিদ্দারের ঝুকিতে (দায়ীত্বে) নীলাম হইবে ইতি।

জিলার তৌজীর নম্বর।	মহালের নাম ও পরগণা।	অনুমান জমি একর পরিমাণ।	সদর জমা।	মন্তব্য।
		একর রুড পোল।		
৩৭২	মৌজে উনাইল, তালুক হরেকৃষ্ণ অনন্তরাম সেন পরগণা জালালপুর।	১২০—২—১২	১৩২৶৬	
১৩২৪	আনন্দিরাম রায় পরগণা দোহার	৬—০—৫	৭৸১	
৩৭৪৮	কীর্ত্তিনারায়ণ শর্ম্মা পরগণা জালালপুর।	২—০—৯	৪৻৯	
৫১২৮	শূরনারায়ণ রায় পরগণা মুরুল্লাপুর।	১২—৩—৩৬	৮৷৶০	
৮৫০৯	মহেশ দাস রক্ষিত তপেপ ইচ্ছাপুর।	৯৯—২—৩৮	১২৩৶১০	
৮৫৭৫	রামনাথ গুহ পরগণা রসুলপুর হিস্যা ৷৶০ আনা।	৪—১—১৩	.২২৴৯	
৮৬৩০	রামকিশোর বসু পরগণা জাহাঙ্গীরনগর।	১০—১—২৫	১৯৷৴০	
৮৭৩৩	হৃদয়রাম ঘোষ পরগণা জাহাঙ্গীরনগর।	০—০—১৫	২৲	
১২৬৪৮	পুরাতন আমলীগোলা সদর পুলিস সেকসনের জমি।	০—০—৯	২৸০	

কালেক্টরী কাছারি,
জিলা ঢাকা,
৭ই আগষ্ট ১৮৯৫।

OKHOY COOMAR SEN,
for Collector

জিলা চট্টগ্রাম—জমীদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

চট্টগ্রাম জিলার অধিনীয় কাকসবাজারস্থ খাস মহালের অন্তর্গত নিম্নলিখিত নয়াবাদ তালুকাদি ১৮৯৫ ইং ২৫ মেই শেষ তারিখ সূর্য্যাস্ত পর্য্যন্ত উসুলি বাদে বাকীপড়া মহলাদির বাকী রাজস্ব ও ছেছ আদায়ের নিমিত্ত ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনে ও ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে ১৮৯৫ ইং ১৭ সেপ্টেম্বর তারিখ মোং ১৩০২ বাং ১ আশ্বিন তারিখ রোজ মঙ্গলবার জিলার কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলাম ধরা যাইবে ইতি ১৮৯৫ ইং ৭ আগষ্ট।

নম্বর।	মৌজা মহাল তালুকার নাম।	মালিকের নাম।	লম্বর জমা।		বাকী।	
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।
	থানা রামু মৌজে পাতিলী মাছওয়াখালী মহল নয়াবাদ।					
৩৪।১০১	তালুক সামদ আলী	উজির আলী পিং আনওয়ার আলী চৌং সাং পাতিলী মাছওয়াখালী।	৫১২৸০	১১০।৵০	১২৮৶০	৩৬৸৶৬
	থানা রামু মৌজে খন্দলিয়া মহল নয়াবাদ।					
৫১।১২১	তাং খয়কল্লা	হাব্বান আলী চৌং পিং মহাং হারি সিকদার সাং পাতিলী মাছওয়াখালী।	৬৭৬।৵০	৬৯৸০	২৫৩॥৵৩	২৩।০
	থানা রামু মৌজে ভাবুয়াখালী মহল নয়াবাদ।					
১৪৪।২৫০	তাং মহাংরাজা ...	আনওয়ার আলী চৌং পিং মহাং হারি সিং সাং পাতিলী মাছওয়াখালী ও নাজির আলী পিং আনওয়ার আলী তৎপক্ষে হিতৈষি কাছিম আলী।	৫৫০॥০	১৪১৸৶৬	১৩৭।৵০	৪৭।৴০
	থানা রামু মৌজে বজারিযানালা মহাল নয়াবাদ।					
১৫৬।২৬৪	তাং গোলাম আল'	বদরন্নেজা নাবালক পক্ষে হিতৈষি তস্য মাতা শ্রীমতী জমিলা খাতুন আহাং আবদুলকর্ত্তা সাং উত্তর মিঠাছরি ও মোং নেজামদ্দিন পিং নছরদ্দিন মিঞাজি স্বয়ং মজহরল হক, এজহার, মছউদ, আক্কর কমল ও ওমেদাজান নাবালক পুত্র কন্যার পক্ষে উক্ত মোং নেজামদ্দিন।	৬৭৩৲	৮৬।৶০	১৬৮।০	২৮৸৶৩
	থানা চকরিয়া মৌজে লক্ষারচর মহল নয়াবাদ					
২৬১।২৩৫ ৩২৪।২৫৫	সাবেক তাং মোহনলাল মুকাল হাল তাং ঈশান চন্দ্র বক্সী।	নবীনচন্দ্র চৌং পিং গিরিশ চন্দ্র চৌং সাকিম আনওয়ারা।	১৪৭৪৲	৬৮॥৴০	১০৭৪৲	৪৫॥৶৪

নম্বর।	মৌজা মহাল তালুকার নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।	
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।
২৯৫।২৮২ / ৩৮০	থানা চকরিয়া মৌজে পহর চান্দা মহল নয়াবাদ তাং বিবিস্রাক .	বেণীমাধব সেন পিং ব্রজমোহন সেন ও শ্রীমতী গিরিজা সুন্দরী আহাং প্রাণকৃষ্ণ সেন জানিবে বরদাকিঙ্কর সেন নাবালকের পক্ষে হিতৈষি ও শ্রীমতী কাশীশ্বরী আহাং ঈশান চন্দ্র সেন সাং সারোয়াতলী থানা পটীয়া।	৯৮৫৶০	১৪৯৸৩	১৬৷.)	২১৸৶২
৩০৬।২৯ / ৩৯১	থানা চকরিয়া মৌং বারৈতলী মহল নয়াবাদ তাং আলী মহাং ..	তারাকিঙ্কর পাল পিং রামকান্ত পাল সাং হারভাজ ও আমিন উল্লা পিং মহাং কালু সাং সফকেরালি।	২২৭০।৶৬	৪২৮॥৶০	৮৫১।৶৬	১৪২৸৶৪
৩০৮।২৯৫ / ৩৯৩	থানা চকরিয়া মৌং হারভাজ মহল নয়াবাদ। তাং লালমহাং দারগা . .	শ্রীমতী জামালহোছেন চৌধুরিয়া আহাং মোবারেক আলী খাঁ ও আবদুলজব্বর পিং আবদুল মজিদ জানিবে নাবালক হাসমত উল্লা মোবারেক বক্স আহামদ বক্স পিং কালু চৌং পক্ষে হিতৈষি সাং হারভাজ ও শ্রীমতী জামিনা খাতুন আহাং কালু চৌং সাং হারভাজ।	৯৪১৸৶৬	১৬॥০	১৭৫৶০	২৭৶৯
৩৪০।৮৬৫	থানা চকরিয়া মৌং রাজাখালী মহল নয়াবাদ। তাং হরিদাস বহাদ্দার ...	নিত্যানন্দ রায় পিং সোণাতন রায় সাং হাল সহর প্রেটবাজার।	১১৫৩)	১৮৬॥৬	৩২০)	৬২৶০

CHITTAGONG COLLECTORATE,
The 6th August 1895

J D ANDERSON,
Collector

জিলা ঢাকা।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ১৬ সেপ্টেম্বর তারিখে বেলা ১২ টার সময় নিলাম বিক্রয় করা যাইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৪	পং বন্দরখোলা মঃ মাহাম্মদ রেজা।	১৬৭০ ৸৶১০॥	....	অবশিষ্ট	শশিকুমার পোদ্দার	৯১৬॥৶২৸	.	৬৬৴৪৸
৮৬৬০	তং আমিরাবাদ	৭৬০।১॥	ষোল আনী		মেঃ জিএল গার্থসাহেব ম্যানেজার পক্ষে ব্রজেন্দ্র কুমার রায় চৌধুরি গং।	...	৬৫৸৩	..
৮৭৬৪ / তৃতীয় খণ্ড।	পং জাহাঙ্গির নগর চর কামরাঙ্গী।	৬১২)	ঐ		গোবিন্দচন্দ্র দাস.		১৫২৸৶১১	...
৯৭৬২	পং বরদাখাত চর দেলওয়ারপুর।	৪১৯৬	.	.	বেঙ্গু চন্দ্র সাহা গং		৫৭৸০	

টীকা—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

DACCA COLLECTORATE,
The 7th August 1895

OKHOY COOMAR SEN,
for Collector.

জিলা ফরিদপুর।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৭ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকা রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ১৬ সেপ্টেম্বর তারিখে বেলা ১১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫। ২ আগষ্ট।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩৮৭০	পং ঘটকপুর তাং রায়প্রসাদ রায়।	৫২৪৮৯॥	ষোল আনা	......	হরকুমার রায় চন্দ্রকুমার রায় গয়রহ।	.	৬১৮৵৬॥	.
৬৩৮৯	পং রাজনগর মহাল হোশনাবাদ।	৭৯৪৻	ঐ	... .	প্রসন্নকুমার চৌধুরী		১৯৮৻	...
৬৪৪৮	পং জালালপুর মহাল তাজপুর।	১১৭১৻	ঐ	..	পার্ব্বতীচরণ রায় এয়াকুতন্নেছা বিবি গয়রহ।	..	২৯৩৻	...
৬৫০০	পং জালালপুর মহাল নাড়িকেল বাড়ীয়া।	৩৫৫৯৻	ঐ	.	কৈলাস চন্দ্র চৌধুরী দয়দাকণ্ঠ চৌধুরী গয়রহ।	...	১০৻	...
৬৫১৩	পং মুকুন্দপুর মহাল গোপালপুরের অতিরিক্ত পয়স্তী।	৮০১৻	ঐ		প্রসন্নকুমার সেন .		২০১৻	...
৬৫১৮	পংহাবিলী তপেপ মামুদপুর শালেপুরের অতিরিক্ত পয়স্তী।	১০৪৭৻	ঐ		ঐ	..	২৬২৻	...

টীকা—যে স্থলে উপরের লিখিত বর্ণমাপত্রের ৫ ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J L Herald,
Offg Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইশাহারা জানান যাইতেছে যে ১৮৯৫ ইং ২৫শে মে শেষ তারিখের বাকী পড়া ৫০০৲ টাকার ঊর্দ্ধ জমার নওয়াবাদ তালুকার বাকী খাজানা ও ছেছ আদায়ের নিমিত্ত ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মমতে ১৮৯৫ ইং ১৭ই সেপ্টেম্বর মোতাবেক ১৩০২ বাং ১ আশ্বিন রোজ মঙ্গলবার পূর্ব্বে জিলার কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে ধরা যাইবে ইতি ১৮৯৫ ইং তারিখ ৫ই আগষ্ট।

ক্রমিক নম্বর।	তালুকের নম্বর।	মৌজা, থানা, মহল ও তালুকের নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।			মন্তব্য।
				খাজানা।	ছেছ।	খাজানা।	ছেছ।	মোট।	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	৪৮১৮ ২৩৮৭৮ ৫৮৮ ১৫৪৮	মৌজে জুজখলা থানা ফটীকছরা মহল নওয়াবাদ। তাং এয়ার আলী খাঁ হাং তাং ওবেদর রহমান খাঁ।	ওবেদর রহমান খাঁ পিতা তোরাপ আলী খাঁ সাং পাচালাইস ও মেহের আলী খাঁ সাং ঐ।	২৩৪৪	১৬৬৸০	১৭৯৲	৭৬৷৵০	২৫৫৷৵০	

J. D Anderson,
Collector

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates per four-ounce tin, *Rs* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs* 5; per pound tin, *Rs* 10 The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates per four-ounce tin, *Rs* 3; per eight-ounce tin, *Rs* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta Postage—Four annas per 4 *oz* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates

---

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতায় বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
৷৷ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷০
। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengal Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage . ..	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ..	0	1	0	
Parts III, IV, V, and VI . ..	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage

E. N Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) .	,,	৪৲
ডাকমাশুল .. .	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য . .	,,	।০
ডাকমাশুল		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt of Bengal.

12th December 1882.

Note.—*Rates of advertisements in the* Calcutta Gazette.

				Rs.
Full page, per issue	...	...	...	20 .
Half " "	..	...	..	10

Casual advertisement—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এঁং গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

ইহাদ্বারা জানান যাইতেছে যে ১৮৯৫ ইং ২৫শে মে শেষ তারিখের বাকী পড়া ৫০০, টাকার ঊর্দ্ধ জমার নওয়াবাদ তালুকার বাকী খাজানা ও ছেছ আদায়ের নিমিত্ত ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মমতে ১৮৯৫ ইং ১৭ই সেপ্টেম্বর মোতাবেক ১৩০২ বাং ১ আশ্বিন রোজ মঙ্গলবার ধার্য্যে জিলার কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে ধরা যাইবে ইতি ১৮৯৫ ইং তারিখ ৫ই আগষ্ট।

ক্রমিক নম্বর।	তালুকের নম্বর।	মৌজা, থানা, মহল ও তালুকের নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।			মন্তব্য।
				খাজানা।	ছেছ।	খাজানা।	ছেছ।	মোট।	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	৪৮১৪ / ২৩৮৭৮ / ৫৮৮ / ১৫৪৮	মৌজে জুজখোলা থানা ফটীকছরী মহল নওয়াবাদ! তাং এয়ার আলী খাঁ হাং তাং ওবেদর রহমান খাঁ।	ওবেদর রহমান খাঁ পিতা তোরাপ আলী খাঁ সাং পাচালাইস ও মেহের আলী খাঁ সাং ঐ।	২৩৪৪,	১৬৬৸০	১৭৯,	৭৬৷৶০	২৫৫৷৶০	

J. D. ANDERSON,
Collector.

জেলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৭ই অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২১ আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়ী রূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা যাহা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে। (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যত দূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রুঃ পোঃ	টাকা আনা পাই	
১২২নং	চক শুকুর পং বিষ্ণুপুর ...	০ ০ ৩৮	৩ ০ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া
তারিখ ৩০শে আগষ্ট ১৮৯৫ সাল।

E. M. Konstam,
Collector.

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিন সদিষ্টা মৌজাতে ১৮৯৫ সনের ১১ই অক্টোবর তারিখে মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৫শে আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজীব নম্বব।	মহাল ও পবগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টেব বাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রু পোঃ গজ	টাকা আনা পাই।	
১০২২	সদিষ্টা মৌজার পুরাতন রাস্তার জমি—পং বিষ্ণুপুর।	১—২—১৪—১০	৭ ৶ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া,
জেলা বাঁকুড়া,
তারিখ ২৭শে আগষ্ট ১৮৯৫ সাল।

E. M KONSTAM,
Collector.

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৭ অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২১ আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম।—নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়ীরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দখল হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন এক দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রোঃ পোঃ	টাকা আনা পাই	
১২৩	চক খুকুর পং বিষ্ণুপুর ...	২—০—০	১২ ৶ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া,
জেলা বাঁকুড়া,
তারিখ ২৯ আগষ্ট ১৮৯৫ সাল।

E. M. Konstam,
Collector.

জেলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৭ই অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৭ আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়ীরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া আনাদায়কারি খরিদদারের দায়ীতে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।			গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।			মন্তব্য।
		এঃ	কঃ	পোঃ	টাকা	আনা	পাই	
৪৬০ নং	পলাশডাঙ্গা পং বিষ্ণুপুর ...	০	১	৩২	০	॥	০	খরিদদারের নিষ্কর স্বত্ব হইবে।

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া
তারিখ ২৯ আগষ্ট ১৮৯৫ সাল।

E. M KONSTAM,
Collector.

জেলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরেজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৯ অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৩ আশ্বিন তারিখে ৪টার সময় প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার উর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস, কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এ. রো: পো:	টা আ প:	
	পরগনে ছাতনার সামিল ঘোরামৌলি কামারকুলি মৌজার মধ্যে ১৬ দাগ জমি যাহাতে দায়ীক দামুমণী দেব্যার অংশ /১২ গণ্ডা সরকার বাহাদুর দেওয়ানি নিলামে খাস ডাকে খরিদ করিয়া দখলীকার আছেন।	২ ০ ০	৮ ৶ ০	এই ১৬ দাগের মধ্যে ৪ দাগ জমাই জমি ও ৩ দাগ পঞ্চকি ব্রহ্মত্তর যাহার বাৎসরিক খাজনা ২৶৩ টাকা মালিয়াড়া সাকিমের যজ্ঞেশ্বর ও গদাধর, ও কিশোরিমোহন বন্দ্যোপাধ্যায়কে দিতে হয় আর ১ দাগ পঞ্চকি ব্রহ্মত্তরের বাৎসরকি পঞ্চক /৯ পরগনা ছাতনার জমিদারকে দিতে হয় অবশিষ্ট ৮ দাগ নিষ্কর ব্রহ্মত্তর।

কালেক্টরের কাছারি
জেলা বাকুড়া
তারিখ ২৭ আগষ্ট ১৮৯৫।

O C Bose,
for Collector.

জিলা বাকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জিলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরেজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৯ অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৩ আশ্বিন তারিখে ১২ টার সময় প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালে খরিদদারকে ইহার মালিকি স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবেক এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক. নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	একরের হিসাবে যত দূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এ: রো: পো:	টা: আ: পা:	
১০৪২	গোপালপুর মৌজায় ৶৪ গণ্ডা অংশ পং ছাতনা।	১০ ০ ০	১ ৶ ৩	

কালেক্টরের কাছারি
জেলা বাঁকুড়া,
তারিখ ২৩ আগষ্ট ১৮৯৫।

O. C. Bose,
for Collector.

জিলা নদীয়া।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৭ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবহারক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সালের। ৫ই অক্টোবর তারিখে বেলা ১১ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৪৫	চর নওপাড়া পং উখড়া তরফ শান্তিপুর।	১৪৬৯।৵৫	সম্পূর্ণ	......	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায়, রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, ভগবতীচরণ বন্দ্যোপাধ্যায়, হরিচরণ বন্দ্যোপাধ্যায়, সত্যজীবন বন্দ্যোপাধ্যায়, হরসুন্দরী দেবী।	......	৩৬৮।৵৬	......
১১৭	ডিহি চণ্ডী পং পাজনৌর।	১০২৪৬৵৮	......	$\frac{১১৭}{৪}$ নং হকম /২৷৷/১৫ এক আনা দুই গণ্ডা দুই কড়া এক কাগ ও পনর তিল।	অনাথ নাথ বসু, নীল রতন বসু।	৭২৩।৴০	.	৪৬৷৷৯

M. N Bhattacharjee,
for Collector

জিলা বৰ্দ্ধমান।—নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বৰ্দ্ধমান জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বৰ্দ্ধমান জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৫ই অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৯শে আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্বরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হই যাছে।	মন্তব্য।
		একর রুড পোল		
২৬৪৮	বেলসর পরগনা খণ্ডঘোষ ..	০—৩—৩৬	০	
৪২৩২	বিল্বপাড়া পরগনা অম্বিকা	১—১—২৪	০	
৬৩২০	পাচরথী পরগনা জাহাঙ্গিরাবাদ .	৪—০—১৭	১৫।৬	
২১	কাটাখাল পরগনা কুবাজপুর ..	১১—২—২৮	৪৭৶৬	
৬৩২২	আটঘরিয়া পরগনা রানিহাটী ..	১০—০—৩৮	৪৩৵৯	
১৯৩	মাণিকবাটী পরগনা মামদানিপুর	৮৮—১—২১	১৬৮৷৷৯	
৬৩৬০	পাটুলী পরগনা রানিহাটী ..	১০—১—১২	১৪।৵৯	

কালেক্টরের কাছারি
জেলা বৰ্দ্ধমান
তারিখ ৭ই সেপ্টেম্বর ১৮৯৫ সাল।

J. Windsor,
Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce *tin*, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতায় বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
৷৷ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷০
। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance.—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum
Postage .	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে		টাকা।০
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাসুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাসুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাসুল		✓০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		✓০ ৪ পৃষ্ঠার উপর যত০ অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাসুল		✓০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

O. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal

12th December 1882.

Note —*Rates of advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half ,, ,, ...	10

Casual advertisement—4 annas per line

বিজ্ঞাপন ।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এক মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল ।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল ।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না ।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে ।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী ।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর ।

মন্তব্য ।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই ।—

					টাকা ।
পূরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের	...	.	..	...	২০৲
আধ পৃষ্ঠা	...	..	...	...	১০৲
কখন কখন ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে এক পংক্তি	..		..	...	।০

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat

N B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে ।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা ।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা ।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন ।

মন্তব্য ।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে ।

বিজ্ঞাপন ।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে ।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায় ।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্য শ্রীযুত জেমস পেটী সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল ।

B 74a—9-9-95—1766—180

Numb. 2929 [২৯২৯] REGISTERED No 3

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 17, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৭ সেপ্টেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 312*T.M.*—*The* 6*th September* 1895.—Whereas a notification No. 8618., dated the 4th March 1895, was published at page 48, Part IB of the *Calcutta Gazette* of the 6th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of the Bengal Vaccination Act V of 1880, as amended by Bengal Act II of 1887, to the land situated within the Bengal-Nagpur Railway boundary from mile 421·368 west of Nimidh Nala to mile 620·75 where the line crosses the Damodar river within the jurisdiction of the Commissioner of the Chota Nagpur Division, and whereas no objection has been raised to the proposal within six weeks from the date of the publication of the above notification within the area specified, it is hereby notified for general information that in the exercise of the power vested in the Local Government by section 1 of Act V of 1880, the Lieutenant-Governor sanctions the extension of the provisions of the Act to the said area.

H. H. Risley,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 323*T.M.*—*The* 6*th September* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Basirhat Municipality, in the district of the 24-Parganas, made at a meeting, to extend the provisions of Part IX of the said Act to the portion of the above Municipality specified below, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

That portion of the Municipality which is bounded on the north by the river Jehamati and Jehapur khal; on the east by a straight line commencing from the Itenda road on the north of the Indigo factory at Naihati to the Taki road on the south; and on the south and west by the Taki road.

H. H. Risley,
Secy. to the Govt. of Bengal

NOTIFICATION.

No. 329*T.M.*—*The* 6*th September* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Benga Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Basirhat Municipality, in the district of the 24-Parganas, made at a meeting, to extend the provisions of sections 224 to 232, 261, 262, 266, 269, clauses 1 to 4 of section 270, section 271, clauses 1 and 2 of section 272, clauses 2 and 3 of section 273, sections 277 and 278 of Part VI, and all the provisions of Part X of the said Act to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

H. H. Risley,
Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৩১২ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ৬ সেপ্টেম্বর।—ছোট নাগপুর খণ্ডের কমিশনর সাহেবের বিচারাধিকারের অন্তর্গত বেঙ্গল নাগপুর রেলওয়ের সীমার নিমিধ নালার পশ্চিম ৪১১.৩৬৮ মাইল হইতে ৬২০.৭৫ মাইল পর্য্যন্ত অর্থাৎ যে স্থানে লাইন দামোদর নদ পার হয় তদন্তর্গত ভূমিতে ১৮৮৭ সালের বঙ্গীয় ২ আইনদ্বারা সংশোধিত বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের ৫ আইনের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ৪ মার্চ তারিখের ৮৬১ এস, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ৬ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৪৮ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন নির্দ্দিষ্ট স্থানের মধ্যে প্রকাশ করিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৮০ সালের ৫ আইনের ১ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তদনুসারে কার্য্য করিয়া উক্ত স্থা ন উক্ত আইনের বিধান প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৩২৩ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ৬ সেপ্টেম্বর।——সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাট মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত মুনিসিপালিটীর নিম্ননির্দ্দিষ্ট অংশে উক্ত আইনের নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

উক্ত মুনিসিপালিটীর যে অংশের উত্তর সীমা জেহামতী নদী ও জেহাপুর খাল, পূর্ব্বসীমা নৈহাটীস্থ নীলকুঠীর উত্তরদিকে ইটেণ্ডা পথ হইতে আরম্ভ হইয়া দক্ষিণদিকে টাকী পথ পর্য্যন্ত সরল রেখা এবং দক্ষিণ ও পশ্চিম সীমা টাকী পথ সেই অংশে।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৩২৯ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ৬ সেপ্টেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাট মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তি সিদ্ধি বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং বশীরহাট মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের ২২৪ হইতে ২৩২ পর্য্যন্ত, ও ২৬১, ২৬২, ২৬৬ ও ২৬৯ ধারার এবং ২৭০ ধারার ১ হইতে ৪ পর্য্যন্ত প্রকরণের ও ২৭১ ধারার ও ২৭২ ধারার ১ ও ২ প্রকরণের ও ২৭৩ ধারার ২ ও ৩ প্রকরণের ও ২৭৭ ও ২৭৮ ধারার বিধান এবং দশম পরিচ্ছেদের সমুদয় বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

NOTIFICATION.

No. 348*T.M.*—*The 7th September* 1895.—Whereas a notification No. 2118M., dated the 1st June 1895, was published at page 111, Part IB of the *Calcutta Gazette* of the 5th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of sections 224 to 229, 232 to 235, 261 to 264, 266, 269, 270, 271, 272, 273 and 277 of Part VI of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, to the Lohardaga Municipality in the district of Lohardaga, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Lohardaga Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said Municipality.

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

৩৪৮ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ৭ সেপ্টেম্বর।—লোহারডগা জিলার অন্তর্গত লোহারডগা মুনিসিপালিটীতে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ষষ্ঠ পরিচ্ছেদের ২২৪ হইতে ২২৯ পর্য্যন্ত ও ২৩২ হইতে ২৩৫ পর্য্যন্ত ও ২৬১ হইতে ২৬৪ পর্য্যন্ত ও ২৬৬, ২৬৯, ২৭০, ২৭১, ২৭২, ২৭৩, ও ২৭৭ ধারার বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ১ জুন তারিখের ২১১৮ এম, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ৫ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডে ১১১ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং লোহারডগা মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত সকল বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ১৭ সেপ্টেম্বর।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১৯এ এপ্রেল তারিখে শ্রীযুত মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ২১এ মে তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশিত করা গেল :—

১৮৯৫ সালের ৩ আইন।

বঙ্গদেশে প্রজাই-স্বত্বের লিখন রক্ষা করিবার জন্য এবং ক্ষেত্রওয়ারি জরীপ ও বন্দোবস্তের খরচ আদায় করিবার জন্য বিধান করণার্থ আইন।

সূচী।

প্রথম ভাগ।

উপক্রমণিকা।

দ্বিতীয় ভাগ।

খারিজ দাখিল রেজিষ্টরী করিবার কথা।

An Act to provide for the maintenance of Records of Tenant-rights in Bengal, and for the recovery of the cost of Cadastral Surveys and Settlements

তৃতীয় ভাগ।

জরীপের এবং স্বত্বের লিখন প্রস্তুত করিবার খরচ আদায় করিবার কথা।

চতুর্থ ভাগ।

বিবিধ কথা।

১৮৯৫ সালের ৩ আইন।

বঙ্গদেশে প্রজাই-স্বত্বের লিখন রক্ষা করিবার জন্য এবং ক্ষেত্রওয়ারি জরীপ ও বন্দোবস্তের খরচ আদায় করিবার জন্য বিধান করণার্থ আইন।

সূচনা। বঙ্গদেশে প্রজাই-স্বত্বের লিখন ও বন্দোবস্তের লিখন রক্ষা করিবার জন্য বিধান করা এবং ক্ষেত্রওয়ারি জরীপ ও বন্দোবস্তের খরচ আদায় করিবার একটী বৈকল্পিক উপায়ের বিধান করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল :—

প্রথম ভাগ।

উপক্রমণিকা।

সংক্ষিপ্ত নামের কথা। ১ ধারা। (১) এই আইনটীকে "ভূমির লিখন রক্ষাকরণ বিষয়ক ১৮৯৫ সালের আইন" বলা যাইতে পারিবে।

ব্যাপ্তির কথা। (২) বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনের দশম অধ্যায়ানুসারে কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত অন্য কোন আইনানুসারে ক্ষেত্র জরীপ ও স্বত্বের লিখন করা হইয়াছে এমন যে সকল জেলায় বা জেলার অংশে স্থানীয় গবর্ণমেন্ট সময়ে সময়ে কলিকাতা গেজেটে আদেশ প্রকাশিত করিয়া ইহা খাটাইয়া দেন ইহা কেবল সেই সকল জেলায় বা সেই সকল জেলার অংশে প্রবল হইবে।

আরম্ভ হইবার কথা। এবং তখন এই আইন যে দিবসে আরম্ভ হইবে বলিয়া ঐ আদেশে লিখিত হয় ইহা সেই দিবসে ঐ আদেশে যে সকল জেলার বা যে সকল জেলার অংশের নাম লিখিত থাকে তথায় আরম্ভ ও প্রবল হইবে।

অর্থ করণের ধারা। ২ ধারা। (১) বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনে যে যে শব্দের ও সংযুক্ত শব্দাবলীর যে যে অর্থ নির্দ্দেশ করা হইয়াছে এই আইনে সেই সেই শব্দেরও সংযুক্ত শব্দাবলীর যথাক্রমে সেই সেই অর্থ করিতে হইবে এবং রেজিষ্টরীকরণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনে "উপরি বর্ণনা" এই শব্দগুলির যে অর্থ নির্দ্দেশ করা হইয়াছে, এই আইনে ঐ শব্দগুলির সেই অর্থ করিতে হইবে।

(২) "স্বত্বের লিখন" বলিতে খতিয়ান নামক প্রজাই-স্বত্বের বন্দোবস্তের লিখনকে কিম্বা এই আইনানুসারে প্রণীত বিধিক্রমে ঐ লিখনের যে নূতন সংস্করণ প্রস্তুত করা যায় তাহাকে কিম্বা রেবিনিউ বোর্ড তদনুরূপ অন্য যে প্রজাই-স্বত্বের লিখনকে কোন জেলা বা জেলার অংশের নিমিত্ত স্বত্বের লিখন বলিয়া ব্যক্ত করেন সেই লিখনকে বুঝাইবে। স্বত্বের লিখন বলিতে খারিজ দাখিলের রেজিষ্টরী বহিতে যথাযথরূপে যে সকল দফা লিখিত হয় তাহাকেও বুঝাইবে।

দ্বিতীয় ভাগ।

খারিজ দাখিল রেজিষ্টরী করিবার কথা।

খারিজ দাখিলের রেজিষ্ট্রারদিগের কথা। ৩ ধারা। রেজিষ্টরীকরণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনক্রমে নিযুক্ত সব-রেজিষ্ট্রারেরা এই আইনমত খারিজ দাখিলের রেজিষ্ট্রার হইবেন।

রেজিষ্টরী বহির কথা। ৪ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে সকল রেজিষ্টরী বহি নির্দ্দিষ্ট হয় খারিজ দাখিলের রেজিষ্ট্রার সেই সকল রেজিষ্টরী বহি রাখিবেন। তন্মধ্যে সব-ডিষ্ট্রিক্টের সীমার অন্তর্গত প্রত্যেক গ্রামের জন্য একখানি খারিজ দাখিলের রেজিষ্টরী বহি থাকিবে। যে সকল পরিবর্ত্তনে ঐ গ্রামের স্বত্বের লিখনের পরিবর্ত্তন ঘটায় ঐ বহিতে তাহা লিখিতে হইবে। রেবিনিউ বোর্ড স্থানীয় গবর্ণমেন্টের মঞ্জুরি লইয়া সময়ে সময়ে যে সকল বিবরণের নির্দ্দেশ করেন তাহা ঐ সকল রেজিষ্টরী বহিতে থাকিবে।

ভূম্যধিকারীদিগের বিবরণপত্রের কথা। ৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেন্ট তদর্থে কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশিত করিলে, প্রত্যেক ভূম্যধিকারী বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যে সব ডিষ্ট্রিক্টে তাঁহার প্রজাদিগের জমি থাকে তদন্তর্গত খারিজ দাখিলের রেজিষ্ট্রারের আপিসে স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক যে ফারম নির্দ্দিষ্ট হইবে সেই ফারমে একখানি বিবরণপত্র দাখিল করিবেন। এবং ঐ বিবরণপত্রে স্বত্বের লিখন প্রস্তুত হইবার পর অথবা শেষ বিবরণপত্র দাখিল করিবার পর হস্তান্তর বা উত্তরাধিকার সূত্রে তাঁহার প্রজাদিগের স্বত্বের কোন পরিবর্ত্তন ঘটিয়া থাকিলে সেই পরিবর্ত্তন তাঁহার জ্ঞান ও বিশ্বাস মতে যথার্থরূপে দেখাইবেন।

(২) জেলার কালেক্টর ঐ বিজ্ঞাপনের একখণ্ড নকল ঐ কালেক্টরের আপিসের কোন প্রকাশ্য স্থানে, ঐ জেলার মধ্যস্থিত প্রত্যেক দেওয়ানী আদালতে, প্রত্যেক পুলিস ষ্টেশনে এবং প্রত্যেক মহকুমার কর্ম্মচারীর আপিসে লটকাইয়া দিয়া এবং স্থানীয় গবর্ণমেন্ট সময়ে সময়ে অন্য যে প্রকারে আদেশ করেন সেই প্রকারে উহা প্রকাশিত করাইবেন।

খারিজ দাখিলের রেজিষ্ট্রারকে হস্তান্তর বা উত্তরাধিকারের নোটিস দিবার কথা। ৬ ধারা। যে কোন মধ্যস্বত্বাধিকারী, মোকররী হারে অধিকারী রায়ত বা দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপন মধ্যস্বত্ব বা যোত বা উহার কোন অংশ হস্তান্তর করেন এবং যে কোন ব্যক্তি হস্তান্তরের দরুন বা চরমপত্রানুসারে হউক বা না হউক উত্তরাধিকার সূত্রে মধ্যস্বত্বাধিকারীরূপে, মোকররী হারে অধিকারী রায়তরূপে বা দখলীস্বত্ববিশিষ্ট রায়তরূপে কোন মধ্যস্বত্ব বা যোত দখল করিতেছেন বলিয়া

দাবী করেন তিনি যে তারিখে দখল দিলেন বা স্থলভেদে দখল লইলেন সেই তারিখ হইতে চারি মাসের মধ্যে যে জমি সম্বন্ধে নোটিস দিতে হইবে খারিজ দাখিলের যে রেজিষ্ট্রারের সব ডিষ্ট্রিক্টের মধ্যে সেই জমির সমস্ত বা কোন অংশ থাকে সেই রেজিষ্ট্রারের নিকট তাঁহার আপিসে ঐ বিষয়ের নোটিস দিবেন।

কিন্তু নির্দ্দিষ্ট সময় অতীত হইলেও এই ধারানুযায়িক নোটিস লওয়া যাইতে পারিবে।

এবং কোন ব্যক্তি এই ধারানুসারে যথাযথরূপে নোটিস দিলে অপর সকল ব্যক্তি ঐ একই হস্তান্তর বা উত্তরাধিকার সম্বন্ধে নোটিস দিবার দায় হইতে নিষ্কৃতি পাইবে।

এবং যে দস্তাবেজের ফলে কোন প্রজাই-স্বত্ব হস্তান্তরিত হয় তাহা রেজিষ্টরীকরণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনের বিধানানুসারে রেজিষ্টরী করা হইলে এই ধারানুসারে ঐ একই হস্তান্তর সম্বন্ধে নোটিস দিবার দায় হইতে সকল ব্যক্তিই নিষ্কৃতি পাইবে।

নোটিসে কি কি থাকিবে তাহার কথা।

৭ ধারা। নোটিসে—

(ক) হস্তান্তরের স্থলে, হস্তান্তরকারীর ও যাঁহার প্রতি হস্তান্তর করা যায় তাঁহার নাম, কিম্বা উত্তরাধিকারের স্থলে, মৃত ব্যক্তির ও তাঁহার উত্তরাধিকারীর নাম,

(খ) যে স্বার্থ হস্তান্তরিত বা অর্জ্জিত হয় তাহার প্রকৃতি কিরূপ হহার উল্লেখ,

(গ) স্বত্বের লিখনে যে জমি লিখিত থাকে তাহার জরিপী নম্বর, এবং

(ঘ) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে আর যে সকল বিশেষ বিবরণের নির্দ্দেশ করেন তাহা —থাকিবে।

হস্তান্তরকারী বা যাঁহার প্রতি হস্তান্তর করা যায় তাঁহার নিকট হইতে নোটিস পাইলে রেজিষ্ট্রারের কর্ত্তব্যের কথা।

৮ ধারা। (১) হস্তান্তরকারী বা যাঁহার প্রতি হস্তান্তর করা যায় তাঁহার নিকট হইতে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে হউক বা না হউক ৬ ধারানুসারে নোটিস পাইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার হস্তান্তরকারী ও যাঁহার প্রতি হস্তান্তর করা যায় তাঁহারা উভয়েই কিম্বা হস্তান্তরের পর ঐ দুই পক্ষের মধ্যে এক পক্ষের মৃত্যু হইলে সেই পক্ষের স্থলাভিষিক্ত ব্যক্তি ও অপর পক্ষ কিম্বা দুই পক্ষেরই মৃত্যু হইলে তাঁহাদের স্ব স্ব স্থলাভিষিক্ত ব্যক্তি হস্তান্তর স্বীকার করেন কি না তাহা নির্ণয় করিবেন এবং যদি হস্তান্তরকারী ও যাঁহার প্রতি হস্তান্তর করা যায় তাঁহারা উভয়েই অথবা তাঁহাদের স্ব স্ব স্থলাভিষিক্ত ব্যক্তিরা হস্তান্তর স্বীকার করেন তাহা হইলে তাঁহার সম্মুখে যাঁহারা উপস্থিত হন তাঁহারাই যে ঠিক্ সেই সেই ব্যক্তি ইহা আপন হৃদ্বোধমতে বুঝিবার পর ঐ নোটিসের পৃষ্ঠে নিম্নলিখিত বিবরণগুলি লিখাইবেন, অর্থাৎ :—

(ক) হস্তান্তর স্বীকারকারী প্রত্যেক ব্যক্তির স্বাক্ষর ও উপরি বর্ণনা এবং ঐ হস্তান্তর কোন ব্যক্তির স্থলাভিষিক্ত বা এজেণ্ট দ্বারা স্বীকৃত হইলে ঐ স্থলাভিষিক্ত বা এজেণ্টের স্বাক্ষর ও উপরি বর্ণনা লিখাইবেন;

(খ) ঐ হস্তান্তর উপলক্ষে খারিজ দাখিলের রেজিষ্ট্রারের সম্মুখে কোন টাকা দেওয়া হইলে বা দ্রব্য অর্পণ করা হইলে তাহা এবং ঐ হস্তান্তর উপলক্ষে যে মূল্য দেওয়া হয় তাঁহার সম্মুখে তাহার পুরাপুরি বা আংশিক প্রাপ্তির স্বীকার করা হইলে তাহা লিখাইবেন;

এবং এই পৃষ্ঠলিপিতে তারিখ ও নিজের স্বাক্ষর যোগ করিবেন।

এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে বিধিক্রমে যে প্রকারে নির্দ্দেশ করেন সেই প্রকারে খারিজ দাখিলের রেজিষ্টরী বহিতে ঐ হস্তান্তর রেজিষ্টরী করিবেন।

(২) আবশ্যক হইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার হস্তান্তরকারী বা যাঁহার প্রতি হস্তান্তর করা যায় তাঁহাদের উভয়কে বা একজনকে বা তাঁহাদের স্ব স্ব স্থলাভিষিক্ত ব্যক্তিকে একই সময়ে বা ভিন্ন ভিন্ন সময়ে তাঁহার আপিসে উপস্থিত হইবার জন্য সমন দিতে পারিবেন।

কিন্তু যে ব্যক্তি—

(ক) আইনানুসারে আদালতে স্বয়ং উপস্থিত হইবার দায় হইতে নিষ্কৃতি প্রাপ্ত,

(খ) শারীরিক অক্ষমতা প্রযুক্ত বিপদ সম্ভাবনা বা বিশেষ অসুবিধা ব্যতিরেকে আপিসে উপস্থিত হইতে অপারগ, কিম্বা

(গ) দেওয়ানী বা ফৌজদারী পরওয়ানাক্রমে কারাবদ্ধ—

তাঁহার উপর সমন দিবার পরিবর্ত্তে নিজে যাইয়া তাঁহার এজাহার লইবেন অথবা তাঁহার এজাহার লইবার জন্য কমিশন বাহির করিবেন।

উত্তরাধিকারির নিকট হইতে নোটিস পাইলে রেজিষ্ট্রারের কর্ত্তব্যের কথা।

৯ ধারা। উত্তরাধিকার সূত্রে দাবী করেন এমন কোন ব্যক্তির নিকট হইতে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে হউক বা না হউক ৬ ধারানুসারে নোটিস পাইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার সেই ব্যক্তি যে ঠিক লোক ইহা আপন হৃদ্বোধমতে বুঝিবার পর ও ঐ নোটিসের পৃষ্ঠে ঐ ব্যক্তির স্বাক্ষর ও উপরি বর্ণনা লিখাইবার পর যে জমি দাবি করা হয় তাহা যে গ্রামে অবস্থিত সেই গ্রামে ঢেঁড়া পিটাইয়া ও তাহার কোন প্রকাশ্য স্থানে একখানি নোটিস লটকাইয়া যে কোন ব্যক্তি ঐ উত্তরাধিকার অস্বীকার করিতে ইচ্ছা করেন তাঁহাকে শেষোক্ত নোটিসের তারিখ হইতে এক মাসের মধ্যে তাঁহার

আপিসে তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া ঐরূপ অস্বীকার করিতে আদেশ করিবেন। এবং যদি ঐ সময়ের মধ্যে কেহ উপস্থিত হইয়া উত্তরাধিকার অস্বীকার না করে, তাহা হইলে তিনি ঐ বিষয় নোটিসের পৃষ্ঠে লিখিবেন ও ঐ পৃষ্ঠলিপিতে তারিখ ও নিজের স্বাক্ষর সংযোগ করিবেন। এবং স্থানীয় গবর্ণমেন্ট সময়ে সময়ে বিধিক্রমে যে প্রকারে নির্দ্দেশ করেন সেই প্রকারে ঐ উত্তরাধিকার খারিজ দাখিলের রেজিষ্টরী বহিতে রেজিষ্টরী করিবেন।

এজেন্ট দ্বারা উপস্থিত হইবার কথা।

১০ ধারা। ৮, ৯ এবং ১২ ধারায় যাহা আছে তাহা সত্ত্বেও কোন ব্যক্তি পশ্চাল্লিখিত প্রকারে লিখিয়া দেওয়া ও সহি মোহরযুক্ত মোক্তারনামাক্রমে যথাযথরূপে ক্ষমতাপ্রাপ্ত এজেন্ট দ্বারা খারিজ দাখিলের রেজিষ্ট্রারের আপিসে উপস্থিত হইতে পারিবেন।

মোক্তারনামার কথা।

১১ ধারা। (১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার প্রয়োজনার্থ এই স্থলে যে মোক্তারনামার উল্লেখ আছে কেবল তাহাই গ্রাহ্য হইবে, অর্থাৎ—

(ক) মোক্তারনামা লিখিয়া দিবার সময়ে যদি প্রধান পক্ষ বৃটিস ভারতবর্ষে বাস করিতে থাকেন তাহা হইলে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে অথবা রেজিষ্টরীকরণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনের ৬ ধারানুসারে নিযুক্ত যে রেজিষ্ট্রার বা সব-রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্ট বা সব-ডিষ্ট্রিক্টের মধ্যে প্রধান পক্ষ বাস করেন সেই রেজিষ্ট্রার বা সব-রেজিষ্ট্রারের সম্মুখে লিখিত ও সেই মাজিষ্ট্রেট বা রেজিষ্ট্রার বা সব-রেজিষ্ট্রারের দ্বারা সহিমোহরযুক্ত মোক্তারনামা।

(খ) যদি পূর্ব্বোক্ত সময়ে প্রধান পক্ষ বৃটিস ভারতবর্ষে বাস না করেন, তাহা হইলে কোন নোটারি পবলিক্, কিম্বা আদালত কিম্বা জজ, কিম্বা মাজিষ্ট্রেট, কিম্বা বৃটিস কন্সল বা বাইস কন্সল, বা শ্রীশ্রীমতীর অথবা ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রতিনিধির সম্মুখে লিখিত ও ঐ নোটারি পবলিক্ বা আদালত, বা জজ, বা মাজিষ্ট্রেট, বা বৃটিস কন্সল বা বাইস-কন্সল, বা শ্রীশ্রীমতীর বা ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রতিনিধির দ্বারা সহিমোহরযুক্ত মোক্তারনামা।

কিন্তু নিম্নলিখিত ব্যক্তিগণকে এই ধারার (ক) দফায় যে মোক্তারনামার উল্লেখ আছে তাহা লিখিয়া দিবার নিমিত্ত কোন আপিসে বা আদালতে উপস্থিত হইতে হইবে না, অর্থাৎ—

আইনানুসারে আদালতে স্বয়ং উপস্থিত হইবার দায় হইতে যাঁহারা নিষ্কৃতি প্রাপ্ত;

যাঁহারা শারীরিক অক্ষমতা প্রযুক্ত বিপদ সম্ভাবনা বা বিশেষ অসুবিধা ব্যতিরেকে ঐরূপে উপস্থিত হইতে অপারগ, এবং

যাঁহারা দেওয়ানী বা ফৌজদারী পরওয়ানাক্রমে কারাবদ্ধ।

(২) এইরূপ প্রত্যেক স্থলে ঐ কর্ম্মচারির যদি এরূপ প্রতীতি হয় যে, যে ব্যক্তি প্রধান পক্ষ বলিয়া প্রকাশ তিনি স্বেচ্ছাক্রমে মোক্তারনামা লিখিয়া দিয়াছেন, তাহা হইলে তিনি সেই ব্যক্তিকে আপিসে বা আদালতে স্বয়ং উপস্থিত হইবার আদেশ না করিয়া ঐ মোক্তারনামা তজ্জদিগ করিতে পারিবেন। স্বেচ্ছাক্রমে লিখিয়া দেওয়া কি না এই বিষয়ের সাক্ষ্য লইবার জন্য ঐ কর্ম্মচারী প্রধান পক্ষ বলিয়া প্রকাশিত ব্যক্তির নিকট যাইয়া তাঁহার এজাহার লইতে পারিবেন অথবা তাঁহার এজাহার লইবার নিমিত্ত কমিশন বাহির করিতে পারিবেন। এই ধারার লিখিত কোন মোক্তারনামা দেখিলেই যদি বোধ হয় যে পূর্ব্বে এতৎপক্ষে যে কর্ম্মচারীর উল্লেখ করা হইয়াছে উহা তাঁহার সম্মুখে লিখিয়া দেওয়া ও তাঁহার সহিমোহরযুক্ত করা হইয়াছে তাহা হইলে সেই মোক্তারনামা অন্য প্রমাণ ব্যতীত উপস্থিত করণ দ্বারাই প্রমাণীকৃত হইতে পারিবে।

সমন ও কমিশন সম্বন্ধে আইনের কথা।

১২ ধারা। দেওয়ানী আদালতের মোকদ্দমায় সমন ও কমিশন সম্বন্ধে ও যে সকল ব্যক্তিকে সমন দেওয়া যায় তাহাদিগকে উপস্থিত হইতে বাধ্য করণ সম্বন্ধে যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহা প্রয়োজনমত পরিবর্ত্তন করিয়া এই আইনানুসারে যে সমন কিম্বা কমিশন বাহির করা যায় তাহার সম্বন্ধে ও যে সকল ব্যক্তিকে সমন দেওয়া যায় তাহাদের সম্বন্ধে খাটিবে।

রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার কারণ লিপিবদ্ধ করিবার কথা।

১৩ ধারা। কোন খারিজ দাখিলের রেজিষ্ট্রার ৬ ধারানুসারে নোটিস পাইলে যে হস্তান্তর বা উত্তরাধিকারসম্বন্ধে ঐ নোটিস দেওয়া হয় যদি তাহা রেজিষ্টরী না করেন, তাহা হইলে তিনি স্থানীয় গবর্ণমেন্ট সময়ে সময়ে যে প্রকারে নির্দ্দেশ করেন সেই প্রকারে সেই কথা ও তাঁহার রেজিষ্টরী না করিবার হেতু লিপিবদ্ধ করিবেন।

হস্তান্তর অস্বীকার করা হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৪ ধারা। যাঁহারা ঐ নোটিসে স্বাক্ষর করিয়াছেন বলিয়া প্রকাশ হয় তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি অথবা তাহাতে যে কোন ব্যক্তির নাম হস্তান্তরকারীর নাম বলিয়া বা যাঁহার প্রতি হস্তান্তর করা হইয়াছে তাঁহার নাম বলিয়া লেখা থাকে সেই ব্যক্তি অথবা ঐ উভয়ের এক জনের মৃত্যু হইয়া থাকিলে তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি যদি হস্তান্তর অস্বীকার করেন,

কিম্বা ঐরূপ কোন ব্যক্তিকে যদি অপ্রাপ্তবয়স্ক বা জড় বা ক্ষিপ্ত বলিয়া বোধ হয়, কিম্বা

যে স্থলে উত্তরাধিকারসূত্রে দাবী করা হয় সে স্থলে ৯ ধারানুসারে নোটিস বাহির করা হইলে যদি কোন ব্যক্তি রেজিষ্ট্রারের সম্মুখে উপস্থিত হইয়া ঐ উত্তরাধিকার অস্বীকার করেন,

তাহা হইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার ঐ খারিজ-দাখিল রেজিষ্টরী করিতে অস্বীকার করিবেন।

হস্তান্তরকারীর নাম স্বত্বের লিখনে না থাকিলে কার্য্য প্রণালীর কথা।

১৫ ধারা। ৬ ধারানুসারে যে নোটিস দেওয়া হয় তাহাতে যে হস্তান্তরকারীর নাম লিখিত থাকে অথবা মৃত ব্যক্তির স্বত্বে উত্তরাধিকার দাবী করা হইলে যে মৃত ব্যক্তির নাম লিখিত থাকে, যদি স্বত্বের লিখনে সেই হস্তান্তরকারীর বা মৃত ব্যক্তির নাম নোটিসের লিখিত জমির দখিলকারের নাম বলিয়া লিখিত না থাকে, তাহা হইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার ঐ হস্তান্তর বা স্থলভেদে উত্তরাধিকার রেজিষ্টরী না করিয়া যে জমি সম্বন্ধে দাবী করা হয় তাহা যে গ্রামে অবস্থিত সেই গ্রামে ঢেঁড়া পিটাইয়া ও তাহার কোন প্রকাশ্য স্থানে একখানি নোটিস লটকাইয়া এইরূপ আদেশ করিবেন যে, কথিত হস্তান্তরকারী কিম্বা যে মৃত ব্যক্তির স্বত্বে উত্তরাধিকারের দাবী করা হয় সেই মৃত ব্যক্তি কথিত হস্তান্তরের সময় শেষোক্ত নোটিসের লিখিত জমির দখালকার ছিলেন কোন ব্যক্তি এই কথা অস্বীকার করিতে ইচ্ছা করিলে ঐ নোটিসের তারিখ হইতে এক মাসের মধ্যে তাঁহার আপিসে তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া ঐ কথা অস্বীকার করেন। এবং যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন ব্যক্তি ঐরূপে উপস্থিত হইয়া অস্বীকার না করেন, তাহা হইলে এই আইনের অন্যান্য বিধানানুযায়ী কার্য্য করা হইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার নোটিসের বিষয়ীভূত ঐ হস্তান্তর বা উত্তরাধিকার খারিজ দাখিলের রেজিষ্টরী বহিতে লিপিবদ্ধ করিবেন।

রেজিষ্টরী করিতে অস্বীকার করণের বিরুদ্ধে আপীলের কথা।

১৬ ধারা। (১) খারিজ দাখিলের কোন রেজিষ্ট্রার কোন হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরীকরণে অস্বীকারসূচক আজ্ঞা করিলে, ঐ খারিজ দাখিলের রেজিষ্ট্রার যে জেলার কালেক্টরের অধীন তাঁহার নিকট ঐ আজ্ঞার বিরুদ্ধে আজ্ঞার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে আপীল করা যাইতে পারিবে। এবং কালেক্টর যে রূপ সাক্ষ্য লওয়া আবশ্যক বিবেচনা করেন সেই রূপ সাক্ষ্য লইয়া ঐ আজ্ঞা অন্যথা বা পরিবর্ত্তিত করিতে পারিবেন। এবং কালেক্টর যদি ঐ হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আদেশ করেন তাহা হইলে খারিজ দাখিলের রেজিষ্ট্রার ঐ আদেশ পালন করিবেন।

এবং ৬ ধারানুসারে প্রথম নোটিস দিবার পর হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করা হইলে উহা যেরূপ ফলবৎ হইত ঐরূপ রেজিষ্টরীকরণও সেই রূপ ফলবৎ হইবে।

(২) এই ধারানুসারে কালেক্টর যে আজ্ঞা করেন তাহার বিরুদ্ধে আপীল চলিবে না।

রেজিষ্ট্রারের নোটিসের রসীদ ও প্রার্থনা করা হইলে রেজিষ্টরী বহির লিখিত দফার নকল দিবার কথা।

১৭ ধারা। যে ব্যক্তি ৬ ধারানুসারে নোটিস দেন খারিজ দাখিলের রেজিষ্ট্রার তাঁহাকে উহার জন্য একখানি রসীদ দিবেন এবং খারিজ দাখিলের রেজিষ্টরী বহিতে ঐ নোটিসানুযায়ী যাহা লেখা যায় সেই ব্যক্তি প্রার্থনা করিলে বিনা খরচায় তাঁহাকে তাহার একখানি নকল দিবেন।

রেজিষ্ট্রারের রেজিষ্টরী বহির লিখিত দফা দেখিতে দিবার ও তাহার সার্টিফিকেটযুক্ত নকল দিবার কথা।

১৮ ধারা। (১) নির্দ্দিষ্ট ফী দেওয়া হইলে যে কেহ খারিজ দাখিলের রেজিষ্টরী বহি দেখিবার প্রার্থনা করেন তাঁহাকে তাহা দেখিতে দেওয়া হইবে, এবং যে কেহ উহার কোন লিখিত দফার নকল প্রার্থনা করেন তাঁহাকে তাহা দেওয়া হইবে।

(২) এই ধারানুসারে যে নকল দেওয়া হয় তাহা খারিজ দাখিলের রেজিষ্ট্রার কর্ত্তৃক স্বাক্ষর ও মোহর যুক্ত করা হইবে এবং আসল লিখিত দফায় যাহা আছে তাহা প্রমাণ করিবার জন্য গ্রাহ্য করা যাইতে পারিবে।

স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক ফী ধার্য্য হইবার কথা।

১৯ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট—

(ক) (৵০) নির্দ্দিষ্ট সময়ের মধ্যে,

(৶০) নির্দ্দিষ্ট সময়ের পরে,

খারিজ দাখিল রেজিষ্টরী করিবার জন্য,

(খ) খারিজ দাখিলের রেজিষ্টরী বহির লিখিত দফার নকলের জন্য,

(গ) খারিজ দাখিলের রেজিষ্টরী বহি দেখিবার জন্য,

(ঘ) এই আইনানুসারে যে নোটিস দেওয়া যায় ও পরওয়ানা ও কমিশন বাহির করা যায় তাহার জন্য,

(ঙ) এই আইনের প্রয়োজন সিদ্ধির নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে সকল বিষয় আবশ্যক বলিয়া বোধ করেন তাহার জন্য,

যে ফী দিতে হইবে সময়ে সময়ে তাহার তালিকা প্রস্তুত করিবেন ও সময়ে সময়ে ঐ তালিকা পরিবর্ত্তন করিতে পারিবেন।

(২) এইরূপে যে ফী দিতে হইবে তাহার তালিকা কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে ও ইংরাজীতে এবং জেলার প্রচলিত দেশীয় ভাষায় তাহার এক খণ্ড নকল খারিজ দাখিলের প্রত্যেক রেজিষ্ট্রারের আপিসে সর্ব্বসাধারণে দেখিতে পান এরূপভাবে রাখা হইবে।

(৩) খারিজ দাখিল রেজিষ্টরী করিবার জন্য ফী ৬ ধারানুসারে নোটিস দিবার সময় দিতে হইবে।

৩। (ক) সদর ডিপোহইতে কিম্বা অন্য কোন স্থানীয় ডিপোহইতে স্থানীয় কোন ডিপোতে ইষ্টাম্পের যোগান পাওয়া গেলে আট আনা বা তদূর্দ্ধ মূল্যের ইষ্টাম্প যে পাকিটে বা বাক্সে থাকে তাহা একে একে ও যে দিন পাওয়া গেল অন্ততঃ তাহার পর দিন অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের সাক্ষাতে খুলিতে হইবে. তিনি ৮৲ টাকা ও তদূর্দ্ধ মূল্যের প্রত্যেক ইষ্টাম্প গণিবেন। ৮৲ টাকা মূল্যের কম প্রত্যেক ইষ্টাম্প অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের সাক্ষাতে গণিতে হইবে। যাহাতে ইষ্টাম্পের কমতি তৎক্ষণাৎ ধরা যাইতে পারে তজ্জন্য তাহার পর যতখানি ও যে মূল্যের ইষ্টাম্প পাওয়া গেল তাহা ইনবাইসের সঙ্গে মিলাইতে হইবে। আট আনা বা তাহার কম মূল্যের ইষ্টাম্প যে পাকিটে থাকে চালান সময়ে তাহা খোলা গিয়াছে কি না কিম্বা তাহাহইতে বাহির করিয়া লওয়া গিয়াছে কি না তাহা নিশ্চয় মতে জানিবার জন্যে অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ তাহা নিরীক্ষণ করিয়া দেখিবেন, তাহাতে যদি কোন সন্দেহ না জন্মে তাহা হইলে ইনবাইসের লিখিত সম্পূর্ণ সংখ্যার ইষ্টাম্প আছে জ্ঞানে ইনবাইসের নকল ও চালান সুদ্ধ ইষ্টাম্পের সিন্দুকে বা প্রেসে তালা চাবি বন্ধ করিয়া রাখিবেন, যে ডিপোহইতে ইষ্টাম্প যোগাইয়া দেওয়া গেল, সেই ডিপোতে প্রথম ডাকে রসীদ পাঠাইয়া দিতে হইবে। ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রণীত বিধির ১১ ধারামতে অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ এই সকল উপদেশ সাবধান পূর্ব্বক পালন করিবার ও রসীদে স্বাক্ষর করিবার পূর্ব্বে ইষ্টাম্পের সংখ্যা বুঝিয়া লইবার দায়ী।

(খ) আদালতের রসুমের ইষ্টাম্প পাইলে যে পাকিটে ইষ্টাম্প থাকে তাহার মোহর ভাঙ্গিয়া অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের সাক্ষাতে ঐ পাকিট খুলিতে হইবে, যাহাতে কমতি তৎক্ষণাৎ ধরা যাইতে পারে তজ্জন্য (চারি) ।০ আনা ও তদূর্দ্ধ মূল্যের যত তা ইষ্টাম্প থাকে তাহা তিনি স্বহস্তে গণিবেন। আদালতের রসুমের ইষ্টাম্প তা তা করিয়া যোগান যাইবে, ও প্রত্যেক তাতে নির্দ্দিষ্ট সংখ্যক থাকিবে, অধ্যক্ষতাভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ নিজের নিরাপদের নিমিত্ত দেখিবেন যে প্রত্যেক তাতে সম্পূর্ণ সংখ্যা আছে। চারি আনার কম মূল্যের সকল ইষ্টাম্পও অধ্যক্ষতাভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের সাক্ষাতে গণা যাইবে। তাহার পর সেই সকল ইনবাইসের সঙ্গে মিলাইয়া যে ডিপোহইতে ইষ্টাম্প যোগান গেল সেই ডিপোতে প্রথম

IV. The stock to be made over to the *ex-officio* vendor at a local depôt to be kept by him under single lock, should ordinarily be sufficient for the probable demand of one week. In the case of a branch depôt no portion of the stock should be made over to the *ex-officio* vendor, except when the officer in charge is proceeding on tour, when the amount made over hould not exceed what will probably be required during his absence. The *ex-officio* vendor shall prepare an indent for the quantity required, and receive a supply in the manner indicated in rule 15 of the rules prescribed by the Government of India. The Collector of a district may, with the sanction of Government, fix such shorter term as the necessities of his district may require.

Supplementary to rules 15 and 31 of the rules of the Government of India.

V. The account of the daily sales of stamps, to be kept by the *ex-officio* vendor in the form and manner prescribed in rule 16 of the rules of the Government of India, shall be kept in English or in the vernacular of the district.

Supplementary to rule 16 of the rules of the Government of India.

VI. In cases where there is likely to be a distinct saving of cost or greater security of the stamps in transit, the Board of Revenue are authorized to sanction the despatch of stamps direct from the central depôt to branch depôts, such supplies being treated by the Superintendent of Stamps as supplies to the local depôts, to which the branch depôts are subordinate

Supplementary to rule 29 of the rules of the Government of India.

VII. Under rule 30 of the rules prescribed by the Government of India the supply to be kept in a branch depôt should ordinarily be equal to the probable demand for three months In the Alipur and Angul depôts in the districts of Jalpaiguri and Angul, respectively, a supply equal to the probable consumption for six months should be kept at the end of each cold weather

Supplementary to rule 30 of the rules of the Government of India

H. H. Risley,

Secy. to the Govt. of Bengal.

তাকে রসীদ পাঠাইতে হইবে। অধ্যক্ষতাভারপ্রাপ্ত কর্ম্মচারী এই সকল উপদেশ সাবধান পূর্ব্বক পালন করিবার ও রসীদে স্বাক্ষর করিবার পূর্ব্বে ইষ্টাম্পের সংখ্যা বুঝিয়া লইবার দায়ী।

ভারতবর্ষের গবর্ণমেন্টের বিধির ১৫ ও ৩১ ধারার পরিশিষ্ট বিধি।

৪। স্বীয় পদোপলক্ষে ইষ্টাম্প বিক্রয়কারি কর্ম্মচারিকে একটি চাবি কুলুপের মধ্যে রাখিবার জন্য যে ইষ্টাম্প অর্পণ করা যাইবে তাহা সাধারণতঃ এক সপ্তাহে যত প্রয়োজন হইতে পারে তত হইবে। শাখা ডিপো হইলে, অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ম্মচারী যখন মফঃসলে যান তদ্ভিন্ন অন্য কোন সময়ে স্বীয় পদোপলক্ষে বিক্রয়কারির হস্তে ষ্টকের কোন অংশ অর্পণ করিবেন না। মফঃসলে যাইবার সময়েও তাঁহার অনুপস্থিত কালে সম্ভবতঃ যত ইষ্টাম্পের প্রয়োজন তদপেক্ষা অধিক ইষ্টাম্প ঐ বিক্রেতাকে দিতে হইবে না। স্বীয় পদোপলক্ষে বিক্রেতা যত প্রয়োজন তাহার একখান ইণ্ডেণ্ট প্রস্তুত করিয়া ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রণীত বিধির ১৫ ধারার নির্দ্দেশমতে সরবরাহ পাইবেন। জিলার কালেক্টর সাহেব গবর্ণমেন্টের অনুমোদনক্রমে তাঁহার জিলার প্রয়োজনানুসারে তদপেক্ষা অল্পকাল ধার্য্য করিতে পারিবেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের বিধির ১৬ ধারার পরিশিষ্ট বিধি।

৫। ইষ্টাম্প বিক্রয়ের প্রতিদিনের হিসাব ভারতবর্ষের গবর্ণমেন্টের বিধির ১৬ ধারার নির্দ্দিষ্ট পাঠে ও রূপে স্বীয় পদোপলক্ষে বিক্রেতার ইংরাজী কিম্বা জিলার চলিত ভাষায় রাখিতে হইবে।

ভারতবর্ষের গবর্ণমেন্টের বিধির ২৯ ধারার পরিশিষ্ট বিধি।

৬। চালান হইবার সময় খরচের স্পষ্ট সাশ্রয় হইবার কিম্বা ইষ্টাম্পের অধিকতর নিরাপদের সম্ভাবনা স্থলে রেবিনিউ বোর্ড সদর ডিপোহইতে একেবারে শাখা ডিপোতে ইষ্টাম্প পাঠাইবার ক্ষমতা দিতে পারিবেন। ইষ্টাম্পের এইরূপ যোগাইয়া দেওন ইষ্টাম্পের সুপারিন্টেণ্ডেণ্ট কর্ত্তৃক ঐ শাখা ডিপো যে স্থানীয় ডিপোর অধীন সেই স্থানীয় ডিপোতে যোগাইয়া দেওন বলিয়া গণ্য হইবে।

ভারতবর্ষের গবর্ণমেন্টের বিধির ৩০ ধারার পরিশিষ্ট বিধি।

৭। ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রণীত বিধির ৩০ ধারামতে শাখা ডিপোতে তিন মাসে সম্ভবতঃ যত ইষ্টাম্প দরকার হইতে পারে তত ইষ্টাম্প থাকিবে। জলপাইগুড়ি ও অঙ্গুল জিলার অন্তর্গত ক্রমান্বয়ে আলিপুর ও অঙ্গুল ডিপোতে সম্ভবতঃ ছয় মাসের খরচের উপযুক্ত ইষ্টাম্প শীতকালের শেষে যোগাইয়া রাখিতে হইবে।

এচ্, এচ্, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 24, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৪ সেপ্টেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION

No 452*T.M.*—*The* 13*th September* 1895.—Whereas a notification, No 2563M., dated the 28th June 1895, was published at page 148, Part IB of the *Calcutta Gazette* of the 3rd July 1895, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Part IX of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, to Wards Nos I, II and III of the Rajpur Municipality, in the district of the 24-Parganas, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Rajpur Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said Municipality.

H. H. Risley,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

No. 460*T.M.*—*The* 14*th September* 1895.—Whereas a notification, No. 2468M, dated the 24th June 1895, was published at page 148, Part IB of the *Calcutta Gazette* of the 26th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of section 259 of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, to the Krishnagar Municipality, in the district of Nadia, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Krishnagar Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said Municipality.

H. H Risley,
Secy to the Govt. of Bengal.

NOTIFICATION

No 157*T.M.*—*The* 14*th September* 1895.—Whereas a notification No. 1240M, dated the 26th March 1895, was published at page 66, Part IB of the *Calcutta Gazette* of the 27th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Part IX of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, to the mahallahs of the Hooghly and Chinsura Municipality specified below, and whereas no valid objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the municipality, it is hereby notified for general information that in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Hooghly and Chinsura Municipality, made a meting, the Lieutenant-Governor sanctions the

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৪৫২ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ১৭ সেপ্টেম্বর।—২৪ পরগনা জিলার অন্তর্গত রাজপুর মুনিসিপালিটীর ১,২ ও ৩ নং পল্লীতে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ২৮ জুন তারিখের ২৫৬২ এম, নং এক বিজ্ঞাপন ১৮৯৫ সালের ৩ জুলাই তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ১৪৮ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া এবং রাজপুর মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৪৬০ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ১৪ সেপ্টেম্বর।-নদীয়া জিলার অন্তর্গত কৃষ্ণনগর মুনিসিপালিটীতে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২৫৯ ধারার বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ২৪ জুন তারিখের ২৪৬৮ এম, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডে ১৪৩ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং কৃষ্ণনগর মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৪৫৭ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ১৪ সেপ্টেম্বর।—হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর নিম্নলিখিত কএক মহল্লায় ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ২৬ মার্চ্চ তারিখের ১২৪০ এম, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ২৭ তারিখের কলিকাতা গেজেটের ১B খণ্ডের ৬৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে যুক্তিসিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের

extension of Part IX of the Municipal Act to the said portions of the Hooghly and Chinsura Municipality —

Names of Wards in which the Mahallas are situate.	Names of Mahallas.
Ward No I .. Shahagunge ...	Wasid Nagor. Kazidanga. Gorib Alam's Bag. Chhatoo Thakoor's Bag. Balagore, as bounded on the North by the Keota Road joining the Grand Trunk Road with Circuit House Road, on the South by the Raspoora or Bali Khal, on the East by the river Hooghly, and on the West by Padribazar. Mullick Jointee's Bag.
Ward No. IV ... Chinsura ...	Chhatoo Gali. Dharampore. Bowri Gali.
Ward No. V .. Kamarpara ...	Banerjee Lane. Mookerjee Lane.
Ward No VI Chandernagore ...	Kazi Gali. Kristo Gali. Kole's Bagan. Khoosi Gali Gupta Gali Taldanga. Bagdi Gali. Bhooloo Gali. Shiboo Gali Pal Gali.

H. H. RISLEY,

Secy. to the Govt. of Bengal.

অনুরোধক্রমে মুনিসিপাল আইনের উক্ত নবম পরিচ্ছেদের বিধান হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর ঐ২ অংশে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

যে২ পল্লীতে মহল্লা আছে তাহার নাম।		মহল্লার নাম।
১নং পল্লী	... শাহগঞ্জ ..	ওয়াজিদ নগর। কাজিডাঙ্গা। গরিব আলমের বাগ। ছটু ঠাকুরের বাগ। বন্দাগড়, উত্তর সীমা সরকুট হৌস রোডের সহিত গ্রাণ্ডট্রঙ্ক রোড সংযোগকারি কেওটা রোড, দক্ষিণ সীমা রাসপুরা বা বালির খাল, পূর্ব্বসীমা হুগলী নদী ও পশ্চিম সীমা পাদ্রি বাজার। মল্লিক জয়ন্তীর বাগ।
৪নং পল্লী	... চুঁচড়া ..	ছটু গলি। ধরমপুর। বৌরি গলি।
৫নং পল্লী	... কামারপাড়া	বানার্জ্জি লেন। মুখর্জ্জি লেন।
৬নং পল্লী	... চন্দননগর	কাজি গলি। কৃষ্ণ গলি। কোলস্ বাগান। খুসি গলি। গুপ্ত গলি। তালডাঙ্গা। নাগলি গলি। ভুলু গলি। শিবু গলি। পাল গলি।

এচ, এচ, রিসলী,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 24, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ২৪ সেপ্টেম্বর।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিন সদিষ্টা মৌজাতে ১৮৯৫ সনের ১১ই অক্টোবর তারিখে মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৫শে আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রুঃ পোঃ গজ	টাকা আনা পাই।	
১০২২	সদিষ্টা মৌজার পুরাতন রাস্তার জমি—পং বিষ্ণুপুর।	১—২—১৪—১০	৭ ৶ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া,
জেলা বাঁকুড়া,
তারিখ ২৭শে আগষ্ট ১৮৯৫ সাল।

E. M. KONSTAM,
Collector.

জিলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৭ অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২১ আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম।—নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন এক দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রোঃ পোঃ	টাকা আনা পাই	
১২৩	চক মুকুর পং বিষ্ণুপুর ...	২—০—০	১২ ৵ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া,
জেলা বাঁকুড়া,
তারিখ ২৯ আগষ্ট ১৮৯৫ সাল।

E. M. KONSTAM,
Collector.

জেলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সরজমিনে জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৩ই অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৭ আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়ীরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার উর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজিব নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।			গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।			মন্তব্য।
		এঃ	কঃ	পোঃ	টাকা	আনা	পাই	
৪৬০ নং	পলাশডাঙ্গা পং বিষ্ণুপুর ...	০	১	৩২	৩	॥	০	খরিদদারের নিষ্কর স্বত্ব হইবে।

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া
তারিখ ২৯ আগষ্ট ১৮৯৫ সাল।

E. M. KONSTAM,
Collector.

জিলা নদীয়া।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবহাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সালের। ৫ই অক্টোবর তারিখে বেলা ১১.টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৬৪৫	চর নওপাড়া পং উখড়া তরফ শান্তিপুর।	১৪৬৯॥৵৫	সম্পূর্ণ	...	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায়, রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, ভগবতীচরণ বন্দ্যোপাধ্যায়, হরিচরণ বন্দ্যোপাধ্যায়, সত্যজীবন বন্দ্যোপাধ্যায়, হরসুন্দরী দেবী।	.....	৩৬৭।৵৬	......
১১৭	ডিহি চণ্ডী পং পাঁজনোর।	১০২৪৬৶৮	....	$\frac{১১৭}{৪}$ নং রকম ৴২॥৴১৫ এক আনা দুই গণ্ডা দুই কড়া এক কাগ ও পনর তিল।	অনাথ নাথ বসু, নীলরতন বসু।	৭২৩।৶০	...	৪৬॥৯

M. N. Bhattacharjee,
for Collector.

জিলা বর্দ্ধমান।—নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত বর্দ্ধমান জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ১৫ই অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২৯শে আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		একর রুড পোল		
২৬৪৮	বেলসর পরগনা খণ্ডঘোষ	০—৩—৩৬	০	
৪২৩২	বিল্বপাড়া পরগনা অম্বিকা	১—১— ২৪	০	
৬৩২০	পাচরথী পরগনা জাহাঙ্গিরাবাদ	৪— ০ —১৭	১৫।৬	
৬৩২১	কাটীখাল পরগনা কুবাজপুর	১১—২—২৮	৪৭৶৬	
৬৩২২	আটঘরিয়া পরগনা রানিহাটী ..	১০—০ ৩৮	৪৩৵৯	
১৯৩	মাণিকবাটী পরগনা মামদানিপুর	৮৮—১—২১	১৬৮॥৯	
৬৩৬০	পাটুলী পরগনা রানিহাটী	১০—১—১২	১৪।৵৯	

কালেক্টরের কাছারি
জেলা বর্দ্ধমান
তারিখ ৭ই সেপ্টেম্বর ১৮৯৫ সাল।

J. WINDSOR,
Collector.

জেলা বাঁকুড়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে সদর জেলার কালেক্টরিতে ১৮৯৫ সনের ৭ই অক্টোবর তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ২১ আশ্বিন তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থায়ীরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে, তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০ টাকার ঊর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে। (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজিব নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যত দূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হইয়াছে।	মন্তব্য।
		এঃ রুঃ পোঃ	টাকা আনা পাই	
১২২নং	চক শুকুর পং বিষ্ণুপুর	০ ০ ৩৮	৩ ০ ০	

কালেক্টরের কাছারি বাঁকুড়া
জেলা বাঁকুড়া
তারিখ ৩০শে আগষ্ট ১৮৯৫ সাল।

E. M. Konstam,
Collector.

জিলা রাজসাহি।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন খ।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যদি নিম্নের লিখিত বাকী রাজস্ব আগামী রাজস্ব দিবার শেষ দিনে অর্থাৎ ১৮৯৫ সালের ৫ অক্টোবর তারিখে বা তৎপূর্ব্বে না দেওয়া হয় তাহা হইলে রাজসাহি জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে উক্ত বাকী রাজস্বের জন্য ১৮৯৫ সালের ৫ অক্টোবর তারিখে বেলা ১২.টার সময় নিলামে বিক্রয় করা যাইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐঅংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য নিলাম হইবে তাহার প্রকার ও পরিমাণ।
৩৩৯	মহাল বড়ইল দিগর পরগণা চিনাশো।		না	এজমালী ..	যাদবচন্দ্র ভট্টাচার্য্য, হরিশ্চন্দ্র পাঁড়ে, শ্রীকৃষ্ণ দাস প্রমথনাথ চৌধুরী, ব্রজসুন্দরী দেবী মাতা ও অধ্যক্ষ পক্ষে প্রাণবন্ধু ভট্টাচার্য্য; রাজেশ্বরী দেব্যা মাতা ও অধ্যক্ষপক্ষে সুরেন্দ্র নাথ উপেন্দ্র নাথ ও নরেন্দ্র নাথ বিশ্বাস নাবালকগণ, সারদা গোবিন্দ বিশ্বাস, অন্নদা গোবিন্দ বিশ্বাস।	১১৬২৷৵০	......	১২।৬	রাজস্ব ১২।৬ পাই।

টীকা।—যে স্থলে উপরোক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

যেং প্রকারের বাকির এই ইস্তাহারের ফারম ব্যবহার হইবে তাহা আইনের ৫ ধারাতে উল্লিখিত আছে এবং তদনুসারে ১০ ঘরের বিবরণ লিখিত হইবে।

E. H. C. WALSH, *Collector*

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতায় বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাশুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাশুল বিনা ১৫৸০
৷ আধ „ „ ৮৲ বা ডাক মাশুল বিনা ৮৷০
। সিকি „ „ ৪৲ বা ডাক মাশুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI ...	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage

E. N BAKER,
Offg Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	„	২॥•
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) .	„	৪৲
ডাকমাশুল	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	„	।•
ডাকমাশুল		✓•
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		✓• ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		✓•

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice, dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes, except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

Note.—*Rates of advertisements in the* Calcutta Gazette.

				Rs.
Full page, per issue	...	...	...	20
Half „ „	...	...	...	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ⁄০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য। কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

				টাকা।
পূরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের	.	...	...	২০৲
আধ পৃষ্ঠা	..	...	..	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে এক পংক্তি	..	...	...	।০

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল্য ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫, পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা যোডক করিয়া ডাকে পাঠাইবার খরচ।✓০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে-শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

INSOLVENCY NOTICE.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of SPYROS ZOI ANDRECOPOULS, an Insolvent

NOTICE is hereby given that Saturday, the 30th day of November next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 8th day of April until the 31st day of August 1895, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

---

The like Notice —In the matter of JOHN BROOKS BABSON, an Insolvent Wherein the account of the Official Assignee, from 2nd August 1893 to 31st August 1895, has been filed in the Chief Clerk's Office

---

The like Notice—In the matter of BHUDHU LALL PARWAR, an Insolvent Wherein the account of the Official Assignee, from 23rd January to 31st August 1895, has been filed in the Chief Clerk's Office

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 17*th September* 1895

A. B. MILLER,
Official Assignee.

(9—1)

কলিকাতা বেঙ্গল সেক্রেটারিয়েট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্য শ্রীযুত টমস পেটী সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 7Ga—21-9-95—1811—180

Numb. 2931 [২৯৩১]

Registered No. 3

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 1, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১ অক্টোবর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No 475*T.—M.—The* 16*th September* 1895.—In exercise of the powers conferred on him by section 3 of Act II (B C.) of 1879, the Lieutenant-Governor hereby extends the provisions of Act IV (B C.) of 1871, as amended by Act II (B C) of 1879 and Act I (B C) of 1884, to the villages of Gowankhally and Baidyanath chak in the Tamluk subdivision of the district of Midnapore with effect from the 1st October 1895. The villages are bounded on the north by the Hugli and the Rupnarain rivers; on the south by the villages of Suklalpore and Betkundu; on the east by the Hugli river; and on the west by the Hidgellee tidal canal

2 Under section 8 of Bengal Act IV of 1871, as amended by section 3 of Act II of 1879, the Lieutenant-Governor directs that until further orders the fee to be levied under Bengal Act IV of 1871 upon every license to keep a lodging-house in the aforesaid places shall be calculated at the rate of eight annas for each person upon the entire number of lodgers mentioned in such license.

3 Under section II of Act IV of 1871, the Lieutenant-Governor is pleased to appoint, until further orders, the Assistant Surgeon of Tamluk to be the Health Officer under the Act for the aforesaid places

H. H RISLEY,
Secy to the Govt of Bengal.

NOTIFICATION.

No. 525*T —M.—The* 19*th September* 1895 —Whereas a notification No. 2712M., dated the 8th July 1895, was published at page 154, Part IB of the *Calcutta Gazette* of the 10th idem, declaring the Lieutenant-Governor's intention to sanction, under section 86 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, the levy by the Commissioners of the Chaibassa Municipality of a tax under section 131 of the Act on carriages and on horses and other animals specified in the fifth schedule of the Act at half the rates mentioned in the said schedule, and whereas no good reasons have been shown to the contrary within one month from the date of the publication of the said notification within the Municipality, it is hereby notified for general information that the Lieutenant-Governor sanctions the levy by the Commissioners of the Chaibassa Municipality of the said tax on carriages and on horses and other animals at half the rates specified in the said schedule with effect from the 1st October 1895

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

No 549*T M—The* 21*st September* 1895.—Whereas a notification No. 2438M, dated the 22nd June 1895, was published at page 142, Part IB of the *Calcutta Gazette* of the 26th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Parts VI and IX of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, to the portion of the Tamluk Municipality, in the district of Midnapore, comprised within the boundaries specified below:—

On the North.—The Pairatungi khal;
On the West.—The Garmaricha khal;

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৪৭৫ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ১৬ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনের ৩ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইন ও ১৮৮৪ সালের বঙ্গীয় ১ আইন দ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের বিধান ১৮৯৫ সালের ১ অক্টোবর অবধি মেদনীপুর জিলার অন্তর্গত তমলুক মহকুমার সামিল গেঁওখালী ও বৈদ্যনাথ চক গ্রামে এতদ্দ্বারা প্রচলিত করিলেন। ঐ ২ গ্রামের উত্তর সীমা হুগলী নদী ও রূপনারায়ণ নদ, দক্ষিণ সীমা মুকলালপুর ও বেতকুণ্ড গ্রাম, পূর্ব্বসীমা হুগলী নদী, ও পশ্চিম সীমা হিজলীর জোয়ার ভাটার খাল।

২। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনের ৩ ধারা দ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ৮ ধারামতে এই আজ্ঞা করিলেন যে, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঐ২ স্থানে বাসাবাড়ী রাখিবার প্রত্যেক লাইসেন্সের উপর ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমতে যে ফী আদায় করিতে হইবে তাহা উক্ত লাইসেন্সের লিখিত সম্পূর্ণ সংখ্যক ভাড়াটিয়া প্রত্যেক ব্যক্তির উপর ॥০ আট আনা ধরিয়া হিসাব করিবার আদেশ দিলেন।

৩। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় ১৮৭১ সালের ৪ আইনের ২ ধারামতে তমলুকের আসিস্টাণ্ট সর্জনকে উক্ত আইনমতে ঐ২ স্থানের স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত করিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৫২৫ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ১৯ সেপ্টেম্বর। ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের পঞ্চম তফসীলের লিখিত গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর উক্ত তফসীলের লিখিত হারের অর্দ্ধেক হারে চৈবাসা মুনিসিপালিটীর কমিশনর দের দ্বারা উক্ত আইনের ১৩১ ধারামতে টাক্স আদায় হইবার অনুমতি উক্ত আইনের ৮৬ ধারামতে দিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ৮ জুলাই তারিখের ২৭১২ এম, নং এক বিজ্ঞাপন ঐ মাসের ১০ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ১৫৪ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তি সিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত তফসীলের নির্দ্দিষ্ট হারের অর্দ্ধেক হারে গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর ১৮৯৫ সালের ১ অক্টোবরহইতে চৈবাসা মুনিসিপালিটীর কমিশনরদের দ্বারা ঐ টাক্স আদায় হইবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৫৪৯ টি, এম, নম্বর।—১৮৯৫ সাল ২১ সেপ্টেম্বর।—মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক মুনিসিপালিটীর যে অংশ নিম্ন নির্দ্দিষ্ট সীমার অর্থাৎ—

উত্তর সীমা—পায়রাটুঙ্গি খাল।
পশ্চিম সীমা—গরমরিচা খাল।

On the South—An imaginary line passing along the southern limits of Kumarpara, the Maisadal Raja's cutcherry compound and the cholera shed; and

On the East.—The river Rupnarain;

and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Tamluk Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said portions of the Municipality

H. H. Risley,
Secretary to the Govt. of Bengal.

দক্ষিণসীমা—কুমারপাড়ার দক্ষিণ সীমার সঙ্গে২ যে কল্পিত রেখা যায় সেই রেখা, এবং মহিষাদলের রাজার কাছারীর হাতা ও কলেরা শেড এবং

পূর্ব্বসীমা—রূপনারায়ণ নদ

এই ২ সীমার অন্তর্গত সেই অংশে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ষষ্ঠ ও নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ২২ জুন তারিখের ২৪৩৮এম. নং এক বিজ্ঞাপন ঐ মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ১৪২ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং তমলুক মুসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত সকল বিধান উক্ত মুনিসিপালিটীর ঐ২ অংশে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১ অক্টোবর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ২২এ আগষ্ট তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছিল :—

১৮৯৫ সালের ১৫ নম্বর।

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিত মত বিধান করা গেল :—

১৮৭৯ সালের ১৮ আইনের ১৩ ধারার পরিবর্ত্তে নূতন ধারা সন্নিবেশিত করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ১৩ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

পদের অযোগ্য আচরণ করণাপরাধে অপরাধী প্লীডর কি মোক্তারকে স্থগিত কি পদচ্যুত করিবার কথা।

"১৩ ধারা। হাই কোর্ট যেরূপ অনুসন্ধান করা আবশ্যক বোধ করেন সেইরূপ অনুসন্ধান করিবার পর পূর্ব্বোক্ত রূপ সার্টিফিকেটধারী যে প্লীডর বা মোক্তার—

(ক) যে পক্ষের তরফে নিযুক্ত হন সেই পক্ষ কিম্বা সেই পক্ষের স্বকীয় চাকর কিম্বা যে ব্যক্তি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অর্থানুসারে ঐ পক্ষের স্বীকৃত মোক্তার সেই ব্যক্তি ভিন্ন অপর কাহারও নিকট হইতে কোন মোকদ্দমায় উপদেশ গ্রহণ করেন তাঁহাকে, কিম্বা

(খ) স্বীয় পদের কার্য্যোপলক্ষে প্রতারণা কি অতীব অন্যায় আচরণ করেন তাঁহাকে কিম্বা

(গ) আইনঘটিত কোন কার্য্যে নিজের কিম্বা পূর্ব্বোক্তরূপ সার্টিফিকেটধারী অপর কোন প্লীডর বা মোক্তারের নিয়োগ ঘটাইবে বলিয়া কি ঘটাইয়াছে বলিয়া পুরস্কার দিতে চাহেন বা দেন বা পুরস্কার রাখিতে সম্মত হন তাঁহাকে, কিম্বা

(ঘ) যে ব্যক্তিকে পূর্ব্বোক্তমত সার্টিফিকেটধারী প্লীডর বা মোক্তার নয় বলিয়া জানেন কিম্বা ঐরূপ প্লীডর কি মোক্তার নয় বলিয়া তাঁহার বিশ্বাস করিবার কারণ আছে এবং যে ব্যক্তি টাকা না লইয়া নিয়োগ করিতে চাহিতেছে না সেই ব্যক্তির মারফত কিম্বা যে ব্যক্তি নিয়ত দালাল স্বরূপ কার্য্য করে সেই ব্যক্তির মারফত আইন ঘটিত কোন কার্য্যে নিয়োগ গ্রহণ করেন তাঁহাকে

A Bill to amend the Legal Practitioners Act, 1879

(ঙ) কিম্বা ঐরূপ কোন প্লীডর বা মোক্তারকে অপর কোন যুক্তিসঙ্গত হেতুতে—

স্থগিত কি পদচ্যুত করিতেও পারিবেন।

কিন্তু পক্ষ যদি—

(ক) পর্দ্দানশিন স্ত্রীলোক হন, কিম্বা

(খ) কোন উপযুক্ত কারণ বশতঃ স্বয়ং প্লীডর বা মোক্তারকে উপদেশ দিতে অক্ষম হন তাহা হইলে

যে আত্মীয় বা বন্ধু পক্ষের নিকট হইতে উপদেশ দিবার নিমিত্ত ক্ষমতাপ্রাপ্ত হন এবং তৎসম্বন্ধে কোন পারিশ্রমিক গ্রহণ না করেন কোন প্লীডর বা মোক্তার সেই আত্মীয় বা বন্ধুর নিকট হইতে উপদেশ গ্রহণ করিয়াছেন কেবল এই কারণে এই ধারার কোন কথাক্রমে ঐ প্লীডর বা মোক্তারের পদচ্যুতি কি স্থগিত করণ হইতে পারিবে না।

ব্যাখ্যা।—এই ধারার প্রয়োজনার্থ কোন ব্যক্তিকে সাধারণ খ্যাতি সম্বন্ধীয় স্বাক্ষ্য দ্বারা বা অন্য রকমে নিয়ত দালালস্বরূপ কার্য্যকারী বলিয়া প্রমাণ করা যাইতে পারিবে এবং যে প্লীডর বা মোক্তার ঐরূপ কোন ব্যক্তির নিকট হইতে নিয়োগ গ্রহণ করিয়াছেন তিনি যে ঐ ব্যক্তিকে নিয়ত দালালস্বরূপ কার্য্যকারী বলিয়া জানিতেন না তাহা প্রমাণ করিবার ভার ঐ প্লীডর বা মোক্তারের উপর থাকিবে।”

১৮৭৯ সালের ১৮ আইনের ১৪ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ১৪ ধারায় “ও তাহা হাই কোর্টে রিপোর্ট করিবেন” এই শব্দগুলি হইতে ঐ ধারার শেষ পর্য্যন্ত অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ:—

“এবং যে স্থলে ঐ কর্ম্মচারী জিলার বা দায়রার জজ কিম্বা বিভাগীয় কমিশনর হন তদ্ভিন্ন অপর সকল স্থলে পরে তদর্থে নির্দ্দিষ্ট আদালত বা কর্ত্তৃপক্ষের নিকট তাহা রিপোর্ট করিবেন, এবং ঐ আদালত বা কর্ত্তৃপক্ষ উক্ত রিপোর্ট পাইলে ঐ প্লীডরের, বা মোক্তারের বা ঐ প্লীডর বা মোক্তারের পক্ষে ঐ প্লীডরের বা মোক্তারের স্বীকৃত এজেন্টের বক্তব্য শুনিয়া ঐ প্লীডর বা মোক্তারের নির্দ্দোষনির্ণয়সূচক বা ঐ প্লীডর বা মোক্তারের আদেশপত্রে যে কাল নির্দ্দেশ করিতে হইবে এরূপ কোন কালের নিমিত্ত কার্য্য হইতে স্থগিত করণসূচক কিম্বা ঐ প্লীডর বা মোক্তারের পদচ্যুতিসূচক আদেশ করিবেন।

ঐ কর্ম্মচারী যদি জিলার বা দায়রার জজ কিম্বা বিভাগীয় কমিশনর হন তাহা হইলে তিনি আপন ক্ষমতাক্রমে ঐ প্লীডরের বা মোক্তারের বা ঐ প্লীডরের বা মোক্তারের পক্ষে ঐ প্লীডরের বা মোক্তারের স্বীকৃত এজেন্টের বক্তব্য শুনিয়া ঠিক পূর্ব্ববর্ত্তী দফায় যেরূপ আদেশের কথা বলা হইল সেইরূপ আদেশ করিতে পারিবেন।

ঐরূপ আদেশে যে প্লীডর বা মোক্তারের ক্ষতিবৃদ্ধি হয় সেই প্লীডর বা মোক্তার ঐ আদেশের তারিখ হইতে এক মাসের মধ্যে ঐ আদেশের বিরুদ্ধে হাই কোর্টে আপীল করিতে পারিবেন এবং হাই কোর্ট আপীলকারী কিম্বা আপীলকারীর পক্ষে তাঁহার স্বীকৃত এজেন্টের বক্তব্য শুনিয়া যে আদেশের বিরুদ্ধে আপীল হইল সেই আদেশ দৃঢ় করিতে পারিবেন কিম্বা অন্যথা করিতে পারিবেন কিম্বা পরিবর্ত্তিত করিতে পারিবেন অথবা তৎপরিবর্ত্তে অপর কোন ন্যায়সঙ্গত আদেশ করিতে পারিবেন।

এই ধারানুসারে যে সকল রিপোর্ট করা হয় তাহা—

(ক) জিলার জজের অধীন কোন দেওয়ানী আদালতের বিচারপতি ঐ জজের নিকট,

(খ) ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট দ্ভিন্ন সকল মাজিষ্ট্রেট দায়রার জজের নিকট,

(গ) বিভাগীয় কমিশনরের কিম্বা যেখানে বিভাগীয় কমিশনর নাই সেখানে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের অধীন কোন রাজস্ব আপিসের অধ্যক্ষতাকারী কর্ম্মচারী ঐ কমিশনর বা কর্ত্তৃপক্ষের নিকট—

করিবেন।”

১৮৭৯ সালের ১৮ আইনের, ২২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৩ ধারা। উক্ত আইনের ২২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত করিতে হইবে অর্থাৎ:—

পদের অযোগ্য আচরণ করণাপরাধে অপরাধী রেবিনিউ এজেন্টদিগকে স্থগিত বা পদচ্যুত করিবার কথা।

“২২ ধারা। রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ যেরূপ অনুসন্ধান করা আবশ্যক বোধ করেন সেইরূপ অনুসন্ধান করিবার পর এই আইনানুসারে প্রদত্ত সার্টিফিকেটধারী যে রেবিনিউ এজেন্ট—

(ক) স্বীয় পদের কার্য্যোপলক্ষে প্রতারণা কি অতীব অন্যায় আচরণ করেন তাঁহাকে, কিম্বা

(খ) আইনঘটিত কোন কার্য্যে নিজের কিম্বা পূর্ব্বোক্তরূপ সার্টিফিকেটধারী অপর কোন রেবিনিউ এজেন্টের নিয়োগ ঘটাইবে বলিয়া কি ঘটাইয়াছে বলিয়া পুরস্কার দিতে চাহেন বা দেন বা পুরস্কার রাখিতে সম্মত হন তাঁহাকে, কিম্বা

(গ) যে ব্যক্তিকে পূর্ব্বোক্তরূপ সার্টিফিকেটধারী রেবিনিউ এজেন্ট নয় বলিয়া জানেন কি ঐরূপ রেবিনিউ এজেন্ট নয় বলিয়া তাঁহার বিশ্বাস করিবার কারণ আছে এবং যে ব্যক্তি টাকা না হইয়া নিয়োগ করিতে চাহিতেছে না সেই ব্যক্তির মার ফত কিম্বা যে ব্যক্তি নিয়ত দালাল স্বরূপ

(গ) কার্য্য করে সেই ব্যক্তির মারফত আইন-ঘটিত কোন কার্য্যে নিয়োগ গ্রহণ করেন তাঁহাকে, কিম্বা

(ঘ) কিম্বা ঐরূপ কোন রেবিনিউ এজেণ্টকে অপর কোন যুক্তিসঙ্গত হেতুতে স্থগিত বা পদচ্যুত করিতেও পারিবেন।

ব্যাখ্যা। এই ধারার প্রয়োজনার্থ কোন ব্যক্তিকে সাধারণ খ্যাতি সম্বন্ধীয় সাক্ষ্য দ্বারা বা অন্য রকমে নিয়ত দালাল স্বরূপ কার্য্যকারী বলিয়া প্রমাণ করা যাইতে পারিবে এবং যে রেবিনিউ এজেণ্ট ঐরূপ কোন ব্যক্তির নিকট হইতে নিয়োগ গ্রহণ করিয়াছেন তিনি যে ঐ ব্যক্তিকে নিয়ত দালাল স্বরূপ কার্য্যকারী বলিয়া জানিতেন না তাহা প্রমাণ করিবার ভার তাঁহার উপর থাকিবে।"

৪ ধারা। উক্ত আইনের ২৩ ধারায় "এবং রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের নিকটে তাহার রিপোর্ট করিবেন" এই শব্দগুলি হইতে ঐ ধারার শেষ পর্য্যন্ত অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

১৮৭৯ সালের ১৮ আইনের ২৩ ধারা সংশোধন করিবার কথা।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতি খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২০ সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১১১ নং লাট দশম খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর কুলফি।	৫০০০/০	উত্তর ;- ঘুঘুডাঙ্গা গাঙ্গ। পূর্ব্ব,—ঘুঘুডাঙ্গা গাঙ্গহইতে শতমুখি নদী হইতে যে ছোট চরা মুখি খাল উঠিয়াছে ঐ খালের ধার পর্য্যন্ত ১৯৩ ডিক্রীতে একটা সরলরেখা এবং ঐ ছোট চরা মুখি খাল। দক্ষিণ ;—শতমুখি নদীর কিয়দংশ ও শতমুখি নদী হইতে যে বড় চরা মুখি খাল উঠিয়াছে ঐ খাল এবং ঐ বড় চরা মুখি খাল হইতে চুণকুড়ি খাল পর্য্যন্ত ২৭০ ডিক্রীতে একটা সরলরেখা। পশ্চিম;—চুণকুড়ি খালের কিয়দংশ এবং ঐ চুণকুড়ি খালের ধার হইতে ঘুঘুডাঙ্গা গাঙ্গ পর্য্যন্ত ৩৬ ডিক্রীতে একটা সরলরেখা যাহা এই লাটের তৃতীয় খণ্ডের পূর্ব্ব সামানা হইয়াছে। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুক্ত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P Ross,
Commissioner, Sundarbans

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদন্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা দিগম্বর নন্দ পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৬ সালের ৬ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৩ পৌষ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২০ সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	বকবা।	চৌহদ্দি।
১১১ নং লাট একাদশ খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর কুলফি।	৫০০০/০	উত্তর ;—ঘুঘুডাঙ্গা গাঙ্গ। পূর্ব্ব ;— ঘুঘুডাঙ্গা গাঙ্গের ও শতমুখি নদীর কিয়দংশ। দক্ষিণ ;—শতমুখি নদীর কিয়দংশ এবং ঐ শতমুখি নদী হইতে যে ছোট চরা মুখি খাল উঠিয়াছে ঐ ছোট চরা মুখি খাল। পশ্চিম ;—ছোট চরা মুখি খালের ধার হইতে ঘুঘুডাঙ্গা গাঙ্গ পর্য্যন্ত ১৩ ডিক্রীতে একটী সরল-রেখা। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P Ross,
Commissioner, Sundarbans.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates : per four-ounce tin, *Rs.* 2, *ans* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs* 3; per eight-ounce tin, *Rs* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের স্থপারিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সৰ্ব্বসাধারণে কোম্পানির বাগানের স্থপারিন্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাস্থল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাস্থল বিনা ১৬৸০
॥ আধ ,, ,, ৮৲ বা ডাক মাস্থল বিনা ৮॥০
। শিকি ,, ,, ৪৲ বা ডাক মাস্থল বিনা ৪॥০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূৰ্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের স্থপারিন্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum
Postage ...	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে ঃ—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাশুল		╱০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		╱০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		╱০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice, dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes, except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE

	Rs.
Full page, per issue	20
Half ,, ,, ...	10

Casual advertisement—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজি-ষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জের নিকট ধলেশ্বরী নদীর ধারে প্রতি বৎসর যে কার্ত্তিকী বারুণী মেলা হইয়া থাকে তাহা ইং ১৮৯৫ সালের ২৫ নবেম্বর তারিখে অর্থাৎ বাঙ্গালা সন ১৩০২ সালের ১০ অগ্রহায়ণ তারিখে আরম্ভ হইয়া ১৮৯৬ সালের ৫ জানুয়ারি পর্য্যন্ত থাকিবে। বাণিজ্য ব্যবসায়ীগণ ও অন্যান্য লোকে এই ছয় সপ্তাহ কাল তথায় ক্রয় বিক্রয় করিতে পারিবেন।

ঢাকা জিলা বোর্ডের আপিস। বি, বেল্,
১৮৯৫ সাল ১৬ সেপ্টেম্বর। চেয়ারম্যান্।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেম্‌স পেটী সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

*B 79a—17-10-95—1385—180

Numb. 2935 [২৯৩৫]

REGISTERED No. 3.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 29, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৯ অক্টোবর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

Resolutions, Orders, and Notifications of the Government of India.

GOVERNMENT OF INDIA.

FINANCE AND COMMERCE DEPARTMENT.

STATISTICS AND COMMERCE.
CUSTOMS

No 1940 S R.

The 18th October 1895

In exercise of the power conferred by section 22 of the Sea Customs Act, VIII of 1878, and in supersession of the value assigned in No. 11 of Schedule II of the Indian Tariff Act, VIII of 1894, as amended by Act XVI of 1894, to Gunpowder, common and sporting, the Governor-General in Council is pleased to declare that Gunpowder of all kinds shall be assessed to duty *ad valorem*

J F FINLAY,
Secy. to the Govt of India.

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সংখ্যাদিসম্বলিত তত্ত্ব ও বাণিজ্য।
কষ্টম।

১৯৪০ এস্, আর নং।

১৮৯৫ সাল ১৮ অক্টোবর।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের ৮ আইনের ২২ ধারামতে প্রদত্ত ক্ষমতা পরিচালন করতঃ এবং ১৮৯৪ সালের ১৬ আইন দ্বারা সংশোধিত ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৯৪ সালের ৮ আইনের ২ তফসীলের ১১ দফায় সামান্য বারুদ ও শীকারের নিমিত্ত বারুদের যে মূল্য নির্দ্ধারিত হইয়াছে সেই মূল্য রহিত করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আদেশ করিতেছেন যে, সকল প্রকারের বারুদের উপর মূল্যানুসারে মাশুল ধার্য্য করিতে হইবে।

জে, এফ্, ফিন্‌লে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 29, 1895

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৯ অক্টোবর।

PART IIA

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION

No 706*T.M.—The* 17*th October* 1895.—It is hereby notified for general information that, in the exercise of the power conferred on him by section 37 of the Bengal Local Self-Government Act III of 1885, the Lieutenant-Governor extends the provisions of Chapter II, Part I of the said Act, relating to the formation of Union Committees, to the district of Burdwan, with effect from the 1st January 1896.

H. H. RISLEY,
Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৭০৬ টি, এম্‌ নং।—১৮৯৫ সাল ১৭ অক্টোবর।—সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক ১৮৮৫ সালের ৩ আইনের ৩৭ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি সমাহার কমিটী গঠন সম্বন্ধীয় উক্ত আইনের ১ম খণ্ডের ২ অধ্যায়ের বিধান ১৮৯৬ সালের ১ জানুয়ারি তারিখ হইতে বর্দ্ধমান জিলায় প্রচলিত করিলেন।

এচ্‌, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ২৯ অক্টোবর।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১৭ই আগষ্ট তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ১৭ই সেপ্টেম্বর তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশিত করা গেল :—

১৮৯৫ সালের ৬ আইন।

কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইন আরও সংশোধন করণার্থ আইন।

সূচনা। কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইন আরও সংশোধন করা বিহিত, অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত-মত বিধান করা গেল :—

১ ধারা। (১) এই আইনটীকে কলিকাতার বন্দর বিষয়ক ১[illegible] সালের আইনের সহিত পাঠ করিতে হইবে এবং তাহার অংশস্বরূপ গ্রহণ করিতে হইবে।

(২) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিপ্রাপ্ত হইয়া যে তারিখে ইহা কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে ইহা প্রবল হইবে।

২ ধারা। ১৮৯৫ সালের বঙ্গীয় ৪ আইনের ৪ ধারা দ্বারা সংশোধিত উক্ত আইনের ৩৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

কমিশনরগণকে যে সকল ওয়ার্ক নির্ম্মাণ ও সম্পন্ন করিতে হইবে তাহার কথা।

৩৫ ধারা। এই আইনের বিধানানুসারে কমিশনরগণকে যে সকল ওয়ার্ক নির্ম্মাণ ও সম্পন্ন করিতে হইবে তাহার মধ্যে এইগুলি থাকিতে পারিবে :—

(১) সমস্ত প্রয়োজনীয় ও সুবিধাজনক খিলান, নর্দ্দমা, নামিবার স্থান, সিঁড়ি, বেড়া ও যাইবার পথ সুদ্ধ বন্দরের মধ্যে ডক, ওয়ার্ফ, মালতোলা পোতা, ষ্টেজ, জেটী ও পিয়র এবং তজ্জন্য নিযুক্ত কর্ম্মচারিদের বাসের নিমিত্ত আবশ্যক বাসস্থান ও বিলডিঙ।

(২) রেলওয়ে।

(৩) যে সকল মাল জাহাজ হইতে নামান হয় বা জাহাজে তুলিতে হইবে কিম্বা লইয়া যাইতে হইবে সেই সকল মাল গ্রহণ করিবার ও গুদামজাত করিবার নিমিত্ত আবশ্যক যন্ত্রাদি সহ গুদাম ঘর ও সেড এবং ঐ সকল মালের নমুনা দেখাইবার ও ঐ সকল মাল বিক্রয় করিবার উপযোগী স্থান।

(৪) এই আইনের উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত বয়া প্রভৃতি স্থাপন করা এবং ক্রেণ, কাঁটা ও

An Act to Amend the Calcutta Port Act, 1890.

জলযানে মাল বোঝাই করিবার ও জলযান হইতে মাল নামাইয়া লইবার নিমিত্ত অপর সমস্ত আবশ্যক যন্ত্রাদি নির্ম্মাণ করা।

(৫) এই আইনের অনুমোদিত কার্য্য সম্পাদন করিবার নিমিত্ত কিম্বা অন্য প্রকারে এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্ত বন্দরের মধ্যে নদীতীরের বা নদীগর্ভের যে অংশ পুনরুদ্ধার করা, ঘেরিয়া লওয়া ও উচ্চ করা আবশ্যক হয় সেই অংশ পুনরুদ্ধার করা, ঘেরিয়া লওয়া ও উচ্চ করা।

(৬) বন্দরের মধ্যে নদীগর্ভ পরিষ্কার করিবার ও গভীর করিবার এবং তাহার উৎকর্ষ সাধন করিবার নিমিত্ত মাটিকাটা কল ও অপরাপর কল নির্ম্মাণ করা ও ব্যবহার করা।

(৭) বন্দরের মধ্যে জলযান টানিযা লইয়া যাইবার জন্য বাষ্পীয় জলযান নির্ম্মাণ করা।

(৮) এই আইনানুসারে যে সকল ওয়ার্ক নির্ম্মাণ করা হয় সেই সকল ওয়ার্কের সংরক্ষণার্থ বন্দরের সীমার বাহিরে যে সকল ওয়ার্ক নির্ম্মাণ করা আবশ্যক সেই সকল ওয়ার্ক এবং এই আইনের উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত অপর যে সকল ওয়ার্ক ও যন্ত্র সভাস্থ কমিশনরগণের মতে আবশ্যক সেই সকল ওয়ার্ক ও যন্ত্র নির্ম্মাণ করা।

৩ ধারা। ৬৬ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি সন্নিবেশিত করিতে হইবে :—

বিলডিঙ ও ঘর প্রভৃতির বার্ষিক মূল্য নির্দ্ধারণ করিবার প্রণালীর কথা।

৬৬ ক ধারা। (১) যে স্থলে কমিশনরগণের কোন ভূমি প্রজাকে বিলি করা হয় এবং ঐ সকল প্রজা ঐ ভূমির উপর বিলডিঙ বা ঘর প্রভৃতি নির্ম্মাণ করে সে স্থলে মুনিসিপল আসেসমেন্টের নিমিত্ত ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতি নির্ম্মিত হইবার পর তাহার বার্ষিক মূল্য, মূল্যের কোন হ্রাস হইয়া থাকিলে তজ্জন্য যুক্তিসঙ্গত যে টাকা বাদ দিতে হইবে সেই টাকা বাদে ঐ বিলডিঙ প্রভৃতি উপস্থিত সময়ে নির্ম্মাণ করিতে যে ব্যয় লাগিবে বলিয়া অনুমান করা হয় সেই ব্যয়ের উপর শতকরা ৫ টাকা হইবে।

(২) কমিশনরগণের খাজানার রেজেষ্টরীতে লিখিত প্রত্যেক হোলডিংএর বিলডিঙ ও ঘর প্রভৃতির স্বতন্ত্র স্বতন্ত্র করিযা মূল্য নির্দ্ধারণ ও আসেসমেন্ট করিতে হইবে।

বিলডিঙ বা ঘর প্রভৃতির মূল্য নির্দ্ধারণ করিতে হইবার কথা।

৬৬ খ ধারা। কলিকাতা কর্পোরেশনের বিবেচনানুসারে এই সকল বিলডিঙ বা ঘর প্রভৃতির প্রতি বৎসর মূল্যনির্দ্ধারণ হইতে পারিবে এবং অধিকারী প্রার্থনা করিলে ঐ বিলডিঙ প্রভৃতির ঐ রূপ মূল্য নির্দ্ধারণ হইবে। ঐরূপে মূল্য নির্দ্ধারণ করা না গেলে যত দিন পুনরায় মূল্য নির্দ্ধারণ করা না যায় ততদিন পূর্ব্বের মূল্য নির্দ্ধারণ বৎসর বৎসর চলিত থাকিবে।

সম্মিলিত রেট স্বরূপ যে টাকা দিতে হইবে তাহার কথা।

৬৬ গ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধানানুসারে নির্দ্ধারিত ঐ সকল বিলডিঙ বা ঘর প্রভৃতির বার্ষিক মূল্যের উপর কলিকাতার কর্পোরেশনকে সম্মিলিত রেট বলিয়া যে টাকা দিতে হইবে তাহা কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনের ৭১ ধারা নির্দ্ধারিত রেটগুলির মোট টাকা হইবে।

মাপের রিটরণ দিতে হইবার কথা।

৬৬ ঘ ধারা। কলিকাতার কর্পোরেশন লিখিত নুটিসক্রমে ঐরূপ কোন বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারিকে উহার মাপের রিটরণ দিবার নিমিত্ত আদেশ করিতে পারিবেন এবং কলিকাতার কর্পোরেশন বা তাঁহাদের নিকট হইতে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ঐরূপ কোন বিলডিঙ বা ঘর প্রভৃতিতে প্রবেশ করিবার ও তাহা পরিদর্শন করিবার অন্যূন চব্বিশ ঘণ্টাপূর্ব্বে উহার অধিকারিকে আপনাদের অভিপ্রায়ের নুটিস দিয়া পূর্ব্বাহ্ণে সাতটা হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত যে কোন সময়ে ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতিতে প্রবেশ করিয়া তাহা পরিদর্শন করিতে, জরীপ করিতে বা মাপিতে পারিবেন।

মিথ্যা রিটরণ দিবার দণ্ডের কথা।

৬৬ ঙ ধারা। যে দিনে কোন ব্যক্তিকে ঐরূপ কোন রিটরণ দিবার নিমিত্ত আদেশ করা হয় সেই ব্যক্তি সেই দিন হইতে এক সপ্তাহ কাল সেই রিটরণ দিতে অস্বীকার করিলে বা ত্রুটি করিলে বা জানিয়া শুনিয়া মিথ্যা বা অশুদ্ধ রিটরণ দিলে এবং কোন ব্যক্তি কলিকাতার কর্পোরেশনকে কিম্বা কলিকাতার কর্পোরেশন পূর্ব্বোক্ত প্রকারে যে ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তিকে ঐরূপ কোন বিলডিঙ বা ঘর প্রভৃতিতে প্রবেশ এবং তাহা পরিদর্শন, জরীপ ও মাপ করিবার সময় বাধা দিলে কিম্বা ঐ কর্পোরেশনকে বা ঐ ব্যক্তিকে ঐরূপ প্রবেশ প্রভৃতি করিতে না দিলে সেই ব্যক্তির ঐরূপ প্রত্যেক অপরাধের জন্য দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

মূল্যনির্দ্ধারণ করিবার পূর্ব্বে কমিশনরগণকে ও অধিকারিকে নুটিস দিতে হইবার কথা।

৬৬ চ ধারা। (১) ৬৬ খ ধারার [illegible]ধানানুসারে ঐরূপ কোন বি[illegible] র বা ঘর প্রভৃতির মূল্য [illegible] করিবার পূর্ব্বে কলিকাতার কর্পোরেশন কমিশনরগণকে ও অধিকারিকে এই নুটিস দিবেন যে কমিশনরগণ ও অধিকারী ঐ নুটিস পাইবার তারিখ হইতে পনর দিনের কম না হয় এমন একটী তারিখে বা তারিখের পর ঐ মূল্য নির্দ্ধারণ করা হইবে।

(২) এইরূপে কৃত মূল্যনির্দ্ধারণ যদি পূর্ব্বের মূল্যনির্দ্ধারণাপেক্ষা অধিক হয় তাহা হইলে ৬৬ (ট, ধারার (৩) দফায় যে বিশেষ নুটিসের বিধান হইল কলিকাতার কর্পোরেশন সেই নুটিসে ঐ টাকার সম্পূর্ণ বিবরণ দিবেন।

অধিকারিকে কেমন করিয়া আপত্তি করিতে হইবে তাহার কথা।

৬৬ ছ ধারা। ৬৬ ক হইতে ৬৬ চ পর্য্যন্ত ধারার বিধানানুসারে কোন বিলডিঙ বা ঘর প্রভৃতির যে মূল্যনির্দ্ধারণ হয় অধিকারী যদি তাহাতে অসন্তুষ্ট হন তাহা হইলে তিনি ৬৬ চ এবং ৬৬ ট ধারার উল্লিখিত বিশেষ নুটিস পাইবার পনর দিনের মধ্যে তাঁহার আপত্তির হেতু বর্ণনা করিয়া কলিকাতার কর্পোরেশনের আপিসে এক খানি লিখিত নুটিস দিবেন।

আপত্তি শুনিবার কথা।

৬৬ জ ধারা। (১) ঐ সকল আপত্তি লিখিয়া রাখিবার জন্য যে রেজেষ্টরী রাখিতে হইবে তাহাতে ঐ আপত্তিগুলি লিখিয়া রাখিতে হইবে এবং কোন আপত্তি পাইবার পর আপত্তিকারীর আপত্তি সম্বন্ধে যে দিনে ও যে স্থানে অনুসন্ধান করা হইবে আপত্তিকারীকে তাহার নুটিস দিতে হইবে।

(২) যে দিন ও স্থানের নুটিস দেওয়া হয় সেই দিন ও স্থানে কর্পোরেশনের চেয়ারমান বা বাইস-চেয়ারমান ঐ আপত্তি শুনিবেন এবং আপত্তিকারী যদি উপস্থিত হন তাহা হইলে তাঁহার সম্মুখে ঐ আপত্তি শুনা হইবে। উপযুক্ত কারণে কর্পোরেশনের চেয়ারমান বা বাইস-চেয়ারমান যে কোন সময়ে ঐ অনুসন্ধান কার্য্য মুলতবি রাখিতে পারিবেন।

(৩) ঐ আপত্তি সম্বন্ধে যে হুকুম দেওয়া হয় তাহা ঐ হুকুমের তারিখের সহিত আপত্তির রেজেষ্টরীতে লিখিয়া রাখিতে হইবে।

চেয়ারমানের নিষ্পত্তির বিরুদ্ধে আপীলের কথা।

৬৬ ঝ ধারা। (১) ঐরূপ বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারী যদি তাঁহার আপত্তি সম্বন্ধে যে হুকুম দেওয়া হয় তাহাতে অসন্তুষ্ট হন তাহা হইলে তিনি ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতি যে স্থানে অবস্থিত সেই স্থানে যে ছোট আদালতের বিচারাধিকার থাকে সেই ছোট আদালতে আপীল করিতে পারিবেন। এই আপাল ৬৬ জ ধারানুসারে প্রদত্ত হুকুমের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে ছোট আদালতে উপস্থিত করিতে হইবে এবং যে হুকুম সম্বন্ধে আপত্তি করা যায় সেই হুকুম আপত্তির রেজেষ্টরীর যে অংশে থাকে তাহা উদ্ধৃত করিয়া ঐ আপালের সঙ্গে দিতে হইবে।

(২) ঐ হুকুমে ৬৬ ছ ধারানুসারে আপত্তি করা না গিয়া থাকিলে কোন আপাল গ্রহণ করা হইবে না।

মূল্যনির্দ্ধারণ ও নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা।

৬৬ ঞ ধারা। কলিকাতার কর্পোরেশনের মূল্য নির্দ্ধারণের বিরুদ্ধে যদি পূর্ব্বোক্ত বিধানানুসারে আপীল করা না যায় তাহা হইলে সেই মূল্যনির্দ্ধারণ এবং ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে আপাল করা গেলে সেই আপীলের নিষ্পত্তি চূড়ান্ত ও অবশ্য পালনীয় হইবে।

আসেসমেণ্ট, আসেসমেণ্ট বহি ও বিশেষ নুটিসের কথা।

৬৬ ট ধারা। (১) কলিকাতার কর্পোরেশন কৃত ঐরূপ মূল্যনির্দ্ধারণ পরে সময়ে সময়ে যথাযথরূপে যে সকল পরিবর্ত্তন হয় তদধীনে আসেসমেণ্ট বহি বলিয়া যে বহির নাম হইবে এবং যে বহি যতদূর সম্ভব কমিশনরগণের খাজানার রেজেষ্টরীর আকারে কর্পোরেশনের আপিসে রাখিতে হইবে সেই বহিতে লিখিতে হইবে।

(২) ঐ বহির এবং ঐ বহির লিখিত দফাগুলির সময়ে সময়ে যেরূপ পরিবর্ত্তন হয় তাহার একখানি নকল কমিশনরগণকে দেওয়া হইবে এবং কমিশনরগণের প্রধান আফিসে বেলা ১১টা হইতে ৫ টার মধ্যে দেখিতে পাওয়া যাইবে।

(৩) ৬৬ ক হইতে ৬৬ চ দফানুসারে মূল্য নির্দ্ধারণ কার্য্য সমাপ্ত হইয়া গেলে কর্পোরেশন প্রত্যেক বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারিকে একখানি বিশেষ নুটিস দিবেন। আসেসমেণ্ট বহির যে স্থলে ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতির প্রত্যেকের মূল্য নির্দ্ধারণ লিখিত থাকে ঐ নুটিসে সেই স্থল উদ্ধৃত করিয়া দিতে হইবে এবং যে সময়ের মধ্যে আপত্তি করিতে হইবে ঐ নুটিসে তাহা লেখা থাকিবে।

(৪) উক্ত মূল্য নির্দ্ধারণের উপর হিসাব করিয়া যে আসেসমেণ্ট হয় তাহা পূর্ব্বোক্তমত পরিবর্ত্তনের অধীনে ঐ মূল্য নির্দ্ধারণ যত দিন প্রবল থাকিবে তত দিনের জন্য দেয় টাকা বলিয়া বিবেচনা করিতে হইবে এবং যে তিন মাসের মধ্যে পূর্ব্বোক্তমত পরিবর্ত্তন করা হয় সেই তিন মাসের ঠিক পরবর্ত্তী তিন মাসের আরম্ভ হইতে এই সময় হিসাব করিতে হইবে এবং যে সময়ের নিমিত্ত পূর্ব্বের মূল্য নির্দ্ধারণ করা হইয়াছিল সেই সময় অতীত হইয়া গেলেও ঐ তারিখ পর্য্যন্ত সেই মূল্য নির্দ্ধারণই প্রবল থাকিবে।

আসেসমেণ্ট বহির সংশোধনের কথা।

৬৬ ঠ ধারা। (১) ৬৬ ঘ ধারায় যে প্রকারের বিধান করা হইয়াছে সেই প্রকারে কমিশনরগণকে এবং ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারিকে নুটিস দিবার পর কলিকাতার কর্পোরেশন আসেসমেণ্ট বহিতে—

(ক) ঐ বহিতে যে ব্যক্তির নাম সন্নিবেশিত করা উচিত সেই ব্যক্তির নাম, কিম্বা

(খ) এতৎপূর্ব্বে উল্লিখিত যে কোন বিলডিঙ বা ঘর প্রভৃতির উপর রেট বসান যাইতে পারে তাহার বর্ণনা; কিম্বা

(গ) ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতির যদি ইতিপূর্ব্বে মূল্য নির্দ্ধারণ না হইয়া থাকে তাহা হইলে তাহার মূল্যনির্দ্ধারণ—

সন্নিবেশিত করিয়া যে কোন সময়ে ঐ বহি সংশোধন করিতে পারিবেন।

(২) কলিকাতার কর্পোরেশন নুটিস না দিয়া যে কোন ব্যক্তির নাম কিম্বা যে কোন বিলডিঙ বা ঘর প্রভৃতির উপর রেট বসান যাইতে পারে না তাহার বিবরণ কাটিয়া দিতে পারিবেন কিম্বা মূল্য নির্দ্ধারণের পরিমাণ কমাইয়া দিতে পারেন।

(৩) ৬৬ ট ধারায় যে প্রকারের বিধান করা হইয়াছে সেই প্রকারে ঐরূপ সমস্ত পরিবর্ত্তনের সংবাদ কমিশনরগণকে এবং ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারিকে দিতে হইবে এবং ৬৬ ছ, ৬৬ জ, ৬৬ ঝ এবং ৬৬ ঞ ধারার বিধান যতদূর সম্ভব খাটিবে।

৬৬ ড ধারা। (১) প্রত্যেক পরবর্ত্তী তিন মাসের প্রথম মাসে কমিশনরগণ কলিকাতার কর্পোরেশনকে পূর্ব্ববর্ত্তী তিন মাসের যত দিন কমিশনরগণের জমি প্রত্যেক প্রজার দখলে ছিল এবং যতদিন খাজানা দিবার দায়িত্ব জন্মিয়াছিল তত দিনের জন্য ঐ তিন মাসের নিমিত্ত ঐ প্রকারে নির্দ্ধারিত সম্মিলিত রেট দিবেন।

কমিশনরগণ কর্ত্তৃক কর্পোরেশনকে রেট প্রদানের কথা।

কিন্তু কোন তিন মাসের মধ্যে যে প্রজাস্বত্বের অবসান হয় কমিশনরগণ যদি সেই প্রজাস্বত্বের অবসানের তারিখ হইতে এক মাসের মধ্যে কলিকাতার কর্পোরেশনকে সেই অবসানের নুটিস না দেন তাহা হইলে ঐ তিন মাসের জন্য যে সম্মিলিত রেট ধার্য্য হয় কমিশনরগণ তাহার সমস্ত দিবার দায়ী হইবেন।

(২) কলিকাতার কর্পোরেশনকে আসেস্ করা সম্মিলিত রেট দিবার পূর্ব্বে কমিশনরগণ ঐ রেটের অষ্টমাংশের সমান টাকা কাটিয়া রাখিবেন।

(৩) কলিকাতার কর্পোরেশনের কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনানুসারে যেং এবং যে সমস্ত উপায়, ক্ষমতা, স্বত্ব ও অধিকার আছে ঐরূপ কোন টাকা আদায়ের জন্য তাঁহাদের সেই সেই ও সেই সমস্ত উপায়, ক্ষমতা, স্বত্ব ও অধিকার থাকিবে।

৬৬ চ ধারা। (১) ঐরূপ কোন বিলডিঙ বা ঘর প্রভৃতি সম্বন্ধে কলিকাতার কর্পোরেশন কর্ত্তৃক ইতিপূর্ব্বে কথিত মত আসেস করা সমগ্র রেট কমিশনরগণ ঐরূপ কোন বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারির নিকট হইতে আদায় করিতে পারিবেন।

বিলডিঙ বা ঘর প্রভৃতির অধিকারির ও জমির প্রজার নিকট হইতে রেট আদায় করিতে পারিবার কথা।

(২) ৫৯ হইতে ৬৫ পর্য্যন্ত ধারানুসারে যে সকল জমির আ.সস্‌মেন্ট হয় সেই সকল জমির প্রজাগণের নিকট হইতে তাঁহারা ঐ জমির যে সকল অংশ ঐ প্রজাগণকে ভাড়া দেওয়া হইয়াছে সেই সকল অংশ সম্বন্ধে কলিকাতার কর্পোরেশন যে সম্মিলিত রেট আসেস্ করিয়াছেন সমগ্রের অর্দ্ধেকের অনধিক টাকাও আদায় করিতে পারিবেন।

(৩) ঐ জমি বা ঐ বিলডিঙ বা ঘর প্রভৃতি সম্বন্ধে ঐ সকল প্রজা বা অধিকারিগণের কমিশনরগণকে যে খাজানা দেয় হয় কমিশনরগণ সেই খাজানার সহিত ঐরূপে দেয় সমস্ত টাকা আদায় ও সংগ্রহ করিবেন।

(৪) ঐ সকল রেট কমিশনরগণ কর্ত্তৃক আদায়ের যোগ্য খাজানা হইলে তাঁহাদের যেং উপায়, ক্ষমতা, স্বত্ব ও অধিকার থাকিত ঐ টাকা আদায়ের জন্য তাঁহাদের সেইং উপায়, ক্ষমতা, স্বত্ব ও অধিকার থাকিবে।

৪ ধারা। উক্ত আইনের ১০৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

১০৫ ধারা। কমিশনরগণ ও তাঁহাদের চাকরগণ কোন জলযান বা মাল সম্বন্ধে যে কার্য্য করিবেন তজ্জন্য এবং কমিশনরগণ যে ওয়ার্ফ ও যন্ত্র প্রভৃতি করিয়া দিবেন তাহার ব্যবহারের জন্য চার্জ্জের একটী ইস্কেলও কমিশনরগণ প্রস্তুত করিবেন।

জলযান কিম্বা মাল প্রভৃতি সম্বন্ধে কার্য্যের জন্য কমিশনরগণের চার্জ্জের ইস্কেল প্রস্তুত করিবার কথা।

৫ ধারা। ১৮৯৫ সালের বঙ্গীয় ৪ আইনের ১৪ ধারা দ্বারা সংশোধিত উক্ত আইনের ১১৬ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

১১৬ ধারা। (১) যদি কোন জলযানের অধ্যক্ষ বা অধিকারী কিম্বা ঐ অধ্যক্ষের বা অধিকারির এজেন্ট জলযান হইতে কমিশনরগণের কোন ডক্, ওয়ার্ফ, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটি বা পিয়রে কোন মাল নামাইয়া দিবার সময়ে বা পূর্ব্বে কমিশনরগণকে এই লিখিত নুটিস দেন যে ঐ মাল, ভাড়া বা অপর চার্জ্জের হিসাবে জাহাজের অধিকারিকে দেয় এত টাকা (নুটিসে সেই টাকা লিখিয়া দিতে হইবে) দাওয়ার অধীন থাকিবে তাহা হইলে ঐ মাল নামাইবার পূর্ব্বে যে চার্জ্জের অধীন ছিল, কোন দাওয়া থাকিলে সেই চার্জ্জের জন্য সেই দা[illegible]র অধীন থাকিয়া যাইবে।

দাওয়ার নুটিস দিলে মাল নামাইয়া দিবার পরও তাহার দাওয়া থাকিবার কথা।

(২) যত দিন নিম্নলিখিত প্রকারে ঐ [illegible]ওয়া পরিশোধ করা না [illegible] তত দিন ঐ মাল উহার অধিকারিগণের ঝুঁকিতে ও ব্যয়ে হয় কমিশনরগণের গুদামে ও সেডে, নয় সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৬ ধারানুসারে লাইসেন্সপ্রাপ্ত গুদামে, নয় কষ্টমের

দাওয়া পরিশোধ না হওয়া পর্য্যন্ত গুদামে বা সেডে মাল রাখিবার কথা।

প্রধান কর্ম্মচারির অনুমতিক্রমে সরকারী গুদামে থাকিবে।

৬ ধারা। ১৮৯৫ সালের বঙ্গীয় ৪ আইনের ১৬ ধারা দ্বারা সংশোধিত উক্ত আইনের ১২৬ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

উপবিধি প্রণয়ন করিবার, পরিবর্ত্তন করিবার বা রহিত করিবার ক্ষমতার কথা।

১২৬ ধারা। (১) সভাস্থ কমিশনরগণ নিম্নলিখিত কোন উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত, অর্থাৎ—

(ক) যে সকল ডক্, ওয়ার্ফ, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পিয়রের উপর হইতে বা উপরে বন্দর মধ্যস্থ জলযান সকল হইতে মাল নামান হইবে কি ঐ সকল জলযানে মাল তোলা হইবে সেই সকল ডক্ প্রভৃতি সম্বন্ধে ব্যবস্থা করিবার ও বিজ্ঞাপন দিবার ও নির্দ্দেশ করিবার উদ্দেশ্যে ;

(খ) যে প্রকারে ও যে নিয়মে বন্দর মধ্যস্থ সকল জলযানে মাল তুলিতে হইবে ও সকল জলযান হইতে মাল নামাইতে হইবে তৎসম্বন্ধে ব্যবস্থা করিবার উদ্দেশ্যে ;

(গ) ঐ সকল ডক্, ওয়ার্ফ, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পিয়রের এবং ঐ সকল ডক্ প্রভৃতির অন্তর্গত বা সংযুক্ত নামিবার স্থান, গুদাম, সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৬ ধারানুসারে লাইসেন্সপ্রাপ্ত গুদাম, সেড ও অন্যান্য ওয়ার্কের নিরাপদ ও সুবিধাজনক ব্যবহারের উদ্দেশ্যে ,

(ঘ) কমিশনরগণের প্রেমিসে মাল গ্রহণ ও প্রেমিস হইতে মাল চালান সম্বন্ধে ব্যবস্থা করিবার এবং নামাইবার পূর্ব্বে যে মাল নষ্ট হইয়া গিয়াছে কি নষ্ট হইয়া গিয়াছে বলিয়া কথিত হইতেছে সেই মাল হেফাজতে লইবার জন্য যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে তাহা ব্যক্ত করিবার উদ্দেশ্যে ;

(ঙ) এই আইনানুসারে যে মাসুল, দেয় টাকা রেট ও চার্জ্জ আদায় করা হয় তাহা যে প্রকারে দিতে হইবে তৎসম্বন্ধে বিধান করিবার উদ্দেশ্যে ;

(চ) বন্দর হইতে বা নদী হইতে নৌভঙ্গ প্রভৃতি সরাইয়া ফেলিবার এবং বন্দর, নদী, নদীর তীর এবং কমিশনরগণের ওয়ার্ক পরিষ্কার রাখিবার এবং তাহার মধ্যে কি তাহার উপর ময়লা বা রাবিস ফেলা নিবারণ করিবার উদ্দেশ্যে :

(ছ) যে যে কার্য্য করিতে গেলে রৌদ্রে থাকা আবশ্যক সেই ২ কার্য্যে কোন্ ২ ঘণ্টার মধ্যে ইউরোপীয় নাবিকদিগকে এবং ইউরোপীয় নাবিকগণের সমপদস্থ বলিয়া যে সকল আপ্রেণ্টিসকে জাহাজে গ্রহণ করা হয় সেই সকল আপ্রেণ্টিসকে বন্দর মধ্যস্থ জাহাজ সকলে, কিম্বা ডক্, ওয়ার্ক, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পিয়রে নিযুক্ত করিতে পারা যাইবে তৎসম্বন্ধে ব্যবস্থা করিবার উদ্দেশ্যে ,

(জ) তাঁহারা এই আইনানুসারে যে সকল ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাদের উপদেশের উদ্দেশ্যে , এবং

(ঝ) অন্য প্রকারে এই আইনের উদ্দেশ্য সিদ্ধ করিবার উদ্দেশ্যে—

যেরূপ উপবিধি প্রণয়ন করা আবশ্যক বোধ করেন এই আইনের সহিত এবং ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৮৯ সালের আইনের সহিত সঙ্গতি রক্ষা করিয়া সময়ে সময়ে সেই রূপ উপবিধি প্রণয়ন করিতে পারিবেন।

(২) এই ধারানুসারে যে কোন উপবিধি প্রণীত হয় সভাস্থ কমিশনরগণ সময়ে সময়ে তাহা রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন কিম্বা তাহাতে যোগ করিতে পারিবেন।

(৩) কোন উপবিধি কিম্বা কোন উপবিধির রহিত করণ বা পরিবর্ত্তন স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক দৃঢ়ীকৃত না হওয়া পর্য্যন্ত আমলে আসিবে না।

(৪) কোন উপবিধি কিম্বা কোন উপবিধির রহিত করণ কিম্বা পরিবর্ত্তন কিংবা তাহাতে যোগকরণ কলিকাতা গেজেটের পরপর তিন সংখ্যায় প্রকাশিত না হওয়া পর্য্যন্ত দৃঢ়ীকৃত হইবে না।

কলিকাতা,
১১ই অক্টোবর,
১৮৯৫ সাল।

সি, ই, গ্রে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের
ব্যবস্থা বিভাগের একটিং
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১০ই আগষ্ট তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ২০এ সেপ্টেম্বর তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশিত করা গেল :—

১৮৯৫ সালের ৭ আইন।

ভুটান দ্বারের ১৮৬৯ সালের ১৬আইন রহিত করণার্থ আইন।

সূচনা।

এই আইনের তফসীলের লিখিত "ভুটান দ্বারের আইন" নামক আইন স্পষ্ট করিয়া এবং বিশেষভাবে রহিত করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল :—

সংক্ষেপ নাম।

১ ধারা। (১) "ভুটান দ্বারের আইন রহিত করণার্থ ১৮৯৫ সালের আইন" বলিয়া এই আইনটীর উল্লেখ করিতে পারা যাইবে।

আরম্ভ।

(২) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি প্রাপ্ত হইয়া ইহা যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে ইহা প্রবল হইবে।

রহিত করা আইনের কথা।

২ ধারা। এই আইনের তফসীলের লিখিত আইনটীকে ঐ তফসীলের চতুর্থ ঘরের লিখিত পরিমাণে এতদ্দ্বারা রহিত করা গেল।

বাঁচাইবার দফা।

৩ ধারা। এতদ্দ্বারা যে আইনটীকে রহিত করা গেল তদনুসারে যে সকল বিজ্ঞাপন প্রকাশিত হইয়া, যে সকল ইস্তাহার প্রচারিত হইয়া, যে সকল ক্ষমতা প্রদত্ত হইয়া, যে সকল ফারম নির্দ্দিষ্ট হইয়া, যে সকল স্থানীয় সীমা নির্দ্ধারিত হইয়া এবং যে সকল নিষ্পত্তি, আদেশ, বিধি ও নিয়োগ হইয়া এখনও প্রবল আছে কিম্বা এই আইনের তারিখের অব্যবহিত পূর্ব্বে প্রবল হইবে এই আইনের দ্বারা উক্ত আইন রহিত হওয়ার দরুণ সেই সকল বিজ্ঞাপন, ইস্তাহার, ক্ষমতা, ফারম, স্থানীয় সীমা, নিষ্পত্তি, আদেশ, বিধি এবং নিয়োগের সিদ্ধতার কিম্বা এতদ্দ্বারা যে আইনটীকে রহিত করা গেল তদনুসারে যে কোন কার্য্য করা হইয়াছে বা কার্য্যফল সহ্য করা হইয়াছে তাহার এবং যে কোন অধিকার বা স্বত্ব ইতিপূর্ব্বে লাভ করা হইয়াছে বা উত্থিত হইয়াছে কিম্বা যে কোন দায়িত্ব ইতিপূর্ব্বে জন্মিয়াছে তাহার সিদ্ধতার কোন ব্যত্যয় হইবে না।

তফসীল।

রহিত করা আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন।

১	২	৩	৪
বৎসর।	নম্বর।	বিষয় বা নাম।	যত দূর রহিত করা হইল।
১৮৬৯	১৬	ভুটান দ্বারের আইন ..	যতদূর রহিত করা হয় নাই।

কলিকাতা,
১১ই অক্টোবর ১৮৯৫ সাল।

সি, ই, গ্রে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের
ব্যবস্থা বিভাগের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

An Act to repeal the Bhután Duárs Act, No. XVI of 1869.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 29, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ২৯ অক্টোবর।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা গণেশচন্দ্র দাস দিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৬ সালের ৬ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৩ পৌষ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২০শে সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১১১ নং লাট ষষ্ঠ খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর কুলপি।	৪৮৪০/০	উত্তর ;—গিন্নাপতি খাল বা ক্রুক্ হইতে চুণকুড়ি খাল পর্য্যন্ত ৯০ ডিক্রীতে একটী সরল-রেখা, যাহা এই লাটের পঞ্চম খণ্ডের দক্ষিণ সীমানায় হইয়াছে। পূর্ব্ব ;—চুণকুড়ি খালের কিয়দংশ। দক্ষিণ ;—চুণকুড়ি খাল হইতে গিন্নাপতি বা ক্রুক্ পর্য্যন্ত ২৫৬ ডিক্রীতে এ[illegible]রল-রেখা। পশ্চিম ;—গিন্নাপতি খাল বা ক্রুক্। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদন্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্রীনাথ সিংহ পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৬ সালের ৬ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৩ পৌষ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতির তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫ ৷২০শে সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	বকরা।	চৌহদ্দী।
১১১ নং লাট সপ্তম খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর কুলফি।	৫০০০/০	উত্তর ;—গিয়াপতি খাল বা ক্রুক হইতে চুণকুড়ি খাল পর্য্যন্ত ৭৬ ডিক্রীতে একটী সরলরেখা যাহা অত্র লাটের ষষ্ঠ খণ্ডের দক্ষিণ সীমানা হইয়াছে। পূর্ব্ব ,—চুণকুড়ি খাল ও শতমুখি নদীর কিয়দংশ। দক্ষিণ ;—শতমুখি নদীর ধার হইতে দুয়াগিরা হেন্তালিয়া দোয়ানিয়া হইতে যে একটী খাল উঠিয়াছে ঐ খালের ধার পর্য্যন্ত ২৫৪ ডিক্রীতে একটী সরলরেখা এবং ঐ দুয়াগিরা হেন্তালিয়া দোয়ানিয়ার কিয়দংশ। পশ্চিম ;—গিয়াপতি খাল বা ক্রুক্। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুক্ত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রূলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতন্নিম্ন তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা গোবিন্দ প্রসাদ নন্দ পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমিরউপর দাওয়ানিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৬ সালের ৬ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৩ পৌষ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।—

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুডী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না। কিন্তু ঐ জ্বালানী কি গুডী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচলিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৯৫ সাল। ২০ সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দি।
১১১নং লাটের নবম খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর কুলফি।	৩২৫০/০	উত্তর;—চুণকুড়ি খাল হইতে শতমুখি নদী হইতে যে বড় চরা মুখি খাল উঠিয়াছে ঐ খালের ধার পর্য্যন্ত ৯০ ডিক্রীতে একটী সরলরেখা এবং ঐ বড চরা মুখি খাল। পূর্ব্ব;—শতমুখি নদীর কিয়দংশ। দক্ষিণ;—শতমুখি নদীর ধার হইতে চুণকুড়ি [illegible]র ধার পর্য্যন্ত ২৫০ ডিক্রীতে একটী [illegible]রল-রেখা। পশ্চিম;—চুণকুড়ি খাল। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুক্ত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা গঙ্গাধর নন্দ পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৬ সালের ৬ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৩ পৌষ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুডী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুডী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতি খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫ । ২০ সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
১১১ নং লাট দশম খণ্ড।	২৪ পরগণা ডায়-মণ্ডহারবর কুলফি।	৫০০০৴০	উত্তর ;—ঘুঘুডাঙ্গা গাঙ্গ। পূর্ব্ব ;—ঘুঘুডাঙ্গা গাঙ্গহইতে শতমুখি নদী হইতে যে ছোট চরা মুখি খাল উঠিযাছে ঐ খালের ধার পর্য্যন্ত ১৯৩ ডিগ্রীতে একটী সরলরেখা এবং ঐ ছোট চরা মুখি খাল। দক্ষিণ ;—শতমুখি নদীর কিয়দংশ ও শতমুখি নদী হইতে যে বড চরা মুখি খাল উঠিয়াছে ঐ খাল এবং ঐ বড চরা মুখি খাল হইতে চুণকুড়ি খাল পর্য্যন্ত ২৭০ ডিগ্রীতে একটী সরলরেখা। পশ্চিম ;—চুণকুড়ি খালের কিয়দংশ এবং ঐ চুণকুড়ি খালের ধার হইতে ঘুঘুডাঙ্গা গাঙ্গ পর্য্যন্ত ৩৬ ডিগ্রীতে একটী সরলরেখা যাহা এই লাটের তৃতীয় খণ্ডের পুর্ব্ব সীমানা হইয়াছে। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুক্ত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদন্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা দিগম্বর মন্দ পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৬ সালের ৬ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২৩ পৌষ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৫। ২০ সেপ্টেম্বর।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দি।
১১১ নং লাট একাদশ খণ্ড।	২৪ পরগণা ডায়মণ্ডহারবর কুলফি।	৫০০০/০	উত্তর ;—ঘুঘুডাঙ্গা গাঙ্গ। পূর্ব্ব,—ঘুঘুডাঙ্গা গাঙ্গের ও শতমুখি নদীর কিয়দংশ। দক্ষিণ ;—শতমুখি নদীর কিয়দংশ এবং ঐ শতমুখি নদী হইতে যে ছোট চরা মুখি খাল উঠিয়াছে ঐ ছোট চরা মুখি খাল। পশ্চিম ;—ছোট চরা মুখি খালের ধার [illegible] ঘুঘুডাঙ্গা গাঙ্গ পর্য্যন্ত ১৩ ডিক্রীতে [illegible] সরল-রেখা। উপরোক্ত সীমানা সকল সুন্দরবনের কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10 The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates. per four-ounce tin, *Rs* 3; per eight-ounce tin, *Rs* 6, per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতায় বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের স্থপারিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের স্থপারিন্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাস্থল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাস্থল বিনা ১৬৸০
॥ আধ ,, ,, ৮৲ বা ডাক মাস্থল বিনা ৮৷০
। শিকি ,, ,, ৪৲ বা ডাক মাস্থল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের স্থপারিন্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
P[illegible] III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	"	২৷৷০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	"	৪৲
ডাকমাশুল	"	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	"	।০
ডাকমাশুল		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এব, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice, dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

যিনি জল পাইতে চাহেন তিনি কাণ্টনমেণ্ট কমিটীর সহিত নিয়ম করিলে সেই নিয়মানুসারে কিম্বা কমিটী যত খরচ নির্দ্ধার্য্য করেন তদনুসারে কমিটীর চাকরেরা ও কর্ম্মচারিরা ঐ নল সংযোগ করাইয়া ও তৎসংক্রান্ত অন্য২ কার্য্য ও সাজসরঞ্জাম করাইয়া দিতে পারিবেন এবং সেই কার্য্য করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় কমিটী ঐ কর্ম্ম করিবার পূর্ব্বে তত টাকা দিবার কি গচ্ছিত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

জলের রেট যে প্রকারে আদায় হইতে পারে ঐ খরচ খরচার টাকাও সেই প্রকারে আদায় হইতে পারিবে।

২৯২ ধারা। পূর্ব্বোক্তমতে যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার মধ্যে জল যোগাইবার সকল নল ও অন্যান্য কল ও সাজসরঞ্জাম দেখিবার নিমিত্ত ও অকারণে জল নষ্ট না হয় কিম্বা তাহার অযথা ব্যবহার না হয় ইহা দেখিয়া লইবার জন্যে কাণ্টনমেণ্ট কমিটী যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি পূর্ব্বাহ্ণ ৭ ঘণ্টার ও অপরাহ্ণ ৫ ঘণ্টার মধ্যে কোন সময়ে ঐ ঘরে কি ভূমিতে যাইতে পারিবেন।

And if such officer at any such time be refused admittance into such house or land for the purposes aforesaid, or be prevented from making such examination, the Cantonment Committee may forthwith cut off the supply of water from such house or land:

Provided that nothing hereinbefore contained shall authorize an entry into any room appropriated for the zenana or residence of women, which, by the custom of the country, is considered private, unless a notice in writing of not less than four hours be given.

293. In the event of any pipes, works, or fittings connected with the supply of water to any house or land being at any time found, on examination by any officer of the Cantonment Committee authorised in that behalf, to be out of repair to such an extent as to cause waste of water, the Cantonment Committee may cause the water to be turned off from such house or land, after giving notice in writing of not less than twenty-four hours, and may recover from the occupier of such house or land the expense incurred for turning off the water.

294. The Cantonment Committee may supply water for purposes other than domestic purposes, and may, subject to such charges and rates as may have been fixed by the Committee at a meeting, lay down, or allow to be laid down, the necessary pipes and works of such dimensions and character as may be approved by them.

296. It shall be at the option of the Cantonment Committee to provide filtered or unfiltered water for all latrines and water-closets, and it shall be lawful for them to require that all latrines and water-closets supplied with water, filtered or unfiltered, shall be provided with a cistern of such size and description as the Cantonment Committee shall direct, and all such cistern shall be put up at the cost of the owner of the house or land so supplied with water.

298. The occupier of any house or land in which water supplied by the Cantonment Committee is, from negligence or other circumstances, under the control of the said occupier, wasted; or in whose house or land the pipes, works, or fittings for the supply of water shall be found to be out of repair to such an extent as to cause waste of water, shall be liable to a fine not exceeding twenty rupees.

299. Any person otherwise causing waste of water supplied by the Cantonment Committee shall be liable to a fine not exceeding five rupees.

300. It shall be within the discretion of the Cantonment Committee to allow any person not residing within the limits of the Cantonment to take or be supplied with water for domestic use, on such terms as the Committee in meeting may from time to time prescribe.

And any person taking or causing to be taken for use, outside the limits of the Cantonment, water supplied by the Cantonment Committee, without the permission of the Committee, shall be liable to a fine not exceeding fifty rupees.

301 Before a connection for the supply of water from the service-pipes of the Cantonment Committee to any house or lands is sanctioned, the Cantonment Committee may cause all the works, pipes and fittings within the said house or land to be inspected by an officer appointed by them in that behalf.

And the cost of such inspection shall be payable in advance by the person applying for such connection at such rates as the Cantonment Committee in meeting shall from time to time direct.

And until such officer shall have certified to the Cantonment Committee that the works, pipes and fittings have been executed and put up in a satisfactory manner, a connection with the Cantonment Committee's service-pipes shall not be permitted.

302. The connection with the service-pipes of the Cantonment Committee, as also the laying of supply-pipes under any public road or thoroughfare, shall be executed by an officer of the Committee authorized in that behalf and by no other person.

আর উক্ত সময়ে উক্ত কার্য্যের নিমিত্ত ঐ কার্য্যকারককে সেই ঘরে কি ভূমিতে যাইবার অনুমতি না দেওয়া গেলে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার সেই বিষয় দেখিয়া লইবার বাধা দেওয়া গেলে, কাণ্টনমেণ্ট কমিটী তৎক্ষণাৎ সেই ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথা দ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রীলোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হইয়া থাকে অন্যূন চারি ঘণ্টা থাকিতে নোটিস না দিয়া তন্মধ্যে কাহাকেও প্রবেশ করিবার ক্ষমতা দেওয়া গেল না।

২৯৩ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার যে নল কি অন্য কল কি সাজসরঞ্জাম থাকে কাণ্টনমেণ্ট কমিটীর কোন কার্য্যকারক এতৎপক্ষে ক্ষমতা পাইয়া কোন সময়ে সেই নল কি অন্য কল কি সাজসরঞ্জাম পরীক্ষা করিয়া তাহা এতদূর বেমেরামত হইয়াছে যে জল বৃথাই নষ্ট হয় জানিতে পাইলে, কমিটী অন্যূন চব্বিশ ঘণ্টা থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ঘর কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন ও বন্ধ করিয়া দিবার খরচ ঐ ঘরের কি ভূমির প্রজার স্থানে লইতে পারিবেন।

২৯৪ ধারা। ঘরের নানা কর্ম্মের নিমিত্ত যত জলের প্রয়োজন, তাহা ছাড়া অন্য কাযের নিমিত্ত কাণ্টনমেণ্ট কমিটী জল যোগাইয়া দিতে পারিবেন। তাহা হইলে তাঁহারা সভাগত হইয়া খরচা ও রেট স্থির করিয়া যত বড় ও যেং প্রকারের নল প্রভৃতি অনুমোদন করেন, সেইং প্রকারের তত বড় নল প্রভৃতি বসাইবেন কি বসাইতে দিবেন।

২৯৬ ধারা। কাণ্টনমেণ্ট কমিটী সকল পাইখানায় ও শৌচস্থানে স্বেচ্ছামতে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবেন; এবং তাঁহারা আদেশ করিতে পারিবেন যে, যে সকল পাইখানায় ও শৌচস্থানে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দেওয়া যায় তথায় জলাধার দিতে হইবে। সেই আধার কত বড় ও কি প্রকারের হইবে কাণ্টনমেণ্ট কমিটী তাহা নির্ণয় করিবেন। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার স্বামির খরচে ঐ সকল জলাধার দিতে হইবে।

২৯৮ ধারা। কাণ্টনমেণ্ট কমিটী কোন ঘরের কি ভূমির জল যোগাইয়া দিলে পর, দখীলকার বা প্রজার শৈথিল্য হেতুক কিম্বা অন্য যে ভাবগতিকের উপর তাঁহার কর্তৃত্ব থাকিতে পারে এমত ভাবগতিক হেতুক জল নষ্ট হইলে, কিম্বা যে নল কি কল কি সাজসরঞ্জাম দ্বারা ঐ ঘরের কি ভূমির জল সম্পোষ্য হয় তাহা এতদূর বেমেরামত হইয়াছে যে জল নষ্ট হইয়া থাকে ইহা জানা গেলে, তাঁহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৯৯ ধারা। কাণ্টনমেণ্ট কমিটী যে জল যোগাইয়া দেন কোন ব্যক্তি প্রকারান্তরে সেই জল নষ্ট করাইলে তাঁহার পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৩০০ ধারা। কোন ব্যক্তি কাণ্টনমেণ্টের সীমার মধ্যে বাস না করিলেও, কাণ্টনমেণ্ট কমিটী ইচ্ছা করিলে কোন সভায় তাঁহার গৃহকার্য্যের নিমিত্ত সময়ে২ জল দিবার যেং নিয়ম নির্দ্দেশ করেন সেই২ নিয়মানুসারে ঐ ব্যক্তির জল লইবার কিম্বা তাঁহাকে জল যোগাইয়া দেওয়ার অনুমতি দিতে পারিবেন।

কাণ্টনমেণ্ট কমিটী যে জল সম্পোষ্যের নিমিত্ত বিধান করেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না পাইয়া কমিটীর সীমার বাহিরে খরচ করিবার জন্যে সেই জল লইলে কি আনাইলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৩০১ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার নিমিত্ত কাণ্টনমেণ্ট কমিটীর জলের নলের সঙ্গে নল সংযোগ করিবার অনুমতি দেওয়ার পূর্ব্বে. কাণ্টনমেণ্ট কমিটী তদর্থে নিযুক্ত কোন কার্য্য-কারকের দ্বারা সেই ঘরের কি ভূমির অন্তর্গত সকল কার্য্য ও নল ও সাজসরঞ্জাম দেখিয়া লইতে পারিবেন।

যে ব্যক্তি নল সংযোগ করিবার প্রার্থনা করেন ঐ দেখিয়া লওয়ার খরচ তাঁহার আগাম দিতে হইবে। কাণ্টনমেণ্ট কমিটী সভা করিয়া সময়েং যে হার নির্দ্ধার্য্য করেন সেই হার অনুসারে ঐ খরচ দিতে হইবে;

ও সেই কার্য্য ও নল ও সাজসরঞ্জাম উপযুক্তমতে করা গিয়াছে ও সন্তোষমতে বসান গিয়াছে ঐ কার্য্যেকারক যতকাল কাণ্টনমেণ্ট কমিটীর নিকট ঐ মর্ম্মের সার্টিফিকেট না দেন, তত কাল কাণ্টনমেণ্ট কমিটীর নলের সঙ্গে সংযোগ করিবার অনুমতি হইবে না।

৩০২ ধারা। কাণ্টনমেণ্ট কমিটীর নলের সঙ্গে অন্য নল সংযোগ করণ ও কোন রাজপথের কি লোকদের গমনীয় পথের নীচে জল যোগাইবার নল বসাওনের কার্য্য কাণ্টনমেণ্ট কমিটীর তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক ভিন্ন অন্য ব্যক্তির দ্বারা করা যাইবে না।

And the expense of making such connection shall be payable in advance by the person applying for the same, at such rates as the Cantonment Committee in meeting shall from time to time direct

303 Any person who shall unlawfully flush, draw-off, divert or take water from any water-works belonging to, or under the control of, the Cantonment Committee by which such water-works are supplied shall be liable to a fine not exceeding one hundred rupees.

304 No works for introducing a supply of water to any house shall be commenced by the owner without sending a specification and estimate of the cost thereof to the occupier, nor by the occupier without sending such specification and estimate to the owner.

305 Except in the case of special agreement to the contrary, the owner of any house or land shall bear the expense of keeping all works connected with the supply of water to such house or land in substantial repair.

Provided that nothing in this section shall affect the liabilities of parties under leases executed previous to extension of these provisions to the Cantonment in which the said house or land is situated

306 All public tanks, reservoirs, cisterns, wells, aqueducts, conduits, tunnels pipes, pumps, and other water-works, whether made, laid or erected at the cost of the Cantonment Committee or otherwise, and all bridges, buildings, engines, works, materials, and things connected therewith or appertaining thereto, and also any adjacent land (not being private property) appertaining to any public tank, shall become vested in the Cantonment Committee.

307. The water-rate and all the moneys collected, received, or recovered for or in respect of the supply of water or the execution of works, and all fines connected therewith, or in any respect relating to the water-supply, shall be applied by the Cantonment Committee in defraying the expense of making, extending, or maintaining the water-works, in the payment of such a proportionate share of the cost of collection and of general supervision as the Committee in meeting may from time to time direct, in paying the interest of money borrowed for the water-works, and in the liquidation of debts incurred in connection therewith, or for some other purpose connected with the supply of water

ও যে ব্যক্তি সংযোগ করিতে প্রার্থনা করেন, ঐ কার্য্যের খরচ তাঁহার আগাম দিতে হইবে। কাণ্টনমেণ্ট কমিটী সভা করিয়া সময়েং যে হার নিরূপণ করেন ঐ খরচ সেই হারানুসারে দেওয়া যাইবে।

৩০৩ ধারা। কাণ্টনমেণ্ট কমিটীর জলের কলে কিম্বা তাঁহাদের কর্ত্তৃত্বাধীন কোন জলের কলে যে জল যোগান হয় কোন ব্যক্তি সেই কল হইতে অবৈধমতে জল নিঃসৃত করাইয়া দিলে কি বাহির করাইলে কি অন্যমুখ করিলে কি গ্রহণ করিলে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৩০৪ ধারা। স্বামী আপনার ঘরে জল আনাইবার উপক্রম করিলে প্রজার নিকট ঐ কর্ম্মের খরচের বেওরা ও অনুমান পত্র না পাঠাইলে কিম্বা প্রজা ঐ কর্ম্ম করিবার উপক্রম করিলে স্বামির নিকট ঐ কর্ম্মের খরচের বেওরা ও অনুমানপত্র না পাঠাইলে সেই কর্ম্মের আরম্ভ করিবেন না।

৩০৫ ধারা। প্রকারান্তরের বিশেষ বন্দোবস্ত না থাকিলে, কোন ঘরের কি ভূমির স্বামী উক্ত ঘরে কি ভূমিতে জল আনাইবার কার্য্য সকল উপযুক্তমতে সারাইয়া রাখিবার খরচ দিবেন।

কিন্তু উক্ত ঘর কি ভূমি যে কাণ্টনমেণ্টের মধ্যে থাকে তথায় এই সকল বিধান প্রচলিত হইবার পূর্ব্বে যে পাট্টা লিখিয়া দেওয়া যায় তদনুসারে উভয় পক্ষের যেং দায় থাকে এই ধারার কোন কথার দ্বারা তাহার ব্যত্তিক্রম হইবে না।

৩০৬ ধারা। সাধারণের ব্যবহার্য্য সকল পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ ও পয়-প্রণালী ও নালা ও সুড়ঙ্গ ও নল ও কল ও জলের অন্য সকল কার্য্য কাণ্টনমেণ্ট কমিটীর খরচে কিম্বা প্রকারান্তরে করা কি বসান কি নির্ম্মাণ করা গেলে ঐ পুষ্করিণী প্রভৃতি ও তৎসম্পর্কীয় কি তৎসংযুক্ত সকল পুল ও কোটা ও কল ও বিষয় ও সাজসরঞ্জাম ও দ্রব্য এবং সাধারণের ব্যবহার্য্য পুষ্করিণী সংক্রান্ত পার্শ্ববর্ত্তী যে ভূমি কোন ব্যক্তির সম্পত্তির মধ্যে নয় সেই ভূমি কাণ্টনমেণ্ট কমিটীর প্রতি বর্ত্তিবে।

৩০৭ ধারা। জলের রেট এবং জল যোগাওনের কিম্বা তৎসম্পর্কীয় কার্য্য করণের জন্য যে সকল টাকা সংগ্রহ করা যায়, পাওয়া যায় কি আদায় করা যায় এবং জলযোগাওনের সম্পর্কে কিম্বা তৎসম্পর্কীয় কোন বিষয়ের নিমিত্ত যে সকল অর্থদণ্ড আদায় হয়, উক্ত কাণ্টনমেণ্ট কমিটী সেই সকল টাকা লইয়া উক্ত জল সংক্রান্ত কার্য্য করিবার ও বাড়াইয়া দিবার ও সারাইয়া রাখিবার খরচ শোধ করিবেন, ও সভাগত হইয়া কমিটী আদায় করিবার খরচার ও সাধারণ তত্ত্বাবধারণ করিবার খরচার যে অনুপাতানুযায়িক অংশ সময়েং নিরূপণ করেন তাহা দিবেন ও জলসংক্রান্ত কার্য্যের নিমিত্ত যে টাকা ঋণ লওয়া যায় তাহার সুদ দিবেন, ও তৎসংক্রান্ত ঋণ কিম্বা জল যোগাওন সম্পর্কীয় অন্য কার্য্যের নিমিত্ত যে ঋণ লওয়া যায় সেই ঋণ শোধ করিবেন।

TUESDAY, NOVEMBER 19, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৯ নবেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notification by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT

NOTIFICATION.

Darjeeling, the 25th October 1895.

No 865*J.-D.*—In exercise of the power conferred by section 5 of the Scheduled Districts Act XIV of 1874, the Lieutenant-Governor of Bengal is pleased, with the previous sanction of the Governor-General in Council, to extend Act X of 1859 an (Act to amend the law relating to the recovery of rent in the Presidency of Fort William in Bengal) and Act VI (B.C.) of 1862 (an Act to amend Act X of 1859) to that portion of the Jalpaiguri district known as the Western Duars.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

দার্জ্জিলিং, ১৮৯৫ সাল ২৫ অক্টোবর।

৮৬৫ জে, ডি নম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তফশীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের ১৪ আইনের ৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উইলিয়ম প্রেসিডেন্সিতে খাজানা আদায় বিষয়ক আইন সংশোধন করণার্থ ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৫৯ সালের ১০ আইন সংশোধন করণার্থ ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইন জলপাইগুড়ি জিলার পশ্চিম দুয়ার নামে খ্যাত অংশে প্রচলিত করিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ১৯ নবেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১০ই অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল :—

১৮৯৫ সালের ১৫ আইন।

ক্রৌণ হইতে প্রাপ্ত গ্রাণ্ট সম্বন্ধে সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক ১৮৮২ সালের আইন বুঝাইবার নিমিত্ত এবং ঐ গ্রাণ্ট সম্বন্ধে ক্রৌণের ক্ষমতা সম্বন্ধে কতকগুলি সন্দেহ দূর করিবার নিমিত্ত আইন।

যে হেতু সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক ১৮৮২ সালের আইনের ব্যাপ্তি ও কার্য্য সম্বন্ধে এবং ক্রৌণ কর্ত্তৃক কিম্বা ক্রৌণের অনুমত্যনুসারে কৃত ভূমির গ্রাণ্ট বা অপর হস্তান্তর সম্বন্ধে নিষেধ ও নিবন্ধন নির্দ্দেশ বিষয়ে ক্রৌণের ক্ষমতা সম্বন্ধে সন্দেহ উপস্থিত হইয়াছে এবং ঐ সন্দেহ দূর করা বিহিত; অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল :—

নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে ক্রৌণ গ্রাণ্ট বিষয়ক ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এবং

(৩) ইহা অবিলম্বে প্রবল হইবে।

সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক ১৮৮২ সালের আইন ক্রৌণ গ্রাণ্ট সম্বন্ধে না খাটিবার কথা।

২ ধারা। শ্রীশ্রীমতী ভারতেশ্বরী কিম্বা তাঁহার ওয়ারিস বা উত্তরাধিকারিগণ কর্ত্তৃক কিম্বা তাঁহাদের পক্ষে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব কর্ত্তৃক কি তাঁহার পক্ষে যে কোন ব্যক্তির প্রতি বা যে কোন ব্যক্তির অনুকূলে এপর্য্যন্ত ভূমির বা ভূমিগত কোন স্বার্থের যে সকল গ্রাণ্ট বা অপর হস্তান্তর করা হইয়াছে বা ইহার পরে করা হইবে তৎসম্বন্ধে সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক ১৮৮২ সালের আইনে যাহা কিছু আছে তাহা খাটিবে না কিম্বা কখন খাটিয়াছিল বলিয়া বিবেচিত হইবে না। কিন্তু ঐরূপ প্রত্যেক গ্রাণ্ট ও হস্তান্তরের এরূপে অর্থ করিতে হইবে এবং ঐরূপ প্রত্যেক গ্রাণ্ট ও হস্তান্তর এরূপে ফলবৎ হইবে যেন উক্ত আইন বিধিবদ্ধ হয় নাই।

ক্রৌণ গ্রাণ্ট আপন মর্ম্মানুসারে ফলবৎ হইবার কথা।

৩ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন গ্রাণ্ট বা হস্তান্তরপত্রে যে সমস্ত বিধান, নিষেধ, নিয়ম ও নিবন্ধন থাকে তাহা ব্যবস্থাপক সভার প্রণীত কোন আইন ও ব্যবস্থায় তদ্বিরোধী কোন বিধি থাকা সত্ত্বেও সিদ্ধ হইবে ও আপন মর্ম্মানুসারে ফলবৎ হইবে।

An Act to explain the Transfer of Property Act, 1882, so far as relates to grants from the Crown, and to remove certain doubts as to the powers of the Crown in relation to such grants

জে, এম, ম্যাক্‌ফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NARAYAN CHANDRA BHATTACHARYYA,
Offg Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 19, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ১৯ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা ২৪ পরগণা।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে নিলামি নোটিস।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে নিম্নলিখিত জমিদারী মহাল সকলের ১৮৯৫ সালের জুন কিস্তির রাজস্ব ২৮শে জুন সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ঐ সমস্ত মহাল সন ১৮৯৫ সালের ৩রা ডিসেম্বর তারিখে জেলা ২৪ পরগণার কালেক্টর সাহেবের আফিসে বেওজর নিলামে ধরা যাইবেক।—

প্রথম শ্রেণীর চিরস্থায়ী বন্দোবস্তী মহাল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
তালিকার নম্বর।	তৌজি নম্বর।	পরগণা ও মহালের নাম।	পূরা মহালের সদর জমা।	পূরা মহাল বিক্রয় হইবে কি না।	যদি একটী অংশ বিক্রয় হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সকল মহাল বিক্রয় হইবেক তাহার মালিকগণের নাম।	যদি একটী অংশ বিক্রয় হয় তাহার সদর জমা।	যদি পূরা মহাল বিক্রয় হয় তাহার বাকীর পরিমাণ।	যদি একটী অংশ বিক্রয় হয় তাহার বাকীর পরিমাণ।	মন্তব্য।
১	৩৬	পং মাগুরা কিং ধাপামানপুর।	২৭৭৮।৵ ৪॥	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ।	বাঁকে বিহারিলাল মণ্ডল দিং।	১২৩২৸/৬ ১/৪	....	১৯৬॥/৬ ৩/৪	
২	৮৫	পং মাগুরা কিং আবগাছিয়া দিং	৯৮৪ ৸৵৭	...	ঐ	সতীশ চন্দ্র রায় চৌধুরী।	৮৬১॥৵১০	.....	৮৬৵২	
৩	১৫১	পং বরিদহাটী কিং চক হাটুরিয়া।	৩৯৯২২ ॥/৪	.	ঐ	ত্রৈলোক্য নাথ বিশ্বাস দিং।	৫৯৮৭৻৭॥	......	৭০৸/৮ ১/২	
৪	৩১৪	পং মুড়াগাছা কিং হরিনারায়ণপুর।	১২২১৬৸ ৩ ১/৪	.	ঐ	নবকিশোর মণ্ডল দিং।	৬৪৮৪॥/৮	......	১৯/৬ ১/২	
৫	৩১৫	পং মুড়াগাছা কিং রঘুনাথপুর দিং	১০২২৮/ ৭ ১৭/২০	.	ঐ	কালীকৃষ্ণ মণ্ডল দিং।	১৮৩৯৵৬	...	৮৪।৵৫	
৬	৩৮৫	পং আজিমাবাদ কিং হুদারসখালি।	১৯৪২৪ ॥১ ১/২	.	ঐ	শশীভূষণ আদক দিং।	৪৯৩৩৵১ ১/২	......	৮৬৸১০	
৭	৩৯২	পং আজিমাবাদ কিং হুদাজয়চণ্ডীপুর।	৮৩১৩।৵ ৮	.	ঐ	চণ্ডীচরণ মণ্ডল দিং।	৪১৫৬॥৵১০	......	৯৯।৵১১ ৩/৪	
৮	৪০৩	পং আজিমাবাদ কিং পাথরবেড়ে।	৫১৪৩৵ ৩		ঐ	ব্রজেন্দ্রনাথ মণ্ডল দিং।	২২২৮॥৵৪ ৩/৪	......	৩৪৻৭	
৯	৪১১	পং মাগুরা কিং মানাখোলা দিং	২৫১৯॥৵ ৯	পূরা মহাল।	......	হরিশ্চন্দ্র রায় চৌধুরী।	......	২১৮	......	

W. H. H VINCENT,
Offg. Collector.

জিলা ফরিদপুর।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৭ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৭৫। ২০ ডিসেম্বর তারিখে বেলা ১১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৭৫। ১৭ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৮৭০	পং খটকপুর তাং রায়প্রসাদ রায়।	৫২৪৮৯ ১/২	ষোল আনা	......	হরকুমার রায় গয়রহ।	.....	৬৫।৬ ১/২	......
৬.২০	পং রাজনগর হিঃ নিলমণি সেন।	৫৯৭৮৩	ঐ	....	সাধুচরণ পাল গয়রহ।	.....	৪৩।/৫	......
৬৪৪৮	পং জালালপুর মহাল তাজপুর।॰	১১৭১)	ঐ	......	গোলাম আহাদ চৌধুরি ও জলধর ঘোষ গয়রহ।	......	২৯৩)	......
৬৪৫২	পং চর মুকন্দিয় মহাল ভাষাণ-চর।	১৫৮৯)	ঐ	....	রাজা শ্রীনাথ রায় গয়রহ।	......	১৭৩।৵০	......
৬৪৯৫	পং নাস্তো মহাল দক্ষিণ বাঁশ-বাড়ী।	৮১৬)	ঐ	......	বাবু কালীকৃষ্ণ ঠাকুর	....	২০৪)	.....
৬৫১৩	পং হুরুল্লাপুর মহাল গোপাল-পুর নদী ভরটী।	৮০১)	ঐ	......	প্রসন্নকুমার সেন...	.....	২০০)	......
৬৫১৮	পং মাহামুদপুর তপ্পা ছোল-পুর নদী-ভরটী মহাল।	১০৪৭)	ঐ	......	ঐ	.....	২৬২)	......

টীকা - যে স্থলে উপরের লিখিত বর্ণমাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J. L. Herald,
Offg. Collector.

জিলা বাকরগঞ্জ—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৭ ধারামতে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে আগামী ১৮৯৫ সনের কিস্তি সেপ্টেম্বরের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সনের ২০ ডিসেম্বর তারিখে বাং ১৩০২ সনের ৬ পৌষ শুক্রবার নিলামে বিক্রয় করা যাইবে। ইতি ১৮৯৫ সন ৩০ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫২৮৫	চর জয়নগর মহাল অধীন ২ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৯০৫৮৶৩	সম্পূর্ণ গর মকররি হাওলা।	......	রহিমদ্দী মাতবর গং	......	১৯৭৲	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ১৬ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৫৮৪।/৯	ঐ	......	মাহামুদ আশেদ গং	......	১৪৬৲	...
ঐ	চর জয়নগর মহাল অধীন ২০ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৫০১৮৵৩	ঐ	......	আরমান হাওলাদার	......	১২৬৲	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ২২ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৮৮৯৶০	ঐ	......	আলাবদ্দী পাটারী গং।	......	১৯৬৲	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ২৩ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	১৪০৭৻৯	ঐ	......	মমিনদ্দী গং ...	......	৩৫১৲	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ২৪ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৬০৩৮৶৩	ঐ	......	রজবালী গং ...	......	১৫০৲	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ৩০ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	১৮৪১।৯	ঐ	......	হায়দরালী গং ...	......	৪৬০৲	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫২১৫	চর মধুপুরা মহাল অধীন ১০।১১ নং গর মকররি হাওলা পং জজীরা।	১৫০৮৸৶০	সম্পূর্ণ গর মকররি হাওলা।	...	মহিমচন্দ্র রায় গং	.....	৩৮০৲	......
১৭২৫	মৌজা চিকনিকান্দা হিং ॥১০ গণ্ডা পং চন্দ্রদ্বীপ।	৩৩৮২॥১	.. ...	এজমালী— ।৵১৭।৶ $\frac{৩}{৪}$ তিল অংশ নিলাম হইবে। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অশ্বিনীকুমার দত্ত গং।	১৪৫২॥৭ পাই।	.....	২৮০৵৮
১৭৩৯	তালুক খাজেন্দ্র হিং ।৴৬৸ কড়া পং চন্দ্রদ্বীপ।	২৫২৫৶১॥	সম্পূর্ণ মহাল	....	আছমতালী খাঁ চৌধুরী গং।	..	৮৭৫॥৪	.....
৩০৫৩	তপ্পা কাদিরাবাদ মহাল তপ্পা কাদিরাবাদ।	৯১২৮৶১০॥		এজমালী— ॥৵১৩।—ক্রান্ত অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অনুকূলচন্দ্র রায় চৌধুরী গং।	৬৪১৮৶১॥	. . .	২৫।৵৩॥
৩৮৪৫	(৲৩ গণ্ডা জমিদারী পং সৌলিমাবাদ।	৩৬০১/১॥		১ নং হিসাব পৃথক ॥১০ গণ্ডা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অতুল নারায়ণ রায় চৌধুরী গং।	১৯১৩/২ পাই।	......	৭৭।৶৮॥
৩৮৪৬	(১২। গণ্ডা জমিদারী পং সৌলিমাবাদ।	৩৬৮২৶৫	সম্পূর্ণ মহাল	... .	কহিনীকুমার রায় চৌধুরী গং।		২১৪।৶৫	. . .
৩৮৪৬	ঐ	৩৬৮২৶৫	....	এজমালী— ॥৵১০ আনা অংশ।	বলরাম দাস .	২৪১৬।৶২	... .	৮৫৭॥৵১১
৩৮৪৯	(৯। গণ্ডা জমিদারী পং সৌলিমাবাদ।	২৯২৯।/০	. .	১ নং হিসাব পৃথক ॥১০আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অতুল নারায়ণ রায় চৌধুরী গং।	১৫৫৬৶২	......	৯৩৮৩

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩৮৫২	লক্ষ্মীনারায়ণ দত্ত তালুক পং সিলিমাবাদ।	৮৫৩।/৪	...	এজমালী — ॥৶১৩।—ক্রান্ত অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	আনন্দমোহন সিং গং।	৩৬৮৮৶২	...	২॥১
৪৮০৪	চর নেহালগঞ্জ পং সুলতানাবাদ।	৮১৯)	সম্পূর্ণ মহাল।	..	নবাব আছান উল্লা খান বাহাদুর সি, আই, ই,।	..	১৫০)	...
২৭৪৯	দুর্গা গঙ্গেশ্বর তালুক পং উত্তর সাহাবাজপুর।	১০৩৭॥৶২॥	.	১ নং হিসাব পৃথক ॥০ আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	গুরুপ্রসন্ন রায় গং	৫১৮৮/৮	...	১৩৮(৫
৪৫৪৬	পাদ্মা ওরফে রমজানপুর পং কাশীমপুর সেহলাপট্টী।	৫৩৮৩)	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	......	জমিরদ্দীন আহাম্মদ কাজী গং।	..	২০১৪)	..
৬৩৫৪	কয়ারিয়া থাকের অতিরিক্ত ভূমি পং কাশীমপুর সেহলাপট্টী।	৮৮৮)	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	....	সৈয়দ মোজাফর হোসেন চৌধুরী গং।	.	১৪)	.
১৪০৮	তালুক আবু মাহাম্মদ পং বোজরগোমেদপুর।	২৯৬৫।১		৭ নং হিসাব পৃথক ।০ চারি আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	সহরুল্লা গং	৭৮১।/০	....	২২০/৩
১৪৫৯	তালুক ফতেচাঁন্দ পং বোজরগোমেদপুর।	৩১৫৮/৮॥		১ নং হিং পৃথক ॥১০গণ্ডা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	তারাপ্রসন্ন রায় চৌধুরী গং।	১৬৭৭॥৶১১		১৪৬॥৶০॥
১৫৩৩	তালুক কৃষ্ণপ্রসাদ গুহ পং বোজরগোমেদপুর।	৩৯৬০৸৶৮	সম্পূর্ণ মহাল	....	শ্যামলাল পাল চৌধুরী গং।	.	৬৬০৸৪॥	
১৫৪৮	তালুক মহাম্মদ হামজা পং বোজরগোমেদপুর।	১১৫৯৶৮	...	এজমালী— ॥০ আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	গোপীকান্ত বন্দ্যোপাধ্যায় গং।	৫৭৯॥/১০		৪৯/৫

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬৫৩	তালুক রমণকৃষ্ণ নাগ পং বোজরগোমেদপুর।	৫৪১৬৵১	সম্পূর্ণ মহাল	......	শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায় গং।	......	৮১॥৵১০	......
৫২৩২	চর গাজীপুরা পং জজীরা।	১০০২,	ঐ	......	মহিমাচন্দ্র মুখোপাধ্যায় গং।	......	৩১,	.
৪৫১০	জয় জগন্নাথ দত্ত লাখেরাজ পং সৈদপুর।	১২৬১৯১	ঐ		হরেন্দ্রলাল রায় চৌধুরী গং।	.	১২৯৸০	..

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য২ অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J E PHILLIMORE,
Offg Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates per four-ounce tin, *Rs.* 2, *ans* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10 The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates . per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিক্যাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩, টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
৷ আধ ,, ,, ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷০
। শিকি ,, ,, ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা সাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1888.—The subscription to, and postage for, the *Bengal Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.

	Rs.	A	P	
Entire Gazette	10	0	0	per annum:
Postage ...	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	"
Postage	1	0	0	"
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage ...	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E N. BAKER,
Offg Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে

		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০
ডাকমাশুল	"	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) ..	"	৪,
ডাকমাশুল ...	"	১,
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ...	"	।০
ডাকমাশুল .		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য) . ..		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice, dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes, except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt of Bengal.

12th December 1882.

Note.—*Rates of advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half „	10

Casual advertisement—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫্ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার প্যারেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজি-ষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেমস পেটী সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 87a—18-11-96—2086—136

Numb. 2339 [২৯৩৯]

Registered No. 3.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 26, 1895.

মঙ্গলবার. ১৮৯৫ সাল ২৬ নবেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

GOVERNMENT OF INDIA.

FINANCE AND COMMERCE DEPARTMENT.

SEPARATE REVENUE.
COTTON DUTIES.

The 15th November 1895.

No. 5429-*S.R.*—In exercise of the power conferred by section 22 of the Cotton Duties Act (XVII of 1894), the Governor-General in Council is pleased, in continuation of the Notification of the Government of India in the Department of Finance and Commerce, No 3191-S.R., dated the 5th July 1895, to prohibit the payment of drawback upon the exportation of yarn or cotton fabrics to the foreign ports of Goa and Daman in Portuguese India

J. F FINLAY,
Secy. to the Govt of India.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

স্বতন্ত্র রাজস্ব।
তুলাজাত দ্রব্যের মাশুল বিষয়ক।

১৮৯৫ সাল ১৫ নবেম্বর।

৫৪২৯ এস্, আর নং।– তুলাজাত দ্রব্যের মাশুল বিষয়ক ১৮৯৪ সালের ১৭ আইনের ২২ ধারা-ক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৯৫ সালের ৫ জুলাই তারিখের ৩১৯১ এস্, আর নং বিজ্ঞাপনের অনুক্রমে, পর্টুগিজ্ অধিকৃত ভারতবর্ষের অন্তর্গত গোয়া ও ডামন নামক বিদেশীয় বন্দরে সূতা বা তুলাজাত দ্রব্য রপ্তানী করণ সম্বন্ধে মাশুল ফেরত দেওয়া নিষেধ করিলেন।

জে, এফ্, ফিন্‌লে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ২৬ নবেম্বর।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১৩ই আগষ্ট তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৫ সালের ১৯এ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশিত করা গেল।—

১৮৯৫ সালের ৮ আইন।

স্থান বিশেষের স্বাস্থ্যোন্নতির নিমিত্ত পয়ঃপ্রণালী প্রভৃতি নির্ম্মাণের সুবিধা করণার্থ আইন।

সূচীপত্র।

প্রথম ভাগ।

প্রথম অধ্যায়।

সূচনা।

দ্বিতীয় অধ্যায়।

কমিশনরগণের নিয়োগ বিষয়ক বিধি।

দ্বিতীয় ভাগ।

প্রথম অধ্যায়।

জল নিকাশের প্রস্তাব বিষয়ক বিধি।

An Act to facilitate the construction of drainage works for improving the sanitary condition of local areas.

দ্বিতীয় অধ্যায়।

ব্যয় ও বণ্টন বিষয়ক বিধি।

তৃতীয় ভাগ।

প্রথম অধ্যায়।

বিবিধ বিধান।

দ্বিতীয় অধ্যায়।

বিধির কথা।

১৮৯৫ সালের ৮ আইন।

স্থান বিশেষের স্বাস্থ্যোন্নতির নিমিত্ত পয়ঃপ্রণালী প্রভৃতি নির্ম্মাণের সুবিধা করণার্থ আইন।

যে হেতু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশ সমূহের অন্তর্গত স্থানবিশেষের স্বাস্থ্যোন্নতির নিমিত্ত পয়ঃপ্রণালী প্রভৃতি নির্ম্মাণ করিবার সুবিধা করা এবং তন্নিমিত্ত ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপাল আইনের ৩৭ খ ধারাক্রমে যে কার্য্যপ্রণালীর বিধান করা হইয়াছে তদ্ভিন্ন একটি কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট করা বিহিত, অতএব নিম্নলিখিতমত বিধান করা যাইতেছে।—

প্রথম ভাগ।

প্রথম অধ্যায়।

সূচনা।

সংক্ষিপ্ত নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটিকে বঙ্গদেশের স্বাস্থ্যবিধায়ক জলনিকাশ বিষয়ক ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহার পরে যে স্থলে অন্য রকমের বিধান করা হইল সেই স্থল ভিন্ন অপর সকল স্থলে এই আইন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন যে সকল স্থান কোন মুনিসিপালিটির সীমার অন্তর্গত নয় সেই সমস্ত স্থানে প্রচলিত হইবে।

(৩) এবং ইহা যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিপ্রাপ্ত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে প্রবল হইবে।

অর্থ নির্দ্দেশের কথা।

২ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরোধী ভাবের কোন কথা না থাকিলে, এই আইনে—

(ক) "কৃষিকারি রায়ত" শব্দদ্বয়ে কর বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনে ঐ শব্দদ্বয়ে যে অর্থ সংযুক্ত করিয়া দেওয়া হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

(খ) "মহাল" শব্দে কর বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনে ঐ শব্দে যে অর্থ সংযুক্ত করিয়া দেওয়া হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

(গ) "মহালের কি মধ্যস্বত্বের অধিকারী" শব্দগুলিতে কর বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনে ঐ শব্দগুলিতে যে অর্থ সংযুক্ত করিয়া দেওয়া হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

(ঘ) কোন জেলা বোর্ড কর্ত্তৃক গৃহীত কোন প্রস্তাবের খরচ পরিশোধ করণার্থ কোন জেলা বা জেলা সমূহের যে অংশের মধ্যে কোন রেট আদায় করিতে হইবে "স্থানবিশেষ" বলিতে সেই অংশকে বুঝাইবে।

(ঙ) "মধ্যস্বত্ব" শব্দে কর বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনে ঐ শব্দে যে অর্থ সংযুক্ত করিয়া দেওয়া হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

(চ) ইহার পরে যেরূপ বিধান করা হইল সেইরূপ বিধানের স্থল ভিন্ন অপর সকল স্থলে "কালেক্টর" শব্দে এই আইনমত কোন প্রস্তাবের বিষয়ীভূত ভূমি যে জেলায় থাকে সেই জেলার রাজস্ব সংক্রান্ত বিচারাধিকারের ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে বুঝাইবে।

(ছ) "কমিশনরগণ" শব্দে এই আইনমত ড্রেনেজ কমিশনরদিগকে বুঝাইবে।

(জ) "এঞ্জিনিয়র" শব্দে জেলার এঞ্জিনিয়র বা অপর যে এঞ্জিনিয়র স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এই আইনমত এঞ্জিনিয়রের কর্ম্ম করণার্থ বিশেষমতে নিযুক্ত হন সেই এঞ্জিনিয়রকে বুঝাইবে।

(ঝ) কমিশনরগণের প্রতি এই আইন অনুসারে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাঁহারা কোন জেলা বা জেলাসমূহের যে অংশের সর্ব্বত্র সেই ক্ষমতা পরিচালন করিতে অনুমতি প্রাপ্ত হন "অঞ্চল" বলিতে সেই অংশ বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়।

কমিশনরগণের নিয়োগ বিষয়ক বিধি।

"কমিশনরগণের" নিয়োগের কথা।

৩ ধারা। স্বাভাবিক কারণেই হউক বা মনুষ্যের কার্য্যবশতঃই হউক জলনিকাশের বাধা সংঘটিত হওয়াতে কোন জেলা বোর্ডের এলাকার অন্তর্গত কোন অঞ্চলের স্বাস্থ্যের অপকর্ষ ঘটিয়াছে ঐ জেলা বোর্ডের ইহা বিশ্বাস বলিয়া কালেক্টর ও ডিবিসনের কমিশনর সাহেবের হাত দিয়া ঐ জেলা বোর্ডের নিকট হইতে কোন দরখাস্ত পাওয়া গেলে স্থানীয় গবর্ণমেণ্ট—

(ক) যদি উপযুক্ত বিবেচনা করেন তাহা হইলে ঐ অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের আনুমানিক পরিমাণ উল্লেখ করিয়া ও নয় জনের কম না হয় এরূপ সংখ্যক ব্যক্তির ড্রেনেজ কমিশনর স্বরূপ নিয়োগের নির্দ্দেশ করিয়া একটি আদেশ প্রচার করিতে পারিবেন,

(খ) ঐ সংখ্যার অনূ্যন অর্দ্ধেক ঐ জেলা বোর্ডের বা স্থল বিশেষে স্থানীয় বোর্ডের মেম্বরদিগের মধ্য হইতে নির্বাচিত করিবার নিমিত্ত জেলা বোর্ডকে আদেশ করিতে পারিবেন।

(গ) ঐ অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের মহাল ও মধ্যস্বত্বের অধিকারিদের মধ্য হইতে কিম্বা ঐ অধিকারিদের পক্ষে ম্যানেজরদিগের মধ্য হইতে নক্রী কমিশনরগণকে নিযুক্ত করিতে পারিবেন।

(২) ঐরূপে সৃষ্ট কমিশনরগণ আপনাদের মধ্যে একজনকে সভাপতিস্বরূপ কার্য্য করিবার নিমিত্ত নির্বাচিত করিবেন।

ভিন্ন ভিন্ন স্থানীয় কর্ত্তৃপক্ষ স্বার্থযুক্ত থাকিলে, কার্য্যপ্রণালীর কথা।

৪ ধারা। (১) একাধিক স্থানীয় কর্ত্তৃপক্ষের এলাকাধীন ভূমি ঠিক পূর্ব্ববর্ত্তী ধারায় যাহার উল্লেখ হইল অপকর্ষপ্রাপ্ত এরূপ কোন অঞ্চলের অন্তর্গত থাকিলে স্থানীয় গবর্ণমেণ্ট সম্পর্কযুক্ত কোন জেলা বোর্ডের দরখাস্তের উপর আদেশ প্রদান করিয়া যাহা সম্পৃক্ত সকল স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক নির্বাচিত হইবে এরূপ একটি সম্মিলিত কমিটি সংগঠিত করিতে পারিবেন। অপকর্ষপ্রাপ্ত অঞ্চলে প্রত্যেক স্থানীয় কর্ত্তৃপক্ষের যে পরিমাণ স্বার্থ থাকে ঐ কর্ত্তৃপক্ষ যত জনকে নির্বাচিত করিবেন স্থানীয় গবর্ণমেণ্ট যতদূর সম্ভব সেই পরিমাণানুসারে তাহা স্থির করিয়া দিবেন।

(২) আরো স্থানীয় গবর্ণমেণ্ট ঐরূপে সংগঠিত কোন কমিটির প্রতি কিম্বা আদেশপত্রে কমিটির যে যে লোকের উল্লেখ থাকে তাঁহাদের প্রতি এই আইনমত জেলা বোর্ডের সমস্ত ক্ষমতা প্রদান করিতে পারিবেন, এবং ঐরূপ কোন কমিটির কার্য্য সম্বন্ধে যেরূপ বিধান উপযুক্ত বিবেচনা হয় তাহা এবং ঐরূপ কোন কমিটি যে ব্যয় নির্বাহ করেন ঐ কমিটি যে সকল স্থানীয় কর্ত্তৃপক্ষের প্রতিনিধি সেই সকল স্থানীয় কর্ত্তৃপক্ষের দ্বারা সেই ব্যয় প্রদত্ত হইবার ও তাঁহাদের হিসাব অডিট হইবার বিধান ঐ আদেশপত্রে থাকিতে পারিবে।

কমিশনরগণের পদ ত্যাগের কথা।

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে কমিশনরগণের মধ্যে কাহারো পদত্যাগপত্র গ্রহণ করিতে কিম্বা তাঁহাদের সংখ্যা বৃদ্ধি করিতে পারিবেন, এবং কোন কমিশনরের মৃত্যু হইলে কিম্বা কোন কমিশনর অবসর গ্রহণ করিলে কিম্বা ঐ অঞ্চল যে জেলার অন্তর্গত সেই জেলায় আর বাস না করিলে ঐরূপে যে পদ শূন্য হয় তাহা নিয়োগ বা স্থলবিশেষে নির্বাচন দ্বারা পূরণ করা যাইবে। প্রত্যেক স্থলেই প্রথম নিয়োগ বা নির্বাচনের নিয়ম দৃঢ়রূপে পালিত হইবে।

কিন্তু কমিশনরগণের অন্যূন অর্দ্ধেক সংখ্যক ব্যক্তির সর্ব্বস্থলেই জেলা বোর্ড বা স্থল বিশেষে স্থানীয় বোর্ডের মেম্বর হওয়া চাই।

দ্বিতীয় ভাগ।

প্রথম অধ্যায়।

জলনিকাশের প্রস্তাব বিষয়ক বিধি।

কমিশনরগণের জরীপ প্রভৃতি করিবার আদেশ দিবার ও জরীপের কাগজ ও প্রথম স্থলীয় প্রস্তাবপত্র কালেক্টরের নিকট পাঠাইবার কথা।

৬ ধারা। (১) তিন বা পাঁচ ধারানুসারে কমিশনরগণ নিযুক্ত হইলে তাঁহারা অবিলম্বে এঞ্জিনিয়র যে অঞ্চলকে অপকর্ষপ্রাপ্ত দেখেন সেই অঞ্চলের জলনিকাশ পূর্ব্বাবস্থায় আনিবার কিম্বা ঐ জলনিকাশের উন্নতি করিবার নিমিত্ত তাঁহার প্রতি জরীপ, নক্সা ও অনুমানপত্র (পরে ইহাকে জরীপ বলা হইল) প্রস্তুত করিবার আদেশ দিবেন। এবং ৩৫ (১ক) ধারামতে যে বিধি প্রণয়ন করা যাইবে ঐ জরীপ সেই বিধি অনুসারে করিতে হইবে। জরীপ সমাপ্ত হইলে কমিশনরগণ যে জেলা বোর্ড দরখাস্ত করিয়াছিলেন (পরে উহাকে জেলা বোর্ড বলা হইল) সেই জেলা বোর্ড যে সময় ধার্য্য করিবেন সেই সময়ের মধ্যে অপকর্ষপ্রাপ্ত অঞ্চল বা উহার প্রধান অংশ যে জেলার মধ্যে অবস্থিত সেই জেলার কালেক্টরের নিকট ঐ জরীপের কাগজ পাঠাইবেন ও সেই সঙ্গে একখানি রিপোর্ট (ইহাকে পরে প্রথম স্থলীয় প্রস্তাব বলা হইয়াছে) পাঠাইবেন। ঐ রিপোর্টে নিম্নলিখিত বিষয়গুলি থাকিবে।—

(ক) অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের একখানি মানচিত্র সহ প্রস্তাবিত কার্য্যের বর্ণনাসূচক ও জলনিকাশের যে রূপে বাধা হইয়াছে তৎপ্রদর্শক বিবরণ।

(খ) ১৬ ধারানুসারে কোন ভূমি গ্রহণ করিতে হইলে তাহার মূল্য ধরিয়া প্রস্তাবিত কার্য্যের আনুমানিক মোট খরচ।

(গ) প্রস্তাবিত কার্য্য রক্ষা করিবার আনুমানিক বার্ষিক খরচ।

কিন্তু যদি অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের মধ্যে কোন মুনিসিপালিটিভুক্ত স্থান থাকে তাহা হইলে এই ধারার (খ) ও (গ) দফানুসারে যে অনুমানপত্র প্রস্তুত করিতে হইবে তাহাতে এরূপ মুনিসিপালিটিভুক্ত স্থান সম্বন্ধে প্রত্যেক দফামত খরচের যে অংশ লাগে তাহা পৃথকভাবে দেখাইতে হইবে।

এবং যদি এক বা একাধিক মুনিসিপালিটি ঐ অঞ্চলের অন্তর্গত হয় তাহা হইলে ঐ রূপ কোন মুনিসিপালিটির সীমার মধ্যে প্রস্তাবিত কার্য্যের যে অংশ পড়ে তাহা প্রস্তুত ও রক্ষা করিবার খরচের একখানি স্বতন্ত্র অনুমানপত্র প্রস্তুত করিতে হইবে।

(২) তদনন্তর কালেক্টর—

(ঘ) অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের অন্তর্গত ভূমির কর আদায় কার্য্যের প্রয়োজনার্থ অস-

ধার্য্যিত মূল্য এবং ঐ মূল্যানুসারে মোট যত টাকা কর দেয় হয় তৎপ্রদর্শক একখানি বিবরণ;

(ঙ) গবর্ণমেন্টে সাক্ষাৎ সম্বন্ধে দেয় পথকরের পরিমাণের নির্দ্দিষ্ট অংশ স্বরূপ যে রেট আদায় করিলে এই ধারার (খ) দফামত টাকা ও (গ) দফামত টাকার মূলধনে পরিবর্ত্তিত মূল্য মুনিসিপালিটির অন্তর্গত কোন স্থান থাকিলে সেই স্থান সম্বন্ধে খরচের যে অংশ লাগে তাহা বাদে সুদসমেত ত্রিশ বৎসরের মধ্যে পরিশোধ করিবার বিধান করা যাইতে পারে সেই রেট প্রদর্শক একখানি অনুমানপত্র,

প্রস্তুত করাইবেন।

কালেক্টরের বিজ্ঞাপন প্রকাশিত করিবার কথা।

৭ ধারা। কালেক্টর জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব পাইবার পর যত শীঘ্র সম্ভব অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের অন্তর্গত প্রত্যেক গ্রামে জিলার প্রচলিত ভাষায় আপত্তি তলব করিয়া একটি বিজ্ঞাপন প্রকাশিত করিবেন। ঐ বিজ্ঞাপন এতৎসংযুক্ত তফসীলের পাঠে হইবে এবং ঐ অঞ্চলের অন্তর্গত প্রত্যেক ডাক ঘরে ও পুলিস ষ্টেশনে ও প্রত্যেক গ্রামের কোন সুপ্রকাশ স্থানে এবং যে মুনসেফের এলাকার মধ্যে ঐ গ্রাম বা গ্রামের কোন অংশ থাকে সেই মুনসেফের আদালতে ঐ বিজ্ঞাপন লাগাইয়া দিয়া উহা প্রকাশিত করা যাইতে পারিবে।

জরীপ, প্রথম স্থূলীয় প্রস্তাব ও আপত্তি কমিশনরগণের বিবেচনা করিয়া দেখিবার ও তৎসম্বন্ধে রিপোর্ট করিবার কথা।

৮ ধারা। ঐ বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সময় অতীত হইবার পর যত শীঘ্র সম্ভব কালেক্টর কোন আপত্তির দরখাস্ত পাইয়া থাকিলে তৎসহ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব কমিশনরগণের নিকট পাঠাইয়া দিবেন এবং ঐ সকল আপত্তি সহ ঐ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব তাঁহাদিগকে বিবেচনা করিয়া দেখিবার ও নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব ও সেই সঙ্গে তৎসম্বন্ধে কোন আপত্তি থাকিলে সেই আপত্তি বিষয়ে এবং তৎসম্বন্ধে সর্ব্বসাধারণের মনেরভাব বিষয়ে তাঁহাদের রিপোর্ট এবং ঐ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব গ্রাহ্য করা কি অগ্রাহ্য করা সম্বন্ধে তাঁহাদের পরামর্শ জিলা বোর্ডের সভাপতির নিকট প্রেরণ করিবার আদেশ করিবেন।

জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব জেলা বোর্ডের বিবেচনা করিয়া দেখিবার কথা।

৯ ধারা। জেলা বোর্ড ঐ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব প্রাপ্ত হইয়া এক মাস সময়ের মধ্যে বিবেচনা করিয়া দেখিবার নিমিত্ত বিশেষ মতে আহূত একটি সভায় উহা বিবেচনা করিয়া দেখিতে প্রবৃত্ত হইবেন।

জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব অগ্রাহ্য করা হইলে, কার্য্যপ্রণালীর কথা।

১০ ধারা। যদি জেলা বোর্ড ঐ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব অগ্রাহ্য করেন তাহা হইলে ঐ জরীপের খরচ ও যে এঞ্জিনিয়রকে প্রস্তাব প্রস্তুত করিতে আদেশ করা হইয়াছিল তাঁহার কোন বেতন প্রাপ্য হইয়া থাকিলে তাহা জেলা বোর্ড কর্ত্তৃক প্রদত্ত হইবে।

জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব গ্রাহ্য করা হইলে, কার্য্যপ্রণালীর কথা।

১১ ধারা। যদি ঐরূপ কোন সভায় উপস্থিত মেম্বরগণের অধিকাংশ ব্যক্তি কমিশনরগণের পরামর্শমত কার্য্য করিয়া কিম্বা ঐ মেম্বরদিগের তিন ভাগের অন্যূন দুই ভাগরূপ অধিকাংশ ব্যক্তির অনুমোদন সহকারে কমিশনরগণের পরামর্শের বিরুদ্ধে কার্য্য করিয়া (ঐ সভা বোর্ডের মেম্বরদিগের মোট সংখ্যার অন্যূন অৰ্দ্ধেক ব্যক্তি লইয়া হওয়া চাই) ঐ জরীপ ও প্রথম স্থূলীয় প্রস্তাব গ্রাহ্য করেন তাহা হইলে তাঁহারা ঐ প্রথম স্থূলীয় প্রস্তাবটিকে নিম্নলিখিত প্রকারে সংশোধিত করিবেন।—

(৴০) যদি ব্যক্তি বিশেষ কর্ত্তৃক কোন চাঁদা প্রদত্ত হইবার সম্ভাবনা থাকে বা কোন চাঁদা স্বীকার করা হইয়া থাকে বা জেলা বোর্ড কর্ত্তৃক প্রদত্ত হইয়া থাকে কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক কিয়ৎকালের জন্য স্বীকৃত হইয়া থাকে তাহা হইলে তাঁহারা ঐ চাঁদার টাকা ৬ ধারার (খ) ও (গ) দফানুসারে যে মোট টাকা অনুমান করা হইল তাহা হইতে বাদ দিবেন।

(৵০) তদনন্তর তাঁহারা ঐরূপে সংশোধিত প্রথম স্থূলীয় প্রস্তাবটিকে কমিশনরগণ ৮ ধারানুসারে যে জরীপ ও রিপোর্ট প্রস্তুত করেন তাহার সহিত কালেক্টরের নিকট প্রেরণ করিবেন।

কালেক্টরকে যে কার্য্য প্রণালী অনুসরণ করিতে হইবে তাহার কথা।

১২ ধারা। তদনন্তর কালেক্টর—

(ক) অপকর্ষপ্রাপ্ত অঞ্চলে আদায় করিতে হইবে পথ করের পরিমাণের নির্দ্দিষ্ট অংশস্বরূপ এরূপ কোন রেটে পরিবর্ত্তিত করিলে যত টাকায় সমান বার্ষিক কিস্তিতে ত্রিশ বৎসরে (ঐ কিস্তিগুলি ধার্য্য করিয়া দিতে হইবে) বক্রী টাকা এরূপে পরিশোধ করা যাইবে যাহাতে গবর্ণমেন্ট বা সর্ব্বসাধারণের নিকট কোন টাকা ঋণ করা হইয়া থাকিলে তাহার সুদ দিবার বিধান হইতে পারে হিসাব করিয়া তত টাকা স্থির করিবেন;

(খ) ডিবিসনের কমিশনরের হাত দিয়া ঐ জরীপ ও প্রথম স্থলীয় প্রস্তাব বিবেচনা করিয়া দেখিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন।

কিন্তু ঐরূপে যে সকল কিস্তির টাকা ধার্য্য করা যায় যদি তাহা অপকর্ষপ্রাপ্ত অঞ্চলের মধ্যে প্রতি বৎসর পথকর স্বরূপ দেয় টাকার বেশী হয় তাহা হইলে কালেক্টর ঐ প্রথম স্থলীয় প্রস্তাব অধিকতর বিবেচনার জন্য জেলা বোর্ডে ফিরিয়া দিবেন।

"প্রস্তাব" ও "স্থান বিশেষ" এই দুইয়ের কথা।

১৩ ধারা। যে "জরীপ ও প্রথম স্থলীয় প্রস্তাব" এই রূপে গৃহীত বা পরিবর্ত্তিত হইল তাহাকে এই আইনে ইহার পর "প্রস্তাব" এবং যে অঞ্চলের মধ্যে নূতন জলনিকাশের রেট বসাইতে হইবে তাহাকে এই আইনে ইহার পর "স্থান বিশেষ" বলা যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

১৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কমিশনরগণের রিপোর্টের সহিত ঐরূপে গৃহীত বা সংশোধিত প্রস্তাবটি বিবেচনা করিয়া দেখিবেন এবং উহা অনুমোদিত বা পরিবর্ত্তিত বা অগ্রাহ্য করিতে পারিবেন। এবং যদি প্রস্তাবটিকে অনুমোদিত বা পরিবর্ত্তিত করেন তাহা হইলে তদনন্তর উহাকে ঐরূপে অনুমোদিত বা পরিবর্ত্তিত করিয়া ডিবিসনের কমিশনরের হাত দিয়া স্থানীয় গবর্ণমেণ্ট প্রস্তাবটির সাহায্যার্থ যত টাকা চাঁদা দিবেন তাহার উল্লেখ করত জেলা বোর্ডে ফিরিয়া দিবেন।

কিন্তু যদি পরিবর্ত্তন বশতঃ কার্য্যের খরচের বিশিষ্টরূপ বৃদ্ধি হয় তাহা হইলে ঐরূপে পরিবর্ত্তিত প্রস্তাবটিকে জেলা বোর্ডের বিবেচনার নিমিত্ত পুনর্বার তাঁহাদের নিকট উপস্থিত করিতে হইবে।

জেলা বোর্ডের গ্রাহ্য করা প্রস্তাব প্রভৃতি পুনর্বার বিবেচনা করিতে পারিবার কথা।

১৫ ধারা। (১) অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি লইয়া জেলা বোর্ড তাঁহাদের কর্ত্তৃক গ্রাহ্য করা কোন প্রস্তাব যে কোন সময়ে পুনর্বার বিবেচনা করিয়া দেখিতে, এবং উহাতে যোগ করিতে কিম্বা উহা পরিবর্ত্তিত বা সংশোধিত করিতে পারিবেন। এবং যদি তাঁহারা তদনন্তর কোন যোগ, পরিবর্ত্তন বা সংশোধন করেন তাহা হইলে যে প্রস্তাবে ঐরূপে যোগ করা হইল বা যাহার পরিবর্ত্তন বা সংশোধন করা গেল তাহা স্থানীয় গবর্ণমেণ্টের নিকট উপস্থিত করিবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট উহা বা উহার কোন অংশ মঞ্জুর করিতে পারিবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক সর্ব্বশেষে মঞ্জুর করা প্রস্তাবটির সম্বন্ধে সেই সময় হইতে এই আইনের বিধান খাটিবে।

(২) কোন প্রস্তাব গ্রাহ্য হইবার পর স্থানীয় গবর্ণমেণ্ট বা কোন জেলা বোর্ড কর্ত্তৃক উহাতে যে কোন বিশিষ্টরূপ যোগ করা হয় বা উহার যে কোন বিশিষ্টরূপ পরিবর্ত্তন বা সংশোধন করা হয় তাহার প্রত্যেকটি ৭ ধারায় যে প্রকার বিধান করা হইয়াছে সেই প্রকারে প্রকাশিত করিতে হইবে এবং ৮ হইতে ১২ পর্য্যন্ত ধারার বিধান খাটিবে।

জলনিকাশ কার্য্যের জন্য আবশ্যক ভূমি যে প্রকারে গ্রহণ করিতে হইবে তাহার কথা।

১৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এই আইন মতে মঞ্জুর করা কোন প্রস্তাব কার্য্যে পরিণত করণার্থ যে ভূমির প্রয়োজন হইবার সম্ভাবনা তাহা ভূমি গ্রহণ বিষয়ক ১৮৯৪ সালের আইনের কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি গ্রহণার্থ উপস্থিত সময়ের প্রচলিত ঐরূপ কোন আইনের বিধানানুসারে গ্রহণ করা যাইতে পারিবে।

কিন্তু ১৮৪৭ সালের ৯ আইনের ৪ ধারানুসারে কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত ঐরূপ কোন আইনানুসারে প্রকাশিত যে রাজস্ব সম্বন্ধীয় জরীপের শেষবারের মানচিত্রে জলপ্রণালী বলিয়া যে ভূমি লিপিবদ্ধ করা হইয়াছে তাহা গ্রহণ করিবার পূর্ব্বে অন্যূন বার বৎসর কাল আবাদ হইয়া আসিয়াছে এরূপ প্রমাণ না হইলে ঐ ভূমির জন্য ক্ষতিপূরণ দেওয়া যাইবে না।

স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন এঞ্জিনিয়রের দ্বারা ঐ গবর্ণমেণ্টের জল নিকাশ কার্য্য সম্পাদিত হইবার আজ্ঞা করিতে পারিবার কথা।

১৭ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমত সমস্ত কার্য্য বা উহার কোন অংশ একাধিক জিলা বোর্ড কর্ত্তৃক বা স্বয়ং তদর্থে যে কোন এঞ্জিনিয়রকে নিযুক্ত করেন তৎকর্ত্তৃক সম্পাদিত হইবার আজ্ঞা না করিলে ঐ সমস্ত কার্য্য জেলা বোর্ড কর্ত্তৃক সম্পাদিত হইবে।

(২) এই আইনমত কোন কার্য্য সম্পাদনার্থ যথারীতি ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি স্বয়ং বা তাঁহার এজেণ্ট বা কর্ম্মকারকের দ্বারা স্থান বিশেষের অংশভূত কোন ভূমিতে বা ভূমির উপর প্রবেশ করিয়া তথায় আবশ্যক কার্য্য করিতে পারিবেন।

দ্বিতীয় অধ্যায়।

ব্যয় ও বণ্টন বিষয়ক বিধি।

ওয়ার্ক নির্ম্মাণের খরচের মধ্যে যে যে টাকা ধরিতে হইবে তাহার কথা।

১৮ ধারা। এই আইনের অভিপ্রায় কার্য্যে পরিণত করণার্থ যত টাকা ব্যয় হয় সেই সমুদয় টাকা সমেত—

(ক) এই আইনের প্রয়োজনার্থ গৃহীত ভূমির জন্য ক্ষতিপূরণ স্বরূপ ;—

(খ) এই আইনের প্রয়োজনার্থ কালেক্টর কমিশনরগণ, কিম্বা জিলা বোর্ড বিশেষ মতে যে এঞ্জিনিয়র, কর্ম্মচারী, চাকর বা

শিরিস্তা নিযুক্ত করেন তাহাদের বেতন স্বরূপ ;—

(গ) জরীপ, নক্সা, অনুমানপত্র ও মূল্য নিরূপণের জন্য এবং প্রস্তাব গ্রাহ্য হইবার পূর্ব্ববর্ত্তীই হউক কি পরবর্ত্তীই হউক, ঐ জরীপাদি সংক্রান্ত সকল আনুসঙ্গিক খরচা বলিয়া,—

যত টাকা দেওয়া হয় তাহা ওয়ার্ক নির্ম্মাণের খরচের মধ্যে ধরিতে হইবে ও ওয়ার্ক নির্ম্মাণের খরচ বলিয়া বিবেচনা করা যাইবে।

ওয়ার্ক কতদূর হইয়াছে ও উহার সমাপ্তি এঞ্জিনিয়রের রিপোর্ট করিবার কথা।

১৯ ধারা। (১) এঞ্জিনিয়র ওয়ার্ক যাবৎ চূড়ান্তরূপে সমাপ্ত না হয় তাবৎ প্রতি তিন মাস অন্তর একবার ওয়ার্ক আরম্ভ হইবার তারিখ হইতে কিম্বা ঠিক পূর্ব্ববর্ত্তী রিপোর্টের তারিখ হইতে হাত নাগাইদ ওয়ার্ক যতদূর হইয়াছে ও ঐ ওয়ার্কের উপর যে ব্যয় হয় তৎপ্রদর্শক একখানি বিস্তারিত রিপোর্ট জিলা বোর্ডের নিকট অর্পণ করিবেন। এবং ওয়ার্ক সমাপ্ত হইলে ও হিসাব শেষ করা হইলে তিনি মোট খরচা প্রদর্শক একখানি চূড়ান্ত রিপোর্ট জেলা বোর্ডের নিকট অর্পণ করিবেন।

(২) কিন্তু যদি একাধিক স্থানীয় কর্ত্তৃপক্ষের এলাকাধীন ভূমি ঐ স্থান বিশেষের অন্তর্গত হয় তাহা হইলে যে ওয়ার্ক সম্পাদিত হইল তাহাতে প্রত্যেক স্থানীয় কর্ত্তৃপক্ষের স্বার্থের পরিমাণানুসারে ঐ কর্ত্তৃপক্ষের যতদূর সম্ভব ঐ খরচের অংশ দিতে হইবে।

(৩) জেলা বোর্ড ডিবিসনের কমিশনরের হাত দিয়া এই রিপোর্টের একখানি নকল যেরূপ মন্তব্য উপযুক্ত বিবেচনা করেন সেইরূপ মন্তব্য সহিত স্থানীয় গবর্ণমেন্টে প্রেরণ করিবেন এবং কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ প্রস্তাবিত বণ্টন সম্বন্ধে আপত্তি করিলে ঐ স্থানীয় কর্ত্তৃপক্ষের যে পরিমাণ খরচ দিতে হইবে স্থানীয় গবর্ণমেন্ট তাহা নির্দ্ধারিত করিয়া দিবেন। তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেন্টের নিষ্পত্তিই চূড়ান্ত হইবে।

যত টাকা বণ্টন করিয়া দিতে হইবে তাহা যেরূপে নির্দ্ধারিত করিতে হইবে তাহার কথা।

২০ ধারা। ১৮ ধারায় ওয়ার্ক নির্ম্মাণের যে মোট খরচের উল্লেখ হইয়াছে তাহা নিম্নলিখিত টাকা একত্র যোগ করিয়া স্থির করিতে হইবে, অর্থাৎ —

(ক) প্রকৃত যত টাকা ব্যয় হইল ;

(খ) স্থানীয় কর্ত্তৃপক্ষদের ঋণ গ্রহণ বিষয়ক ১৮৭৯ সালের আইনমত কোন ঋণ গ্রহণ করা হইয়া থাকিলে তজ্জন্য দেয় সুদ,

(গ) ওয়ার্ক রক্ষা করণার্থ আনুমানিক খরচ মূল ধনে পরিবর্ত্তিত করিলে যত টাকা হয় সেই টাকা।

এই টাকা হইতে ১১ ও ১৪ ধারায় সহী করা বা প্রদত্ত যে চাঁদার টাকার কথা উল্লেখ হইয়াছে তাহা বাদ দিতে হইবে।

কালেক্টরের রেট নির্দ্ধারিত করিবার কথা।

২১ ধারা। জেলা বোর্ড ১৯ ধারার লিখিত চূড়ান্ত রিপোর্ট প্রাপ্ত হইয়া ঐ স্থানবিশেষের মধ্যে গবর্ণমেন্টে সাক্ষাৎ সম্বন্ধে প্রতি বৎসর যে পথকর দিতে হয় তাহার সহিত যে রেট আদায় করা যাইবে ও ২০ ধারার লিখিত অর্থ নির্দ্দেশ মত ওয়ার্ক নির্ম্মাণের যে খরচ হয় অনধিক ত্রিশ বৎসরের মধ্যে সেই খরচ মুনিসিপালিটির অন্তর্গত কোন স্থান থাকিলে ঐ স্থান সম্বন্ধে খরচের যে অংশ লাগে তাহা বাদে পরিশোধ করিয়া দিবার পক্ষে যথেষ্ট হইবে কালেক্টরের প্রতি তিন মাসের মধ্যে এমন একটি রেট নির্দ্ধারিত করিবার আদেশ দিবেন।

রেট প্রকাশিত করিবার ও পথকরের সহিত দিবার কথা।

২২ ধারা। (১) ঐরূপে যে রেট নির্দ্ধারিত হয় তাহা করবিষয়ক ১৮৮০ সালের আইনের ৪০ ধারার বিধানানুসারে প্রকাশিত করা যাইবে এবং ঐ স্থান বিশেষের মধ্যে যে ব্যক্তিরা গবর্ণমেন্টে সাক্ষাৎ সম্বন্ধে পথকর দিতে দায়ী যাবৎ প্রকাশিত করিবার তারিখ হইতে অনধিক ত্রিশ বৎসর কাল অতীত না হয় কিম্বা ওয়ার্ক নির্ম্মাণের খরচ পরিশোধ হইযা না যায় তাবৎ তাহাদের দেয় পথকরের সঙ্গে দিতে হইবে।

(২) ঐ রেট বাকী পড়িলে রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক উপস্থিত সময়ের প্রচলিত আইনানুসারে ঐ বাকী টাকা আদায় করা যাইতে পারিবে।

মহাল কি মধ্যস্বত্বাধিকারীর অংশ আদায় করিবার কথা।

২৩ ধারা। যে কোন মহাল কি মধ্যস্বত্বের অধিকারী কালেক্টরকে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে দেয় ঐ রেটের কোন কিস্তি দেন তিনি তদ্রূপে প্রদত্ত কিস্তির টাকার অর্দ্ধেকাংশ আপনার অধীনে যে মধ্যস্বত্বাধিকারী বা কৃষিকারী রায়ত ঐস্থান বিশেষের মধ্যে ভূমি ভোগ করেন তাঁহার স্থানে কর বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে দেয় পথকর ও পবলিক ওয়ার্ক কর যে পরিমাণে ও যে প্রকারে আদায় করিবার অধিকারী সেই পরিমাণে ও সেই প্রকারে আদায় করিতে স্বত্ববান্ হইবেন।

রায়তের স্থানে মধ্যস্বত্বাধিকারির টাকা আদায় করিবার কথা।

২৪ ধারা। যে কোন মধ্যস্বত্বাধিকারী ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে কোন মহালের কি মধ্যস্বত্বের অধিকারির প্রাপ্য টাকা ঐ অধিকারীকে দেন তিনি ঐরূপে প্রদত্ত টাকার অর্দ্ধেকাংশ আপনার অধীনে যে কৃষিকারি রায়তেরা ঐ স্থান বিশেষের মধ্যে ভূমি ভোগ করেন তাঁহাদের স্থানে করবিষয়ক ১৮৮০ সালের আইনমতে দেয় পথকর বা পবলিক ওয়ার্কস কর যে পরিমাণে ও

ও যে প্রকারে আদায় করিবার অধিকারী সেই পরিমাণে ও সেই প্রকারে আদায় করিতে স্বত্ববান হইবেন।

২৫ ধারা। (১) কোন মুনিসিপালিটির অন্তর্গত স্থান ঐ স্থান বিশেষের মধ্যে থাকিলে ১৯ ধারানুসারে দেয় টাকা ঐ মুনিসিপালিটির দিতে হইবে।

খরচের যে অংশ মুনিসিপালিটির দেয় তাহা আদায় করিবার কথা।

(২) জেলা বোর্ডকর্ত্তৃক গবর্ণমেণ্টে দেয় রেট অনুসারে অন্যূন ত্রিশ বৎসর কালের মধ্যে মুনিসিপালিটির দেয় দেয় খরচের ঐ অংশ সুদ সমেত দিবার বিধান করণার্থ, ব্যক্তিদের উপর যে টেক্স আছে তাহার সহিত কিম্বা স্থল বিশেষে যোতের বার্ষিক মূল্যের উপর যে রেট আছে তাহার সহিত একটি অতিরিক্ত রেট যোগ করিয়া আবশ্যক টাকা সংগ্রহ করিতে পারা যাইবে।

তৃতীয় ভাগ।

প্রথম অধ্যায়।

বিবিধ বিধান।

২৬ ধারা। যে সকল জল নির্গমের পথ ও জল প্রণালী, স্বাভাবিকই হউক বা কৃত্রিমই হউক, এই আইনের বিধানানুসারে পরিষ্কৃত, পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত, হইবে কিম্বা খনন করা বা কাটা যাইবে সেই সমস্ত এবং তদন্তর্গত বা তৎসংক্রান্ত সমস্ত বাঁধ, ভেড়ী ও ওয়ার্ক প্রস্তুত ও রক্ষাকরণ সরকারী বাঁধ নির্ম্মাণ ও রক্ষার বিধান করণার্থ এবং সরকারী নদী, জল প্রণালী ও জল নির্গমের পথের রক্ষার বিধান করণার্থ উপস্থিত সময়ের প্রচলিত আইনের অধীন হইবে।

জলনিকাশের ওয়ার্কের সরকারী বাঁধ বিষয়ক আইনের অধীন হইবার কথা।

২৭ ধারা। (১) যে ব্যক্তি আইনমত ক্ষমতা বিনা কোন জল নির্গমের পথে বা জল প্রণালীতে কোন ভেড়ী বা অপর বাধাজনক দ্রব্য নির্ম্মাণ করেন বা করান কিম্বা কোন জল প্রণালীর গর্ভে এরূপে আবাদ করেন যাহাতে স্বাভাবিক জল নিকাশের বাধা হয় তাঁহার ঐ রূপ প্রত্যেক অপরাধের জন্য কোন মাজিষ্ট্রেটের নিকট দোষ সাব্যস্থ হইলে অনধিক দুই শত টাকা জরিমানা হইতে পারিবে।

সরকারী জলনিকাশের বাধাজনক ভেড়ী প্রভৃতি নির্ম্মাণ করিবার দণ্ডের কথা।

(২) ঐ মাজিষ্ট্রেট আপন বিবেচনানুসারে ঐরূপ কোন অপরাধীর প্রতি ঐরূপ কোন বাধা স্থানান্তরিত করিয়া দিবার ও স্থানান্তরিত করিয়া দিবার সমস্ত খরচ দিবার আদেশ করিতে পারিবেন।

২৮ ধারা। কোন ভূমিতে বা ভূমির উপর ওয়ার্ক নির্ম্মাণার্থ এই আইনের বিধানানুসারে যেসমস্ত ভূমি গৃহীত হয় এবং এই আইনের বিধানানুসারে যে সকল ওয়ার্ক নির্ম্মিত হয় এবং তদ্রূপে যে সকল জল নির্গমের পথ, জল প্রণালী, বাঁধ ও ভেড়ী নির্ম্মিত, পরিষ্কৃত, পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত হয় কিম্বা খনন করা বা কাটা যায় তৎসমস্তই জিলা বোর্ডের কর্ত্তৃত্ব ও শাসনাধীন হইবে।

আইনমতে গৃহীত ভূমি ও নির্ম্মিত ওয়ার্ক জিলা বোর্ডের অধীন হইবার কথা।

২৯ ধারা। সাক্ষীদিগকে বলপূর্ব্বক হাজির করাইবার ও সাক্ষ্য উপস্থিত করাইবার এবং সাক্ষীদিগের জবানবন্দি লইবার জন্য দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনক্রমে দেওয়ানী আদালতের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত হইয়াছে, কমিশনরগণ, কালেক্টর ও ডিবিসনের কমিশনর সাক্ষীদিগকে বলপূর্ব্বক হাজির করাইবার ও সাক্ষ্য উপস্থিত করাইবার জন্য এবং তাঁহারা এই আইনের বিধানানুসারে যে তদন্ত করিতে কিম্বা আপীল গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন সেই তদন্তে বা আপীলে কোন সাক্ষীর জবানবন্দি লইবার জন্য সেই ক্ষমতা প্রাপ্ত হইবেন।

কমিশনরগণ প্রভৃতির সাক্ষ্যগ্রহণ সম্বন্ধে ক্ষমতার কথা।

৩০ ধারা। কোন বিজ্ঞাপন, নোটিস বা হুকুম প্রকাশ বা জারীকরণ সম্বন্ধে কোন ত্রুটি বশতঃ বা কোন কার্য্য না করা বশতঃ কোন ব্যক্তির বিশিষ্টরূপ ক্ষতি না হইলে তজ্জন্য এই আইন অনুযায়িক কোন কার্য্য ব্যর্থ বা অসিদ্ধ হইবে না।

অনিয়ম বশতঃ কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

৩১ ধারা। কোন কালেক্টর এই আইন অনুসারে যে সকল কার্য্য করিতে পারেন, যে সকল কর্ম্ম সম্পাদন করিতে পারেন ও যে সকল ক্ষমতা পরিচালন করিতে পারেন স্থানীয় গবর্ণমেণ্ট কোন ব্যক্তিকে সেই সকল কার্য্য করিবার, সেই সকল কর্ম্ম সম্পাদন করিবার ও সেই সকল ক্ষমতা পরিচালন করিবার ক্ষমতা বিশেষমতে প্রদান করিতে পারিবেন। এবং কোন ব্যক্তিকে ঐরূপে বিশেষমতে ক্ষমতা প্রদান করা গেলে, ঐ ব্যক্তি ঐরূপ সকল কার্য্য করিতে, ঐরূপ সকল কর্ম্ম সম্পাদন করিতে ও ঐরূপ সকল ক্ষমতা পরিচালন করিতে পারিবেন এবং ঐ ব্যক্তিকে যে প্রস্তাব সম্বন্ধে তদ্রূপে বিশেষমতে ক্ষমতা প্রদান করা হয় সেই প্রস্তাবের প্রয়োজনার্থ তাঁহাকে কালেক্টর বলিয়া বিবেচনা করা যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের যে কোন ব্যক্তিকে কালেক্টরের জন্য কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবার কথা।

৩২ ধারা। (১) কালেক্টর ডিবিসনের কমিশনরের মঞ্জুরি লইয়া কোন ডেপুটি বা আসিষ্টাণ্ট কালেক্টরকে তিনি স্বয়ং এই আইন অনুসারে যে কোন কার্য্য বা কর্ম্ম সম্পাদন করিতে পারেন সেই কার্য্য বা কর্ম্ম সম্পাদনের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

কালেক্টরের অপরের প্রতি আপন ক্ষমতা অর্পণ করিতে পারিবার কথা।

(২) ঐরূপ ক্ষমতা অর্পিত হইলে ঐ ডেপুটি কালেক্টর বা অপর কর্ম্মচারী ঐ সকল কার্য্য করিতে ও ঐ সকল কর্ম্ম সম্পাদন করিতে পারিবেন এবং উহার সম্পাদনার্থ কালেক্টর এই আইন অনুসারে যে সকল ক্ষমতা পরিচালন করিতে পারেন তিনিও সেই সকল ক্ষমতা পরিচালন করিতে পারিবেন।

কিন্তু ঐরূপ কোন কর্ম্মচারী কর্ত্তৃক যে সকল কার্য্য করা হয়, যে সকল কর্ম্ম সম্পাদিত হয়, ও যে সকল ক্ষমতা পরিচালিত হয় তাহা কালেক্টরের কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানের অধীনে কৃত, সম্পাদিত বা পরিচালিত হইবে।

৩৩ ধারা। ইহার পূর্ব্বে যাহা কিছু আছে তাহা সত্ত্বেও এই আইন অনুযায়িক কমিশনরগণের ও কালেক্টরের সমস্ত কার্য্য ডিবিসনের কমিশনরের সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানের অধীন হইবে কিম্বা একাধিক ডিবিসনে অবস্থিত ভূমি অপকারপ্রাপ্ত অঞ্চল বা স্থল বিশেষের অন্তর্গত হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যে কমিশনরের আদেশ করেন সেই কমিশনরের সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানের অধীন হইবে।

কমিশনরগণের ও কালেক্টরের কার্য্য ডিবিসনের কমিশনরের কর্ত্তৃত্বাধীন হইবার কথা।

৩৪ ধারা। যদি কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের এরূপ প্রতীতি হয় যে রক্ষা করিবার খরচ সমেত কোন কার্য্যের প্রস্তাবের খরচের যে অনুমান করা হইয়াছে তাহাতে ভুল আছে তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ আদেশ করিতে পারিবেন যে যাবৎ প্রস্তাবটি সংশোধিত না হয় তাবৎ উহার কার্য্য আর চালান না যায়।

স্থানীয় গবর্ণমেণ্টের কার্য্য বন্ধ করিবার ও প্রস্তাব সংশোধিত করিবার আদেশ করিতে পারিবার কথা।

দ্বিতীয় অধ্যায়।

বিধির কথা।

৩৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের সহিত সঙ্গতি রক্ষা করিয়া সময়ে সময়ে নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত বিধি প্রণয়ন করিতে এবং বিধি প্রণীত হইলে তাহা পরিবর্ত্তিত বা রহিত করিতে পারিবেন, অর্থাৎ—

স্থানীয় গবর্ণমেণ্টের বিধি করিবার ও তাহা রহিত করিবার ক্ষমতার কথা।

(ক) হিসাবের, জরীপের, নকসার, অনুমানপত্রের, নিয়মিত কালানন্তর দেয় বিবরণ পত্রের ও রিপোর্টের পাঠ নির্দ্দেশ করিবার নিমিত্ত।

(খ) কমিশনরগণের সভাধিবেশনে কার্য্য চালাইবার বিধান করিবার নিমিত্ত।

(গ) এই আইন অনুসারে দেয় টাকা যে যে কিস্তিতে ও যে প্রকারে দিতে হইবে তাহার বিধান করিবার নিমিত্ত।

(ঘ) এক বা একাধিক স্থানীয় কর্ত্তৃপক্ষের ওয়ার্কের সম্পর্কসহিত থাকিলে ওয়ার্কের সম্পাদন ও রক্ষার বিধান করিবার নিমিত্ত।

(ঙ) জলনিকাশ সংক্রান্ত ওয়ার্ক রক্ষা করিবার অনুমিত খরচ মূল ধনে পরিবর্ত্তিত করিলে যত টাকা হয় তাহা নিরূপণ করিবার নিমিত্ত।

(চ) জলনিকাশ সংক্রান্ত ওয়ার্কের জরীপ, নকসা ও অনুমানপত্র প্রস্তুত করিবার এবং ঐ ওয়ার্ক সম্পাদন ও রক্ষা করিবার কার্য্যের ব্যবসায়ী ব্যক্তি কর্ত্তৃক তত্ত্বাবধানের বিধান করিবার নিমিত্ত।

(ছ) এই আইন অনুযায়িক কালেক্টরের কর্ত্তব্য-কর্ম্ম সুবিধা বিবেচনায় ভিন্ন ভিন্ন জিলার কালেক্টরের মধ্যে বণ্টন করিয়া দিবার নিমিত্ত। এবং

(জ) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য কার্য্যে পরিণত করিবার নিমিত্ত।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট এই ধারানুসারে কোন বিধি প্রণীত, পরিবর্ত্তিত বা রহিত করিবার পূর্ব্বে যে বিধি প্রণীত বা যেরূপ বিধি পরিবর্ত্তিত করিবার প্রস্তাব করেন তাহার একখানি পাণ্ডুলেখ্য এবং কোন বিধি রহিত করিবার প্রস্তাব করিলে তৎসম্বন্ধে একটি বিজ্ঞাপন কলিকাতা গেজেটের ঠিক পর পর তিন সংখ্যায় প্রকাশিত করিবেন এবং প্রকাশিত করিবার তারিখ হইতে এক মাসের কম না হয় এরূপ একটি তারিখ নির্দ্দেশ করিবেন যে তারিখে বা যাহার পর ঐ পাণ্ডুলেখ্য ও বিজ্ঞাপন বিবেচনা করিয়া দেখা যাইবে।

(৩) ঐরূপে নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে ঐ পাণ্ডুলেখ্য বা বিজ্ঞাপন সম্বন্ধে কোন ব্যক্তি কোন আপত্তি করিলে বা পরামর্শ দিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা গ্রহণ ও বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারানুসারে ঐরূপে প্রণীত বা পরিবর্ত্তিত প্রত্যেক বিধি এবং ঐরূপ কোন বিধির রহিত করণ তাহার পর কলিকাতা গেজেটে প্রকাশিত করিতে হইবে।

তফসীল।

(৭ ধারা দেখ।)

বঙ্গদেশের স্বাস্থ্য বিধায়ক জলনিকাশ বিষয়ক ১৮৯৫ সালের আইন।

ইহাতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদিগকে এই নোটিস দেওয়া যাইতেছে যে দেশের স্বাস্থ্যের উন্নতি

বিধান করিবার উদ্দেশ্যে ... .জিলার .... থানার মধ্যে জল নিকাশের যে ব্যবস্থা আছে তাহা পূর্ব্ববৎ করিবার নিমিত্ত বা তাহার উন্নতি বিধান করিবার নিমিত্ত প্রস্তাব করা যাইতেছে।

(এতগুলি) গ্রামের সহিত প্রস্তাবিত কার্য্যের সম্পর্ক থাকিবে। ঐ কার্য্যের নক্সা ও অনুমানপত্রের নকল এক্ষণে . ...র আপিসে আছে এবং স্বার্থযুক্ত ব্যক্তিরা রবিবার ও বন্ধের দিন ছাড়া.......... .... মাসের . ... দিবস পর্য্যন্ত পূর্ব্বাহ্ণ ১১টা হইতে অপরাহ্ণ ৫টার মধ্যে যে কোন সময়ে তাহা দেখিতে পারেন।

এরূপ অনুমান করা যাইতেছে যে উক্ত জল-নিকাশের প্রস্তাব কার্য্যে পরিণত হইলে, সম্পর্কযুক্ত গ্রাম সকলের অধিবাসিদের একটি রেট দিতে হইবে। ঐ রেট এক্ষণে পথকর স্বরূপ যত টাকা দিতে হয় তাহার টাকা প্রতি... . ... । যদি জেলা বোর্ড কার্য্য সমাপ্ত হইবার তারিখ হইতে ত্রিশ বৎসরের কম সময়ের মধ্যে ঐ টাকা আদায় করিতে স্থির না করেন তাহা হইলে উহা ঐ তারিখ হইতে ত্রিশ বৎসর কাল দিতে হইবে।

উক্ত কার্য্য সম্পাদন সম্বন্ধে কোন ব্যক্তির আপত্তি থাকিলে তিনি একখানি দরখাস্ত লিখিয়া তাহাতে যথারীতি স্বাক্ষর করিয়া .... র কালেক্টরের নিকট..... .... মাসের.............. দিবসে বা তৎপূর্ব্বে দাখিল করিবেন।

যে কোন ব্যক্তি উপরি লিখিত প্রকারে ও উপরিলিখিত সময়ের মধ্যে আপত্তি না করেন উক্ত কার্য সম্পাদন বিষয়ে তাঁহার সম্মতি আছে এরূপ বিবেচনা করা যাইবে।

কলিকাতা
১৮৯৫ সাল,
২৯এ অক্টোবর।

কালেক্টর।
সি, ই, গ্রে,
ব্যবস্থা বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

NARAYAN CHANDRA BHATTACHARJYA,
Offg Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 26, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৬ নবেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 3977M.—The 18th November 1895.—Whereas a notification, No. 3516M., dated the 3rd September 1895, was published at page 200, Part IB of the *Calcutta Gazette*, of the 4th idem, declaring the intention of the Lieutenant-Governor to confirm the rules set forth below, which were framed by the Commissioners of the English Bazar Municipality, in the district of Malda, under section 3 of Act XX of 1887, for the protection of wild birds and game, and whereas no objection has been made to the proposal within one month from the date of the publication of the said notification within the Municipality, it is hereby notified that the said rules are confirmed by the Lieutenant-Governor under clause 4 of the said section of the Act, and are published for general information under clause (5) of section 6 of the General Clauses Act, I of 1887 —

Rules.

1. "Wild birds," for the purposes of these rules, shall include jungle fowl, pea-fowl, pheasants, partridges, plover, jays, doves, egrets, golden oriel, green fly-catchers, but does not include domesticated pea-fowl.

2. "Hare" also shall be included under the provisions of section 3, Act XX of 1887, and the following rules will apply to that animal as well as to wild birds.

3. The "breeding season," for the purposes of these rules, shall extend from the 15th March to the 1st October

4. Whoever during the breeding season has in his possession, within the limits of the Municipality of English Bazar, any wild bird or hare recently killed or taken, or exposes for sale any such bird or animal, living or dead, shall be liable to a fine not exceeding Rs. 5 for each such bird or animal

5. Whoever during the breeding season imports into the town the plumage of any kind of wild birds recently killed or taken, or the fur or skin of any hare recently killed or taken, shall be liable to a fine not exceeding Rs. 5 for the plumage of every such bird or the fur or skin of every such hare. In the case of a second conviction the fine may extend to Rs. 10 for each such bird or animal

6 A reward not exceeding half the fine imposed and realized under rules 4 and 5 may be granted by the adjudicating Magistrate to any person who has afforded information leading to conviction for a breach of any of the above rules.

H. H RISLEY,
Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৩১৭৭ এম, নং।—১৮৯৫ সাল ১৮ নবেম্বর।—বন্য পক্ষী ও শীকারোপযোগী পশু পক্ষ্যাদি রক্ষাকরণার্থ ১৮৮৭ সালের ২০ আইনের ৩ ধারামতে ইংলিশ্ বাজার মুনিসিপালিটীর কমিশনরদেব প্রণীত নিম্নলিখিত বিধিগুলি দৃঢ় করণার্থ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৫ সালের ৩ সেপ্টেম্বর তারিখের ৩৫১৬ এম নং এক বিজ্ঞাপন ঐ মাসের ৪ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ২০০ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের উক্ত ধারার ৪ দফানুসারে উক্ত সকল বিধি দৃঢ় করিলেন এবং ঐ বিধিগুলি সাধারণ ধারা বিষয়ক ১৮৮৭ সালের ১ আইনের ৬ ধারার ৫ দফানুসারে সাধারণের অবগতির নিমিত্ত প্রকাশ করা গেল :—

বিধি।

১। এই সকল বিধির কার্য্যপক্ষে "বন্য পক্ষী" শব্দে বন্য কুক্কুট, ময়ূর, চকোর, তিতির পক্ষী, টিটির পক্ষী, জে, ঘুঘু, ইগ্রেট, সোণালি রঙ্গের ওরিয়েল এবং সবুজ ফ্লাই ক্যাচার বুঝাইবে কিন্তু গৃহপালিত ময়ূর বুঝাইবে না।

২। "খরগোসও" ১৮৮৭ সালের ২০ আইনের ৩ ধারার বিধানের অন্তর্গত হইবে এবং নিম্নলিখিত বিধিগুলি উক্ত জন্তু ও বন্য পক্ষী উভয়ের সম্বন্ধেই খাটিবে।

৩। এই সকল বিধির কার্য্যপক্ষে "প্রসব করিবার ঋতু" মার্চ্চ মাসের ১৫ তারিখ হইতে অক্টোবর মাসের ১ তারিখ পর্য্যন্ত ব্যাপ্ত হইবে।

৪। প্রসব করিবার ঋতুর কালের মধ্যে ইংলিশ্‌বাজার মুনিসিপালিটীর সীমার মধ্যে কোন ব্যক্তির নিকট সম্প্রতি মারা বা ধরা কোন বন্যপক্ষী বা খরগোস থাকিলে কিম্বা কোন ব্যক্তি জীবিত বা মৃত তদ্রূপ কোন পক্ষী বা জন্তু বিক্রয়ার্থে দেখাইলে ঐরূপ প্রত্যেক পক্ষির বা জন্তুর নিমিত্ত তাঁহার পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৫। কোন ব্যক্তি সম্প্রতি মারা বা ধরা কোন প্রকার বন্য পক্ষির পালক কিম্বা সম্প্রতি মারা বা ধরা কোন খরগোসের লোম বা চর্ম্ম প্রসব করিবার ঋতুর কালের মধ্যে শহরে আমদানী করিলে ঐরূপ প্রত্যেক পক্ষির পালকের জন্য বা ঐরূপ প্রত্যেক খরগোসের লোম বা চর্ম্মের জন্য তাঁহার ৫৲ পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। দ্বিতীয়বার অপরাধ প্রমাণ হইলে ঐরূপ প্রত্যেক পক্ষির বা জন্তুর নিমিত্ত ১০৲ দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৬। যাহাতে পুর্ব্বোক্ত কোন বিধি লঙ্ঘনাপরাধ প্রমাণ হয় যে ব্যক্তি এমন সন্ধান দেন বিচারকারী মাজিষ্ট্রেট তাঁহাকে ৪ ও ৫ বিধি অনুসারে যে অর্থদণ্ড ধার্য্য ও আদায় করা হয় তাহার অর্দ্ধেকের অনধিক পুরস্কার দিতে পারিবেন।

এচ, এচ, রিসলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 26, 1895.

মঙ্গলবার ১৮৯৫ সাল, ২৬ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা ২৪ পরগণা।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে নিলামি নোটিস।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে নিম্নলিখিত জমিদারী মহাল সকলের ১৮৯৫ সালের জুন কিস্তির রাজস্ব ২৮শে জুন সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ঐ সমস্ত মহাল সন ১৮৯৫ সালের ৩রা ডিসেম্বর তারিখে জেলা ২৪ পরগণার কালেক্টর সাহেবের আফিসে বেংজর নিলামে হরা যাইবেক।—

প্রথম শ্রেণীর চিরস্থায়ী বন্দোবস্তী মহাল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
তৌজির নম্বর।	তৌজি নম্বর।	পরগণা ও মহালের নাম।	পূরা মহালের সদর জমা।	পূরা মহাল বিক্রয় হইবে কি না	যদি একটী অংশ বিক্রয় হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সকল মহাল বিক্রয় হইবেক তাহার মালিকগণের নাম।	যদি একটী অংশ বিক্রয় হয় তাহার সদর জমা।	যদি পূরা মহাল বিক্রয় হয় তাহার বাকীর পরিমাণ।	যদি একটী অংশ বিক্রয় হয় তাহার বাকীর পরিমাণ।	মন্তব্য।
১	৩৬	পং মাগুরা কিং ধাপামানপুর।	২৭৭৮।৶ ৪॥	.	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ	বাঁকে বিহারিলাল মণ্ডল দিং।	১২৩২৸/৬ ১/৪	. .	১৯৬॥/৬ ৩/৪	
২	৮৫	পং মাগুরা কিং আবগাছিয়া দিং	৯৮৪ ৸৵৭		ঐ	সতীশ চন্দ্র রায় চৌধুরী।	৮৬১॥৶১০	...	৮৬৶২	
৩	১৫১	পং বরিদহাটী কিং চক হাটুরিয়া।	৩৯৯২২ ॥/৪		ঐ	ত্রৈলোক্য নাথ বিশ্বাস দিং।	৫৯৮৭৻৭॥	..	৭০৸/৮ ১/২	
৪	৩১৪	পং মুড়াগাছা কিং হরিনারায়ণপুর।	১২২১৬৸ ৩ ১/৪		ঐ	নবকিশোর মণ্ডল দিং।	৬৪৮৪॥/৮	.	১৯/৬ ১/২	
৫	৩১৫	পং মুড়াগাছা কিং রঘুনাথপুর দিং	১০২২৮/ ৭ ১৭/২০		ঐ	কালীকৃষ্ণ মণ্ডল দিং।	১৮৩৯৶৬	...	৮৪।৶৫	
৬	৩৮৫	পং আজিমাবাদ কিং হুদারসখালি।	১৯৪২৪ ॥১ ১/২		ঐ	শশীভূষণ আদক দিং।	৪৯৩৩৶১ ১/২	...	৮৬৸১০	
৭	৩৯২	পং আজিমাবাদ কিং হুদাজয়চণ্ডীপুর।	৮৩১৩।৶ ৮		ঐ	চণ্ডীচরণ মণ্ডল দিং।	৪১৫৬॥৶১০	... ..	৯৯।৵১১ ৩/৪	
৮	৪০৩	পং আজিমাবাদ কিং পাথরঘেড়ে।	৫১৪৩৶ ৩		ঐ	ব্রজেন্দ্রনাথ মণ্ডল দিং।	২২২৮॥৶৪ ৩/৪		৩৪৻৭	
৯	৪১১	পং মাগুরা কিং ধনাখোলা দিং	২৫১৯॥৵ ৯	পূরা মহাল।		হরিশ্চন্দ্র রায় চৌধুরী।	..	২১৮৻	..	

W H H Vincent,
Offg Collector

জিলা ফরিদপুর।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলায় কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৬৫। ২০ ডিসেম্বর তারিখে বেলা ১১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৬৫। ১৩ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩৮৭০	পং খটকপুর তাং রামপ্রসাদ রায়।	৫২৪৮৬৯½	ষোল আনা	....	হরকুমার রায় গয়রহ।		৬৫৩৬½	......
৬২২০	পং রাজনগর হিঃ নিলমণি সেন।	৫৯৭৮৩	ঐ	..	সাধুচরণ পাল গয়রহ।		৪৩।/৫	......
৬৪৪৮	পং জালালপুর মহাল তাজপুর।	১১৭১)	ঐ	. .	গোলাম আহাদ চৌধুরি ও জলধর ঘোষ গয়রহ।	..	২৯৩)	...
৬৪৫২	পং চর মুকন্দিয়া মহাল ভাষাণ-চর।	১৫৮৯)	ঐ	.	রাজা শ্রীনাথ রায় গয়রহ।	.	১৭৩।৶০	...
৬৪৯৫	পং নাস্তো মহাল দক্ষিণ বাঁশ বাড়ী।	৮১৬)	ঐ	...	বাবু কালীকৃষ্ণ ঠাকুর	...	২০৪)	......
৬৫১৩	পং নুরুল্লাপুর মহাল গোপাল-পুর নদী ভরটী।	৮০১)	ঐ	.	প্রসন্নকুমার সেন		২০০)	......
৬৫১৮	পং মাহামুদপুর তপ্পা ছোল-পুর নদী-ভরটী মহাল।	১০৪৭)	ঐ	..	ঐ	.	২৬২)	......

টীকা—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের জমা স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J. L. HERALD,
Offg. Collector

জিলা বাকরগঞ্জ।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে লাগায়ত ১৮৯৫ সনের কিস্তি সেপ্টেম্বরের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সনের ২০ ডিসেম্বর তারিখে বাং ১৩০২ সনের ৬ পৌষ শুক্রবার নিলামে বিক্রয় করা যাইবে। ইতি ১৮৯৫ সন ৩০ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫২৮৫	চর জয়নগর মহাল অধীন ২ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৯০৫৸৶৩	সম্পূর্ণ গর মকররি হাওলা।	......	রহিমদ্দী মাতবর গং	.....	১৯৭)	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ১৬ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৫৮৪।/৯	ঐ	.....	মাহামুদ আশেদ গং	.....	১৪৬)	...
ঐ	চর জয়নগর মহাল অধীন ২০ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৫০৯৸৵৩	ঐ	......	আরমান হাওলাদার	......	১২৬)	......
ঐ	চর জয়নগর মহাল অধীন ২২ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৮৮৯৶৹	ঐ	.....	আলাবদ্দী পাটারী গং।	..	১৯৬)	...
ঐ	চর জয়নগর মহাল অধীন ২৩ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	১৪০৭৻৯	ঐ	.	মমিনদ্দী গং ..	... ..	৩৫১)	..
ঐ	চর জয়নগর মহাল অধীন ২৪ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	৬০৩৸৵৩	ঐ	.. ..	রজবালী গং ...	....	১৫০)	..
ঐ	চর জয়নগর মহাল অধীন ৩০ নং গর মকররি হাওলা পং উত্তর সাহাবাজপুর।	১৮৪১।৯	ঐ	......	হায়দরালী গং ...	......	৪৬০)	... ..

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫২১৫	চর মধুপুরা মহাল অধীন ১০।১১ নং গর মকররি হাওলা পং জজীরা।	১৫০৮৸৶০	সম্পূর্ণ গর মকররি হাওলা।	......	মহিমচন্দ্র রায় গং	.. ...	৩৮০৲	......
১৭২৫	মৌজা চিকনিকান্দা হিং ৷৷১০ গণ্ডা পং চন্দ্রদ্বীপ।	৩৩৮২৷৷১	. . .	এজমালী— ।৶১৭।৶ $\frac{1}{4}$ তিন অংশ নিলাম হইবে। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অশ্বিনীকুমার দত্ত গং।	১৪৫২৷৷৭ পাই।	......	২৮০৶৮
১৭৩৯	তালুক খাজেন্দ্র হিং ।⁄৬দ কড়া পং চন্দ্রদ্বীপ।	২৫২৫৶১৷৷	সম্পূর্ণ মহাল।	......	আছমতালী খাঁ চৌধুরী গং।	....	৮৭৫৷৷৪	......
৩০৫৩	তপ্পা কাদিরাবাদ মহাল তপ্পা কাদিরাবাদ।	৯৬২৮৶১০৷৷	. . .	এজমালী— ৷৷৶১৩।—ভ্রান্ত অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অনুকূলচন্দ্র রায় চৌধুরী গং।	৬৪১৮৶১৷৷	.. ...	২৫।৶৩৷
৩৮৪৫	১৩ গণ্ডা জমিদারী পং সীলিমাবাদ।	৩৬০১⁄১৷৷	. ..	১ নং হিসাব পৃথক৷৷১০ গণ্ডা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অতুল নারায়ণ রায় চৌধুরী গং।	১৯১৩⁄২ পাই।	......	৭৭।⁄৮৷৷
৩৮৪৬	১২ গণ্ডা জমিদারী পং সীলিমাবাদ।	৩৬৮২৶৫	সম্পূর্ণ মহাল।	...	কহিনীকুমার রায় চৌধুরী গং।		২১৪।৶৫	. ..
৩৮৪৬	ঐ	৩৬৮২৶৫	......	এজমালী— ৷৷৶১০ আনা অংশ।	বলরাম দাস	২৪১৬।৶২	. .	৮৫৭।⁄৶১১
৩৮৪৯	৯। গণ্ডা জমিদারী পং সীলিমাবাদ।	২৯২৯।⁄০	.. ...	১ নং হিসাব পৃথক৷৷১০ আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	অতুল নারায়ণ রায় চৌধুরী গং।	১৫৪৬৶২	......	৯৩৮৩

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩৮৫২	লক্ষ্মীনারায়ণ দত্ত তালুক পং সিলিমাবাদ।	৮৫৩।/৪	...	এজমালী—॥৶১৩।—ক্রান্ত অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	আনন্দমোহন সিং গং।	৫৬৮৸৶২	...	২॥১
৪৮০৪	চর নেহালগঞ্জ পং সুলতানাবাদ।	৮১৯)	সম্পূর্ণ মহাল।	....	নবাব আছান উল্লা খান বাহাদুর সি, আই, ই,।	...	১৫০)	......
২৭৪৯	দুর্গা গঙ্গেশ্বর তালুক পং উত্তর সাহাবাজপুর।	১০৩৭॥৵২॥	..	১ নং হিসাব পৃথক ॥০ আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	গুরুপ্রসন্ন রায় গং	৫১৮৸/৮	...	১৩৮৻৫
৪৫৪৬	পদ্মা ওরফে রমজানপুর পং কাশীমপুর।সেহলাপট্টী।	৫৩৮৩)	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	......	জমিরদ্দীন আহাম্মদ কাজী গং।	...	২০২৪)	...
৬৩৫৪	কয়ারিয়া থাকের অতিরিক্ত ভূমি পং কাশীমপুর সেহলাপট্টী।	৮৮৮)	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	......	সৈয়দ মোজাফর হোসেন চৌধুরী গং।	..	১৪)	...
১৪০৮	তালুক আবু মাহাম্মদ পং বোজরগোমেদপুর।	২৯৬৫।১	.	৭ নং হিসাব পৃথক ।০ চারি আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	সহরুল্লা গং ...	৭৮১।/০	......	২২০/৩
১৪৫৯	তালুক ফতেচাঁন্দ পং বোজরগোমেদপুর।	৩১৫৮/৮॥	..	১ নং হিং পৃথক ॥১০গণ্ডা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	তারাপ্রসন্ন রায় চৌধুরী গং।	১৬৭৭॥৵১১	......	১৪৬॥৵০॥
১৫৩৩	তালুক কৃষ্ণপ্রসাদ গুহ পং বোজরগোমেদপুর।	৩৯৬০৸৵৮	সম্পূর্ণ মহাল	......	শ্যামলাল পাল চৌধুরী গং।	......	৬৬০৸৪॥	......
১৫৪৮	তালুক মহাম্মদ ছামজা পং বোজরগোমেদপুর।	১১৫৯৵৮	......	এজমালী—॥০ আনা অংশ। অন্য কোন অংশ নিলাম হইবে না।	গুপিকান্ত বন্দ্যোপাধ্যায় গং।	৫৭৯॥/১০	......	৪৯/৫

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬৫৩	তালুক রমণকৃষ্ণ নাগ পং বোজর-গোমেদপুর।	৫৪১৸৵১	সম্পূর্ণ মহাল	......	শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায় গং।	......	৮৯॥৴১০	......
৫২৩২	চর গাজীপুরা পং জজীরা।	১০০২৻	ঐ	......	মহিমাচন্দ্র মুখোপাধ্যায় গং।	......	৩৯৻	......
৪৫৯০	জয় জগন্নাথ দত্ত লাখেরাজ পং সৈদপুর।	১২৬১৸৯	ঐ		হরেন্দ্রলাল রায় চৌধুরী গং।	. .	১২৯৸০	.....

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

J E PHILLIMORE,
Offg Collector.

জিলা নোয়াখালি।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নোয়াখালি জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৬ । ৪ জানুয়ারি তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬৭১	চরগাজির হাং ১ নং দখল।	২০২৭॥৶৪	সম্পূর্ণ	. ...	শ্রীমতী হালিমন্নেছা চৌধুরাইন।	......	১৮৫।৩	......
১৬৭১	চরগাজির হাং ৩নং দখল।	১৫৫৯॥১১	ঐ	.....	ঐ	.....	৩৫৩৻৬	......
১৬৮৬	চর আলেকজেণ্ডারের ১ নং গং মং হাওয়ালা।	৫৪০৸৴৭	ঐ	......	নবকুমার বসু ..	......	১২১৸৴১	......
১৬৮৬	চর আলেকজেণ্ডারের ২ নং গং মং হাওয়ালা।	৬৪৯৸৯	ঐ	......	ঐ	......	১৪৬॥৶৪	......

S. K. AGASTI,
Collector.

জিলা মালদহ।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মালদহ জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৬ সালের ১০ জানুয়ারি তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫৮১	পরগণা কাশিমপুর পং কাশিমপুর।	২৩১১৮৶৴০ টাকা।	সম্পূর্ণ	.. ...	হেলেনজান বেগ, মাহ্মুদ আলী বেগ, পিয়ারী খানুম দিগর।	......	৮০।০ টাকা	.....
৫৮২	ঐ	১৫৩২৴০ টাকা।	ঐ	.. .	নিতাইচাঁদ দাস সরকার, বেসারত আলি চৌধুরী দিগর।	......	৫।।৶ টাকা	... ..

উল্লিখিত মহাল পরগণা কাশিমপুর ১৮৯৫ সালের ২৮শে সেপ্টেম্বর কিস্তির বাকী রাজস্ব জন্য নিলাম হইবে।

MALDA COLLECTORATE,
The 13th November 1895.

J. C. PRICE
Collector.

জিলা ত্রিপুরা।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন (খ)।

১৮৫৯ সালের ১১ আইনের ৫ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যদি নিম্নের লিখিত বাকী রাজস্ব আগামী রাজস্ব দিবার শেষ দিনে অর্থাৎ ১৮৯৬ ইং ১২ জানুয়ারি তারিখে বা তৎপূর্ব্বে না দেওয়া হয় তাহা হইলে ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে উক্ত বাকী রাজস্বের জন্য ১৮৯৬ ইং ২৩ মার্চ্চ তারিখে বেলা ১২ ঘন্টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১১।১১।৯৫ ইং

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদরজমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য নিলাম হইবে তাহার প্রকরণ ও পরিমাণ।
তৌং নং ১৭০। এঃ নং ১২৬৮।	পং মেহার হিং (১৩।—ক্রান্ত	৯২৪।০১	...	হিং ৸০ আনা অবশিষ্টাংশ।	মাহামুদ আজগর চৌধুরী গং।	৬৯৩৶০	.....	১৩৮।।১০ পাই।	১৮৯৫ ইং ২৮ সেপ্টেম্বরের দেয় ১৩৮।।১০ পাই। দেওয়ানী আদালত কর্ত্তৃক ক্রোকী মহাল।

[Illegible]
Collector.

জিলা নদীয়া।

নিলামি বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জেলার অন্তঃপাতি নিম্নলিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিলামের সর্ত্ত অনুসারে উক্ত নদীয়া জেলার কালেক্টরিতে ১৮৯৬ সনের ১৩ই জানুয়ারি তারিখ মোতাবেক বাঙ্গলা ১৩০২ সনের ৩০শে পৌষ তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

খরিদদারগণকে নিম্নের লিখিত নিলামের সর্ত্ত সকলে বাধ্য হইতে হইবে।

নিলামের সর্ত্ত।—

প্রথম। নিলামের সময়ে কালেক্টর সাহেব এই মহালের যে উচ্চ মূল্য নির্দ্দিষ্ট করেন তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে সম্মত হইবে তাহার নিকট এই সম্পত্তি বিক্রয় হইবে। এই মহালের খরিদদারকে ইহার মালিক স্বরূপে গণ্য করিতে হইবেক এবং যে রাজস্ব ধার্য্য হইয়াছে তাহা চিরস্থরূপে গণ্য হইয়া এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে ঐ সম্পূর্ণ স্বত্ব খরিদদারের প্রতি পর্য্যাপ্ত হইবে।

দ্বিতীয়। চলিত আইন এবং বন্দোবস্তের কার্য্যের দ্বারায় যে সকল স্বত্ব অর্পণ হইয়াছে এবং এইক্ষণ যে সকল পাট্টা বর্ত্তমান আছে এই নিলামে তাহা বলবৎ থাকিবে এবং রেভেনিউ কার্য্যকারকগণ দ্বারা প্রস্তুত হওয়া জমাবন্দী যে সকল খোদখাস্তা কৃষক প্রজা দ্বারা দস্তখত হইয়াছে তাহাদের স্বত্ব স্বীকার করিতে খরিদদারগণ বাধ্য হইবে।

তৃতীয়। নিলামি মূল্য ১০০৲ টাকার অনধিক হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

চতুর্থ। নিলামি মূল্য ১০০৲ টাকার উর্দ্ধ হইলে যত টাকা ডাক হইয়া থাকে তাহার চতুর্থাংশের একাংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, নিলামের দিন ১ দিন গণ্য হইয়া তদবধি পঞ্চদশ দিবসের দিবসে ২ প্রহরের মধ্যে যদি অবশিষ্ট টাকা দেওয়া না হয় অথবা ঐ দিবস কোন পর্ব্ব উপলক্ষে কাছারি বন্ধ হয় তবে তাহার পরে প্রথম যে দিবস কাছারি হইবে সেই দিবস ২ প্রহরের মধ্যে না দিলে নিলাম রহিত হইবে (যে টাকা আমানত করা হইয়াছিল তাহা সরকারে বাজেয়াপ্ত হইবে) এবং প্রথমবার নিলাম হওয়ার ন্যায় বিজ্ঞাপন জারি হইয়া অনাদায়কারি খরিদদারের দায়ীত্বে এই মহাল পুনরায় নিলাম হইবে।

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	একরের হিসাবে যতদূর জানা যায় ভূমির অনুমানিক পরিমাণ।	গবর্ণমেণ্টের রাজস্ব যাহা ধার্য্য হই য়াছে।	মন্তব্য।
		একর রুড পোল		
৯০৫	চর ভাজনঘাট পঃ মাটীসারি ...	২৪—১—২৬	৪৫।৵২ পাই	
৩০২৯	ছোট বলদিয়া পঃ মুনসীবপুর ...	৭—২—১৮	১৭।৩ পাই	
২২০৯	পাঁলিতপাড়া পঃ মামজোয়ানি ..	২৪—৩—৩	২৮৶৴	
২৫৭৪	শঙ্করপুর পঃ শ্রীনগর	৪২—২—৩৯	২৬৶৹	

কালেক্টরের কাছারি
জেলা নদীয়া
তারিখ ২০শে নবেম্বর ১৮৯৫ সাল।

NOBIN CHANDRA DAS,
Dy. Collector in charge.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিঙ্কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিঙ্কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ৷০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৷৷৷০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিঙ্কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৷৷৷০
৷৷ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷০
৷ শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিঙ্কোনাইন ও সিঙ্কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21*st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে

		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	„	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	„	৪৲
ডাকমাশুল	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	„	।০
ডাকমাশুল		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice, dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes, except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,

Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „ „	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ⁄০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বাঁর প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N B—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা যোডক করিয়া ডাকে পাঠাইবার খরচ।⁄০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেম্স পেটী সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 89a—26-11-95—2126—136

Numb. [940 ২৯৪০]

REGISTERED No 3.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 3, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৩ ডিসেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART IIA

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION

No 4063*M.—The 22nd November* 1895.—In exercise of the power conferred by section 17, sub-section (2) of the Cantonments Act (XIII of 1889), and with the previous sanction of the Governor-General in Council, the Lieutenant-Governor is pleased to direct that the provisions of sections 279 to 286, both inclusive, and of sections 295 and 297 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, shall apply to the assessment and recovery of the water-rate imposed in the Cantonment of Barrackpore by the Notification No. 4062M., of this date, in the adapted form hereto annexed.

Sections 279—286, 295 *and* 297 *of the Bengal Municipal Act III of* 1884, *as amended by Act IV of* 1894, *as adapted to the Cantonment of Barrackpore*

279. (1) It shall be lawful for the Cantonment Committee at a meeting to impose a water-rate not exceeding seven and-a-half per centum on the annual value of holdings when the houses and lands are situated in any road supplied with water, and not exceeding six per centum when the houses and lands are situated in any road not so supplied

(2) In fixing the amount of the rate, regard shall be had to the principle that the total net proceeds of the tax, together with the estimated income from payments for water supplied from the works under special contract or otherwise, shall not exceed the amount required for carrying out the purposes of these provisions.

(3) The water-rate shall be paid by the occupiers of the holdings by quarterly instalments in advance

Provided that such water-rate shall not be levied upon—

(*a*) any house or land, no part of which is within a radius of 1,000 feet from the nearest standpipe or other supply of water available to the public, or

(*b*) any land used exclusively for purpose of agriculture;

Provided also that nothing in this section shall prevent the Cantonment Committee from making any special arrangement consistent with this Act with persons residing beyond the radius fixed in clause (*a*) above.

280 The annual value of holdings shall be the value determined by the Cantonment Committee for the imposition of the rate on holdings which is now levied in the Cantonment

281 Whenever the person by whom the water-rate shall have been paid, or from whom the said rate shall have been recovered, is not the owner of the house or land in respect of which the water-rate shall have been assessed, such person may recover from the owner one-fourth of the water-rate so paid or recovered, and may deduct the same from the rent payable by him to such owner.

282. Whenever any house or land has been unoccupied during an entire quarter, the owner of the said house or land shall pay to the Cantonment Committee one-fourth of the sum which would have been payable as water-rate by the occupier if such house or land had been occupied

The sum payable by the owner under this section shall be deemed to be due on the first day of the quarter following that in respect of which the said sum is payable

283 Whenever any quarterly instalment of the water-rate shall have been paid in respect of any house or land, and such house or land shall, during the quarter for which such instalment shall have been paid, cease to be occupied, the person who shall have paid such water-rate shall be entitled to be repaid by the Cantonment Committee three-fourths of such sum as shall bear to the amount paid by him the same proportion which the residue of the quarter bears to the entire quarter

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৪০৬৩ এম্. নম্বর।—১৮৯৫ সাল ২২ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৮৯ সালের ১৩ আইনের ১৭ ধারার ২ প্রকরণমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই আদেশ করিলেন যে, ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২৭৯ হইতে ২৮৬ পর্য্যন্ত ধারার, এবং ২৯৫ ধারার ও ২৯৭ ধারার বিধান এতদসংযুক্ত পরিবর্ত্তিত আকারে এই তারিখের ৪০৬২ এম্ নম্বর বিজ্ঞাপনক্রমে দ্বারা বারাকপুর কাণ্টনমেণ্টে যে জলের রেট নির্দ্দিষ্ট করা হইয়াছে তাহা ধার্য্য ও আদায় করা সম্বন্ধে খাটিবে।

বারাকপুর কাণ্টনমেণ্টের প্রয়োজনানুসারে পরিবর্ত্তিত ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২৭৯ হইতে ২৮৬ পর্য্যন্ত ধারা, ২৯৫ ধারা এবং ২৯৭ ধারা।

